


১১ गांच ১৭৮ १ मक।

M.P. Z.



ভূমিকা।

ব্রাক্ষ-সমাজের সাধংসারিক মহোৎসবে বলিকতি। ব্রাক্ষ-সমাজে গত বংগর পর্যান্ত যে সকল বক্তৃতা হইয়াছে, সেই সমুদ্যি াংগ্রহ করিয়া এই ঘটজিংশ সাম্বংসরিক উপহার নামক পুত্তক খানি প্রস্তুত হইল। মাঘের একাদশ দিবসীয় বক্তৃত। পাঠ করিলে সংক্ষেপে ব্রাক্ষ-ধর্ম সংক্রান্ত সকল বিষয়ই জানা যাইতে পারে। যে অবধি ব্রাক্ষ ধনাজের জন্মোপলক্ষে ১: মাঘে মহাসভা নাহ্বান হটতে আরম্ভ হট্যাছে, দেই অণ্ধি ব্রাক্ষ-ধর্মের উগতি অবগত হুইবার একটি প্রশস্ত পথ প্রমুক্ত হুইয়াছে। সমুংসরকাল ব্ৰাক্ষ ধর্মা মত্ত্রান্ত যে মকল আলোচনা হুইয়া গছীব সিদ্ধান্তে উপনীত হওয়া যায় এবং যে সকল কার্যা অমুষ্ঠানে পরিণত করা হয়, প্রতি বংসরের বক্তা গুলিন সেই সকল আলোচনা ও কার্যা-কলাপের দর্পণ স্বরূপ—ব্রাক্ষ-ধন্মীয় দামাজিক ও আগাভিক ইভিরুজের মার চুম্বক স্বরূপ। যেমন ''সভাং শিবং স্কুরং'' সকল দশনশাজ্রের সার বলিয়া পরিগণিত হয়, তেমনি এই বক্তৃতা ওলিনও সম্বংসরকালীয় আলোচনার সার। সাম্বংসরিক বক্তৃত। সমংসর পরিপালিত জ্ঞান-রূপ তরুর কুমুম খরূপ, হৃদ্যা-রূপু পাছের গন্ধ ক্রমে, ব্রাক্ষ-ধর্মা রূপ স্থান্ধ প্রচারের বসন্ত মারুভ স্বরূপ এবং ব্রাহ্ম-ধর্মের সমুমতির চিন্ধ স্বরূপ। ব্রাহ্ম-ধর্ম খাহারদেব হৃদয়ের ধর্মা, ভাঁহারদের উচ্ছৃদিত ভাবের প্রতিমূর্ত্তি সরূপ, যেন হৃদয়ের একটি আকৃতি পরিণত নিশ্বাস স্বরূপ এবং ঈশ্বরচরণে সম্বংসর ব্রাহ্ম-ধর্ম আলোচনার উপহার স্বরূপ। তত্ত্ববে·বিনী পত্রিকা-রূপ পরমার্থ-তত্ত্ব-রুক্ষে • প্রথম বদন্ত কালীন কুস্তুমের স্থায় মাঘৈকাদশ দিবদীয় বক্তৃতা কুস্তুমে দর্দ একাবলী বিরচন করিয়া অদ্যকার এই মাঘ মহোংসব মহাসভার অধিষ্ঠাত্রী দেবতার চরণে ভুক্তি পূর্দাক প্রণত হইয়া তথায় সম্বংসরের উপহার ধারণ করিলাম তিনি প্রমন্ন নয়নে ইহার প্রতি একবার কটাক্ষপাত করুন ইতি।

১১ মাঘ ১৭৮৭ শক

बीहरमञ्च नाथ ठाकुर।

ওঁতৎসৎ

১৭ ৬৫ শক I

সাম্বৎসরিক ব্রাক্ষ-সমাজ



প্রথম বক্তৃতা।

মামারদিগের এই পৃথিবীতে আদিবার পূর্দের যিনি নানাবিধ মূথের উপযোগি সামগ্রী সৃষ্টি করিয়াছেন তাঁছার নিকটে খামরা কি প্রার্থনা করিব ? বালক ভূমিঠ হইবামাত অতি যত্ন পূর্ব্তকে রক্ষিত্ব হইবেক এনিমিত্তে তিনি নাতার মনে সূথ-ভনক স্লেহের সৃষ্টি করিয়াছেন। সংসারের নিয়ম এই যে ষাহা হইতে কোন ক্লেশ পাওয়া যায় তাহার প্রতি স্নেহ করা দুরে থাকুক তাহাকে শত্রুজ্ঞানে তৎপ্রতিফল ততোধিক ক্লেশ দিতে ইচ্ছা হয় কিন্তু মাতার মনের ভাব এত্তলে সম্পূর্ণরূপে ভাহার বিপরীত দৃঊ হইতেছে। দশমাস পর্যান্ত যাহার দ্বায়া সমূহ যন্ত্রণা প্রাপ্ত হয়েন এবং যাহার ভূমিঠ হইবার কালীন জীবনের আশা পর্যান্ত লুপ্ত হয়, তাহাকে কোন যন্ত্রণা দেওয়া দুরে থাকুক মাতা আপনার প্রাণ হইতেও ডাছাকে অধিকতর স্নেহ করেন। সেই বালকের পীড়া হইলে উঁহার পীড়া হয় এবং দেই বালকের স্কৃত্ত শরীর হইলে ভাঁহার স্কৃত্ শরীর হয়, স্কুতরাং সেই বালক অতি পরিপাটীরূপে রক্ষিত হর। পিতাও ভক্রপ স্নেহ পূর্ব্বক যাবজ্জীবন নৈপুণ্য রূপে ঐ পুত্রের বিদ্যা ধন মান প্রভৃতি স্প্রোপার্ক্তনার্থে সর্বাদা ব্যস্ত থাকেন এবং যঁহোরা আপনা হইতে অনাকাহাকে অধিকতর বিদ্বান্ ধনি বা সম্ভান্ত দেখিলে দ্বেম করেন তাঁহারাই আপনা হইতে পুত্রের অধিকভর বিদ্যা ধন সম্ভ্রম দেখিয়া আপনারদিগকে কৃতার্থ রূপে মানাকরেন। ক্ষুধাতুর বা শীতার্ত হইয়া ছঃখ . জানাইবার নিমিত্তে বালক রোদন করিলে মাতা তাহার রোদ-নের কারণ অবগত হইলে পরে অন্নবা বস্ত্র দ্রারা তাহার সেঈ ছু:খ নিবারণ করেন কিন্তু সর্ব্বক্ত প্রমেশ্বরকে আমারদিগের

ছংখ কোন চিহ্ন দ্বারা জানাইতে হয় না; তিনি ছংখ উপবিত হইবার পূর্ম্বে দ্রঃখ উপস্থিত হইলে যে রূপে তাহার শান্তি হয় এমত নিয়ম আমারদিগের মনে সংস্থাপন করিয়াছেন। আমরা একদেশ মাত্র দর্শি কোনু বস্তু হইতে আমার্দিণের মঙ্গল এবং কোন্বস্ত দ্রা অমঙ্গল হইবে তাহা আমরা সমাক্রপে লেধ গমা করিতে অক্ষম, ইহাতে যদি পর্নেশ্বর প্রার্থনা মতে আবার দিগের কামনা পুর্ণ করিতেন তবে আনার্দিগের অস্থাথের পার সীম। কি থাকিত? বালক অপকারজনক আহারের নিমিত্তে রোদন করিলে মাতা কি তাহাকে সেই আহার'দিয়া থাকেন ! তদ্ধপ পরমেশ্বরের নিকটে সাংসারিক স্থথ ভ্রমে যে কিছু প্রতিনা করিয়া থাকি তাহা তাঁহার নিয়মের বিপরীত স্নতরাং আদার-দিগের অনিফজনক, তাহ। কেন প্রমেশ্বর পূর্ণ করিবেন। যাহা আমরা তাঁহার নিকট কথন প্রার্থনা করি নাই তাহাও যখন প্রাপ্ত হইতেছি এবং যাহা সর্কাদা প্রার্থনা করিতেছি তাহাও যথন প্রাপ্ত হই না তথন তাঁহার নিকটে প্রার্থনা হইতে একে-বারে নিরস্ত হওয়াই কর্ত্বা।*

এই বিচিত্র জগতের কারণ হারপে ইন্দ্রিয়ের অগোচর আন্দারদিগের মনে নিরন্তর চৈতনা রূপে অবস্থিতি করিতেছেন, পুনঃ পুনঃ এই প্রকার জ্ঞানের আবৃত্তি করা এবং স্কার্টররূরপে সংসার নির্বাহের নিমিত্রে পরনেশ্বর যে সকল নিয়ম সংস্থাপিত করিয়াছেন ভাহা আলোচনা করিয়া সাবধান পূর্ব্বক ভদর্যায়ি কর্মা করিতে চেন্টা করা প্রমেশ্বের মুখ্যোপাসনা হইয়াছে।

ফলক।মনাতে আক্রান্ত থাকিলে মনের চাঞ্চলা নিমিন্তে পরমেশ্বরের উপাসনা বিধি মতে হয় না। ফলক।মনাতে আসক্ত চিন্ত বাক্তিদিগের মধ্যে কেহ যদি বিজ্ঞ থাকেন তবে তাঁহাকে জিজ্ঞাস। কর্ত্তবা যে তিনি তাঁহার পিতাকে কি নিমিত্তে ভক্তি করেন ? ইহাতে যদি বলেন যে পিতা তাঁহার জন্ম দাতা

^{*} যাঁহারা স্বয়ং ঈশ্বরকে প্রার্থনা করেন, তাঁহারা তাঁহার নিকটে বিষয় স্থয় প্রার্থনা করা অকর্ত্তবা বলিয়াই জানেন।

এবং ভাষার স্থা চেষা ভিনি প্রাণ পণে করিতেছেন এনিমিত্তে ভিনি কৃতজ্ঞ হইয়া তাঁছার প্রতি প্রজ্ঞা ভক্তি এবং প্রীতি করেন তবে তিনি সাধু বাক্তি অতএব তাঁছার প্রতি এ উপদেশ করা যায় যে পরমেশ্বর ভোমাকে এ পৃথিবীতে প্রেরণ ক্রিয়া-ছেন ও তিনি ভোমার পিতার পিতা হইয়াছেন ও আমরণ ভোমাকে রক্ষা করিতেছেন এবং উপযুক্ত মত ভোমার স্থাবিধান করিতেছেন তবে তাঁহার প্রতি প্রক্ষা ভক্তি ও প্রীতি এবং তাঁছার উপসনা না কর কেন !

্এই ফলক মনা যুক্ত ব্যক্তিদিণের মধ্যে অত্যন্ত অধম এবং অল্লবুন্ধি ব্যক্তি পিতাকে এ নিমিত্তে ভক্তি করে যে তিনি মৃত্যু সময়ে তাহাকে তাঁহার সমুদয় ধনের অধিকারি করিবেন, এবং তাঁহার মেই ধন প্রাপ্তির প্রতি ব্যাঘাত হইবে কেবল এই ডয়ে তাঁহাকে তুচ্ছ এবং অভক্তি করিতে দে পারে না। এই রূপ মৌথিক পিতৃ ভক্তিকে যেমন কুত্রিম ভক্তি কহা যায় তদ্ধপ যে কোন লোভি বাক্তি ফলকামনা বিশিষ্ট হইয়া যুজ্ঞাদি বা প্রতি-মাদির দ্বারা প্রমেশ্বরের উপাননা করে তাহার উপাসনাকেও* কৃত্রিম উপাদনা কহা যায়, কারণ পুত্র বা রাজ্য বা ইন্দ্রপদ তাহার প্রযোজন হইয়াছে। যদি অশ্বন্ধে যক্ত দারা ইক্রম পদ প্রাপ্তির আশা না থাকিত এবং প্রতিমাদি পূজার দ্বারা ধন পুত্র দৌভাগ্যাদি প্রাপ্তির আশ্বাস না থাকিত তবে সে ব্যক্তি অশ্বনেধ্যক্ত বা প্রতিমাদির অর্চনা আর করিত না। ইক্রত্বপদ প্রাপ্তির কারণ যে অশ্বদেধ যজ্ঞ তাহাকে যদি পরমে-শ্বরের উপাদনা কহা যায় তবে রাজ্য লাভের কারণ বিপক্ষ রাজার সহিত যুদ্ধ করাকেও পরমেশ্বের উপাসনা কহা ষাইতে পারে। পরমেশ্বরেতে যাহারদিগের প্রীতি নাই তাহারদিগকে কুকর্ম হইতে নিরস্ত করিবার নিমিত্তে বেদে যজ্ঞাদি কর্ম শ্রুত হইতেছে।

কুৰ্বন্দেৰেছ কৰ্মাণি জিজীবিষেছতং সমাঃ।
এবং স্বয়িনান্যথেতোন্তি নকৰ্ম লিপাতে নরে॥
ৰাজসনেয় শ্রুডিঃ॥

অগ্নিহোত্রাদি কর্ম্মের অন্তর্গান করত এক শত বৎসর বাঁচিতে ইচ্ছা করিবেক। এইরূপ নরাভিমানি যে তুমি এই প্রকার অগ্নিহোত্রাদি কর্ম ব্যতিরেকে আর অন্ত কোন প্রকার নাই যাহাতে অশুত কর্মা তোমাতে লিপ্তানা হয়।

বিষয় হইতে আকর্ষণ করিয়া যিনি আনন্দ সরূপ পরব্রেক্ষ মনকে অভিনিবেশ করত নির্দ্মল আনন্দের অন্তত্তব করেন তিনি ব্রক্ষের যথার্থ উপাসক হয়েন। বন্ধুর সহুত সাক্ষাৎ হইলে বা তাঁহার নাম প্রবর্গ হইলেই যাঁহার মনে আনন্দের উদয় হয় তিনি যে প্রকার যথার্থ বন্ধু সেই রূপ পরমেশ্বর প্রতিপাদ্য বাক্য প্রবণ এবং তাঁহার জ্ঞানালোচ নাতে যাঁহার আনন্দ হয় সেই ব্যক্তিই পরমেশ্বরের যথার্থ উপাসক। বন্ধুতা দ্বারা পরস্পার উপকার উদ্দেশ্য না হইলেও যে পরস্পর বন্ধুর উপকার সহজে হয় তাহার প্রতি কোন সন্দেহ নাই, তদ্রেপ পরমেশ্বরের উপাসনায় সাংগারিক স্থুখ উদ্দেশ্য না হইলেও সহজেই সে

মনের স্থের নিমিত্তেই যদি সমস্ত বস্তুর প্রয়োজন হয় ভবে যে পরমেশ্বরের উপাদনা নিম্পুরোজন তাহা বলা যাইতে পারে না কারণ পর্রশেশ্বরের যথার্থ উপাদক আপনার মনকে আনন্দ স্থরূপ পরব্রক্ষেতে সমাধান করিয়া যে প্রকার অথও আনন্দের অমূভ্ব করেন তাহা তিনিও বাকা দ্বারা ব্যক্ত করিতে পারেন না, অন্য দ্বারা কি প্রকারে তাহা অমূভূত বা ব্যক্ত হইবে।

> নিত্যোক্রিত্যানাং চেতন শেচতনানাং একোনস্নাং ঘোবিদধাতি কামান্। তমাত্মস্থং যেমুপশ্যন্তি ধীরাঃ তেষাং শান্তিঃ শাশ্বতী নেতরেষাং॥

> > কঠঞ্জতিঃ॥

অনিত্য বস্তুর মধ্যে যিনি নিত্য হয়েন, আর যাবৎ চৈতন্য বিশিষ্টের যিনি চেতন হয়েন, একাকী অথচ যিনি সকল প্রাণির কামনাকে দেন ভাঁহাকে যে ধীরীনকল স্বীয় শরীরের হৃদয়াকাশে সাক্ষাৎ অনুভব করেন, কেবল তাঁহারদিগের নিতা সুধ হয়, ইতর্দিগের সে সুখ হয় না।

যাঁহারা এই আনন্দ স্ক্রপকে চিন্তনের দ্বারা আনন্দ প্রাপ্ত হট্যাছেন তাঁহারা ইতর স্থাধের নিমিত্তে আর ব্যস্ত হয়েন না; যিনি স্থা্ কিরণ দ্বারা সমুদায় বস্তুকে স্পাট্ট ক্রপে দর্শন করিতে-দ্বেন তিনি আর প্রদীপের আলোককে প্রার্থনা করেন না।

সত্যেতে যাঁহার প্রীতি আছে স্কৃতরাং সর্বাদ। যিনি সত্যের অন্নসন্ধান সর্বাভারে করেন তাঁহার প্রতি সত্য প্রসন্ন হইয়া আপনার স্বরূপ প্রকাশ করেন তখন সেই, সাধক কৃতার্থ হয়েন এবং বারম্বার সেই সত্যের আলোচনার দ্বারা যখন তাহাতে দৃঢ় বিশ্বাদ হয় তখন তিনি সম্পূর্ণ আনন্দের উপভোগ করেন। যেমন কোন ক্ষুধাতুর বানপ্রস্থ আনেক পর্যাটনে কোন ফলপূর্ণ বৃক্ষকে দেখিয়া আনন্দিত হয়েন তক্রপ সংসারানলে দীপ্ত শিরা কোন পুরুষ বহু অনুসন্ধানে যথন সত্য-স্বরূপ অন্তকে লাভ করেন তথন তাঁহার সে আন্নন্দর পরিসীমা কে করিতে পারে?

সতাং জ্ঞানমনন্তং ব্ৰহ্ম যো বেদ নিহিতং গুঁহায়াং প্রমে ব্যোমন্ সোইশুতে সর্বান্ কামান্ সহ ব্ৰহ্মণা বিপশ্চিতেতি।

তৈত্তিরীয় শ্রুতিঃ।

থে ব্যক্তি হৃদ্য়াকাশস্থিত বিশুদ্ধ মনে সত্য-স্থরূপ জ্ঞান-স্থরূপ অনস্ত-স্থরূপ পর্ব্রহ্মকে জ্ঞানেন তিনি সেই জ্ঞান-স্থরূপ ব্রহ্মের সহিত সকল কামনাকে উপভোগ করেন।

যে ব্রক্ষোপাসক আনন্দ স্বরূপ ব্রক্ষেতে মনকে সমাধান করিয়া আনন্দের অন্তব করিয়াছেন তিনি জানেন যে প্রমেশ্ব-রের কিঞ্চিৎ মাত্র নিয়মোল্লজ্ঞন করিলে এবং ইন্দ্রিয়গণকে যথা উপযুক্ত মত নিয়োগ করিতে না পারিলে সমাধিকালে ব্রক্ষেতে চিত্তের, অভিনিবেশ করিতে পারা যায় না স্ক্তরাং ব্রক্ষানন্দের প্রাপ্তি হয় না। যেমন জলের চাঞ্চাল্য হইলে তাহাতে আপনার রূপ দৃষ্ট হয় না তদ্ধপ মনের চাঞ্চলা হইলে তাহাতে

পরব্রক্ষের উপলব্ধি হয় না। অতএব ঘাঁহারা পরব্রক্ষের অন্তেমণ করেন তাঁহারা স্বভাবতঃ সর্ব্রদা পাপ কর্ম হইতে দূরে থাকিতে চেন্টা করেন ইহাতে ব্রক্ষোপাসক দ্বারা সাংসারিক কর্ম নিয়ম পূর্ব্রক যেরূপ নির্ব্বাহ হইতে পারে এমত অন্য কোন উপাসক দ্বারা সম্ভাবিত নহে। বিশেষতঃ পরমেশ্বরের নিয়মকে আলোচনা করিয়া তদসুষায়ী কর্মা করা যেমন পরব্রক্ষের উপাসকদিগের উপাসনা হইয়াছে এমত অন্য কোন উপাস্বকের উপাসনা নহে।

> বিজ্ঞান দারথির্যস্ত মনঃ প্রগ্রহবালরঃ। লোই ধনঃ পার্মাপোতি তদ্বিফোঃ পর্মং পদং। কঠশুতিঃ।

যে পুরুষের বুদ্ধিরূপ সার্থি প্রবীণ হয় আর মনোরূপ রজ্জু যাহার বশে থাকে সে পুরুষ সংসার রূপ পথের পার যে সর্ব্ব-ব্যাপি ব্রহ্মের পদ তাঁহাকে প্রাপ্ত হয়েন।

পরমেশ্বরের নিয়মের অন্তর্থাচরণ দ্বারা সংসারে দুঃথের বাছলা হইতেছে, যদি পরমেশ্বরের নিয়ম মত সংসার নির্বাহ সকলে করিত তবে এই পৃথিবী স্থর্গতুল্যা ইইত। পুরুষ যদি পরস্ত্রী গমন না করে এবং স্ত্রী যদি পতিব্রতা সতী হয় পিতা যদি তাঁহার সকল পুত্রকে কীন স্নেহ করেন এবং পুত্রেরা যদি পিতার প্রতি শ্রেরা এবং ভক্তি করে এবং কৈহ যদি মিত্রজোহা নিথ্যাবাদী কৃতম্ব বিশ্বাস ঘাতৃক চতুর শঠ ও পরদ্বেয়ী না হয় অথচ তদ্বিপরীত গুণ বিশিষ্ট মিত্রেইকারী সত্যবাদী কৃতক্র বিশ্বাসী সরল ও শান্ত পরোপকারী হয় তবে এ পৃথিবীতে আর স্থেশর অভাব কি থাকে? এই রূপে পরমেশ্বরের নিয়ম প্রতিপালন করা ব্রক্ষোপাসকদিগের উপাসনা হয় স্কৃতরাং যদি সকলে ব্রক্ষোব্রা সাক্ষর তবে এই পৃথিবী সাংসারিক সমূহ স্থ্থের স্থান হয়।

ব্রক্ষজানী সমাধি কালে পূর্ণানন্দকে উপভোগ করিয়া এবং ব্যবহার কালে সাংসারিক সমূহ স্থাে স্থা হইয়া অন্তকালে পরব্রক্ষের সহিত লীন হয়েন।*

[#] ইহা বৈদান্তিক মন্ত, ইহা ব্রাক্ষ ধর্মের সম্মৃত নহে। প্রধান আচার্য।

যথা নদাঃশান্দানাঃ সমুদ্রেইস্তং গছন্তি নামরুপে বিহায়।
তথাবিদ্বালান রূপাদ্বিমৃত্ত পরাংপরং পুরুষ মুপৈতি দিবাং।
যেমন নদী সকল সমুদ্রে গমন করিয়া আপনাপন নামরুপের
পরিতাগে পূর্ব্বক সমুদ্রের সহিত ঐক্য ভাব প্রাপ্ত হয় তাহার
স্থায় জ্ঞানি ব্যক্তি নামরূপ হইতে বিমৃত্ত হইয়া প্রাংপ্র
প্রকাশ স্কুপ প্রমেশ্বকে প্রাপ্ত হয়েন।
**

সত্য স্বরূপ পর্মেশ্বরের উপাসনা হইতে বহিন্দৃথ হইয়া অনর্থ মূলক কাল্পনিক উপাদনাতে রত থাকিলে এদংসার যে প্রকার ছঃখে পরিপূর্ণ হয় তাহা এক নৈ এই বঙ্গদেশ নিরীক্ষণ করিলে বিলক্ষণ বিদিত হইবেক। এই কাল্লনিক উপাদনা হইতে এই দেশকে মুক্ত করিবার নিমিত্তে এবং সর্ব্বশাস্ত্রোৎকৃষ্ট বেদান্ত প্রতিপাদ্য সত্য ধর্মের প্রচার করিতে প্রায় ত্রিশ বংসর গত হইল মহাত্মা ঞীযুক্ত রামমোহন রায় অগ্রদর হইয়াছিলেন; ইহাতে তিনি কি কি ক্লেশ সহ্য না করিয়াছিলেন। চতুর্দ্দিকে বিপক্ষ দ্বারা বেটিত ইইয়াও নদীর প্রতিস্রোতে গমনের ন্যায় ঐ দৃঢ় প্রতিজ্ঞ মহাত্মা কতিপয় বন্ধুর সাহায্য দ্বারা ১৭৫১ শকের ১১ মাঘ দিবদে এই স্থানে এই ব্রাহ্ম সমাজ স্থাপিত করেন। তদবধি এপর্যান্ত ব্রহ্মজ্ঞানের আলোচনা দ্বারা ক্রমে উন্নতি জন্য অদ্য যে এই ব্রাহ্মনমাজের শোভা হইয়াছে ইহা যদি ঐ মহাত্মা এপর্যান্ত জীবিত থাকিয়া সন্দর্শন করিতেন তবে পুর্ব্বের সমূহ ক্লেশ বিস্মৃত হইয়া তিনি আনিন্দ নীরে মগ্ল হইতেন এবং আমারদিগকে উৎসাহ প্রদান করিতেন। যদি এসময়ে তিনি অবর্ত্তমান জন্য আমারদিগের ক্ষোভ জন্মিতেছে তথাপি তাঁহার প্রধান সহযোগী পূজাপাদ জীমদ্রামচন্দ্র বিদ্যাবাগীশ যিনি আমার সম্মুখে আচার্যাদনে উপবিষ্ট আছেন তিনি এপর্যান্ত আমারদিগকে উপদেশ প্রদান করিতে সমর্থ থাকাতে পরমেশ্বকে শত শত ধন্যবাদ করিতেছি। তে আচার্য্য পূজ্যপাদ

ইহা বৈদান্তিক মত, ইহা ব্রাক্ষা ধর্মের সম্মত নহে।
 প্রধান আচার্যা।

আপদি যথন ইহার পূর্ম্কালের অবস্থা স্মরণ করিয়া অদ্যকার এই সমাজের সমারোহ এবং এই সমাজস্থ তাবৎকে ব্রন্ধোপাসনার প্রতি আগ্রা দেখিতেছেন তথন আপনার মনে যে কি আনন্দের অমুভব হইতেছে তাহা আপনি ব্যতীত জন্য কোন্ ব্যক্তি অমুভূত করিতে সমর্থ হয়? হে সমাজস্থ মহাশারেরা এই কণে আপনারা যদি উৎসাহ যুক্ত এবং দৃঢ় প্রতিক্ত হট্যা এই মহাস্মা ব্যক্তিদিগেব পরিশ্রমের সহস্রাংশের একাংশু মাত্র পরিশ্রম করেন তবে এই দেশে সমাক্ রূপে এই ধর্ম প্রচারের বিস্তর কাল বিলম্ব হইবেক না।

ধর্শ্মেমতির্ভবতু বঃ সততোথিতানাং সহোকএবপরলোকগতস্য বস্ধুঃ। অর্থাস্ত্রিয়শ্চ নিপুণৈরপি সেবঃমানাঃ। নৈবাপ্তভাব মুপয়ান্তি নচ স্থিরত্বং।।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৬৫ শক।

সাম্বৎসরিক ব্রাহ্মসমাজ।

দ্বিতীয় বক্তৃতা।

যখন একাল পর্যান্ত শান্তের মধ্যে সেই শান্ত অতি শ্রেষ্ট রূপে প্রাহ্য হইতেছে যে শান্তে ব্রক্ষজানের উপদেশ আছে, যথা সদ্ধুদর বেদের মধ্যে উপনিষৎ, মহাভারতের মধ্যে ভগবদ্দীতা, ও তন্ত্রের মধ্যে মহানির্ক্ষাণ তন্ত্র; এবং যখন পূর্ব্বকালের মহামুভব ব্যক্তিদিগের মধ্যে তাঁহারাই শ্রেষ্ঠ এবং মান্যরূপে গণ্য হইয়া বিখ্যাত আছেন যাঁহারা ব্রক্ষজানি ছিলেন, যথা মহু, বাাদ, পরাশর, শৌনক, যাজ্যবলক, জনক, রামচক্র ইত্যাদি তখন এই অজ্ঞান তিমির আছেন কালের পূর্ব্বে যে এক অদ্বিতীয় নিতা পরমেশ্বরের উপাদনা এদেশে বিস্তীণ ছিল এবং

অভিশয় শ্রদ্ধার সহিত তাহা গৃহীত হইত তাহার প্রতি কোন সংশয় হইতে পারে না। বিশেষতঃ ব্রহ্মজ্ঞানী যে সকল হইতে শ্রেষ্ঠ তাহা মানবীয় ধর্মা শাস্ত্রে প্রাপ্ত হইতেছে, যথা—

ভূতানাং প্রাণিনঃ শ্রেষ্ঠাঃ প্রাণিনাং বুদ্ধিজীবিনঃ। বুদ্ধিমংস্থ নরাঃ শ্রেষ্ঠাঃ নরেষু ব্রাহ্মণাঃ স্মৃতা॥ ব্রাহ্মনেষু চ বিদ্বাংগোবিদ্বংস্থ কৃতবুদ্ধয়ঃ। কৃতবুদ্ধিষু কর্তারঃ কর্ত্বুষ্ধ ব্রহ্মবেদিনঃ॥

মহুঃ ॥

স্থাবর জন্সমের মধ্যে কীটাদি প্রাণী প্রেষ্ঠ, তদপেক্ষা বুদ্ধিজীবী পশু সকল শ্রেষ্ঠ, তদপেক্ষা মন্ত্র্যা শ্রেষ্ঠ, তন্মধ্যে ব্রাহ্মণ
শ্রেষ্ঠ, তদপেক্ষা বিদ্বান্ ব্যক্তি শ্রেষ্ঠ, তদপেক্ষা বাঁহারা শাস্ত্রালোচনা দ্বারা কর্ত্ব্যতা-বুদ্ধি-বিশিষ্ট তাঁহারা শ্রেষ্ঠ, তদপেক্ষা
বাঁহারা ঐ কর্ত্ব্যতা জ্ঞান পূর্ব্বক অন্ত্র্ঠান করেন ভাঁহারা
শ্রেষ্ঠ, এবং সর্ব্বাপেক্ষা ব্রহ্মজ্ঞানী বাক্তি শ্রেষ্ঠ হয়েন।

প্রতিমা পূজাদি কাল্লনিক ধর্ম সকল, যাহা এই ক্ষণে এ দেশময় ব্যাপ্ত দেখিতেছি তাহা প্রথমে কেবল অল্লবুদ্ধি ব্যক্তি-দিগের মন স্থিরের জন্য ভগবান্ বেদবাাস প্রভৃতি কর্কুক রচিত হইয়াছিল। কিন্তু যে সূত্রে এ দেশ হইতে এক ব্রহ্মের উপাসন। প্রায় লুপ্ত হইয়া কাল্লনিক ধর্মাই লোকের সাধারণ ধর্ম রূপে অতান্ত প্রবল হইয়া উঠিল তাহ। স্মরণ করিতে তুঃখার্ণবে মগ্র হইতে হয়। যবনরূপ ছর্দ্ধান্ত দানবেরা ভারত বর্ষকে অধিকার করাতে হিম্পুধর্মের চিহ্ন পর্যান্ত লুগু হইবার আর বিলয় ছিল না। তাহারদিগের কেবল এই প্রতিজ্ঞা হইয়াছিল যে যে উপায় ছারা হউক এ দেশীয় ধর্মের উচ্ছেদ করিবে। মামুদসাহ প্রভৃতি যবন দৈত্যের দৌরাখ্যা ভাবনা করিলে হৃদয় বিদীর্ণ रय । তাহারদিগের অতাচারে জ্ঞানের আলোচনা থর্ক হইল, জ্ঞানের হ্রাসতা প্রযুক্ত বেদের অর্থ অনবগদ্য হইল, এবং ধর্ম পথে নানাপ্রকার প্রবঞ্চনার প্রবলতা জন্য এ দেশবাসি মমুষ্য गरून ७७ धर्माक्षात्न वस्तु इहेन। विमात् य गरून श्राहीन বীক ছিল ডাহাও ক্রমে ক্রমে নই হইতে লাগিল, স্থতরাং

এ দেশে জ্ঞানোৎপত্তির সম্ভাবনা পর্যান্ত দুর হইল, ইহাতে ভারত বর্ষে সভ্য ধর্ম্মের পথ প্রায় একে বারে রুদ্ধ হইল। এবস্প্র-কার সময়ে ঈশ্বর প্রসাদে এ দেশ ইংলগুীয় স্থপণ্ডিত স্থায়বান্ মহ্যাদিগের অধিকৃত হওয়াতে অন্য দিক অর্থাৎ ইউরোপ হইতে বিদাার ভ্রোত প্রবাহিত হইয়া এ দেশস্থ লোকের অন্তঃকরণকে অজ্ঞানরূপ মলিনতা হইতে পরিষ্কার করিতেছে। বিশেষতঃ পরনেশ্বরের প্রসন্নতাবশতঃ তাঁহার যথার্থ উপাসক, ভারত বর্ষের পরমহিতৈষী স্বদেশোক্ষ্মলকারী, আশ্চর্যা বুদ্ধি-মান্, এক অসাধারণ মহাষ্য বঙ্গ ভূমিতে অবতীর্ণ ইইয়া পুনর্বার এক সর্বাশক্তিমান আনন্দস্তরপ পর্যেশ্বরের উপাসনা প্রচার করিলেন-এই মহাত্মার নাম এীযুক্ত রামমোহন রায়। তিনি স্বয়ং একাকী তর্কের দারা সকলকে নিরস্ত করিয়া এই সিদ্ধান্ত করেন যে এক অপ্রত্যক্ষ পরব্রক্ষের আরাধনাই যথার্থ ধর্ম, এবং কেবল ইহাই বেদাদি সকল শাস্ত্রের তাৎপর্য্য, এবং তাহার আলোচনা জন্য ১৭৫১ শকের এই ১১ নাঘ দিবসে এতৎ ব্রাহ্মদমাজ এই স্থানে প্রতিষ্ঠা করেন।

এ সমাজ যদিও অতি ছংসাধা কার্যাের ভার গ্রহণ করিয়াছেন তথাপি ইনি যে ক্রমশঃ কৃতকার্যা হইতেছেন তাহার
সংশয় নাই। ইহার স্থাপন কর্ত্তা শ্রীযুক্ত রাম্যােহন রায়ের
সময়ের সহিত এ সময়ের তুলনা করিলে এই ক্ষণে ব্রহ্মজ্ঞান
প্রচারের বাছল্য প্রমাণ হইবে। তাঁহার প্রথম কালে কন্টকিবনের মধ্যে এক চম্পক বুক্ষের নাায় তিনি এ দেশস্থ অজ্ঞানিদিগের মধ্যে এক মাত্র জ্ঞানী দীপ্তবান্ ছিলেন। তিনি শারীরিক আয়াস, মানসিক পরিশ্রেম, দেশ পর্যাটন, অর্থের বায়,
মানের ক্রটি, পরিবারের যন্ত্রণা ইত্যাদি নানা ক্রেশ সহা
করিয়াও ঈশ্বরজ্ঞান প্রচারে কাল ক্ষেপণ করিয়াছিলেন;
তথাপি প্রায় সমুদায় স্বদেশস্থ ব্যক্তি তাঁহার প্রতি শক্রতাব
ব্যতীত এক দিনের নিমিত্তে মিত্রভাবে কটাক্ষপাত করে নাই।
কিন্তু এ সময়ে তিনি অসত্ত্বেও কত ব্যক্তি শ্রীয় ইচ্ছায় তাঁহার
পশ্চাছর্ত্তি হইয়া ব্রক্ষজ্ঞান প্রচারের নিমিত্তে ব্যঞ্জ হইয়াতেন,

তত্ত্বোধিনী সভা স্থাপিতা হইয়া নানা উপায় দ্বারা এই ধর্মের বিস্তার করিতেছেন, যে সভা হইতে বংশবাটীতে এক পাঠশালা সংস্থাপন হওয়াতে বালক পর্যান্তও ঈশ্বরের উপাসনা শিক্ষা করিতেছে, এক যন্ত্রালয় প্রতিষ্ঠা প্রযুক্ত অনেকবিধ জ্ঞানজনক গ্রন্থ মুক্তিত হওয়াতে তদ্দর্শনে আবাল বুক সকলের ব্রহ্ম-জিজ্ঞাসায় শ্রন্ধা জ্মিতেছে। আহা এই কাল যদি মহাত্মা রামমোহন রায়ের বর্ত্তমান কাল হইত তবে এ সমুদ্য ঘটনা কি তাঁহার প্রতি নামান্ত আহ্লোদের কারণ হইত? বিশেষতঃ অদ্যকার এই আনন্দপূর্ণ সনাজে আমার্দিণের সহিত উপবেশন পূর্ব্বক এই ব্রক্ষোপাসক মহোদ্য মণ্ডলীকে দর্শন করিলে তাঁহার অন্তঃকরণে কি সামান্য আহ্লোদের সঞ্চার হইত?

ষে বঙ্গ দেশে কোন সভার জীবন সম্বংসর হওয়া ছুদ্ধর, এবং যেখানে বিজাতীয় ধর্ম মহাপরাক্রন দারা চতুর্দ্ধিক্ আছল করিতেছে, সেখানে যে এই সমাজ পূর্ণ চতুর্দ্দশ বর্ষ পর্যান্ত স্থায়ী হইয়া ক্রমশঃ উন্নতি প্রাপ্ত হইতেছে ইহা নিতান্ত কেবল এই ধর্মে সতাতার ফল। কিন্তু হে সভাস্থ ব্রহ্মজ্ঞানোৎসাতি মতে দয়গণ ! এ সমাজ কিঞ্জিৎ বলবান্হ ইয়াছে, এই ক্লে ষেন আর যত্নের আলস্য হয় না। বিবেচনা করিলে অধুনা পূর্ব্বাপেকা অধিকতর যত্ন আবশ্যক। যেরূপ কোন বুক্কের বীজ রোপণের কাল অপেকা উন্নতির কালে অধিক শক্র বৃদ্ধি হয়; কীট নকল তাহার মূলচ্ছেদন করে, পশুগণ তাহার শাখা পল্লবাদি ভক্ষণ করে এবং চৌরেরা তাহার ফল পুষ্প অপহরণ করিতে চেটিড হয়, তদ্রেপ এ সমাজের বয়ঃক্রম বুদ্ধির সহিত তাহার বিপক্ষ-দলেরও অধিক শত্রুতা বুদ্ধি হইতেছে, এবং যে পরিমাণে ইহার উন্নতি হইডেছে, দেই পরিমাণে ভাহারদিগেরও দ্বেষের আধিকা হইতেছে। অতএব যেরূপ বৃদ্ধিকালে সেই বৃক্ষকে কীট চৌরাদি হইডে রক্ষা করিবার জন্ম অধিক যত্ন আবিশাক, তক্রপ এ কণে এই সমাজকে শত্রুর হস্ত হইতে রকা করিবার অন্ত অধিক বন্ধ আবিশাক হইয়াছে। সাহসকে আশ্রয় কর.

উৎসাহকে প্রজ্বতি কর, এবং সমাজের কর্ম সাধন জন্য স্থাপ্ত হও। আমারদিগের কার্যা অতি মহৎ, আশা অতি দীর্ঘ, কল অতি আশ্চর্যা, তৎপরিমাণে আমারদিগের পরিশ্রেমও অতি রুহৎ इदेरि। अमाधारण कार्या कि अमाधारण क्रिम विना मिक ? इस এবং ঐহিক যাধনা বিনা কি পার্মার্থিক স্থুখ প্রাপ্ত হয় আমি ব পুনর্বার উচ্চারণ কুরিতেছি হয় অতি কঠিন কর্ম্মের ভার আমরা গ্রহণ করিয়াছি, যেহেতু এ দেশের অধিপতিরা আমারদিগের-বিধ্নমী সদেশস্থ লোক আশীরদিগের বিপক্ষ, এবং কি আক্ষেপ ! কি লজ্জার বিষয়! যে আপন পরিবার আমারদিগের বিরোধী। এই সকল ভয়ম্বর কন্টক দ্বারা বেষ্টিত থাকিয়া এক জনের উং-সাহে, কি এক জনের যত্নে, কি এক জনের সাহায্যে নির্ভর করিয়া আমরা স্বয়ং অলগ রহিব ! এবং চির কাল কি সমভাবে কাক क्लिया करित ! अमा अर्थका कला अधिक छैएमाहि इ.स. धरः কলা অপেক্ষা তৎপর দিবদ অধিকতর যত্ন কর। যদিও ব্রক্ষো-পাসক সমুদায় মহোদয়দিগের শরীর সর্বাদা একত্র হওয়া ছুক্তর, কিন্তু যথন তাঁহারদিণের মনের ঐকা আছে তথন তন্মধ্যে যিনি য়েখানে যে অবস্থায় থাকুন, কেবল ব্রহ্মজ্ঞান প্রচার তাঁহার সকল কার্য্যের মূলীভূত হইবে। সকল বিবাদ পরিত্যাগ পূর্ব্বক আমার-मिरात मर्था रकवल এই विवाम थोकिरव य धरे महर कार्या িকে অধিক দাহায্য করিতে পারে। ফলতঃ আমারদিণের চেষ্টা নিক্ষলা ইহবার আর সংশয় নাই, যত কাল জ্ঞানালোচনার অল্লডা ছিল, তত কাল এ ধর্ম্মের খর্মতা ছিল, কিন্তু ঈশ্বর প্রসাদে এই ক্ষণে এ দেশের স্থানে স্থানে বিদ্যালয় স্থাপিত হইয়াছে যেখানে ছাত্রেরা যুক্তির দ্বারা কেবল এক পরমেশ্বরের উপাসনাই সভ্য धर्म क्रांनिट्डि, बदः शृंट् य गक्न काल्लनिक श्रिका शृक्षांनिक असूनीनन (मार्थ, जाहारिक काझनिक धर्म क्राप्त (वाध क्रिजिट्ह, অতএব তাঁহার্দিগকে এই মাত্র উপদেশ দেওয়া আবশ্যক যে ভাঁহারা যাতা সভা বলিয়া জানিতেছেন, তাহাই আমারদিগের শাস্ত্রের তাৎপর্যা, স্থতরাং ইহা হইলে যাঁহারা এই ক্ষণে আমা-র্দিণের বিপক্ষ আছেন, তাঁহার্দিণের সন্তানেরাই আমার-

দিগের স্বপক্ষ হইবেক; তথন ঈশ্বপ্রসাদে এ দেশ ব্যাপিয়া বংশবাদীর তত্ত্বোধিনী পাঠশালার স্থায় বিদ্যালয় সকল স্থানে স্থানে স্থাপিত হইবে ধেখানে বালকেরা মুক্তি এবং শাস্ত্র উভয় দ্বারা ব্রক্ষোপাসনার উপদেশ প্রাপ্ত হইবে। এমত আফ্লোদজনক কাল উপস্থিত হইলে স্থাকিরণের স্থায় অথও ব্রক্ষজ্ঞানের দ্বারা এই ভারত বর্ষ পূর্ণ থাকিবে, তৎকালাবিধি ব্রক্ষজ্ঞানের হ্রাস হইবার আর সম্ভাবনাও থাকিবে না। আমার-দিগের ভারত বর্ষে এমত স্থথের কাল কোন্দিন উপস্থিত হইবে!

অদাকার সমাজ দর্শনে এ সমাজকে অনেক কৃতকার্যা দেখিরা অন্তঃকরণ যেরূপ প্রফুল্ল হইতেছে, তাহাতে কোন কোভ, কোন আশক্ষা চিন্তকে স্পর্শ করিতে পারিতেছে না, কেবল এই আশা হইতেছে যে ভবিষাৎ বংগরে স্থদেশের অধিক ভাগে ব্রহ্মজ্ঞানের প্রভা বিকীণ দেখিব।

ছে জগদীশ্বর এই মহৎ কার্য্য সম্পন্ন করিবার **ভালা**: ব্রাহ্ম-দিগের প্রতি অর্পণ কর।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৬৬ শক।

সাস্বৎসরিক ব্রাক্ষ-সমাজ

প্রথম বক্তৃতা।

পঞ্চদশ বংসর গত ছইল মহাত্মা রাজা রামমোহন রায় সর্ব্বজ্ঞান-শ্রেষ্ঠ এবং ঐছিক আনন্দ ও পারত্রিক মুক্তির সোপান স্বরূপ ব্রহ্মবিদ্যা প্রচার জন্ম শারীরিক এবং মানসিক পরিশ্রেম দারা এই ব্রাহ্ম-সমাজ ১৭৫১ শকের এই ১১ মাঘ দিবসে এই স্থানে সংস্থাপন করিয়াছিলেন। ঐ মহাত্মার পরিশ্রেম ও উৎসাহ প্রকাশ করিতে চিত্ত কৃতজ্ঞতায় পূর্ণ হয়। তাঁহার জীবিভাবস্থায় বঙ্গ ভূমির এক দিগে বিজ্ঞাতীয় ধর্ম-সংস্থাপকেরা দেশের

প্রত্যেক পল্লীতে এবং নগরন্থ প্রত্যেক পথে দলবদ্ধ হওত ডত্তৎ ধর্ম্ম পুস্তকান্তর্গত গ্রন্থ সকল বিতরণ এবং পাঠশালা সংস্থাপনাদি বিবিধ উপায়ের দ্বারা থ্রীফ ধর্মের জাল বিস্থীর্ণ করিতেছিল, অন্ত দিগে এই দেশত্ব ধর্মোপদেশকের। পুরাণ তন্ত্রামুয়ায়ি কাল্পনিক পেতিলিক ধর্মে মত্ত থাকিয়া সংস্কারবলে বছ কালের পুরাতন শাস্ত্রার্থের বিভাব করত দেশস্থ লোকের মন তমোরত করিতে-ছিলেন; কিন্তু সেই মহাত্মা বেদান্তপ্রতিপাদ্য সভ্য ধর্ম প্রচা-রের দ্বারা এই প্রীষ্ট-ধর্ম-জালচ্ছেদন করিতে এবং লোকের মনকে আক্সকার হইতে মুক্ত করিতে প্রবুত্ত হইয়াছিলেন। অতএব তাঁহাকে ধক্যবাদ অর্পণ করিতেছি যে তাঁহার উৎসাহে আনন্দস্তরপ অদ্বিতীয় ঈশ্বরের উপাদনার পথ মুক্ত হইয়াছে এবং তাঁহার সহযোগি পূজাপাদ এীযুক্ত রামচক্র বিদ্যাবাগী-শকেও ধন্যবাদ করি যে তিনি বেদান্ত শান্ত্রের সারার্থান্ত্রসারে বিধি পূর্বক ব্রহ্মবিদ্যা উপদেশ করত আমারদিগকে কৃতার্থ করিতেছেন। এই ক্ষণে পরমেশ্বরের নিকটে এই প্রার্থনা যে এই পুণা ভারত ভূমি পুণাবান্ ব্রাক্ষ দ্বারা আশু পরিপূর্ণা হয়।

ওঁ একমেবাদ্বিতীয়ং

১৭৬৬ শক।

সামৎসরিক ব্রাহ্ম-সমাজ।

দিতীয় বক্তৃতা।

কোন ধর্ম বিধি পূর্বক গৃহীত না হইলে তাহা চিরস্থায়ী হয় না, এবং সাধকের মনে দৃঢ়তা থাকে না; এই ব্রাহ্মধর্ম কোন বিধি ও নিয়ম পূর্বক গৃহীত না হওয়াতেই লুপ্ত প্রায় হইতেছিল। মহাত্মা রাজা রামনোহন রায় মহাশয় যে বিধি পূর্বক ব্রহ্মোপাদনা গ্রহণ করাইতে পারেন নাই ইহাতে তাহার এ বিষয়ে ক্রটি বলা যায় না; কারণ যে রূপ কোন

বন্য ভূমিতে স্থফল বুক্ষ রোপণ করিবার নিমিত্তে অগ্রে তাহার বন্যবৃক্ষচ্ছেদনাদি দ্বারা তাহাকে আধার করিয়া পশ্চাৎ মনো-গত বুক্ষের রোপণ করিতে হয়, সেই রূপ ঐ মহাত্মার এ প্রদে-শকে অজ্ঞান কণ্টক হইতে মুক্ত করিয়া জ্ঞান বীক্স রোপণের আধার করিতেই সময় কেপেণ হইয়াছিল ; বরঞ্চ তাঁহার সহ-যোগী পূজাপাদ শ্রীযুক্ত রামচন্দ্র বিদ্যাবাগীশ ভটাচার্ঘা মহা-শয়ের নিকট অবগতি হইয়াছে যে এই রূপে ব্রহ্মবিদা প্রদান করিতে তিনি বিশেষ চেক্টা করিয়াছিলেন, কিন্তু লোক সকল মলিনান্তঃকরণে ও ব্যবহারিক ভয়ে তাহা গ্রহণ না করাতে স্থুতরাং তাঁহাকে ক্ষান্ত এবং ছুঃখিত থাকিতে হইয়াছিল। এই करा পরমেশ্বর প্রসাদাৎ অধিক আহ্লাদের বিষয় এই যে দেই রামমোহন রায়ের যত্নে এত কালে লোকের মনঃক্ষেত্র পরিষ্কৃত হইয়াছে যে তাঁহার সেই সহযোগী এীযুক্ত বিদ্যাবা-গীশ ভট্টাচার্যা মহাশয় আচার্যা রূপে বেদান্ত শাক্ত্রের সারা-র্থান্মগারে বিধি পূর্ব্বক এই ব্রাহ্মধর্ম লোক সকলকে উপদেশ করিতে সমর্থ হইতেছেন। তরিয়মে উপদিষ্ট অনেক ব্রাক্ষকে অদ্যকার সমাজে স্থানে স্থানে দেথিয়া কি আনন্দে মন মগ্ন হইতেছে ! হে পরমেশ্বর ! যেন আগামি বংসরের এই সামং-দরিক ব্রাহ্মদমাজ ব্রাহ্ম দ্বারা পরিপূর্ণ হয়।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৬৬ শক।

সাম্বংসরিক ব্রাক্ষসমাজ।

ভূতীয় বক্তৃতা।

নিয়ম পূর্ব্বক বিধিবৎ ঔষধ সেবন দ্বারা যেরূপ পীড়ার আশু শান্তি হয়, দেইরূপ নিয়মমত প্রতিজ্ঞার সহিত কার্যা-রম্ভ করিলে তাহার স্থানিদ্ধি অবিলয়ে সম্ভব হয়। অশ্বণণ

ছরস্ত হ'ইলেও যেরূপ সংযত প্রতিজ্ঞাশীল স্কুবোধ সার্থির শাসন স্থারা ক্রমশঃ বশীভূত হয় এবং স্থপথে গমন করে, দেই রূপ ইন্দ্রিয়গণ চাঞ্চল্যমান হইলেও যথাবিধি নিয়ম প্রতি পালনে প্রতিজ্ঞাশীল ব্যক্তির যত্ন ছারা অবিলয়ে তাহারা শাস্ত হইতে পারে। অতএব সকল কার্যা বিশেষতঃ ধর্মের আত্রা বিধিবৎ প্রতিজ্ঞার সহিত গ্রহণ করা সর্বাথা কর্ত্তব্য। এই সমাজের স্থাপনকর্ত্তা প্রীযুক্ত রাজা রামমোহন রায় এই রূপ বিধিবৎ ব্রহ্মোপাসকের দল স্থাপন করিবার জন্ম দৃঢ়তর উদ্যোগ করিয়াছিলেন, কিন্তু তৎকালে অজ্ঞানের প্রাকলা ও দ্বেষের আধিকা প্রযুক্ত সে উদ্যোগ বিফল হইল, কেহ তদ্বিয়ে সাহসী হইল না। ঈশ্বপ্রপ্রদাদাৎ উক্ত মহাত্মা কর্তৃক রোপিত জ্ঞা-নান্ধর বল প্রাপ্ত হওয়াতে কালবশে এই ক্লণে সেইরূপ বিধিনি-ষেবিত প্রতিজ্ঞাশীল ব্রহ্মোপাসক অনেকে হইতেছেন ঘাঁহারা ব্রাহ্ম নামে বিখ্যাত হইয়াছেন। ফলতঃ অধিক আহলাদের বিষয় এই যে মহাত্মা রামমোহন রায়ের প্রধান সহকারী যে ঞীযুক্ত রামচক্র বিদ্যাবাগীশ যিনি তৎকালে ব্রাক্ষদল স্থাপনে অধিক উৎসাহী ছিলেন, তিনিই এইক্পকার ব্রাক্ষদিগের আচার্য্য হইয়াছেন। তিনি এক বার এ বিষয়ে কোভ প্রাপ্ত হইয়া পুন-র্ব্বার ভাঁহার প্রাচীন কালে দেই প্রাচীন আশাকে পূর্ণ দেখিয়া অতান্ত আহ্লাদযুক্ত হইয়াছেন, এবং সে আহ্লাদ তিনি ব্ৰাক্ষ-দিগের সম্মুথে যে প্রকারে প্রকাশ করিয়াছেন তাহা অনেক ব্রাক্ষই হাদয়ঙ্গদ করিয়াছেন। এই ক্ষণে যে বিধিবৎ ব্রক্ষোপা-সনা দ্বারা দেশ উজ্জ্ব হইবে ভাহার অভিশয় আশা হইতেছে। হে জগদীশ্বর এই আশা অচিরাৎ ফলবতী করিয়া এ দেশ ব্রাক্ষ-দিগের দ্বারা পূর্ণ কর।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৭১ শক।

সাম্ৎসরিক ব্রাক্ষ্মাজ।

আত্মানমেব প্রিযমুপাসীত।

कौन कौन रोक्ति जोशित करतन य यथन विशम् कि जना কোন সময়ে পরমেশ্বরের নিকট প্রার্থনা করিলে সে প্রার্থনা সিদ্ধ করিতে তিনি আপনার অথগু নিয়ম সকল কথন উল্ল-জ্বন করেন না, আর যথন কোন পৃথিবীত রাজার ন্যায় স্তুতি বন্দনা তাঁহার তৃষ্টিকর হয় না তখন তাঁহার উপাদনার আবশ্যক কি ? এ রূপ আপত্তি কারকের বিবেচনা করেন না যে যদাপি ঈশ্বরোপাসনার প্রতি কোন সাংস্কারিক কামনার সাফল্য নির্ভর করে না বটে, তথাপি তাহা নিতান্ত কর্ত্ত্ত্যা কর্ম। .যিনি মঙ্গল অভিপ্রায়ে প্রাকৃতিক সকল নিয়ম স্থাপন করিয়াছেন, যিনি জল বায়ু আলোক প্রভৃতি অত্যন্ত প্রয়োজনীয় বস্তু সকল এমত প্রচুররূপে দিয়াছেন যে সে সকল মূলা দিয়া আহরণ করিতে হয় না, যিনি মনের ক্ষুধা নিবারণ নিমিত্ত বিদ্যার নিয়োগ করিয়াছেন, যিনি ভাবি বালকের পোষণ নিমিত্ত মাতার স্তনে ছুগ্ধের সঞ্চার করেন, যিনি কি পুণ্যবান্ কি পাপী कि ब्रक्मनिष्ठे कि नांखिक সकल्लब्रहे छेशकोविका विख्य कवि-তেছেন, আর পিতা কর্ত্ত নির্দ্ধানিত হইলেও এবং প্রভুর কোপে জীবিকাচ্যত হইলেও যিনি বাস ও জীবিকা প্রদান করিতে ক্ষান্ত হয়েন না, হা! তাঁহার প্রতি কি কৃতজ্ঞ হওয়া কর্ত্তব্য কর্ম নহে ? তাঁহার প্রতি আন্তরিক প্রদা অর্পণ করা কি উচিত বোধ হয় না ! যথন পরমেশ্বরের অস্তিত্ব মানিতে হইল ত্থন পিতা, মাতা, ও বন্ধু স্বরূপে তাঁহার প্রতি আমা-व्रमिरभव य कर्जुवा कर्म्म छोष्टां भाषन कविए इहेरवक। "মাহং ব্রহ্ম নিরাকুর্যাং মা মা ব্রহ্ম নিরাকরোৎ।" পরমেশ্বর আমারদিগকে পরিত্যাগ করেন নাই, আমরাও বেন তাঁহাকে পরিত্যাণ না করি। হে অকৃতজ্ঞ পুজেরা! ভোমারদিণের পিডাকে ডোমরা স্মরণ নাশকর, তাঁহার প্রতি ডোমরা শ্রদ্ধা

না কর, কিন্তু তিনি তোমারদিগের প্রতি যে রূপ করুণা বর্ষণ করিতেছেন তাহা বর্ষণ করিতে ক্ষান্ত থাকিবেন না। পরমেশ্ব-রের উপাসনা কেবল কর্ত্তব্য কর্ম্ম নহে তাহা অত্যন্ত আনন্দ জনক হইয়াছে। জগদীশার যত নিয়ম স্থাপন করিয়াছেন তন্মধ্যে এই এক নিয়ম যে ব্ৰহ্ম চিন্তাতে অভান্ত স্থােশ্পত্তি হয়। বােধা-তীত স্থকোশল সম্পন্ন মহৎ বিশ্ব কার্যা আলোচনা করিয়া ঈশ্বরের জ্ঞান, শক্তি, করণা প্রতিপন্ন করা যে কি আনন্দর্জনক তাহা বাক্য পথের অতীত। সে সুখ যে ব্যক্তি ঘর্থার্থরূপে আস্বাদন করেন তাঁহার নিকট পৃথিবীর বিস্তীর্ণ সামাজাও শোভনতম মুকুট সকল তুচ্ছ বোধ হয়। যথন মন ঈশ্বরের কার্য্য সকল আলেণ্টনা করিয়া তাঁহার মহিমা স্বভাবতঃ এইরূপ **শীর্ত্তন করে যে "হে পর্মাত্তান্! তোমার মঙ্গলানন্দি থিল** এই বিচিত্র জগৎ কি আশ্চর্য্য রচনা! কি নিরূপম কৌশল! .কি অনন্ত ব্যাপার! ভুরি ভূরি গৃঢ় কার্য্য সহিত এই এক ভুলোকই কি প্রকাও পদার্থ! এই ভূমওল অপেকা অতুল পরিমাণে বৃহত্তর কত অসঙ্খ্য অসঙ্খ্য লোকমণ্ডল গগণে বিস্তৃত রহিয়াছে! অন্ধকার রজনীতে ঘন বর্জিত আকাশে অপূর্ব্ব জোতিঃ উজ্জ্বল নক্ষত্ৰ গহন কি অগণারূপে প্রকশি পায়! নক্ষত্রের পর নক্ষত্র, সুর্যোর পর সূর্যা! এমত সূর্যা সকলও আছে যাহারদিগের রশ্মি নিঃস্ত ইইয়া পৃথিবীতে অদ্যাপি আসন্ম হইতে পারে নাই! হে জগদীশ্বর! ভোমার শক্তি বাকা মনের অগোচর এমত ব্রহ্মাণ্ড তুমি এক কালে স্থজন করিলে, তুমি চিস্তা कतिल आत व ममछ जरकनार हरेंग! जामात खीत्मत कथा কি কহিব? যখন এক বুক্ষ পত্রের রচনা আমরা এ ক্ষণ পর্যান্তও সম্যক্-রূপে জ্ঞাভ হইতে পারি নাই তথন আমরা তেমিার জ্ঞান-সমুদ্র সন্তরণ ছারা কি প্রকারে পার হইব? দিবারাত ষড়্ৠতুর কি স্থচার বিবর্তন ! পঞ্চ ভূতের পরস্পার সামঞ্জন্য কি চমংকার নিয়ম ! জীবশরীর কি পরিপাটা শিল্পকার্য্য ! মন্ত্র্যোর মন কি निगृष कौनन। जुमि एछिँद नगरा य नकेन निग्रम दानिक क्रियाहिएन अमापि तिहे नेतेन नियम द्वीत जगाउँ त कीर्या

অশুমালরূপে নির্বাহ হইতেছে; প্রথম দিবসে তোমার সৃষ্টি য়ে রূপ মনোহর দুল্য ছিল অদ্যাপি ভাষা দেই রূপ মনোহর দৃশ্য রহিয়াছে। মহৎ তোমার কীর্ত্তি, জগদীশার! অনন্ত ডোমার মহিমা ৷ কোন মন তোমাকে অভ্ধাবন ক্রিতে পারে? কোন জিহ্বা তোমাকে বর্ণন করিতে সমর্থ হয় ? যখন ঈশ্বরের কার্যা আলোচনা করিয়া মন এ প্রকারে আপনা হইতেই সেই পর্ম পাতার মহিমা কীর্ত্তন করিতে থাকে তখন সে কি বিপুল ও विमनानन गास्त्रांग करत ! कलाजः मुकल अमुर्थ इहेरा यिनि শ্রেষ্ঠতম তাঁহার স্বরুপ্টেম্ভা অত্যন্ত আনন্দপ্রদ হইবে ইহাতে আশ্চর্য্য কি ? এমত শ্রেষ্ঠতম পদার্থের প্রতি-এমত প্রীতিযোগ্য পদার্থের প্রতি যে পরিমাণে প্রীতি প্রগাঢ় হইতে থাকে সেই পরিমাণে ব্রহ্মোপাদনার আনন্দ রুদ্ধি হইতে থাকে। "আছা-नत्यव श्रियु भागीछ।" यिनि मक्त-मुक्क - ज्यान, यिनि निर्मानान-লাসকল পদার্থ, বাঁহার সহিত আমারদিগের নিতা সম্বন্ধ, যিনি আমারদ্রের শেষ গতি, যিনি ইহ কালে মঙ্গল বিভরণ করিতে-ছেন এবং পর কালে ক্রমে ক্রমে অধিকতর মঙ্গল বিতরণ করিবেন, বিনি অবশেষে আমারদিগকে এক আনন্দ পরিচ্ছদ প্রদান করি-বেন যাহা কথনই জীর্ণ হইবেক না, তাঁহাকে চিন্তা করিলে কোন্ সুস্থ মন প্রীতিরূপ পুষ্প ছারা তাঁহাকে পূজা করিতে অগ্রসর না इहेरवक ? मञ्चारात मात्रीत कान छत्नुत मञ्चारात मन পরিবর্তনের আকর। পরমেশ্বরের প্রতি যিনি প্রতি করেন তাহার স্থহদের সহিত তাঁহার কথন বিচ্ছেদ হইবার সম্ভাবনা নাই " স্যুজালা-নমের প্রিয়মুপাত্তে ন হাস্ত প্রিয়ৎ প্রমাযুক্ত ভবতি"। মহুষ্যের যে নিজোমতির বাসনা আছে তাহা যোকাবস্থা ব্যতীত, প্রম-পুরুষার্থ ব্যতীত, আর কিছুতেই তৃপ্ত হুইতে পারে না ! ঈশ্বর-ব্যতীত, আর কোন বস্তুর প্রতি প্রীতি স্থাপন করিয়া তিনি প্রীতির সার্থকতা প্রাপ্ত হইতে পারেন না ব্রহ্মজ্ঞ ব্যক্তি ইহা আপ্রনার অভ্যন্ত সৌতাগ্য জ্ঞান করেন যে এই প্রধংসমান সংসারে তিনি এমত এক পদার্থ প্রাপ্ত হইয়াছেন যাঁহার প্রতি প্রীতি স্থাপন ক্রিয়া বাঁহার প্রতি নির্ভর করিয়া তিনি তাহাতে অন্তির

থাকিতে পারেন। যথন ব্রহ্মনিষ্ঠ বাক্তি তাঁহার প্রিয় পরমাত্মাকে দর্শন করেন, সর্ব্যাপিক্রপে আপনার নিকট আপনার অন্তরে প্রত্যক্ষ করেন, তথন তাঁহার চিত্ত সন্তোধামূতে দিক্ত হয় এবং বিশ্ব সংসার পরম মজল ও নির্মালানন্দের আলয়রূপে প্রতীত **इ**डेग्रा मकल वस्तु डाँक्श्व मसंस्था स्नुत्थत स्नाकत रुग्न। कर्नुवा कर्मा অথচ পরম উৎকৃষ্ট আনন্দক্ষনক ব্রক্ষোপাসনা স্মচারুক্তপে সম্পা-দন করা, ঈশ্বরের প্রতি প্রীতি যাহাতে উত্তরোত্তর গাঢ় হয় তাঁহার প্রতাক ক্রমে ক্রমে অধিকতর স্থায়ি হয়, এমত অভাাস করা, জীবনের মুখা কর্ম হইয়াছে কার্ম প্রতীত হইতেছে যে পরমেশ্বর যে নিত্য পূর্ণ স্থাথের অবস্থা আমারদিগকে প্রদান করি-বেন তাহার স্থখ কেবল এই স্থখ। হে প্রমান্মন্। প্রীতিপূর্ণ মনের সহিত তোমার আলোচনার সময়ে যে স্থান্ত্রিক স্থানির্মাল महमानम् द्वांता हिन्त कथन कथन क्षांवित इय, त्वामात निकरि এই প্রার্থনা যে সেই আনন্দ তুমি চিরস্থায়ী কর তাহা হইলে আমি পরিত্রাত ও কুতার্থ হইলাম। ঈশ্বরের প্রাতি উত্তরোত্তর যত গাঢ় হইবে তাঁহার প্রতাক্ষ উত্তরোত্তর যত অধিক স্থায়ী 'হইবে ততই আমারদিগকে মুক্তির নিকটতর জ্ঞান করিতে हरेरक ।

কিন্তু ঈশ্বরের উপাসনাতে এ প্রকার আনন্দ প্রতিভাত হয় না, এ প্রকার কল প্রাপ্ত হওয়া যায় না, যদাপি সেই উপাসনার এক অঙ্গ সাধন অর্থাৎ তাঁহার নিয়ম প্রতিপালন না হয়। যেমত রাজার নিয়ম প্রতিপালন না করিয়া তাঁহাকে কেবল অভিবাদন করিলে তাঁহার নিকট তাহা গ্রাহা হয় না তক্রপ ঈশ্বরের নিয়ম প্রতিপালন না করিয়া তাঁহার উপাসনা করিলে দে উপাসনাও তাঁহার প্রাহা হয় না। অন্তর বিশুদ্ধ না হইলে ঈশ্বরজ্ঞান তাহাতে উজ্জ্বলরপে প্রকাশ পায় না। "জ্ঞানপ্রসাদেন বিশুদ্ধ-সত্ত্বস্ত তং পশাতে নিকলং ধায়মানঃ" ইহা অত্যন্ত আক্রেণের বিষয় যে এ ক্ষণে অনেকের দ্বারা ব্রহ্মজ্ঞান কোন আমোদ জ্ঞানক বিদ্যার স্থায় আলোচিত হইয়া থাকে, কার্য্যের সময় তাহা কিছুই প্রকাশ পায় না। হে পাপাসক্ত ব্যক্তি! নরকস্করপ

তোমার মনের সহিত দেই পরিশুদ্ধ অপাপবিদ্ধ পরমেশ্বরের সম্মুখে উপস্থিত হইতে কি প্রকারে তোমার ভরদা হয় ! স্থমধুর স্বরে অতি পরিপাটীরূপে বেদ পাঠই কর আর উপনিষদের ভুরি ভূরি প্লোক কণ্ঠস্থই থাকুক, আর স্কাররূপে জিজ্ঞাস্ত ব্যক্তি-দিগের সন্দেহ স্তর্ক দ্বারা নিরাকরণই কর তথাপি অন্তর বিশুদ্ধ না হইলে তাহাতে কি ফল দর্শিতে পারে ! বর্থ প্রমেশ্বর অ্জ্ঞ পাপী অপেকা বিদ্বান্পাপীর প্রতি অধিক রুফ হযেন। অন্ধ ব্যক্তি কুপে পতিত হইয়া থাকে ; চক্ষুঃ থাকিতে কুপে পতিত इंडेट्स क्लान क्षकादा क्रमात खाना इंडेट्ड शादा ना। विश्वान् পাপী অপেকা। অজ্ঞ সাধুমহত্তর বাতিটো হে বিদ্বন্! আমি मानिनाम त्य जूमि विविध गांत्ज अजि बुल्लस, खांतालाम প্রদানে অতিদক্ষ, নানা শাস্ত্র হইতে ভুরি ভুরি সমীচীন প্লোক সকল উদ্ধৃত করিয়া লোকদিগকে আশ্চর্যো স্তব্ধ করিতে পার কিন্ত যে পর্যান্ত তুমি তোমার চরিত্র শোধন না কর, তোমার ব্যাখ্যাত উপদেশ সকল কার্য্যেতে পরিণত না কর, সে পর্যান্ত তুমি কেবল এক গ্রন্থবাহক চতুম্পদ তুল্য। " নায়মান্মা বলহীনেন লভ্যঃ"। পরমাত্রা ইন্দ্রিয়লোল ব্যক্তিদ্বারা কথন লক্ষ হয়েন না। " নাকি-রতোছ্শ্চরিতালাশান্তোনাসমাহিতঃ। নাশান্তমানসোবাপি প্র-জ্ঞানেনৈনমাপুয়াৎ ''। অশান্ত অসমাহিত ছ্ল্চব্লিত ব্যক্তি কেবল প্রজ্ঞান দ্বারা ঈশ্বরকে প্রাপ্ত হয় না। ঈশ্বরের নিয়ম কি স্মৃচারু কি স্থাবহ! মন ব্রিপুদকল বশে রাখিয়া ও হিতৈষণা দ্বারা আর্দ্র পাকিয়াকি হুত্ত প্রফুলতা ছারা জ্যোতিআন থাকে! ইন্দিয় নিপ্রছে চরিত্র শোধনে প্রথম অনেক কট কিন্তু ক্রমে ক্রমে সহজ ছইয়া পরিশেষে অপর্যাপ্ত স্থ্লাভ হয়। অদ্য তুমি নিডা আচরিত কুকর্ম হইতে কফ স্বীকার করিয়া নিরুত্ত হও, কল্য নির্ত্ত হওয়া অপেকাকৃত সহজ হইবে, পরশ্বঃ তদপেক্ষা এই রূপে ক্রমে তুমি পাপ রূপ পিশাচীর লৌহশরীরের আলিঙ্গন হইতে বিমুক্ত হইতে পারিবে ধর্মাচল আরোহণ করিতে প্রথমে অনেক ক্ট বোধ হয় কিন্তু তাহাতে আরোহণ করিলে শান্তির স্থ্যন্দ হিলোল দেবিত প্রমোৎকৃষ্ট আনন্দ কুঞ্চে অবস্থিতি

করত মুমুক্ষু বাজি কি পর্যান্ত কুতার্থ হয়েন তাহা বর্ণনাজীত।
ইহা নিঃসন্দেহ যে সেই আনন্দের স্বরূপ যদি এক বার পাপান্যা
রাজির প্রতি প্রতিভাত হয় তরে সে তৎক্ষণাৎ পাপ হইতে
বিরত হইতে সমাক্ চেটাবান্ হয়। ধর্ম কি রমণীয় পদার্থ,
রর্মের কি মনোহর স্বরূপ! "ধর্মঃ সর্ফোবাং ভূতানাং মধু,
ধর্মাৎ পরং নাস্তি" দকল বস্তুর মধ্যে ধর্ম মধু স্বরূপ হইয়াছে,
ধর্ম হইতে আর প্রেষ্ঠ বস্তু নাই। "হে পরমাজন মোহকৃত
লাপ হইতে মুক্ত করিয়া ও জুর্মাত হইতে বিরত রাখিয়া
তোষার নিয়ম পালনে আমার্দিগকে যজ্মশীল কর এবং শ্রেমা
ও প্রীতিপূর্মক অহরহ তোমার অপার মহিমা এবং পরম্মকল
ও নির্মলানক্ষ স্করণ চিন্তনে উৎসাহ যুক্ত কর যাহাতে ক্রমে
নিন্তা পূর্ণ স্বর্ধ লাভ করিতে সমর্থ হই"।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১११२ मक्।

সাৰৎসরিক ব্রাক্স-সমাজ

প্রথম বক্তৃতা।

ভাগা কি শুভ দিন। অদ্য আনন্দরেপ স্থাকর কিরণে জগৎ স্থাভিত দেখিভেছি! ব্রাক্ষদিগের পক্ষে অদাকার স্থান্ম সময় অতিশয় পবিত্র ও পরম প্রার্থনীয়। যিনি অদ্য মমাজস্থ ছইয়া কেবল উজ্জ্বল দীপ-জ্যোতি ও বাহা শোভা মাত সন্দর্শন করিয়া নিরন্ত রহিয়াছেন, তিনি অদ্যকার সমাজের অপূর্ব্ব অন্তপম শোভার কিছুই দেখিলেন না। বাহ্য সৌন্দর্য্যের অপ্রেক্তায় কোটি গুণ উজ্জ্বল ও অননত গুণ শোভাকর যে অভ্যাশ্চর্য অনির্ব্বচনীয় রমণীয় জ্যোতিঃপ্রবাহ প্রবাহিত ছইয়া প্রমেশ্বর-পর্যাব সম্ভবিত্র সাধুদিগের স্বন্ধাকাশ পুণ করিতেছে, ভাছা উল্লাব অনুক্ত হুইল না। এক বংশরের পরে আমরা সাম্বাহ্ন

সরিক সমাজের কার্যা সাধনাংথে—জগদীশ্বর সমিধানে আমা-तिमार्गित शेर्ट्यानिष्ठि ७ छानि तृत्तित मितिहेर अमिनार्थि धक्जे সমাগত ইইয়াছি। গত সাধ্ৎসরিক সমাজের পর সম্পূর্ণ এক বংসর অতীত হইয়াছে,—সূর্যা ক্রমে ক্রমে আর এক বার স্থাদশ রাশি ভোগ করিয়াছেন, সমুদায় ঋতু একাদি ক্রমে আর এক বার পরিবর্ত্ত হইয়াছে, পৃথিবীও আর এক বার প্রজা পরিপালন কার্য্য সম্পন্ন করিয়া আপনার অপার ঔদার্য্য গুণের পরীক্ষা প্রদান করিয়াছেন। এই রূপ ভূমগুলস্থ সমস্ত বস্তু পর্মেশ্বরের শুভকর শাসনামুদারে স্বস্থ কর্ত্তব্য সম্পাদন পূর্বেক সংসারের উন্নতি সাধন করিয়া আসিতেছে। এ কণে, চে ব্রাকাগণ। এই অতীত দ্বাদশ মাসে আপনারা আপনারদিগের উন্নতি সাধনে কত দূর সমর্থ হইয়াছেন, তাহা এক বার অন্ত্রধাবন করিয়া দেখা উচিত। এ উন্নতি শব্দে ধন বৃদ্ধি নহে, ঐশ্বর্যা বৃদ্ধি নহে, মান ও প্রভূষ রুদ্ধিও নহে। তদপেক্ষায় কোটি গুণ-অনন্ত গুণ উৎকৃষ্ট অমূল্য ধনের উন্নতি জিজাদা আমার উদ্দেশ্য। আপনারা স্থকীয় স্থরপ মার্জিত ও পরিশুদ্ধ করিছে—পরম পিতা পরমেশ্বের প্রতি প্রীতি ও অদ্ধা প্রকাশ পূর্বাক তাঁহার আক্ষাবহ থাকিতে-নির্ভয়ে ও দানন্দ হৃদয়ে তাঁহাকে স্মরণ করিতে—প্রকৃতরূপে उक्तिरमा পालन क्रिएं कर पृत्र मुख्य इहेशाएं न, हेहा अना . আলোচনা করা কর্ত্তবা। হে জগদীশ্বর। এ সমাজে যেন এমন कोन वास्ति मा थोरकन, ये जिनि गैंड क्ष्मत्र जरभक्ता क व्यन्त অপিনাকে অধর্মপঙ্কে অধিক নিমগ্ন দেথিয়া তোমার "উদাভ বজু" ভয়ে তোমাকে স্মরণ করিতে শক্তিত হইতেছেন। আমার-मिर्गत हेश नर्रामा अमग्रक्त ताथा छिठिछ, त्य आमात्रमिर्गत कहे ধর্ম যেন কেবল মৌখিক ধর্ম না হয়। ভূমগুলে এ প্রকার অভ্যু-ৎকৃষ্ট পবিত্র ধর্মা আর দ্বিতীয় নাই। এই ধর্মাই ঈশ্বরাভিপ্রেড यथीर्थ धर्म वर्दर भवम श्रुक्षार्थ माध्यमव विक्रमाव छेभाग्र । भृशि--वीष्ट अमाधात्र वीगक्ति-मन्त्रम छानामम महामात्र है स स तम-ैक्कालिक कोझिनिक धन्म "অভিজীম 'क्रिये। छ । धरे धन्म 'अवलक्षन करतेन। इंहा व्यक्तितितित्र शर्तेम लिजितितेत विषयः एव व्यक्तिता

অনেকে একমত হইয়া এই পরম ধর্ম আশ্রেয় করিতে সমর্থ ছই-তেছি। ব্রাক্ষেরা ষৎপরিমাণে এ ধর্ম পালন করিতে পারিবেন—ব্রাক্ষ-ধর্মোচিত কর্ত্তর কর্ম সকল অমুষ্ঠান করিতে শক্ত ছইবেন, তৎপরিমাণে তাঁহারদিগের ব্রাক্ষত্ব রক্ষা পাইবে, স্বধর্ম প্রবল হইয়া স্বদেশের কল্যাণ হইবে, পর্যোশ্বরের শুভকর অভিপ্রায় সম্পন্ন হইবেক, এবং যিনি এ দেশে এই ধর্ম প্রথম প্রচার করেন, তাঁহার মনোবাঞ্চা পূর্ণ হইবে।

তাঁহাকে সারণ হইলে অন্তঃকরণে আর অন্য কোন বিষয় স্থান পায় না। অন্তঃকর্ণ ক্রতজ্ঞতার্দে আর্দ্র হয়, ভব্তি শ্রদ্ধাতে পূর্ণ হয়, শরীর লোমাঞ্চিত ও প্রেমাঞা বিনির্গত হয়। দেই প্রমেশ্রপ্রায়ণ অসাধারণ আশ্চর্যা বৃদ্ধিমান ব্যক্তিই প্রথমে এ দেশে অজ্ঞান বন ছেদন ও জ্ঞানান্ত্র রোপণের পথ প্রদর্শন করেন। ব্রাক্ষধর্মের মূল অন্বেষণ করিলে তিনিই এই ব্রাক্ষ-সমাজরূপ সুর্ম্য বুক্ষমূলে বীজরূপে দৃষ্ট হয়েন। এখ-নও তাঁহার নাম উচ্চারিত হয় নাই বটে, কিন্তু অদ্য সমাজস্থ হইয়া কোনু ব্যক্তি রামমোহন রায়কে অন্তর হইতে অন্তর্হিত করিতে পারে? যাহাতে ভারত বর্ষের বিষম স্করবস্থা দুরীকৃত হয়, বিশেষতঃ কাল্লনিক ধর্ম সকল নিরাকৃত হইয়া সৃষ্টি-স্থিতি-ভঙ্গ-কারণ এক মাত্র অদ্বিতীয় নিরবয়ব পরাৎপর পরমেশ্বরের উপাসনা প্রচলিত হয়, তাহাই তাঁহার সমস্ত চেফা ও সমস্ত কার্য্যের উদ্দেশ্য ছিল। জননী জন্ম-ভূমির ছঃখ মোচনার্থে যে রূপ যত্ন করা কর্ত্ব্য, তাহা তিনিই জানিতেন ও তিনিই করিয়া গিয়াছেন। কিন্তু তাঁহার যত্ন ও চেফা কি কেবল এই ক্ষুদ্র বঙ্গ দেশের উপকার মাত্রে পর্যাপ্ত ছিল ! তাঁহার স্বভাব যেমন উদার ও অভিপ্রায় যেমন মহৎ তাঁহার কার্যা ও সেই প্রকার অসাধারণ। বেগবান সিন্ধুনদ, তুষার-মণ্ডিত হিমালয় এবং আবা ও আসামের বনাকীর্ণ পর্য়তও তাঁহার জন্ম-ভূমির সীমা ছিল না। তাঁহার জন্ম-ভূমি পূর্ব্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ এই চতুর্মহা-সাগর ছারা আবদ্ধ ছিল। তিনি সমুদায় জুমগুলকে স্বকীয় ক্ষেশ এবং ভারত বর্ষকে গৃহত্বরূপ জ্ঞান করিতেন। তিনি

गक**लाक** हे ज्यामणीय मञ्चा (वाध कविष्ठन, अवर जिनि च्यार व क्कान बच्च माछ कविद्याहित्मन, তाहा मर्ख माधावगरक्टे विछ-রণ করিবার নিমিত্ত ব্যগ্র ছিলেন। এক মাত্র অন্বিতীয় জ্ঞান-चक्र भक्रमभूत्रक छेभागना श्रुथिवीक गर्क चान वाथि एक्र, ইহাই তাঁহার বাঞ্চিত ছিল। যে পরম ধর্ম সমুদায় মহুষ্যের मानम-পটে ও সকল बाहा अमार्थित गर्स्त द्यारन अविनश्वत अकरत লিখিত রহিয়াছে, এই বিশ্বরূপ অভান্ত গ্রন্থই যে ধর্মের দান্দী, ञ्चार यादात श्रामांना विषया लाग माजल मर्गम नाहे, जादाहे প্রচার করণার্থে তিনি প্রাণ পর্যান্ত পণ করিয়াছিলেন। তিনি কেবল এই প্রত্যক্ষ পরিদৃশ্যমান নিথিল ব্রঁক্ষাগু রূপ সর্কোৎ-কৃষ্ট গ্রন্থ সাত্রকে পরমেশ্বর-প্রণীত শাস্ত্র স্বরূপ বিবেচনা করি-তেন, এবং তদীয় আলোচনা এবং তম্মলক গ্রন্থান্থ শীলন দারা স্বয়ং চরিতার্থ হইয়াছিলেন। তিনি নানা দেশীয় নানা জাতীয় পণ্ডিতদিগের সহিত বিচার করিতেন, এবং তাঁহারদের স্বীয় স্বীয় শাস্ত্র হইতে সভ্য ধর্ম উর্কৃত করিয়া তাঁহারদিগের বোধ-স্থলভ ক্রিয়া দিছেন। তিনি বেমন স্বদেশীয় পণ্ডিতদিগের সহিত বিচার কালে স্থদেশীয় শাস্ত্রের প্রমাণ প্রয়োগ করিতেন,* দেই রূপ মোসলমানদিগের সহিত বিচার কালে কোরাণের প্র**মা**ণ এবং और्यानिमात्रत महिल विष्ठांत्र काला वाहेरवरलत वष्टन लेक् ल করিতেন, কারণ সভ্য-শ্রূপ মহারত্ম সর্ব্ধ স্থান ছইতেই লভনীয়। তিনি এই রূপ বিচারে সমুদায় প্রতিপক্ষ নিরস্ত করিয়া স্বীয় পক্ষ স্থাপিত করিয়াছিলেন, এবং হিন্দু দোসলমান প্রীফান ছিনেরই मत्था क्ष्मिय वाक्टिक जानन धर्म निविष्ठ क्रियाक्टिलन। এই ব্রাক্ষ-দর্মাল ভাঁহার প্রদর্শিত পথাবলম্বি ব্রক্ষোপাসকদিগের · माधात्र । उभामना-हान, धदः मकन प्राप्त । उहात या धर्म श्राहा-রের অভিলাষ ছিল, তাছাই এই ব্রাক্ষ-ধর্ম। তাঁছার এই প্রকার মহৎ অভিপ্রায় ছিল, বে পরাৎপর পরমেশ্বর আনারদিগের সক-लबरे भवमभिड़ा, नकलबरे भवमात्राधा धरः नकलबरे भवम প্রীতিভাজন। তিনি " দর্ববস্থ প্রভুষীশানং দর্বায় শরণং সূত্রং" नक्लब श्रष्ट्र, नक्लब नेश्वंब. नक्लब भद्रगा, नक्टनब स्टूक्र् ।

তিনি "সর্কেষাং ভুতানাম্বিপতিঃ সর্কেষাং ভুতানাং রাজা " সকল প্রাণির অধিপতি ও সকল প্রাণির রাজা। তাঁহার নিকট ক্ষাতি নাই, বৰ্ণ নাই, উপাধি নাই, অভিমানও নাই। আমরা সক-লেই সেই "অমৃত্য্য পুলাঃ" এবং সকলেই তাঁহার তত্ত্বস পানে অধিকারি। সকলেরই শ্রদ্ধাভিষিক্ত হইয়া সমবেত স্থর নিঃসারণ পুরঃসর তাঁহার গুণগান করা কর্ত্তব্য। যে দেশীয় যে জাতীয় যে কোন ব্যক্তি আপনার হৃদয় আসনে তাঁহাকে দর্শন করিয়া প্রীতি রূপ পবিত্র পুষ্প প্রদান করেন, তিনি তাঁহারই আরাধনা গ্রহণ করেন। অতএব এীযুক্ত রাজা রামমোহন রায় এই পরম ওতকর অভিপ্রায়ানুসারে এই ব্রাক্ষ-সমাজ স্থাপিত করিয়া ব্রক্ষোপাসক-দিগের সাধারণ উপাদনার স্থান করিলেন। যে দেশীয় যে কোন ব্যক্তি এক মাত্র, অদ্বিতীয়, বিচিত্র-শক্তিমান, সর্ব্বজ্ঞ, সর্ব্বাবয়ব-বিবর্জিত, সৃষ্টি স্থিতি ভঙ্গ কর্ত্তা, ঐহিক ও পারত্রিক মঙ্গল প্রদাতা পরাৎপর পরমেশ্বরে প্রীতি করেন, এবং তাঁহারই প্রীত্যর্থে তাঁহার প্রিয় কার্য্য সমুদায় সাধন করিতে প্রব্রুত থাকেন, অर्थाৎ यिनि ब्रोक्क-धर्म अवलयन करतन, এ ममाक छाड्याँ इटे जेशा-' সনা স্থান।

অতএব যে স্থানশহিতিষি পরম ধর্ম-পরায়ণ মহাছা ব্যক্তি এই ধর্ম প্রচার ও এই সমাজ সংস্থাপন পূর্বক আমারদের মহো-পকার করিয়া গিয়াছেন; অদ্য সকলে সকৃতজ্ঞ চিত্তে তাঁহাকে এক বার মনের সহিত শ্রক্তবাদ প্রদান কর। তিনি আমারদের নিমিত্ত কত কটই বা স্থীকার করিয়াছেন! শারীরিক আয়াস, মানসিক পরিশ্রেম, দেশ পর্যাটন, অর্থ বায়, লোকনিন্দা, মানের ক্রটি, পরিবারের যন্ত্রণা, গুরু লোকের তাড়না ইত্যাদি অশেষ ক্রেশ সহা করিয়াও—সহস্র সহস্র বিম্ন দ্বারা প্রতিহত হইয়াও তিনি স্থীয় সকল্প সাধনে কণকালও নিরস্ত হয়েন নাই। অকৃতজ্ঞ দেশস্থ লোকে তাছাকে অত্যুৎকট মাতনা প্রদান করিতে প্রব্রুত্ত হয়াছিল,—তাহার প্রাণের উপরেও আঘাত করিতে উদ্যত হয়াছিল, তথাপি তিনি নিমেষের নিমিত্তেও প্রতিজ্ঞাত কার্য্যে পরাত্মথ হয়েন নাই। যাহারা তাহার এত জনিই করিয়াছে,

তিনি ভাহারদিগেরই হিতার্থে শরীর নিপাত করিয়াছেন। তিনি এ সমাজ কেবল সংস্থাপন করিয়া ক্ষান্ত থাকেন নাই ; তিনি যত मिन ध मार्म विमामान ছिलान, उठ मिन युद्ध, छेरमाइ ও পরি-धाम चाता हेहात छत्रिक माधान ममाक ताल महास्थित हिलन, এবং ক্রমে ক্রমে কুতকার্য্য হইতেছিলেন। যদিও তাঁহার দেশান্তর ও লোকান্তর গমনের পরে উাহার অভাবে সমাজের ফুরবস্থা হই-য়াছিল বটে, কিন্তু তিনি যে অগ্নি-ফুলিক উদ্ভাবিত করিয়া গিয়াছেন তাহা কদাপি নির্বাণ হইবার নহে ; তিনি যে সতা-জ্যোতি বিকীর্ণ করিয়ী গিয়াছেন তাহা কথনও আছল হইবার নহে; তিনি এই জড়ীভত-প্রায় মুমুর্বঞ্চুমিতে যে মহামৃত সেচন করিয়া গিয়াছেন ভাছা কখনও ব্যর্থ ষাইবার নছে। তাঁছার প্রকাশিত জ্যোতিঃ পুঞ্জের এক মাত্র কিরণে মহীয়সী তত্তবোধিনী সভার জীবন সঞ্চার হইয়াছে,—তৎ সংস্থাপক অক্সাৎ রাম-মোহন রায় প্রকাশিত উপনিষদ বিশেষের একটি পরিত্যক্ত ক্ষুদ্র পত্র প্রাপ্ত হওয়াতেই এই সভা সংস্থাপনের উপক্রম হইল, এবং পর্মেশ্বর প্রসাদে এই পর্য ধর্মের পুনরুদ্দীপন হইবার স্থত্রপাত ছইল। এই সভার সভ্যেরা স্ত্যান্তেষণার্থে প্রতিজ্ঞার্ছ হইলেন; कान ठक्ठांत्र श्रद्भुख इटेलन, धर्मालाइनांत्र नियुक्त इटेलन, শাস্ত্রামূশীলনে নিবিষ্ট ছইলেন, বিশ্ব-কর্ত্তার বিশ্ব-কার্য্যের জ্ঞান লাভে অমুরাগি হইলেন, এবং আনন্দ সাগরে মগ্ন হইয়া ব্যক্ত করিতেছি, যে তাঁহারা নানা প্রকার বিচার করিয়া পরিশেষ এই ধার্যা করিলেন, যে রামমোহন রায় প্রদর্শিত পথই প্রকৃষ্ট পথ —পরম পুরুষার্থ সাধনের অদ্বিতীয় উপায়—মানব জ্ঞাের সাফল্য-দাধক—ছুস্তর ছুঃখ সাগর সম্তরণ ও অনির্বাচনীয় অমুপম নির্ম্মল স্থাধান আরোহণের এক মাত্র দোপান। তাঁহারা এই कान क्रथ महावृद्ध नांच कविया शवम श्रीष्ठि श्रांश हरेमन, ववः তদ্বারা স্বপরিবার স্থরূপ স্থদেশীয় ব্যক্তিদিগকে বিভূষিত করিতে यज्ञवान् इटेटनन। छै। हात्रा युक्तित्यार्ग यथार्थ छक् निक्रभन করিয়া শাস্ত্র বিষয়ে এই পরম সত্য নিশ্চয় করিলেন, বে " অপরা अयोजायकार्यामः नामावामाथकार्यामः निका काल्लावाकार निक्रकः

ছল্দোজোতিষমিতি অথ পরা যথা তদক্ষরমধিগম তে।" ঋথেদ, यजुर्व्यम, मामराम, अर्थक्राराम, निका, कह्न, वाकहन, निक्रक. हन्मः, त्यां जिव व नमुमाग्रहे अश्वके विमा, आत त्य विमा स्रोता व्यक्तिनानि भवतमञ्चलक क्यांन প्राप्त इल्या यात्र, जाहाहे उँ कृष्टे विमा। छाहात्रपत्र हाता ७ मिट्न ब्रक्त विमान अञास आत्मानन হওয়াতে কতিপর শ্রন্ধাবান বাজি একমত হইয়া নিয়মিত রূপে ব্রাক্ষ-ধর্ম অবলয়ন করিলেন, তদ্বারা ব্রাক্ষ-সমাজের উন্নতি হইতে লাগিল, এবং এই সমাজ সংস্থাপক সেই মহাশয় পুরুষের মলোবারণ। এত দিনে পূর্ণ হইবার উপজন হুইল। প্রণিধান कतिया (मथुन, जिनि यम्दर्भ जुमछाल প্রেরিড इहेग्राहित्नन, चमािशि जादा माधन कतिरज्ञह्म। ताध इहेरज्ञह, सन चमािश তিনি আমারদের পথ-প্রদর্শক ও জীবিতবান আদর্শ স্বরূপ হইয়া আপনার শুভ সম্বল্প সম্পন্ন করিতেছেন। যদিও তিনি আমার-দিগের দৃষ্টি পথের বহিভূতি হইয়াছেন বটে, কিন্তু অন্তরের विङ्कृ ७ इरम्म नाहे,-अमािश आमात्रमिरात्र इमम्म मधा छ।-জ্ব সামান হইয়া বিরাজ করিতেছেন। তিনি আমারদের অন্তঃ করণকে যে অভিনব পথে চালিত করিয়া গিয়াছেন, আমরা অদ্যাপি তাঁহার অমুবর্ত্তি হইয়া সেই অপুর্ব্ব পথে অমণ করি-তেছি, অদ্যাপি আমরা তাঁহার উৎসাহ-প্রভাব অমুভব করিতেছি, এবং আমরা যে তাঁহারই অমুগামি তাহা প্রতিকার্য্যে क्रमशक्रम क्रिएडिंक । उँक्षिटक स्मृत्य क्रिएक आमात्रामत निर्वीधः মনে ও বীর্যা সঞ্চার হয়, আশানিল প্রবল হয়, সাহস অতি বর্দ্ধিত इम, উৎসাহানল প্রস্থলিত হয়, শরীরের শোণিত জ্রতবেগে गक्षमन करत, धवर मरनद्र छोव ও द्रमनोद्र मक मकम हजुर्ख न रहक ধারণ করে! তিনি এই ভারতভূমিতে জন্ম গ্রহণ না করিলে কোথায় বা ব্ৰাহ্ম-সমাজ, কোথায় বা ভত্তবোধিনী, কোথায় বা जक-विमान्त जांकाहना, क्लांबाय ना जांक, क्लांबाय ना जांक-धर्म थाकिछ । जमा बहे बाका-नमास्त्र स्व अनक्रम आनम् छेरन छेर-সারিত হইতেছে ভাহাই বা কোথার থাকিত ! তিনি আমার-किर्शन विषय निमित्त समग्र-करांचे छेम्बांचेन शूर्यक मग्रा-त्यांच প্রবল করিয়া যে অপার উপকার করিয়াছেন—হে মহাধন প্রদান করিয়া গিয়াছেন, ভাছা কি রূপে পরিশোধ করিব ? তিনি আমারদিগকে রক্ষত দেন নাই, স্বর্ণ দেন নাই, এবং হীরক বা মুক্তাকলও প্রদান করেন নাই বটে, কিন্তু ভদপেকা সহত্র গুণ—করিট গুণ—অনন্ত গুণ উৎকৃত অপূর্ব্ব রত্ম প্রদান করিয়া গিয়াছেন। সে রত্মের মূলা নাই, অগতে ভাছার উপমাও নাই। যিনি আমারদের কল্যাণাথে চিরজীবন সমর্পণ করিয়াছিলেন, তাঁহার খাণ কি রূপে পরিশোধ করিব ? তাঁহার উদ্দেশ্য কার্য্য অবলয়ন ও সম্পাদন করা ব্যাতিরেকে এ খাণ পরিশোধের আর উপায়ান্তর নাই। হে ব্রাহ্মণণ! আর একটি উপায়ও আছে। তিনি এ প্রকার কহিয়া গিয়াছেন যে ''আমি এই ভরসায় যাবতীয় যন্ত্রণা হিরচিন্তে সহ্য করিতে পারি, যে এমন দিন উপত্বিভ হইবে যে তথন লোকে আমার সমুদায় চেন্টার যথার্থ ভাৎপর্য্য গ্রহণ করিবেক—বোধ করি ভ্রমিন্ত কৃতজ্ঞতা স্বীকারও করিবেক।' আপনারা ভাঁহার এই ভবিষ্যভ্রাণী সম্পন্ন করুন।

এ দেশস্থ সমস্ত লোকেরই তাঁহার এই প্রতিজ্ঞাত কার্য্যে প্রবৃত্ত হওয়া উচিত, কিন্তু বাঁহারা ব্রাক্ষ-ধর্ম অবসরন করিয়া। হেন, তাঁহারদিগের এই বৃহস্তার গ্রহণে প্রতিজ্ঞা করাই হইয়াছে। এক্ষণে তাঁহারা প্রত্যেকে এই অতি কর্ত্তব্য শুক্রতর বাাপার সাধনে যথোচিত বত্ন করিতেছেন কি না ভাছা আপনারাই বিবেচনা করন। ইহা অবশ্য স্থীকার করিছে স্কইবেক, যে ব্রাক্ষেরা এবংনর ব্রাক্ষ-ধর্ম গ্রন্থ প্রস্তুত করিয়া এক মহৎ কর্ম করিয়াছেন। পরম কার্মণিক প্রক্রেম্বর এই যে অথিল বিশ্ব রূপ সর্ব্বোন্তম গ্রহ্ম বারা আপনার অনির্বাচনীয় স্বরূপ ও আমারদিগের কর্ত্তব্যানরপণ করিয়া দিয়াছেন, তাহাই আমারদিগের ব্রাক্ষ-ধর্মের এক নাত্র মূল। এ পর্যান্ত ব্রাক্ষদিগের কোন সাম্প্রদায়িক গ্রন্থ ভিল না, তাহারদিগের ধর্মের, মত ও অতিপ্রায় নানা গ্রন্থেই তন্ততঃ নিক্ষিপ্ত ছিল। ব্রাক্ষ-ধর্ম প্রকাশ ইয়া এ অভাব দুরীকৃত হইয়াছে। এ ক্ষণে বাহাতে এই গ্রন্থ মর্ম্মর ব্যাপ্ত হয়, তন্তারা ব্রাক্ষ-ধর্মের আলোচনা বৃদ্ধি হয়, এবং এই প্রমুম ধর্ম্ম

नाना प्राप्त नाना छात्न श्रामा छात्रिक हम, जाहांत्र धेकासिक क्या क्या <u>जोक्स</u>मिश्तित मर्खाणांचार कर्ड्या । किस हेरा अणा আক্রেপের বিষয়, যে অনেক ব্রাক্ষাই চুই এক ব্যক্তির উপর নির্ভর করিয়া আপনারা স্বধর্ম রক্ষা ও প্রচার বিষয়ে নিতান্ত নিশ্চেষ্ট ও অমুরাগ-শুন্তাথাকেন। এ কর্মা সকলের সাধারণ कर्मा; इश नकरमञ्जू अवगा कर्डवा खान कतिया जमस्यापि ব্যবহার করা উচিত। তাঁহারা চতুর্দ্দিকে কি প্রকার দৃষ্টান্ত দেখিতেছেন? তাঁহারা কি নিয়ত প্রত্যক্ষ করিতেছেন না, যে কত শত সহঅ বিজাতীয় মহুষা স্বধর্ম প্রচারার্থে ভয়কর সমুদ্র-তরঙ্গ ও বনাকীর্ণ মুর্গম পর্ব্বত সকল উত্তরণ পূর্ব্বক প্রাণ পর্যান্ত পণ করিয়া চতুর্দ্ধিকে ধাবমান হইতেছে ! তাঁহারা কি অহরহ cमिथिতেছেन ना, य चारमगीय माकात-छे**शांम**रकता जाशनात-**मिरागद्र रमरास्या ७ उ.छ नियमामि शालन क्रश राय-गांधा कर्मारक** স্বকীয় অবশা কর্ত্তব্য সাংসারিক কার্য্য মধ্যে গণিত করিয়া তদমু-যায়ি আচরণ করে ৷ যখন কাল্লনিক ধর্মাবলম্বি লোকে এই রূপ বাবহার করে, তথন শ্রেষ্ঠাধিকারি হইয়া তাঁহারদের স্বকর্ত্তব্য পাধনে মনের সহিত যত্ন ও উৎসাহ প্রকাশ না করা কি শোভা পায়? विस्मयण्ड य ममाय विशक्त मल श्रवल इहेवांत जन्य नर्वा প্রায়ম্ম বংপরোনান্তি চেটা করিতেছে, তখন একের যত্নে বা একের চেম্টায়, বা একের উৎসাহে, বা একের আমুকুল্যে নির্ভর कतिया कि जाभनात्रमिश्वत्र निवस्त थाका छैठिछ ? जामावरमव " পর্বতে তুল্য ভার ও সমুদ্র তুল্য কার্য্য " অতএব সকলে ঐক্য হইয়া এ ভার বহন করা কর্ত্তব্য ;—সকলে এ বুহদ্ভার বহন করিলে मकल्मत्रहे लाचन त्वांध इहेत्त। धर्मार्त्ध मकत्न क्षेत्र। इहेत्रा मम-বেত চেটা করিলে ছঃদাধা কার্যাও স্থদাধা হইবে। ঐকাই এই অখিল সংসারের জীবন। বলিতে কি, এ বিষয়ে আমারদের একীভূত হইতে হইবে। সপ্ত বংসর পূর্ব্বে যে কথা কথিত হইয়!-ছিল, এখনও তাহা পুনর্কার উল্লেখ করিতেছি,—"সকল বিবাদ পরিত্যাগ পূর্ব্বক আমারদের মধ্যে কেবল এই বিবাদ থাকিবে, যে **बहे महर कार्या कि अधिक माहाया कतिएठ शाद्र ?" आश्रमात-** त्मत अञ्चलारमत विषय कि १ जोश्रीनात्र निष्ठात्क जवलवन कतिया-ছেন। সত্য-জ্যোতি কি কথনও বিলুপ্ত হইতে পারে? সূর্যা कि कथन । यथावत् वाता विगये इटेंटि शादा शक्काव कि कथन अधानकरक वाक्त कतिए भारत ? तेषु यनि वानु प्रिष्ठ निर्द्धि थोरक, शजींद्र कानरम পতिত थारक, अभिधि ममुख्य मध थाक, ज्यां पि तम तजूरे थाकित्व, जवः श्रकानिष इरेलारे नर्स সাধারণের আদরণীয় হইয়া পরম শোভাকর স্বর্ণময় ভূষণে সংযুক্ত বা রাজমুকুটে আরু ছইবেক। বিশ্বাধিপের বিশ্ব-রাজ্যে সত্যের অপলাপ হইবীর সম্ভাবনা নাই। সত্যকে প্রকাশ করিলে তাহার স্বকীয় তেজে জগৎ দীপ্ত হইবেক। °কিন্তু সাবধান, যেন অন্যের দৃষ্টান্তাত্মগারে দ্বেষ মৎসরতা আমারদের অন্তঃকরণ স্পর্শ করিতে না পারে। আমরা যে রত্ন লাভ করিয়াছি, তাহা যাহাতে পরিষ্কৃত ও স্থােশাভিত থাকে ও সকলে তাহা গ্রহণ क्रिंदि ममर्थ इस, जाहारे क्रा छिठिछ। এই आमात्रामत छामा, এই আমারদের সাধা ও এই আমারদের প্রাণপণে কর্ত্তরা। হে পরম সত্য পরমেশ্বর ! তোমার এই পরম প্রিয় কার্য্য সাধনে আমারদিগকে সমর্থ কর।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৭২ শক। সাৰৎস্থিক ব্ৰাহ্ম-সমাজ। দ্বিতীয় বক্তৃতা।

"महस्रवः रज्यूमाणः"।

প্রত্যেক ব্যক্তির উচিত যে তিনি মধ্যে মধ্যে আক্ষান্তসন্ধানে নিযুক্ত হয়েন। কত দূর আমি পাপ হইতে বিরত হইয়াছি; কত দূর আমার ধর্ম পথে মতি হইয়াছে; কত দূর পরমেশ্বরের প্রতি প্রীতি জন্মিয়াছে; এই প্রকার আত্ম জিজ্ঞানা অত্যন্ত আবশ্যক। যথন বিষয় কর্মের বিরাম হয়, যখন আমোদ-

অন্য বিষয়ের আর কি প্রাক্ত করিব ! অন্য মঙ্গলামঙ্গলের कथा जूरत थोकूक, अभद्र माधांद्र मकत्न रा विषयरक निषास স্বার্থকর বলিয়া জানে, এডদেশীয় লোকে ভাহারও ভাৎপর্য্য वृत्तिए भारत्म ना। अर्थ नकत्मत्रहे न्यृह्गीय, किस्त कि ज्ञभ উপজীবিকা অবলম্বন করিলে, যথেষ্ট অর্থ লাভ হইয়া আপনার মান, সমুম ও স্বতন্ত্রতা রক্ষা পাইয়া গৌরব বৃদ্ধি হয়, তাঁহারা जोहात मर्मावत्वाध ममर्थ नहरू। **छोहाता अहे क्रश स्वा**ज्जाः সাধক কৃষি, শিল্প, বাণিজা প্রভৃতি প্রধান বাবসায় সমুদায় অতি হেয় অপকৃষ্ট বৃত্তি বলিয়া ঘূণা করেন ৷—ভাঁছারা কেবল পরের দাগত স্বীকারই স্কুচারুরূপে শিক্ষা করিয়াছেন। নিপি-কর-ব্যবসায় তাঁহারদের পক্ষে পরম পূজনীয় সর্ব্ধ-সেবনীয় হইয়াঁ উঠিয়াছে। হায়! কি লক্ষার বিষয়! উনবিংশতি শভাব্দী পূর্বে এক মহাকবি এডছেশীয় ভূর্ভাগা লোকদিগকে "আপাদ-প্রদাপ্ত। অর্থাৎ পদাবনত বলিয়া বর্ণন করিয়াছেন। কালি-मारमत अञाव-वर्गन-गाँक कि आन्ध्र्य । आमात्रामत शक्रिकि অন্যাপি অবিকল বেই রূপ রহিয়াছে।—হে ভাগ্য া আমারদের व कलक कि क्लान कारलव्यभनीक इहेगात नरह ? श्राधीनका ! पुनि कि आमातानत अर्कना आत कथनहे अहन कतित्व ना ?

আমরা কি করিডেছি । এ দেশের জুঃখের বিষয় এক রজা নীতে গণনা ও বর্ণনা করিয়া কে শেষ করিতে পারে । কি গুছ-ধর্ম, কি আচার বাবহার, কি ধর্ম-প্রণালী, কি বৈষয়িক অবস্থা কি রাজ-ব্যবহা, কোন বিষয়েই নেত্র পাত করিয়া ভৃত্ত হওয়া কায় না । আমরা স্কীর কর্ম-কলে ছঃখানলে অহরহঃ দক্ষ হইতেছি; আবার রাজ্যাধিপতির। তাহাতে ক্রুণা রুখ বারি সেচন না করিয়া অনবর্ডই আছতি প্রদান করিতেছেন। জীছারা স্বার্থ-সন্সিলে প্রজার কল্যাণ বিসক্তন দিয়াছেন,—লোভের ধর্ণরে দয়াকে বলিদান করিয়াছেন।

হা ধর্ম ! তুমি কোথায় আছে ! তুমি হিন্দু জাতির জীবন বলিয়া ভূমণ্ডলে বিখ্যাত ছিলে। তুমি প্রচ্ছন হওয়াতে, ভারত-ভূমি মুমুর্ অবস্থায় অবস্থিত হইয়াছেন। জননী জন্ম ভূমির সাভিশয় শোচনীয় অংস্থা অবলোকন করিয়া অন্তঃকরণ ব্যাকুল হইয়া উঠিতেছে। পাপের প্রহারে তাঁহার শ্রীর ক্ষত বিক্ষত হইয়াছে। মনের কি আশ্রুষ্টা স্বভাব! যেন প্রত্যক্ষ দেখিতেছি. जिन अन्हाकामिनी शाश-शिभाहीत जेशक्त कण्यमाना उ দীনভাবাপনা হইয়া অতি মলিন বেশে, স্লান বদনে, ধর্ম সন্নি-ধানে " ত্রাহি ত্রাহি" বলিয়া কাতর স্বরে ক্রন্দন করিতেছেন। কি উপায়ে কি রূপে তাঁছার এই অশেষ রোগের শান্তি হইবে. কে বলিতে পারে ?—এক উপায় আছে : বখন গ্রীম অভিমাত্র প্রবল হইয়া অসহা-প্রায় হয়, তথন অবশাই বারি বর্ষণ হইয়া তাহার শান্তি করে। পূর্ব্ব কালে যথন করাসিস্দেশ-বাসী গাল নামক প্রাসিদ্ধ লোকেরা স্থাদশ হইতে রোমকদিগকে দুরীকৃত করিয়া স্বয়ং রাজা সংস্থাপন করিলেক, তখন স্বন্ধাতির শুভো-ন্নতি আশয়ে আপনারদের মুদ্রার উপর একটি অতি মনোহর ভাবার্থ-ঘটত শব্দ মুদ্রিত করিয়াছিল,—সে শব্দের অর্থ 'আশা'। क्रशमीर्श्वरत्त्र क्रगर कथनछ উচ্ছित्र वाहेगात नट्ट,-- हत्राम शत्रम मक्कन व्यवगाहे डेल्भन हहेत्व, जाहात मत्मह नाहे ; अहे व्यागा-বৃষ্টি অবলয়ন করিয়া আমরা জীবিত রহিয়াছি। এই আশা-বুক বাল-ধর্ম রূপ পবিত্র কেত্রে রোপিত রহিয়াছে। আমারদের वाक-धर्म नकल द्वार्णत मरहीयथ । द्वाक-धर्मत त्रमणीय क्लाफि ममाङ् ताल वाविज् ७ हरेल, लालासकात जनगर निताकृष इहेर्द। श्रद्राम्बद्रद्र शतिएक श्रीि श्रिक्शि बाक्र-धर्म धरः मिर्मन जानम नाउ देशांद जरमा होती चर्चार-निक् कन। अत्रम পৰিত্ৰ প্ৰীতি পুষ্প দ্বারা তাঁহার অৰ্চনা করা ব্যতিরেকে এক-मिर्शत्र जात्र अन्य धर्म नाहे, डीहात श्रिय कार्या माधन वाजित्त-

কেও জাঁহারদের আর অস্ম কার্যা নাই। তদ্ভিদ্ন আর সকল धर्माहे कालामिक, जात मकल कार्याहे जकार्य। मर्स्त-मक्षमा-প্রমেশ্বর যে মঙ্গলময় অভিপ্রায়ে অধিল ব্রকাণ্ড সুজন করিয়াছেন, তাহাই সাধন করা ব্রাক্স-ধর্মের উদ্দেশ্য। তিনি আমারদের মনোরূপ রত্ন থণিতে যে সকল জ্ঞান-রত্ন ও স্থ-রত্ন নিহিত রাখিয়াছেন, তাহা খনন করিয়া বহির্গত করা, धर विकित बाहा बञ्चरक रव मकल कला। १-वीक श्रवहत्र वाशि-য়াছেন, তাহা আহরণ করিয়া অন্করিত ও বান্ধিত করাই ব্রাক্ষ-ধর্ম্মের প্রয়োজন। বিশ্বপতির স্থপ্রতিষ্ঠিত শারীরিক, মানসিক, ভৌতিক সর্ব্যঞ্জার নিয়ম পরিপালিত হইয়াঁ জ্ঞান, ধর্মা, স্বাস্থ্য, সোভাগ্য এবং ঐতিক ও পারতিক আনন্দ সম্পাদন করে, ইহাই এই পরম ধর্ম প্রচারের অভিপ্রেত। আমারদের এই রমণীয় আশা मीर्च आमा वरहे, किन्छ आमातरमत आमा-त्रक आमा-धामाछ। नर्का-স্থ-দাতা পরমেশ্বরের কারুণ্য রূপ পবিত্র ক্ষেত্রে রোপিত রহি-ग्राष्ट्र। अञ्जार, जाहा जिक कारन अवना हे कनवान हहेरा, जवर ফলবান্ হইয়া অত্যাশ্চর্যা রমণীয় শোভা প্রকাশ করিবে। তখন আমারদের ভারত-ভূমি ব্রাক্ষ-ধর্মের মনোহর জ্যোতিতে দীপ্তি * পাইয়া সর্বতে স্থরমা স্থখ-ব্যাপার প্রদর্শন করিবে। তখন গ্রামে গ্রামে ও নগরে নগরে পরম পবিত্র ব্রাক্ষ-সমাজ প্রতিষ্ঠিত হইয়া, ও পর্ম মঙ্গলালয়ের গুণকীর্ন্তর মঙ্গল-ধনিতে ধনিত হইয়া মানবগণের ঐহিক পারত্রিক উভয়বিধ মঙ্গল-প্রবাহ একত্র মিলিত করিবে ;—তাহার সঙ্গে সঙ্গে উৎকৃষ্ট প্রণালীক্রমে বিদ্যালয় সকল সংস্থাপিত হইয়া বিশ্বাধিপ্রের বিশ্ব-রাজ্যের মঙ্গুলময় नियम-श्रांनी श्रांत श्रूर्वक अष्ठःश्रुव शर्या छ स्निर्मन कान-জ্যোতি বিকীর্ণ করিতে থাকিবে ;—স্মান্ত্রের প্রাম ও নগর সমু-দায় পরিষ্ঠ পরিছন ও সাস্থামুকুল হইয়া প্রতি গুছে স্ত্রতা-ख्रथ मकारण कदित्व ;-- चामुगीय लाक रल वीर्या, विमा अर्जा, ও সুখ সৌভাগো পরিপূর্ণ হুইয়া মন্ত্রা-সমাজে গণা ও মান্ত হইবে, দর্বপ্রকার কুদংস্কার ও কাল্পনিক ব্যবহার পরিত্যার্গ পূৰ্ব্বৰ ভক্তি ও আদ্ধা সহকারে প্রমেশ্বর-প্রদর্শিত পবিত্র প্রে

বিচরণ করিবে ও উদ্বাহাদি গৃহধর্ম-প্রণালী পরিশোধন করিয়া স্বজাতীয় স্বভাবের উৎকর্ষ সম্পাদন করিবে।

এই সমুদায়ই ব্রাক্ষদিগের আশার বিষয়। আমরা করুণাময়ের করুণার উপর নির্ভর করিয়া এই আশা অবলয়ন পূর্ব্বক
কার্য্য করিতেছি। যদিও এতাদৃশ দীর্য আশা চরিতার্থ হওয়া
এক্ষণে অসম্ভব বোধ হয়, কিন্তু পরমেশ্বর-প্রতিষ্ঠিত সমস্ত নিয়মেরই এইরূপ উদ্দেশ্য। অথও ভূমওলকে উলিথিত রূপ স্থর্গাপম
স্থ্যমি করাই তাঁহার সকল ব্যবস্থার প্রয়োজন। কোন্ অনিদ্দেশ্য কালে পূর্ব্বোক্ত সমস্ত শুভকর ব্যাপার সম্পন্ন হইবে, কে
বলিতে পারে ? কিন্তু তৎ সমুদায় সাধন করাই ব্রাক্ষ-ধর্ম্মের
উদ্দেশ্য এবং তাহাই লক্ষ্য করিয়া আমারদের সকল কার্য্য
নির্ব্বাহ করা কর্ত্ব্য।

কোন অমুপম আনন্দোৎসবে মগ্ন হইলে, দেই মহোৎসব-প্রযোক্ষক মহাশয় ব্যক্তিকে স্মরণ না ক্রিয়া আর কভক্ষণ ক্ষান্ত থাকা যায়? আমারদের যে স্থদীর্ঘ আশা-রক্ষ এই প্রকার পরম শোভাকর স্থান্ধ পূষ্প-পুঞ্জে পরিবৃত হইয়া শোভা পাইতেছে, তাহার মূলীভূত মহাত্মতাব মহাত্মাকে সক্তজ্ঞ ভক্তি-রুগাভিসিক্ত চিত্তে স্মরণ না করিয়া নিরস্ত হওয়া যায় না। এক মাস অতীত হইন, তাঁহার সমকালবর্ত্তী কোন মহাশয় ব্যক্তি কহিয়াছিলেন, রামমোছন রায়ের কতক গুলি চিত্রময় প্রতিরূপ মুদ্রিত করা কর্ত্তব্য। এই সদর্থ-ছটিত প্রীতি-রস-পূর্ণ বাক্য স্মরণ হইয়া ভাবি-लाप, छाहात श्रिष्ठित्रभ वागांत्रापत्र गानमः भारते वानुम मुखिछ ও চিত্রিত রহিয়াছে, তাহাতে আর অন্য প্রতিরূপে প্রয়োজন कि । এখন তিনি আমারদের মানস-মন্দিরে জীবিতবং প্রতীয়-मान इटेटाइन। मानद्र कि महीयमी मुख्ति ! छाटांद्र अधिशान **करे नमांक मन्दित (यमक्ता) प्रव ७ गोडिएग श्रतिशूर्ग इहे**ग्रा উচিল, এবং তাঁহার প্রচারিত অমৃতময় উপ্দেশ-বাক্ সকল মৃতি-পথে সমারত হইয়া, প্রীতি ও ভক্তি-প্রবাহ চতুও ল প্রবল করিয়া, প্রীতি-পূর্ণ পরমেশ্বরের প্রতি প্রবাহিত করিতে লাগিল।" े कर्तार १८ - १८ - १८ **७ वकस्मराम्बिकीय्रश**्च अञ्चलका स्थाप

১৭৭৫ শক। সাম্ৎসরিক ব্রাহ্ম-সমাজ। দ্বিতীয় বক্তৃতা।

িহে পরমাত্মন্! হে তেজোময় অমৃতময়! আমি কি দেখি-তেছি। আমি বে তোমাকেই চতুর্দ্দিকে দেদীপ্যমান দেখিতেছি, এই সমাজ মধ্যে তোমাকে জাজ্লামান দেখিতেছি। এই দীপ-गांना नकत्नत आत्नारक এই मन्दित य आत्नाकमग्र इरेग्रांट, তাহার অন্তরে তোমার[®] নির্মালানন্দ-জ্যোতিঃ ব্যাপ্ত দেখিতেছি। সে আনন্দ-জ্যোতি আমার মনকে এই ক্ষণে সম্পূর্ণ রূপে অধি-কার করিতেছে। সর্বাত্র তোমার ভূমানন্দ-জ্যোতিঃ প্রকাশ দেখিয়া আমার এই ক্ষুদ্র মনে যে এক নির্দানান্দ-প্রবাহ উৎসা-রিত হইতেছে, তাহা এই ছর্মেল শরীর আর ধারণ করিতে পারে না, তাহার প্রবল বেগে আমার এই ক্ষীণ শরীর অবসর-প্রায় হইভেছে। চিরকাল তোমার আশ্রয়ে নিবাদ, তোমার সহায়েনভির, তোমার কৃপার অধীন; তুমি আমারদিগের ধন जन यिकि, विमा वृक्ति শক্তি नकलित्रहे मृलाधात। তুমি আমার-দিগকে মাতার ভায়ে স্নেহ কর, পিতার ভাষা রক্ষা কর, গুরুর, ন্যায় জ্ঞান দেও, বন্ধুর ন্যায় প্রীতি কর। তুমি মাতা হইতে অধিক, পিতা হইতে অধিক, গুরু হইতে অধিক, সুস্থ হইতে অধিক; কারণ তুমি আমারদিগের রক্ষার নিমিত্তে স্থথের নিমিত্তে পিতা মাতা গুরু স্থহংকে নিয়োগ করিয়াছ। তুমি পিতা মাতার ন্যায় আমারদিগের অন্ন পান সম্পাদন করিতেছ এবং আমরা এখানে স্থাথে সঞ্জব করিতেছি দেখিয়া পরি-তৃপ্ত হইতেছ। আমি কি করিতেছি 🌣 উপমা রহিতের উপমা দিতেছি। তো**দার স্নেহ তো**দার প্রেমকি মন্ত্রা মনের স্নেহ প্রেমের সহিত উপমা হয় ৈত্মি স্লেছের আবহ, তুমি প্রেমের আৰহ, তোমা হইতে সেহ প্ৰেম প্ৰবাহিত হইয়া সমুদায় জগৎ-কে দিক্ত রাখিয়াছে। তুমি স্নেহও প্রেমের আকর স্বরূপ, তুমি মঙ্গল অরপ; তুমি সকল মঙ্গলের নিদানভূত। তোমার

সেই আনন্দ রূপ মঙ্গল স্থরূপ যতুশীল নিশাপ পুরুষের অন্থ-ভব করিয়া তোমাকে রুদ স্থরূপ বলিয়া উক্ত করিয়াছেন। সেরদ যে আসাদন করে নাই। কিছু আসাদন করে নাই। কিছু আসাদন করে নাই। কিছু আসাদন করে নাই। কিছু আসাদন করিতে পারি! আমরা অতি ক্ষুদ্র জীব, আমারদিগের কি ক্ষমতা যে তোমার দেই আনন্দ-রুদ সমাক্ আসাদন করিতে পারি! আমরা অতি ক্ষুদ্র জীব, আমারদিগের কি সাধা কি শক্তি, কি বিদ্যা কি বুদ্ধি, যে তোমার মহিমাবর্ণন করিতে পারি — তোমার প্রেম অন্থভব করিতে পারি। তুমি নিরতিশা মহান, তুমি সকলের বনী, তুমি সকলের প্রভু, তুমি রাজাধিরাজ হইয়া এই সমুদায় জগৎ শাসন করিতেছ, তোমার সিংহাসন সর্ব্বত্র প্রতিন্তিত রহিয়াছে। তুমি পরম প্রুলনীয় দেবতা স্বরূপে এখানে অধিষ্ঠান করিতেছ, আমরা সকলে ঐক্য হইয়া তোমার পুজা করিতেছি; স্থনির্মান্ত প্রতি প্রেপ ছারা তোমার সকলা করিতেছি, তুমি তাহা গ্রহণ কর।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

>৭৭৬ শক। সাৰৎসরিক ব্রাহ্ম-সমাজ।

প্রথম বক্তৃত।

"অদ্য পঞ্বিংশ সাধ্যমরিক ব্রাক্ষ-সমাজ। ব্রাক্ষসমাজ প্রতিন্তিত হইবার পর, এক শতাব্দের চতুর্থ ভাগ অতীত হইল। এই কালের মধ্যে আমাদিগের আশান্তরূপ কল উৎপন্ন হয় নাই ইহা সকলকেই স্থীকার করিতে হইবে।—হায়! আমরা শতাব্দের চতুর্থ ভাগে যে সমস্ত স্প্রচার কললাভের প্রত্যাশা করি অক্ষ-শতান্তে জাহা প্রাপ্ত হইলেও, সোভাগোর বিষয় বলিয়া অক্ষীকার করিতে হয়।—কিন্তু এই পঞ্চবিংশতি বৎসর কদাচ নির্প্ত শত হয় নাই। এই সময়ের মধ্যে কাল্লনিক ধর্ম্বের বেশ মলিন ব্যতিরেকে কদাচ উজ্জ্বল হয় নাই, এতক্ষেণীয় লোকের ক্রণংস্কার পরিহারের পর পরিহাত্রেক কদাচ ভারত্রিক ব্যতিরেকে কদাচ ভারতির

হয় নাই। বর্ষাঋতুর সমাগম ব্যতিরেকে প্রচুর রুটিপাত হয় না धकथा यथार्थ वर्छ, किन्छ श्रीचाकात्म अ ये दृष्टिभाष क्रभण्ड কার্য্যের কারণ পরস্পারার সংঘটনা হইয়া থাকে। সেই রূপ ভবিষাতে ভূমগুলে যে পর্ম র্মণীয় ধর্ম-মঞ্চ প্রস্তুত হইবে ইতি মধোই তাহার সোপান পরম্পরা নির্দিত হইয়াছে। নমা-জ্ঞ-সংস্থাপক, ধর্মা প্রচারক, মহাত্মা রামমোহন রায়ের সময়ে ধর্মা বিষয়ে এতদেশের যেরূপ অবস্থা ছিল, তাহার সহিত ইদা-নীস্তন অবস্থার তুলনা করিয়া দেখিলেই, উল্লিখিত বিষয় অক্লেশে অবগত হওয়া যায় 🕈 তাঁহার সময়ে তিনি চতুর্দ্ধিকে অজ্ঞানন্ধ-काद्र পরিবেটিত হইয়া উজ্জলদীপ-শিখা मদৃশ দীপ্তবান্ ছিলেন, অধুনা সেই অন্ধকারের মধ্যে স্থানে স্থানে কত শত ক্ষুদ্র দীপ প্রদীপ্ত হইয়াছে। তাঁহার নময়ে এতদেশীয় অবোধ মহ-য্যেরা তাঁহার প্রচারিত পরিশুদ্ধ ধর্মের তাৎপূর্যা গ্রহণে অসমর্থ হইয়া তাঁহার সংস্পর্শ পর্যান্ত বিষবৎ পরিত্যাপ করিত, অধুনা শত শত স্থমার্জিত-ব্রুদ্ধি, স্থাশিকিত ব্যক্তি দেই ধর্ম পরম-পুরুষার্থ-সাধক দর্ব্বোক্তম ধর্ম ন্থির করিয়া, স্বেচ্ছামুসারে অব-লম্বন করিবার নিমিন্ত, ব্যগ্র হইয়া আসিতেছেন। তাঁহার সমরে সর্ব্ব সাধারণেই তাঁহাকে অতিক্র আততায়ী শব্রু বিবেচনা क्रिया, विषम विषय श्रकाण श्रुर्क्तक, क्रःमह क्रूण श्रमान क्रिएं উদ্যত হইয়াভিল, অধুনাতন সদ্বিদ্যাশালী স্থবোধ মহুযোর मस्या जात्तरकर जाहात श्रमणिंख भारत भारत खक्क मछा धर्म भारतन ও প্রচারণ করিবার নিমিত্ত, ছুংসহ ক্লেশ স্বীকার করিতে প্রস্তুত इटेप्टिका। छोटात नगरत याँदाता जाना नगायात मर्का गाज ·প্রবণ করিলেও কর্ণকুহরে করার্পণ- করিতেন, অধুনা ভাঁহাদেরই স্থানিকত সন্তান সকল ব্রাহ্ম-সমাজে নির্ভয়ে উপবেশন করিয়া শ্রদ্ধা ও ভক্তি সহকারে প্রমেশ্বের উপাসনা করিতেছেন। उाहात नगरा याहाता असूरा-शत्रवण इहेगा, जनीय अव-नमुद्द া লোষারোপ করিয়া, স্বীয় রসনাকে দুষিত করিতেন, ও কথন কখন তাঁহাকে প্রহার করিয়া নিজ কর-দ্বয় কলক্ষিত করিতে উদাত इटेराजन, अधुना कांदारानवर मछान मकरम मकुछल समरव

তাঁহার গুণ-বর্ণনা ও কীর্ত্তন-ছোষণা করিয়া স্বকীয় লেখনী ও ভারতী দার্থক করিতেছেন। তাঁহার সময়ের যে ধর্ম-বিষয়িণী অথচ ধর্ম-বিদ্বেষিণী সভা তাঁহার উপর, ও তাঁহার প্রতিষ্ঠিত পবিত্র ব্রাক্ষ-সমাজের উপর, বিদ্বেদালন ও ছুর্বাচন-বিষ অবিশ্রান্ত বর্ষণ করিত, অধুনা নির্ব্বাণ-গত আগ্নেয় গিরি অথবা গরল-শূনা বিষ-ধর তুল্য নিতান্ত নিস্তেজ ও একান্ত অকিঞ্চিৎ কর হইয়াছে; —কেবল নাম মাত্র আছে। তাঁহার সময়ে তিনি প্রাণপণে যত্ন করিয়াও দুই এক ব্যক্তি ভিন্ন অন্য কাহাকেও স্বীয় মতে সম্পূর্ণ क्रभ मज्द कतिएज ममर्थ इन नाहि, अधून जितनक वाक्ति अना-मीय উপদেশ-নিরপে क हहेया आश्रनात्मत मार्किंड दुष्ति अलात তাঁহার মত উদ্ধার করিয়া লইতেছেন। যে সকল ব্যক্তি দে সময়ে তাঁহার মতের অমুবর্ত্তী বলিয়া বিখ্যাত ছিলেন, সকলেই প্রায় বেদান্তামুগত ব্রহ্মজানী ছিলেন, রামমোহন রায়ের ন্যায় শাস্ত্র-নিরপেক যুক্তি-পথাবলমী ব্রাহ্ম ছিলেন না। তিনি কোন শাস্ত্রকে পরমেশ্বর প্রণীত অভাপ্ত বলিয়া অঙ্গীকার করিতেন না; সর্বা শাস্ত্রের অনুশীলন করিয়া, যুক্তি বিরুদ্ধ যাবতীয় বিষয় পরিতাাগ পূর্বক, যুক্তি-মূলক যথার্থ পরমার্থ-তত্ত্ব সমুদায়ুই প্রছণ করিতেন। যদিও তিনি এতদেশে স্থীয় মত সংস্থাপ-পনার্থ সমগ্র শাস্ত্র হইতে, এবং বিশেষতঃ বেদান্ত শাস্ত্র হইতে, প্রমাণ পুঞ্জ সঙ্কলন করিয়াছিলেন, কিন্তু তিনি যে बाखरिक देवपांखिक ছिलान ना, जाका धर्मावलशी हिलान, इंशांड সংশয় হইবার বিষয় নাই। রামনোহন রায়ই ব্রাক্ষ-সমাজ मश्चालक, वामामाहन बाग्रहे खाका धर्म श्रवहंक, वामामाहन রায়ই ভারতবর্ষীয়দিগের ভ্রান্তি নিবারণের মূল স্থত সঞ্চারক। আমরা তাঁহারই প্রদর্শিত পথে বিচরণ করিতে প্রবৃত্ত হই-ग्रांकि। अहे निमिख, প্রতিবৎসর তাঁহাকে কৃতজ্ঞতা প্রকাশ রূপ কর প্রদান করিয়া অন্তঃকরণের আক্ষেপ নিবারণ করি। तामरमाहन तात्र अजानना अनामान्य अजाव महीयान मह्या ছিলেন, যে আমরা ভাঁহার অমুগত বলিয়া পরিচয় দিতে পারিলে, আপনাদিগকে চরিতার্থ বোধ করি। কিন্তু ব্রাহ্ম-ধর্ম

যে রূপ পরিশুদ্ধ রর্মা, রামমোহন রায়ের মত তদ্মুরূপ পরিশুদ্ধ ছিল না, এবিষয়ে অনেকেই সন্দেহ করিয়া থাকেন। তাঁহারা কহেন তিনি ব্রাক্ষদিগের নায়ে প্রাচীন শাস্তি সমুদায় পরিতার্গ করেন নাই, এবং পরক্ষারাগত বৈদান্তিক মতেও অপ্রান্তী করেন নাই; তিনি এতদেশীয় সকল শাস্তই অভ্রান্ত আপ্তা-বাক্য বলিয়া বিশ্বাস করিতেন, এবং তরিমিত্তই, সমুদায় শাস্তের প্রমাণ প্রয়োগ প্রদর্শন করিয়া বিচার করিতেন, এবং সর্ক্ষ শাস্তের সারাংশ সম্কলন করিয়া প্রচার করিতেন। কিন্তু তাঁহাদিগের এই অভিপ্রায় যে কোন মতেই প্রামানিক নহে, এবিষয়ের একাদি ক্রেম সমূহ যুক্তি প্রদর্শিত হইতেতে।

প্রথমত: ।--রামনোহন রায়ের বুদ্ধি, বিদ্যা ও ক্ষমতার বিষয় বিবেচনা করিলে, তিনি যে কতক গুলি, অণঙ্গতি-পরিপূর্ণ, পুরাতন পুস্তক প্রমেশ্র-প্রণীত অভ্রান্ত শাস্ত্র বলিয়া অঙ্গীকার করিতেন, ইহা সহসা স্বীকার করা স্থক্টিন কর্ম। বরং স্বিশেষ মনোযোগ পূর্ব্বক তাঁহার প্রণীত পুস্তক পরম্পরা পাঠ ও পর্যা-লোচনা করিয়া দেখিলে, বিপরীত পক্ষই সঙ্গত বোধ হয়। তাঁহার গ্রন্থ অধায়ন করিলে নিশ্চয় হয়, তিনি বছ দেশের বছং গ্রন্থের অমুশীলন করিয়া আপনার অসামান্ত বুদ্ধি বলে নির্দ্ধারণ করিয়াছিলেন, সৃষ্টি-স্থিতি-প্রলয়-কারণ, একমাত্র, অদ্বিতীয়, নিরাকার পর্মেশ্বই মানব জাতির উপাদ্য পদার্থ, তিনিই তাহাদের ঐতিক ও পারতিক মঙ্গলের অদ্বিতীয় কারণ, এই প্রত্যক্ষ পরিদুশামান বিশ্বমাত্রই তাঁহার প্রণীত একমাত্র ধর্মশাস্ত্র यक्रभ, এবং এই অতি প্রগাঢ় অভান্ত শাস্ত্র কপ মহাসিক্ষ মন্থন क्रिया य किष्टू छान-त्रज्ञ উদ্ধার করা যায়, ভাহাই আমাদের ক্ল্যাণ কোষাগারের অপ্রতুল পরিহারের এক্মাত উপায়। তিনি আপুনি ঐ পুরুষ ধর্মা রূপ অমুল্য নিধি উপার্ক্তন করিয়া পরি-ত্থা হইলেন, এবং মানব জাতির ঘোরতর অজ্ঞান-তিমির দর্শনে मन्नार्ज इहेग्रा जाहामिश्वत शत्रिवान नाथत्न शत्रु हहेलन। किन् আবহুমান কাল যাহাদের অস্তাকে স্তা, অচেডনকে সচেডন ও ভাতকে অভান্ত বলিয়া বিশ্বাস আছে, তাহারা যে সহসা

তাঁহার কথার আন্থা রাখিয়া, অথবা শান্ত-নিরপেক বিউদ্ধ যুক্তি व्यवस्य कृतिया, कांहात अमूर्निक, श्रुतिक श्रुश्वक इट्रेंब, ইহা ক্লুচ সম্ভব নহে। যাহারা পরম্পরাগত ধর্ম-শাস্ত্রের ও হৃদয়-নিহিত কুদংস্কার মাত্রের, নিতান্ত অন্তুগত হইয়া চলে, এবং পূর্বতন শাস্ত্র-প্রচারক ও ধর্ম-প্রয়োজকদিগকে দেববৎ পরিত্রাণ কর্ত্তা ও তাহাদের বাক্য অভান্ত আপ্ত বাক্য বলিয়া প্রত্যয় যায়, অশান্ত্র-সম্মত যুক্তির বল স্থীকার করা তাহাদের পক্ষে সম্ভাবিত নহে। এই সমুদায় বিবেচনা করিয়া, তিনি তাহাদিগের স্বকীয় শান্তের প্রমাণ প্রয়োগ সম্কলন করিয়া, স্বীয় মত সংস্থাপন করিতে প্রবুত হইলেন। তিনি যেমন হিম্ফুদিগের সহিত বিচারের সময়ে বেদ বেদাস্তাদির বচন গ্রহণ করিতেন, সেইরূপ, মোসলমানদি-গের সহিত বিচারের সময়ে কোরাণের প্রমাণ প্রয়োগ করিতেন, এবং প্রাঠীয় সম্প্রদায়ের সহিত বিচারের সময়ে বাইবল শাস্ত্রকে সাক্ষী বলিয়া মাস্ত করিতেন। যদি ভাঁহাকে বৈদান্তিক অথবা ममध-दिन्छ-भाखावलयी विलया खीकात कता याय, जाहा हहेत्ल, কোরাণ ও বাইবল মতাবলম্বী বলিয়াও অবশা অঙ্গীকার করিতে প্রয়। শুনা গিয়াছে, তিনি জীবদ্দশায় বন্ধু বিশেষকে কহিয়াছি-লেন, আমার মৃত্যুর পরে হিল্ফু, মোসলমান ও থ্রীফীয় তিন मच्चेमाराहे आमारक य य भाजावनही वनिया अछात याहरत, কিন্তু আমি কোন সম্প্রদায়ের অন্তর্গত নহি। তাঁহার এই স্কুস্পাই ভবিষ্ণদাকা অবিকল সফল হইয়াছে। তাঁহার লোকান্তর গমনান্তে हिन्छ्निरंशत मध्या व्यानरक छै। इर्षक द्रमाञ्चलामी बक्तकानी, स्यामलमारनदा त्कादान-विश्वामी स्मामलमान, ध्वर औकीय मन्ध-দায়ীরা বাইবল-মতাবলমী খ্রিফান বলিয়া উল্লেখ করিতে আরম্ভ করিল। যদিও তিনি ঐ সমন্ত ধর্মাশাস্ত্র হইতে পরদেশ্বরের অনির্বাচনীয় স্বরূপ, অতুপম গুণাবুলি ও মঙ্গলকর নিয়ম-প্রণালী বিষয়ক বছতর বঁচন গ্রহণ করিতেন, কিন্তু তিনি না হিন্দু, না মোসলমান, না शिकान, কোন শাল্প পর্মেশ্ব-প্রণীত অভাত আপ্ত-বাক্য জ্ঞান করিতেন না, স্মৃতরাং কোন শান্তের প্রতিপাদ্য नम्य मछ विश्वान कदिएलन ना । छिनि निछा, निद्राकात, निर्दिन

কার, সর্বজ্ঞ সর্ব্বাভার, নিখিল-বিশ্বেশ্বর পর্যেশ্বরকেই একদান্ত উপাক্ত পদার্থ বলিয়া, এবং বিশ্ব রূপ বিশাল পুত্তক মাত্রই উছার প্রণীত ধর্ম-শাস্ত্র বলিয়া, প্রত্যয় করিতেন। বে দেশের বৈ জাতির বে লাস্ত্রে এই পরম পরিশুদ্ধ মতের প্রতিপোষক বচন দর্শন করিতেন, তাহাই সন্ধানন করিয়া প্রচার করিতেন। জিনি যেমন বেদ বেদান্তাদি মন্থন করিয়া ব্রহ্ম-বোধ-প্রতিপাদক পবিত্র বাক্য-সমূহ সংগ্রহ করিয়াছিলেন, সেইরূপ আবার, প্রিটীয় শাস্ত্রেরও সারাংশ সন্ধানন করিয়া প্রচার করিয়াছিলেন। তিনি যেমন ব্রাহ্ম-সম্পৃত্রক উপবিই হইরা ব্রহ্ম-প্রতিপাদক বেদ-বাক্যের শ্রবণ ও মনন করিয়া পর্মেশ্বরের উপাসনা করিতেন, সেই রূপ আবার, একেশ্বরবাদী প্রিকীয় সম্প্রদায়ের উপাসনা-মৃদ্ধিরেও উপবেশন পূর্বক, বায়বল শাস্ত্রের অন্তর্গত পরমেশ্বর-প্রতিপাদক বচন-সমূহ প্রবণ করিয়া, ভাঁহার প্রতি প্রতি ও ভক্তি প্রকাশ করিতেন।

দ্বিতীয়তঃ।—তিনি যে সর্বর শাস্ত্রের সারগ্রাহী, নিরবচ্ছিন-युक्ति-भवानमधी, একেশ্বরণদী ছিলেন. ব্রাক্ষ সমাজের টুইডিড্ নামক লেখ্য-পত্র তাহার সাক্ষী রহিয়াছে। তিনি যে উৎকৃষ্টতর অভিপ্রায়ে ব্রাক্ষ-সমাজ সংস্থাপন করেন, তাহা শাস্ত্র বিশেবের অমুগামী, একতর-পক্ষপাতী, মলিন-চিত্ত ব্যক্তিদিগের সম্মত इल्या मस्त नरह। जिनि ले लिया-भाव वह तभ निर्फाण करिया शिवादिक, नकम दिनीय, नकन काजीय, नकन शकात त्नादक दे এই সমাজে অধিষ্ঠিত হইয়া বিশ্ব-অফা, বিশ্বপাতা, নিত্য, निर्दिकात, अभित्रिक्कय-चत्रभ भत्रामस्त्रत्र छेभागना कतिएछ भा-तिर्देग ; कोन वाक्ति अर्थान वास्त्र दिक वा अवास्त्र दिक कोन और अ কোন পদার্থকে ঈশ্বর বোধ করিয়া আরাধনা করিতে সমর্থ হই-त्वन ना, धवर त्यक्रभ बार्यानामि छाता वित्युत व्यक्ते । अ भाजात शान थारण दुक्ति हर, धरेर मान मग्रामि धर्मास्कीएन शदुखि জন্মে, ডম্কিন অস্ত্র কোন প্রকার প্রস্তাবাদি এই সমাজে পঠিত ও উল্লিখিত হইবে না। এতাবন্ধাক ঐ লেখা-পজে निখিত আছে। এতছাতিরিক্ত অস্ত কোন প্রকার ধর্দাছতান করিবার বিধি নাই।

ভাছাতে देवमान्तिक मठाक्रमाद्र जीव-उत्मन जेका-काम माधन कतिवात्र विधान नाहे, थिकीय मन्त्रनात्रत महास्थादित मानव विश्नियक शत्रामध्य विनया कर्छन। कत्रिवात्र नियम नाक अन्ध মোসসনানদিগের শাস্ত্রামুসারে একনাত্র অদ্বিভীয়-স্বরূপ পর্মে-श्रादित श्रीतक गहकादि गहन्त्रात्मत नाम উল্লেখ कदिवाद निर्द्धमा নাই। বে সমস্ত ধর্ম-বিষয়ক বিশুদ্ধ তত্ত্ব উলিখিত সমুদায় উপাসক-मन्द्रमाद्यत्रहे आहा ও श्रीकाश, जाहाहे तामरगाइन রায়ের অভিপ্রেড ভিন্ধা তাঁহার সময়ে যেমন ব্রাক্ষা-সমাজের আচার্যা মহাশায়ের। উপনিষদাদি সংস্কৃত শাজের আত্তি ও वर्षामि कवित्रा शतरमश्चरत्र व्यक्ताधनात्र श्चतुक रहेरजन, त्महेक्रभ আবার, হিন্দু ভিন্ন অন্ত জাড়ীয়েরাও কথন কথন ব্রাক্ষান্য দাজে উপস্থিত হইয়া, স্বীয় ভাষায় স্তুতি পাঠ করিয়া, জগদীশ্বরের প্রতি ভক্তি, শ্রদ্ধা ও প্রীতি প্রকাশ করিছেন। কোন প্রচলিত শাস্ত্রকে পর্মেশ্ব-প্রণীত প্রভান্ত বলিয়া যাঁহার যথার্থ বিশ্বাস আছে, উলিখিত অভিপ্রায় ও উলিখিত অত্ঠান তাঁহার প্রকৃতরূপ অভিনত হওয়া কোন মতে সম্ভব নহে। অতএব, রাম্মোহন রায় ना हिन्छू ना थि छोन् ना माजनमान् कान माजह मर्मग्र-भूना আন্তিহীন বলিয়া বিশ্বাস করিতেন না।

ভূতীয়তঃ।—রামমোহন রায় আপনার অভিপ্রায় গোপন রাখেন নাই। প্রভূতি, এডাদৃশ স্থাপটরপে লিখিয়া রাখিয়া-ছেন, যে কাহারও সংশয় হইবার বিষয় নহে। এডদেশীয় লোক-দিগকে সংস্কৃত কিয়া ইংগ্লেজি ভাষায় শিক্ষা দান করা কর্ত্তব্য এই বিষয় লাইয়া, যে সময়ে রাজ প্রক্রেয়া আন্দোলন ক্রিডেছিলেন, তথন তিনি ভারতবর্ষের তংকাল-বর্ত্তী গাসন কর্তাকে এক পত্র লিখিয়া এ বিষয়ে আপনার অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন। তিনি সেই শত্রে ইংল্ডীয় ভাষায় আশেষবিশ্ব বিজ্ঞান বিষয়ে শিক্ষা দান করা নিভাত কর্ত্তা, বিল্লা, বেলান্তাদি কল্পিয় শান্তের কাল্পনিক মডের অপকর্ষ প্রদর্শন করিয়া বিশ্বাহেন। তিনি সেই পত্রে স্পান্ত কর্তিয়া, বিশ্বাহিন। তিনি সেই পত্রে স্পান্ত করিয়া, বিশ্বাহিন। তিনি সেই পত্রে স্পান্ত করিয়া, বিশ্বাহিন। তিনি সেই পত্রে স্পান্ত করিয়া, বিশ্বাহিন। তিনি সেই পত্রে স্পান্ত ভাবে পরিপ্রতিন কর্ত্তন করিয়া বিশ্বাহিন।

অধ্যয়নে ভাদুশ উপকার দর্শিবার সম্ভাবনা নাই। তিনি আরও বিশেষ করিয়া লিথিয়াছেন,- পরমাত্ম-স্ক্রপের সহিত জীবাজ-ল্লকপের সম্বন্ধ কি, জীরামা কি ক্রপে পর্মামাতে লয় পায়, বেদ মন্ত্রের অরূপ ও শক্তিই বা কি প্রকার,াবেদান্ত স্পাক্তের আরুত্তি করিলে যে ছাগ-বধ-জনিত পাপের ধংস হয়, ইহার কারণ কি, **এই সমস্ত বেদান্ত ও মীমাংসা ঘটিত বিষয়ের অধায়ন ও অমুশী-**লন করিলে, প্রকৃতরূপ জ্ঞান ও উপকার উৎপন্ন হওয়া সম্ভব नटर। এই প্রত্যক্ষ পরিদৃশামান বিশ্বের বাস্তবিক সত্তা নাই, य नमल बञ्ज नद अनार्थं विनया अजीयमान इहेरछह, ममुनायहे অসৎ পদার্থ ; পিডা, মাতা, ভ্রাতা, প্রভৃতি পরিজন বর্গও ঐরপ অসদ্ বস্তু, অতএব তাহারা স্বেহ ও মনতার পাত্র নহে, তাহাদি-গকে শীত্র পরিত্যাগ করিয়া গার্হস্থাঞ্জনের বহিত্তি হইতে পারিলেই यत्रल, এই সমুদার বৈদান্তিক মত শিকা করিলে, ছাতের। भृद-धर्मा ও नामाजिक कर्मा मन्नामन कतिए क्रमाठ স্থপারণ হইবে না। এই সমস্ত সদভিপ্রায় রামমোহন রায়ের নিক লেখনীর মুখ হইতে বিনির্গত হইয়াছে। উলিখিত শাস্ত্র সমুদায়কে পরম পুরুষার্থ-সাধক ভাস্তি-বর্জিত বলিয়া বিশ্বাস থাকিলে, ঐ সমস্ত স্থযুক্তি সম্পন্ন সম্বাক্য তাঁহার রসনা হইতে কদাচ নিঃসূত হইত না। 🔧 💯

চতুর্থতঃ ।—তিনি বেলান্তাদি কতিপর হিন্দুশাস্ত্র বিষয়ে উলিখিত পত্রে বেরূপ ছাল্পট সদভিপ্রায় প্রকাশ করিয়াছেন, কোরাণ ও বার্থক প্রভৃতি জন্যান্ত্র শাস্ত্র বিষয়ে তদস্তরপ জনাছা—স্চক অভিপ্রায় বাক্ত করিয়াছেন কি না, ইছা জ্ঞাত হইবার নিমিত্ত, সকলেরই কোতৃহল হইতে পারে। তাঁহাদের সে ক্লোতৃহলও চরিতার্থ করিবার উপার আছে। তাঁহার ধর্মা বিষয়ক মভারত লইয়া লোকসমাজে বাদাস্থাদ উপস্থিত হইবে, ইহা ভিনি পূর্বেই অন্তত্তর করিয়াছিলেন, এবং অন্তত্তক করিয়াছিলেন। ঐ গ্রেছের নাম "তোহ্কতুল মোহদীন"। উহার অর্থ, এবেশ্বরণারীদিগকে প্রদত্ত উপহার বিভবিক,

উद्दा अभूना उनदां इट बढ़े। के श्रद अधायन करितन, छादांत মতামত বিষয়ে কাহারও আর সংশয় থাকা সম্ভব নছে ি তিনি, ঐ পুস্তকে একমাত অদ্বিতীয় স্বরূপ প্রমেশ্বরে অবিচলিত্ ভক্তি প্রকাশ করিয়া, সর্বশ্রেকার প্রচলিত শান্ত্রের শিরে, এতা-দুশ দণ্ডাঘাত করিয়া গিয়াছেন, যে তদীয় যাতনা হইতে তাহা-দিগের পরিত্রাণ পাইবার আর উপায় নাই। তিনি উহাতে निर्फिण केर्तियाद्यन, जाल-श्रजार धर्म-श्रद्धाक्रकता रमण-विरमस कान-विरम्ध भाज-विरम्ध कल्लना कतियाहिन, आश्रनात्रमत चार्थ माधन ও जाशन धत्यात शीवर रक्षेत्र अस्त्र एक्स एका मि घिएँ डेशांथानिक ब्रह्मा क्रियाह्म, य अमन्त्र बाशाद्वत নিগ্র তত্ত্ব লোকসাধারণের বোধগমা হয় না, তাহা ঐশী-मिकि-मम्मन जाली किंक वार्षात विलया वर्गना कतियाद्वन, धवर कार्या-कार्य-अवाकीर अक्रेश छक्ष निर्द्धारा ও প্রতিপাদন না क्तिया अभ्यविथ कूमरकात-भाष्म लाक-माधातनक वस्न कतिया-ছেন। তিনি ঐ সমূল্য গ্রন্থে ধর্ম-প্রয়োজকদিগের অলোকসামান্ত অভ্রান্ত জ্ঞানোৎপত্তির ও পর্যেশ্বরে নিকট হইতে সাম্প্রহ श्रादान शाखित अलीक्य श्रम्मन क्रियाहन, वर श्रम्त-পরস্পরার অহুগত হইয়া পূর্ব্ব পুরুষদিণের যুক্তি-বিরুদ্ধ ব্যবহার व्यवसम् करा य व्यक्तात्वर कल ७ वनर्थत मूल, ठाहाछ স্থ্রস্পায় সপ্রমাণ করিয়াছেন। তাঁহার মতামুসারে, ভূমগুলে যে সকল শাস্ত্র পরমেশ্বর-প্রণীত বা আগু-কথিত বলিয়া প্রসিদ্ধ আছে, अमूनावर खग 3 श्रमाम अतिपूर्व, बरु स ममल धर्म--প্রচারক আপনাদিগকৈ ঈশ্ব-প্রেরিত বা ভাঁছার অসাধারণ অমুগ্রহ-পাত্র বলিয়া বিখ্যাত করিয়াছেন, তাঁহারাও জান্ত, श्रमानी वा श्रावक्षक। छै। होत्र मजास्त्रमाद्यः, विनि जानमादक वालो किक-मास्त्र-मान्त्रक शृकाई विनया পরिष्ठित कतियाद्या, जिमि श्राह्मक छाद्यात मर्भग्न नाहे, धर मिनि श्रत्मब्रदक गानववर दांश-दश्वामि-विभिष्ठे ଓ कान स्था-भमार्थक मेश्रद-यक्रण बिना विश्वान कतियादहर्न, जिनि समासकाद आद्रज তাহারও ধন্দেহ নাই। তাহার দতাত্মপারে, বিশ্ব রূপ বিশাল

শাস্ত পরমেশ্বর প্রণীত অবিমশ্বর ধর্ম শাস্ত্র; তত্তির অভ্য नगर नात्र मानव-जाित मनःक्षिक, सम श्रमारम পरिशृतिक, এবং অবশ্য-নশ্বর ও পরিবর্ত্ত-সহ। অগ্নিময় দিবাকর আগাদের শাস্ত্র, স্থাময় নিশাকর আমাদের শাস্ত্র, হীরকরৎ তারক-মালাও আমাদের শাস্ত্র। এক একটি উপবন এক এক খানি পরম স্থান জ্ঞান-গর্ভ গ্রন্থ প্ররূপ। এক একটি উচ্চল, হরিত-বর্ণ, নবীন পত্র সেই প্রান্থের এক একটি পরম শোভাকর পত্র अक्र । वन-विद्याती मृगगांगत ও শांधाक्र विद्य मालत স্থকে শল-দম্পন্ন মনে হৈর শরীর ই এক এক ধর্ম্ম-শাস্ত্র। আমা-দিগের আপন প্রকৃতিই আম।দিগের এক এক পরম শাস্ত্র স্বরূপ। যে নক্ষতের মনোবং ক্রত গামী কিরণ-পুঞ্জ প্রথিবী-মওলে উপনীত হইতে দশ লক বংসর অতীত হয় তাহাও আমাদের শাস্ত্র; আবার যে অভিত্রক্ক শোণিত-বিন্দু আমাদি-त्भव श्रमशाचा सदब र मध्यत क्रिक्ट्, जोशां आभारमव भाजा। नमश नश्नातहे आमानिद्रशत धर्मा गाला, विश्वक क्लानहे आमा-দিগের আচার্যা। মহাকারামনোহন রায় এই অতি প্রগাঢ় শাস্ত্রের अधायम ও असूनीलन कतिया त्य धर्मा छेलामन कतियाहन, ভাছাই আমাদিগের ব্রাক্ষ-ধর্ম, ও তাহাই আমাদিগের প্রতি-পালা, ও তাহাই আমাদিগের প্রচার করা কর্ত্তবা। সে ধর্ম এই ; জগতের সৃষ্টি-স্থিতি-ভঙ্গ-কর্ত্তা, একমাত্র, অনন্ত-স্বরূপ, সর্ব্বজ্ঞ, गर्ख-विव्रक्षा, गकन-मञ्जलालय, गर्खावयन-विवर्षिष, विविज-मेखि-मान वंदर अभितिष्क्य । अनिर्दाष्ट्रीय-अक्षेप भेतरमध्ये मानव-জাতির পরম ভক্তি-ভাজন আরাধ্য বস্ত্র। তিনি সকলের প্রভু, সকলের ঈশ্বর, সকলের শ্রণ্য ও সকলের স্কল্প। তিনিই একাকী আমাদের ঐতিক ও পারিত্রিক সকল মঙ্গলের বিধান-कर्त्वाः आमत्। गकलारे मारे शदारश्रद शहा श्रद्धाः धवर नकलाहे उँहात उज्जन्तम शांत अधिकाती। द्व दम्दान त्व काणिक त्य देवान वाख्ति वाशनाव शमग्र-निर्देशनान जीशांक দর্শন করিয়া প্রীতি রূপ পবিত্র পুষ্পা প্রদান করে, ও পরম প্রীত মনে তাঁহার সকলময় অমৃত্যা সমুদায় পরিপালন করিতে

ষদ্ধান্ থাকে, তিনি তাহারই অর্জনা গ্রহণ করেন। রাম মাছন রায় এই প্রমোৎকৃষ্ট পরিশুদ্ধ ধর্ম প্রচার করিয়া আমাদিগকে কৃতজ্ঞতা-বন্ধনে চিরজীবন বন্ধ করিয়া গিয়াছেন। আমরা বে গ্রমন বন্ধনে বন্ধ রহিয়াছি ইহা আমাদের প্রম শ্লাছার বিষয়। প্রমেশ্বর প্রসাদে ব্রাহ্ম-ধর্ম ভূমগুলে যত প্রচারিত হইবে, সেই বন্ধনাও দেই পরিমাণে দৃদীভূত হইবে, এবং সকল কল্যাণের একমাত্র শূলাধার করণাকর প্রমেশ্বের অপার কারণা—স্কর্মপ্রেই পরিমাণে প্রকাশিত হইয়া ভক্তি প্রমাণে প্রকৃতজ্ঞতার উদ্রেক করিতে থাকিবে।

ওঁ একমেৰাদ্বিতীয়ং।

সায়ৎসরিক ব্রাক্ষ-সমাজ।

দিতীয় বক্তৃতা।

একণকার বিদ্যাবান ব্যক্তিরা বিচার ও পরীক্ষা না করিয়া কোন বিষয় অজীকার করেন না, ইহা অবশ্য শুভন্তক বলিয়া স্থীকার করিতে হইবে। কিন্তু যে সমস্ত সংক্রিয়া স্থভঃ-সিদ্ধা বলিয়া গণ্য রহিয়াছে, তাহাও যে অনেকে তর্ক-স্থলে উপস্থিত করিয়া বিতর্ক করিতে প্রবৃত্ত হন, ইহা তাহাদের তর্ক-পরতার নিদর্শন ব্যতিরেকে আর কিছুই নহে। কেছ কেই কহিয়া থাকেন, বদি অগদীশ্বর অপরিবর্ত্তনীয় অ্থওনীয় সাধারণ নিয়ম সংস্থাপন করিয়া বিশ্ব-রাজ্য পালন করেন, এবং কেবল সেই সকল নিয়মা-স্থারেই আনাদের লদান করেন, এবং কেবল সেই সকল নিয়মা-স্থারেই আনাদের লদান করেন, অবা ভাতত কল অবাধে উৎপন্ন হইয়া থাকে, তবে তাঁহার আর আরাধনা করিবার প্রয়োজন কি! আমরা কুক্র করিলে, তিনি ভারবন্ধন অভ্যক্ত কলোৎপত্তি নিবারণ করিবেন না, এবং আমরা কচরিত্র না স্থাকে, প্রা-জনিত বিশুদ্ধ স্থানতেও অধিকারী করিবেন না, তবে তাঁহার উপাসনা করিয়া ফল কি! মাত্রার ব্রাক্ষম্বিক্ত এই ক্লপ প্রমা

করেন, ব্রাক্ষদিগের মতাত্মগারে উপাশনা কি পদার্থ ভাছা তাহাদিগের সর্বাত্যে অবগত হওয়া আবশাক। পরনেশ্বরকে প্রীতি ও ভক্তি করা এবং তাঁহার প্রিয় কার্য্য অর্থাৎ নিয়মান্ত্যক কার্য করাই তাঁহার উপাসনা। • তাঁহার প্রিয় কার্য্য সমুদায় ভক্তি সহকারে সম্পাদন করা কর্ত্তবা, এ বিষয় নব্য-সম্প্রদায়ী পণ্ডিত বর্ণের মধ্যে সকলেই অবশ্য-কর্ত্তব্য বলিয়া অঙ্গীকার করেন। এ নিমিত্ত, তদ্বিয়ের অন্তর্শীলনে কাল-বায় করিবার প্রয়োজন নাই। পর্ম পিতা প্রমেশ্বরকে প্রীতি ও ভক্তি করা উচিত কি না, এস্থলৈ এই বিষয়েরই বিবেচনা করিছে প্রবৃত্ত

যাঁহারা এ বিষয়ে সংশয় প্রকাশ করেন, তাঁহাদিগকে এই কথা জিজ্ঞাদা করিতে খাদনা করি, তাঁহারা পরম ভক্তি-ভাজন जनक जननीत्क कि निमित्त छक्ति ও धार्ता करतन, कि कांत्रण है वा श्रायान्त्राम । शिक्रारावत श्रांक श्रीकि काव श्रावाम करत्रत, कि জনোই বা সকৃতক্ষ ছেদয়ে উপকারী ব্যক্তির প্রত্যুপকার করিতে প্রবুত হইয়া থাকেন। যদি দেই দকল ব্যক্তির প্রতি ভক্তি, শ্রদ্ধা, ও প্রীতি প্রকাশ করা ও তাঁহাদের নিকট কৃতক্ত হওয়া উচিত কর্ম হয়, তবে পিতা মাতার স্নেহ-রম, মিত্রগণের মৈত্র-ভাব ও मयामय महाभय वालिनित्शव श्रकृषि-निक् कांक्रमा छन स्य कक्र-পাময় পরম পুরুষ হইতে উৎপন্ন হইয়াছে, তাঁহাকে প্রদা, ভক্তি ও शीं कि कहा नर्खा छार कर्खवा देशा का का नाम ह कि? ব্রাক্ষেরা ঐছিক ও পারতিক ফর প্রত্যাশায় উপাসনা করেন ना এक्था यथार्थ इत्हे; किन्त कन श्रेष्ठामात्र উপामना कहा কদান অকৃতিদ উপাদনা বলিয়া গণ্য হুইতে পারে না। নিজাম উপাননাই প্রকৃত উপাসনা া বিনি কল-লাতের কামনায় পর্মেশ্রের উপাসনার প্রবৃত হন, ফল প্রাপ্তির প্রত্যাশা না থাকিলে তিনি তাঁহার পরম পিতার আরাধনায় রভ ছইতেন ना । य वास्कि धन, मान, बनाः প্রভুতাদি লাভের উদ্দেশে केबारबर काराधना कदबन, कौन देवर्गिक वर्गभात होते छ रममुकाम शास हरेल, जेमदावाधनाव केंद्रांत आह शासन थाक ना। यपि এরপ উপাদনাকে উপাদনা বলিয়া উল্লেখ করা বায়, তাহা হইলে, রাজা লাভার্থ যুদ্ধ বিষয়ে প্রবৃত্ত হওয়াও ঈশ্বরের উপাদনা বলিয়া উক্ত হইতে পারে।

देखि श्रुट्स উलिथिए इरेग्नाह, निकाम छेशाननार अकृष উপাসনা। ব্রাহ্মেরা ইহকালের অথবা পরকালের স্থ-ভোগ বাসনায় উপাসনা করেন না। পরম প্রীতি-ভাজন পরমেশ্বরের সহিত সাক্ষাৎ করাই তাঁহাদের বাসনা এবং সেই সাক্ষাৎকার-জনিত অতি পরিশুদ্ধ অনির্বাচনায় আনন্দলাভই ভাঁহাদের উদ্দেশ্য। তাঁহারা নিক্ষ উপাসক। ঐ উভয় কালে আমা-দিগের যত দুর স্থ-সম্ভোগ সম্ভব হুইতে পারে, তিনি আদৌ তাহার ব্যবস্থা করিয়া রাথিয়াছেন। তিনি বিশ্বের ব্যবস্থা-अगानीरा धमन कान विषयात अक्षत्न त्रार्थन नारे, य आमा-দের উপাদনার বশীভূত হইয়া দেই অপ্রতুল পরিহার করিবেন। তিনি আমাদের কল্যাপার্থ সর্বপ্রকার কল্যাণকর নিয়ম সংস্থা-পন করিয়াছেন। তিনি আমাদের অষ্টা ও পাতা, অতএব তাঁহাকে ভক্তি করা উচিত। তিনি আমাদের পরম শুভাকাক্ষী স্থাৰ, অতএব তাঁহাকে প্রীতি করা উচিত। তিনি আমাদের পরম হিতৈষী আশ্রয়-ভূমি, অতএব তাঁহার সমীপে বিনীতভাবে কুতজ্ঞতা স্বীকার করা উচিত। তিনি অতীত কালে আমা-দিগকে আত্রা দিয়াছেন, বর্ত্তমানে আমাদিগকে প্রতিপালন করিতেছেন এবং ভবিষাতে অন্ত কাল আমাদিগকে স্থাদান করিবেন, অতএব আপনাকে তাঁহারই নিতান্ত অস্কুগত ভাবিয়া তাঁহার দেবায় নিযুক্ত হওয়া উচিত।

পরমেশ্বরের আরাধনায় প্রবৃত্তি হওয়া মানবজাতির স্থভাবদিদ্ধ। তাঁহার পরন মনোহর ওণ-গ্রামের অসুশীলন করিলে,
ভক্তিও প্রীতি-প্রবাহ পর্বত-ছিত পবিত্র প্রস্তব্যবর মত আপনা
হইছেই প্রবল বেগে প্রবাহিত হইতে থাকে। কেবল অতীত উপকার শ্বরণ করিয়া পরমেশ্বরের আরাধনায় প্রবৃত্ত হইতে হয় না।
বে কোন পদার্থ আমাদের দৃটি পথে উপস্থিত হয়, অথবা কর্ণকুহরে প্রবিষ্ট হয়, কিষা হৃদয়াকাশে আবিস্কৃত হয়, তাহাই

তাঁহার অসামান্ত কারণা পক্ষে নিরন্তর সাক্ষ্য দান করে। সক্ষয় ভূমগুল তাঁহার কল্যাণকর কৌশল প্রকাশ করিতেছে, এবং সমুদ্য নভামগুল তাঁহার অপরিসীম মহিমা প্রচার করিতেছে। যে স্থানে তাঁহার মহিমা প্রকাশিত নাই, এমন স্থানই অপ্রসিদ্ধ । যে সময় তাঁহার কারণ্য-গুণের নিদর্শন নেকস্থ না হয়, এমন সময়ই অপ্রসিদ্ধ । অতএব, প্রদ্ধাবান্ সাধকের হৃদয়-ভূমি সকল স্থানে ও সকল সময়ে স্থভাবতই তাঁহার প্রীতি-রসে আর্ফ্র ইতে পারে । বাস্তবিক, পরমেশ্বরের উপাসনায় আমাদিণের স্থভাব-সিদ্ধ প্রবৃত্তি আছে বলিয়াই, সর্ক্র-দেশীয় সর্ক্র-জাতীয় লোকে কৃত্রিম বা অকৃত্রিম কোন না কোন প্রকার পদ্ধতি অবলম্বন করিয়া তাঁহার উপাসনায় অম্বরক্ত রহিয়াছে । জগদ্ধুর গুণ-সিদ্ধু স্মরণ হইলেই, প্রদ্ধাবান্ সাধকের প্রেম-সিদ্ধু উদ্ধৃত্ব তাঁহার উপাসনায় প্রক্রি প্রত্যাশায় তাঁহার উপাসনায় প্রক্রি প্রত্যাশায় তাঁহার উপাসনায় প্রক্রি প্রত্যাশায় তাঁহার উপাসনায় প্রক্রি হইতে হয়না। নিদ্ধাম উপাসনাই প্রকৃত উপাসনায় প্রক্রিম উপাসনাই লহে।

কিন্তু যথন অন্যান্য সামান্য সংক্রিয়ার অন্তর্গান করিলে, তাহার সঙ্গে সঙ্গে পুরস্কার পাওয়া ষায়, তথন পরমেশ্বরের উপাসনা রূপ অতিপ্রধান পুণ্-ক্রিয়া যে নিতান্ত নিক্ষল হইবে ইহা কোন মতেই সম্ভাবিত নহে। প্রত্যুত, তাঁহাকে উপাসনা করিবার সময়ে যে অত্যন্তুত অনির্ব্রচনীয় আনন্দ-রুদের সঞ্চার হয়, তাহা আর কিছুতেই পাওয়া যায় না। বিশ্বপতির বিশ্ব-কার্য্য পর্যালোচনার সময়ে কোন অতি মনোহর অন্তুত কৌশল প্রতীতি করিলে, তাঁহার প্রতি অকপট প্রীতি উপাত্তি হইয়া অন্তঃকরণ যেরূপ প্রক্রেছ ইয়া উঠে, সেরূপ আর কিছুতেই হয় না। পরম মঙ্গলাকর পরমেশ্বর বিশ্ব-সংসার বে প্রকার পরমাশ্বর্য সোলাক্রি সোলাক্রিয়া রাখিয়াছেন, শিশির-সিক্ত দুর্ব্রাদনে, সরোবর্ছ অনুজ্গণে, পৌর্ণমানি পূর্ণ-চল্লে, বা ফলবান ব্রক্ষের দোছল্যমান ফলপ্রের্জ, তাহার কণামাত্র অবলোকন করিলে, শোভার আকর, গুণের সাগ্র, পরম বন্ধুর শুণ শ্বরণ হইয়া, হুদয়-পদ্ম যে রূপ বিক্রিত হইয়া উঠে, সে

রূপ আর কিছুতেই হয় না। যে প্রজাবিত সাধক তদ্যাত চিত্তে তাঁহার উপাসনায় নিরস্তর অস্তরক্ত, তাঁহার প্রফুল মুখারবিদ্ধ প্রেমানন্দ-রেদে যেমন স্মিষ্ক হইয়া থাকে, এমন আর কিছুতেই হয় না। তাঁহার প্রশস্ত হদয়ে স্থবিমল প্রজা-সমীরণ সঞ্চরিত হইতেছে, পরম মনোহুর প্রীতি-প্রস্পের সৌরত বিস্তৃত হইতেছে, এবং অতি পবিত্র আনন্দ-প্রস্তুক্ত নিঃস্ত হইতেছে।

এই রূপ অনির্বাচনীয় আনন্দ-ভোগ পরমেশ্বরের উপাসনার মুখ্য ফল, তদ্ভিন্ন উপাদকের অন্তঃকরণ উত্তরোত্তর পরি শুদ্ধ হইয়া সেই উপাসনায় তাহাকে সমর্থ ও দ্রুচিষ্ঠ করিতে থাকে। আমরা সতত বিষয়-ব্যাপারে ব্যাপৃত, লোভজনক সামগ্রীতে পরিবেষ্টিত, এবং অপ্রতুলরূপ উৎকট পীড়ায় প্রপীড়িত। প্রবল রিপু সমু-দায় ভোগ-ভৃষ্ণায় ভৃষ্ণার্ত্ হইয়া রহিয়াছে, অশেষ প্রকার অসার পদার্থ নিরস্তর অন্তঃকরণ আকর্ষণ করিতেকে এবং আমাকে চিত্তবৃত্তি নানাপ্রকার লঘুবিষয়ে মুহুমুহু গমনীরখ হইতেছে। ইহাতে যদি আমরা নির্দিষ্ট নিয়মাত্মসারে সময়ে সমরে পরনেশ্বের আরাধনায় প্রবৃত্ত না হই, তাহা হইলে, আমাদি-গের ধর্ম-ৰন্ধন শিথিল হইয়া অসন্ধিষয়ে প্রবৃত্তি ও অসৎ-পথে গতি হইবার বিলক্ষণ সম্ভাবনা। আমাদের মন ধর্ম-পথ হইতে অপত্ত হইয়া বিপথগামী হইতে পারে। হয়তো, প্রমেশ্র-তত্ত্ব ও পরমেশ্বর-প্রতিষ্ঠিত পবিত্র ধর্ম মাসান্তেও একবার আমাদের অন্তঃকরণে আবিভুতি না হইলে না হইতে পারে। याशाप्तत धर्मा श्रद्धां विस्मयत्रभ एडजियनी बरह, धर्मात আকোচনা ও প্রমেশ্রের উপাদনা করা সতত অভ্যাদ না थाकित्त, छाहाता शतम शविज श्रा-भवती शतिष्ठांश श्रुक्तक পাপ-পক্ষের হইতে পারে। কিন্ত যিনি অকপট ভাবে ঈশ্বরের আরাধনায় প্রবুত্ত থাকেন, তিনি যদি অস্ত বিষয়ে বিপুঞ বিশেষের নিতান্ত বশীভূত না হন, তবে একবার কোন বিষয়ে मुष रहेश विभवशामी इहेटलंख, भूनर्सात भूग-भक्षि अवलक्षन করিতে পারেন। যে সময়ে আমরা পরম পিতা পরমেশ্বরকে अखरत ଓ वाहिरत गर्काज विमामान क्यानिया एकाणाखश्कतरा

তীছার আরাধনায় প্রবৃত্ত হই, সে সময়ে কোন প্রকার জ্বার বিষয় আমাদের অন্তঃকরণে স্থান পায় না, ও পাপপিশাচীও পরম দেবতা প্রমেশ্বের পরিশুদ্ধ সিংহাসন স্থরপ মনোমঞ্চ স্পর্ল করিতে সমর্থ হর না। যদি পূর্ব্বে কোন জকার্য্য করণে প্রবৃত্তি হইয়া থাকে, তাহা সেই সময়ে স্মরণ পথে সমারত হইয়া অসহ্য অন্তাপ উপস্থিত করিয়া, সেরূপ অসৎ কর্ম্মে নিরুত্ত করিতে পারে। জগদীশ্বরের আরাধনায় অন্তর্গা না থাকিলে, ঐসমস্ত শুভজনক ফলু উৎপন্ন হইবার এক প্রধান পথ ক্লদ্ধ

ঈশ্বরীর অমূপম গুণামূশীলন পূর্বক তাঁহাকে ভক্তি প্রান্ধ প্রীতি করা সচরাচর অভ্যাস থাকিলে, তাঁহার অভিপ্রায়্যায়ী কার্যা করিবার আবশ্যকতা সর্বাদা স্মরণ হইয়া তৎসাধনে প্রবল প্রবৃত্তি ও দৃচতর বত্ত্ব উৎপন্ন হয়। সকল জীব ও সকল বস্তু উছোর প্রীতির আস্পদ জানিয়া সংসারের কল্যাণ বর্দ্ধনে আগ্রহাতিশয় উপস্থিত হয়, এবং পরম-সেব্য পরমেশ্বরের মঙ্গলময় নিয়ম সমুদ্য পরিপালন করা সর্বাতোভাবে কর্ত্তব্য ইহা বার্ষার হৃদয়ঙ্গম হইয়া, সমুদ্য ধর্মপ্রবৃত্তি একত্র সঞ্জৱিত ও বহ্বিত হয়।

যে শ্রদ্ধাবান্ পুণ্যশীল উপাসক পরন শ্রদ্ধাস্পদ বিশ্বপিতাকে সর্বত্র সাক্ষী স্বরূপ প্রতীতি করিয়া আপনাকে সর্ব্বদা
তাঁহার সমক্ষ-স্থিত বোধ করেন, তিনি আর দেই মঞ্চল-নিধান
বিশ্ব-বিধান-কর্ত্তার আজ্ঞা পরিপালনে অবহেলা করিতে পারেন
রা। তাঁহার অন্তঃকরণ যদি জ্ঞানালোক লাভ করিয়া উজ্জ্বল
হয়, এবং ইচ্ছাস্থরূপ কর্ত্তব্য সাধন করিবার সামর্থ্য থাকে,
তবে বাবতীয় বিহিত কর্ম তাঁহা কর্ম্ক যেমন স্প্রচাররূপ সম্পন্ন
হইতে পারে, অন্ত কোন ব্যক্তি কর্ম্ক সেরূপ হওয়া সম্ভব নহে।

অতএব, নিদ্ধান উপাদনাই প্রকৃত উপাদনা, ঐ উপাদনাই অতুল আরন্ধের হেতু; ঐ উপাদনাই অশেষরূপ হিতকারী স্তরাং পরনেশ্বরের এরূপ উপাদনা সর্বতোভাবে কর্ত্তবা।

ওঁ একনেবাদিতীয়ং।

১৭৭৬ শক। দাৰংদরিক ব্রাহ্ম-সমৃত্যি। তৃতীয় বক্ততা।

কৃতজ্ঞতা মহুষোর স্বভাব-সিদ্ধ গুণ ও পর্ম র্মণীয় ভূষণ স্বরপ। যাঁহার অন্তঃকরণ প্রকৃতিন্থ আছে, উপকারী বাক্তির নিকট তাঁহার কৃতজ্ঞতার উদ্রেক করিবার নিমিত্ত অধিক বাক্য বায় আবিশাক করে না। ভূমগুলে অনেকেই অনেকের কৃতজ্ঞতার পাত্র, কিন্তু পরমেশ্বর আমাদের সকলের কৃতজ্ঞতা-বুল্তির সর্ব্ব-প্রধান বিষয়। যাহার চক্ষু ও কর্ণ আছে, তাহাকে এ বিষয় উপদেশ দিবার অপেকা নাই। জগদীশ্বর এক এক ইন্দ্রিয়কে এক এক স্থখ-প্রবাহের প্রভাবণ স্বরূপ করিয়াছেন, এক এক বৃদ্ধি-दुखित्क এक এक श्रकांत्र कन्यान-दूरञ्जद आकर चत्रभ कविशाहन, এবং এক এক ধর্মা প্রবৃত্তিকে এক এক শুভকর বিষয়ের উন্নতি দাধনের সোপান স্থরূপ করিয়াছেন। যথন যে দিকে নেত্র পাত করা যায়, তখন সেই দিকেই তাঁহার অপার কারুণ্য-গুণের এরপ পরিচয় প্রাপ্ত হওয়া যায়, যে অন্তঃকরণ কৃতজ্ঞতা-রসে আর্দ্র না হইয়া ক্ষান্ত থাকিতে পারে না। আমরা সেই পরম ভক্তিভাজন প্রমেশ্বরের উপাসনার্থে অদ্য এই ব্রাক্স-সমাজে একত্র উপবেশন পূর্ব্বক তাঁহাকে বিশুদ্ধ জ্ঞান-নেত্রে প্রতাক্ষ করিয়া এবং পবিত্র প্রীতি-ভাবে তাঁহার অর্চনা করিয়া ষেরূপ অনির্বাচনীয় আনন্য অমুভব করিতেছি, তাহাও তাঁহারই প্রাদত্ত ইহা সারণ হওয়াতে, অন্তঃকরণ এইক্ষণেই তাঁহার নিকট কিরূপ कुछळ इहेरण्ड ! जिनि य जामारमत्र श्रमत्र-स्मि कुछळ्डाक्रभ পুষ্প-কলিকায় সুশোভিত করিয়াছেন, তরিমিত্ত তাহা প্রক্ষটিত इरेग्रा ठाँशास्त्र शक्त मान कतिराहर आमामिरशत स किंडू भेमार्थ আছে, এবং यादांत निकृष्ट दि किहू उपकात शाख इहे, নে সমুদায়ই ভাঁহার প্রদত্ত ও ভাঁহারই কৃত, অতএৰ সকল বিষ-ग्रहे नर्सकत्व आमारमत कुंडळडा-दुखित्क झम्त्र हहेर्छ आकृष् করিয়া তাঁহার নিকট প্রেরণ করিতৈছে। তিনি আমাদিগকে

ইহকালে যে সমস্ত স্থা প্রদান করিয়াছেন, কেবল তমিষিস্তই আমাদের অন্তঃকরণ কত কৃতজ্ঞ হইতেছে! ইহাতে, তিনি আমাদের অনস্ত কালের স্থাখর আশা প্রদান করিয়া ও তদন্ত্রায়িনী অশেষবিধ স্থা সজ্জা প্রস্তুত করিয়া যেরূপ মহিমা প্রকাশ করিয়াছেন, তাহা সারণ হইলে, যেরূপ প্রগাঢ় কৃতজ্ঞতার উদ্রেক হয়, তাহা মনোমধ্যে ধারণ করা অসাধ্য। হে পরমাজন্। যথন অনস্ত কাল পর্যান্ত তোমার সহিত সহবাস জানিত নির্মান ভূমানুন্দের উপর মনশ্চকু দ্বির হইয়া থাকে, তথন মন বিসায়াণ্বে মগ্ন হইয়া এই মাতৃ বলিতে থাকে, যে তোমার সমান আর কে আছে?

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৭৭ শক।

সাশ্বংশরিক ব্রাক্ষ-সমাজ। প্রথম বক্তৃতা।

যাহাতে জ্ঞান মার্জিত হইয়া বিশুদ্ধ-শ্বরূপকে জ্ঞানা যায়,
যাহাতে ধর্ম পরিপালিত হইয়া মানসক্ষেত্র পবিত্র হয়, যাহাতে
প্রীতি উজ্জ্বল হইয়া অন্তর্তম প্রিয়ত্তমে অর্পিত হয়, যাহাতে
ইচ্ছা বলবতী হইয়া তাঁহার অভিপ্রায়ের অনুগামিনী হয়, এই
উদ্দেশে এই ব্রাক্ষ সমাজ সংস্থাপিত হইয়াছে। এই ব্রাক্ষসমাজ রূপ ধর্মায় মঙ্গলমায় তরু যড়বিংশতি বংসর অতীত
হইল রোপিত হইয়াছে, ইহার উন্নতির কি লক্ষণ প্রকাশ
পাইয়াছে ? ইহা কি অন্যাপি স্তুত্র পল্লবে পল্লবিত হইয়াছে ?
ইহা আরু কত দিনে পুষ্পা কলে অ্লোভিত হইবে ? দেশের
মঙ্গলের প্রান্তি অতি ব্যক্র হইয়া যাহারা এই রূপ প্রশ্ন করেন,
তাঁহারা কি অবগত নহেন যে দীর্ঘকাল স্থায়ী সার্বান বৃক্ষ
কদাপি শীঅ উন্নতি প্রাপ্ত হয় না। যে ব্রাক্ষ-সমাজের আয়ু
পৃথিবীর সহিত সমকাল, তাহার নিকটে বড়বিংশতি বংসরের

গণনা কি? তথাপি এই কতিপয় বংসরে সভ্য নিরপণে কি অনেকের যত্ন হয় নাই ! ঈশ্বরের বিশুদ্ধ শ্বরূপ কি অনেকের মনে প্রতিভাত হয় নাই ! উল্লার অভিপ্রেত ধর্মান্ত্র গানে কি অনেকের শ্রদ্ধা জন্ম নাই ! ঈশ্বরেতে প্রীতি বৃত্তি কি কাহারো মনে ক্রুর্ত্তি পায় নাই ! ইহার উত্তরে না বলা অসম্ভব ও প্রত্যক্ষ-বিরুদ্ধ। বোড়শ বংসর পূর্বের আমি স্বচক্ষে দেখিয়াছি যে এই ব্রাক্ষ-সমাজে পরব্রক্ষের উপাসনা কালে দশ জন ব্যক্তি সমাগত হইতেন কি না, অদ্য কি স্থুথের দিবস! অদ্য কি স্থুথের বিষয়! অদ্য এই স্থুদীর্ঘ সমাজ মন্দির তাহার উপাসক দারা—তাহার কৃতজ্ঞ পুশ্র সকলের দ্বারা পরিপূর্ণ হইয়াছে; এই সমাজে স্থানাভাব হইয়াছে। ইহা কি ব্রাক্ষ-ধর্ম্মের উম্বিতর প্রত্যক্ষ চিয় নহে?

অজ্ঞানের কার্যা যে আন্ধার অন্তরান্ধাকে অন্তরে না দেখিরা তাঁহাকে দূরে অবেষণ করে, আকাশের অতীত পদার্থকে আকাশের মধ্যে আনিতে চেন্টা করে, শুদ্ধ বুদ্ধ মুক্ত সভাবে শরীর ও মনের ধর্ম্ম আরোপ করে, উপনা রহিতের প্রতিমা নির্মাণ করিয়া পুজাকরে। দেখ, ঈশ্বর প্রসাদাৎ এই অজ্ঞান-অন্ধাকার এ দেশ ইইতে কেমন শীভ্র শীভ্র তিরোহিত হইতেছে; এই অল্প দিনের মধ্যে পরব্রহ্মের উপাসনার কত বিঘু ও কত বাধা নিরাকৃত হইয়াছে। পূর্ব্বে পরম পুজা রামমোহন রায় দশ জনের মন হইতে যে অজ্ঞান-জনিত কুসংস্কার সমাক্ রূপে বিনাশ করিতে পারেন নাই, এই ক্লণে সহত্র সহত্র অল্প ব্যক্ষ যুবকেরাও তাহা হইতে মুক্ত হইয়াছে। এক্লণকার যুবকদিগের হাদয়ে ক্থন এ বিশ্বাস স্থান পায় না যে ঈশ্বর মহযোর নায় শরীরী অথবা তিনি কোন প্রকার শরীর ধারণ করিয়া পৃথিবী লোকে অবতীর্ণ হয়েন। "নেতি নেতাা্যা অগ্রহাান হি গৃহ্যতে।" প্রাচীন ক্ষমিদ্ধের এই মহাবাক্য তাহারা সমাক্ রূপে ব্রিয়াছেন।

কিছ হে বুবকণণ ৷ তোমরা যে এই অধিল জগৎ সংসারের সৃষ্টি কর্ত্তাকে সৃষ্টির অতীত পদার্থ বলিয়া নিরূপণ করিয়াচ, দেই অন্তর্ম প্রিয়তমকে আপনার বিশুদ্ধ আত্মাতে জ্ঞান- हक्कू खात्रा माक्रां मन्तर्मन शाहेग्राष्ट्र कि ना ? कत्रजल खात्रा रामन আমলক কল স্পর্শ করা যায়, তদ্রেপ আপনার নিষ্পাপ পবিত্র আত্মা দ্বারা দেই সর্বব্যাপী অন্তরাত্মাকে সংস্পর্শ করিতে পারি-য়াছ কি না ! সেই সকলের অন্তর্ত্তুমা অমৃত-সাগরে অবগাহন করিয়া অশেষ কামনার ফল লাভ করিয়াছ কি না ? সেই অমৃত আনন্দ রস পান করিয়া সংগারের ছঃখ শোককে পরাজয় করি-য়াছ কি না ? যতক্ষণ না এই সংসারকে ছায়ার স্থায় সার সংসারের অফা সত্যের সতাকে আতপের ন্যায় সর্বত্র দেদীপামান প্রীতি ছইবেক, তাবৎ তাঁহাকে অন্বেষণ করিবে ; তাঁহাকে লাভ হইলে আরু লাভকে লাভ বলিয়াই জ্ঞান হয় না, গুরু বিপদ্কে বিপদ্ বলিয়াই বোধ হয় না। কিন্ত হায়! কয় ব্যক্তি তাঁহাকে অবে-ষণ করে ? তাঁহাকে অন্বেষণ করিবার সেই স্পৃহা কই? সেই অন্ত্রাগ কই ! শরীর রোগগ্রস্ত হইলে যেমন কুধা মান্দা হয়, তক্রপ মন পাপ ভারে প্রপীড়িত হইলে তাহাতে ঈশ্বর-স্পৃহা ক্ষৃর্ত্তি পায় না। প্রচুর ধনশালী হইয়া রোগী হইলে যে ছর্দ্দশা, क्कानवान् इरेया भाभी इरेटन मरे हर्फ्णा। धनी वाकिनिधात, স্থাত্ব অন বাঞ্চন আহরণ করিবার ক্ষমতা থাকিলেও রোগ প্রযুক্ত তাহাতে মনের প্রবৃত্তি হয় না, জ্ঞানী ব্যক্তিদিগের ঈশ্ব-রের বিশুদ্ধ স্থরূপ ধ্যান করিবার সামর্থ্য থাকিলেও পাপ প্রযুক্ত তাহাতে মনের স্পৃহা হয় না। অতএব পাপ কর্ম হইতে বিরত ट्रेश क्रेश्वत म्लृहारक डेमीलन ना क्रिल क्रेश्वत माल्द महारना নাই। যদি অমুরাগ ব্যতীত কোন কর্মাই সিদ্ধ হয় না, তবে ঈশ্ব-রেতে যাহারদিগের অন্তরাগ নাই, তাহারা তাঁহাকে কি প্রকারে লাভ করিবে ? "নায়মামা প্রবচনেন লভ্যোন মেধয়া ন বছনা ঞ্জেন। यस्मरेवस तृतूष्ठ छन नভारुरेनास्याचा तृतूष्ठ छन्न् श्वार।" "अत्मक উखम बहुन श्वादा वा मधा श्वादा अथवा बहु প্রবণ দ্বারা তাঁহাকে লাভ করা যায় না, যে সাধক সম্পৃহ হহয়। তাঁছাকে প্রার্থনা করে, সেই তাঁহাকে পায়; পর্মাত্মা এরূপ সাধকের সন্নিধানে আত্ম-ত্মরূপ প্রকাশ করেন।" যাঁহার তাঁহাতে স্পৃহা আছে, তিনি যতক্ষণ না তাঁহাকে লাভ করিতে পারেন,

ততক্ষণ তাঁহার আর কিছুই তাল লাগে না। তাঁহার নিকটে ভূষ্যরশ্মি অন্ধকার প্রায় হয়, তাঁহার নিকটে শশী নক্ত শোভা শুস্ত হয়, তাঁহাকে স্থশীতল বায়ু শীতল করিতে পারে না। তিনি ত্যিত মূগের স্তায় তাঁহাকে অবেষণ করেন এবং ত্যিত মৃগ যেমন জল প্রাপ্ত হইলে পরিতৃপ্ত হয় তিনিও তদ্রপ সেই অমৃত লাভ করিয়া পরিতৃপ্ত হয়েন। তিনি কি পুণ্যবান্ ব্জি! যিনি বহু অম্বেষণ পরে সকল কামনার পরিসমাপ্তি, অনন্ত স্থাধের আকর, অজর, অমর, অভয় পুরুষ্কে লাভ করিয়া অভয় প্রাপ্ত হইয়াছেন। তিনি কি ভাগ্যবান্। যিনি সর্বাত তাঁহার আবিভাব জাজ্লামান দেখিতেছেন। তিনি যখন চক্ষু উন্মীলন করেন, তখন এই অনন্ত আকাশে দেই অরূপী প্রমেশ্বরের বিচিত্র রূপ দর্শন করিয়া তাঁছার গুণ গ্রাম গান করেন এবং যখন তিনি চক্ষু নিমীলন করেন, তখন স্তব্ধ হইয়া চেতনের চেতনকে মনের অভান্তরে অভ্যুত্তব করেন। তিনি প্রাচাকরে তাঁহার প্রভা, চক্র-মগুলে তাঁহার শোভা, নক্ষত্র-গহনে তাঁহার ় জ্যোতি, প্রতি প্রস্পে তাঁহার সৌন্দর্যা, মাতৃ-হৃদয়ে তাঁহার স্নেহ, দয়ালুর মনে তাঁহার দয়া, বিশ্ব-সংসারে তাঁহারই ভাবের আবির্ভাব দেখেন; অথচ জানেন তিনি ইহার কিছুই নহেন। তিনি প্রভানহেন, তিনি জ্যোতি নহেন; তিনি স্নেহ নহেন, তিনি দয়া নহেন; তাঁহার রূপ নাই, তাঁহার নাম নাই। তিনি সভার সভা, প্রাণের প্রাণ, চেডনের চেডন, মঙ্গল স্থরূপ। যে मक्रमग्र निगृष् ভাবের এই বিশ্বরূপ আবির্ভাব, তাঁহাকে না মনেতে পাওয়া যায় না বাক্যেতে কহা যায়। ইন্দ্রিয় ও মন তাঁহার দেই নিগ্ঢ়-ভাব অনুধাবন করিতে গিয়া স্তব্ধ হয়। চক্ষু দ্বারা সেই অবর্ণকে বর্ণরূপে দেখা যায়, কর্ণ দ্বারা সেই অশব্দকে শব্দরূপে শুনা যায়, মন ছারা সেই অমনাকে মনো-রূপে প্রভীতি হয়, কিন্তু সেই অচিন্তা নিগৃঢ়-ভাবকে কেহই প্রকাশ করিতে পারে না। "ন তত্র সূর্য্যোভাতি ন চন্দ্রতারকং নেমাবিছাতোভান্তি কুভোষমগ্নিঃ। তমেব ভাত্তমন্তভাতি দর্কং তাস্য ভাষা সর্বামিদং বিভাতি।" "সূর্য্য ভাহাকে প্রকাশ করিতে পারে না বিং চন্দ্র ভারাও উছোকে প্রকাশ করিতে পারে না; এই বিছাৎ সকলও উছোকে প্রকাশ করিছে পারে না, তবে এই করি উছোকে কিংপ্রকারে প্রকাশ করিছে। সমস্ত জ্বাৎ কেই দীপামার পর্যেশ্বরেরই প্রকাশ করিছে। অস্থ্যকাশিত হইয়া দীপ্তি পাইতেছে। এই সমুদায় তাহার প্রকাশেতেই প্রকাশিত হইতেছে।" বাঁহার প্রকাশেতে এই সমুদায় প্রকাশ পাইতেছে, তিনি যে কি ভাহা কেবল তিনিই জানেন। "সংবজি বেদ্যং ন চ ত্যান্তি বেস্তা।" "তিনি যাহা কিছুবেদা বস্তু সমস্তই জানেন, কিছু তাহার কৈই জাতা নাই।"

যখন আময়া নিজাতে অভিভূত থাকি তখনও যিনি কাতাত वाक्ति। जामात्रनित्तत्र कामा वस मकन निर्वाण कतिए बारकन, তিনি অনে হলে শুভো নক্ত সমভাবে রহিয়াছেন। তিনি उपोकात्मत्र चक्रण कित्राण, विशानात्मत्र अञ्चात्रश्चित्व, शर्वत्वद উচ্চতম শিখরে, সমুদ্রের ভীষণ তরকে বিরাম্থ করিতেছেন। जिन वह स्थ कल छड़रीन मानाइक आगामतक आशनाव অধিষ্ঠান ছারা প্রবিত্র করিভেছেন। তিনি আমারদিগের সারীর क्रण मन्तित्र मत्था मन आगत्न आगीन इहेग्। विश्ववाद्धा शालम् क्रिंडिएहन। जिनि बहे नगांखाल है वर्जमान त्रहिशाहन। बहे नमारक এই मकल मीलमाना इहेरा व त्याछि विकीर हुदेशाहर, তাহার মধ্যে সেই জ্যোতির জ্যোতি, एक, অপাপু বিক জাত্ম-লামান প্ৰকাশ পাইতেছেন এবং এখানেই বৰ্তমান থাকিছা আমারদিগের প্রভাবের মনের ভাব পর্যান্ত অবলোভুর করিছে-ছেন, তাছার মহিবার ছোষণা প্রবণ করিছেছেন ও আমার-দিগোর পূজা গ্রহণ করিতেছেন। তাঁহার বিকটে কডাঞ্জি পূর্বক আমার এই প্রার্থনা বে তিনি এই পরিত ব্রাক্ত श्रीया गांध करून।"

७ এकस्मना खंडायः।

১৭৭৭ শক। সামৎস্থিক ব্ৰাহ্ম-সমাঞ্চ।

দ্বিতীয় বক্তৃতা

ইহা পর্ম সৌভাগ্যের বিষয় বলিতে হইবেক, যে এ কণে এদেশীয় অনেক সন্ধিদ্যাশালী বিচক্ষণ ব্যক্তির বুদ্ধিবৃত্তি মার্জিড ও ধর্ম প্রবৃত্তি পরিওদ্ধ হওয়াতে তাঁহারা সম্পূর্ণ যুক্তি মূলক সতা ধর্মের আতায় গ্রহণ করিয়া মহুষ্য নামের গৌরব বৃদ্ধি করিতে অমুরাগী হইয়াছেন এবং তাঁহাদিগের অবলম্বিত ধর্মা যাহাতে সম্পূৰ্ণ রূপে ভ্রম প্রমাদ বর্জিত পরিশুদ্ধ হয়, তাহার 'নিমিত্ত তাঁহারা বিশেষ যত্ন প্রকাশ করিতেছেন। তাঁহারা কোন মহ্যা কল্লিত কাল্লনিক শাল্তের অহশাসন দারা চালিভ হইয়া वृथा कर्मात अञ्चर्कान कतिए हेन्हा करतन ना धेवर कीन अर्थी-क्षिक ও अभूतक बहन क्षमांगं के होतिएगत क्षेत्रा भूति दीन প্রাপ্ত হয় না। তাঁহারা স্বয়ং কোন প্রকার অমূলক প্রতায়ের অধীন হইয়া কুৎসিত ক্রিয়ার অমুষ্ঠান করা দুরে থাকুক, তাঁহা-मिर्शत (मणीय , जनश्र र्य ममन कून रकार्त्रत अस्र तिर्ध अमार्गिन নানা প্রকার অলীক কার্যোর জাচরণ করিয়া আসিতেছে তাঁহারা रमहे नमछ रहामूल कुमश्काद छ। हानिर्भाद हामग्र हहेरछ ममूल উন্মালন কবিবার জনা সাতিশয় বাঞা ইইয়াছেন এবং নানা (मणीय माञ्चक) दिन त्रकार हर्महमा मानन काल किएंड হইয়া বছ সংখ্যক মৃত্যু অদ্যাপি অসতে র পথে জমণ করিতে বাধ্য রহিয়াছে, ভাঁহারা নানা প্রকার যুক্তি ও তর্করূপ অসি দারা দে সমস্ত শাস্ত্রের ভ্রম গ্রন্থি সকল ছেদন করিয়া মহুবা কুলকে রক্ষা করিবার জনা চেটিত ছইরাছেন। যে সকল কাল-নিক ধর্ম গ্রন্থের নাম প্রবণ করিলে কত কছ বিজ্ঞান বিং বুংপর কেনুরী ব্যক্তির স্থায় বুদ্ধিও অভীত্বত হইয়া যায় এবং সম্পূর্ণ অসমত ও অহোজিক হুইলেও বাহার একটি বাক্যে অপ্রতায় করিতে অনেকের ভরুসা হয় না, তাঁহারা দেই সমস্ত গ্রন্থ মন্থন भूर्खक छाडात ममुमाय मात्रार्ण श्रह्म कतिया व्यवस्थि व्यमात

ভাগ অনায়াসে ভাগ করিতেছেন। তাঁহাদিগের বিশ্বাস এই বে, ধর্ম নিয়ন্তা অগদীশ্বর সমুদায় মহুবাবর্গের মন ভূমিতে অবিনশ্বর অক্ষরে যে ধর্ম শাসন অন্ধিত করিয়া দিয়াছেন, এবং এই বিশ্বরূপ বিশাস গ্রন্থের মধ্যে জগদীশ্বর-প্রণীত যে সমন্ত ধর্ম নিয়ম প্রকাশিত রহিয়াছে, তাহাই অভ্রান্ত বর্ণার্থ ধর্ম এবং ভাহাই মহুযা জাতির অবলয় ও উপসেবা। যাহাতে উক্ত ধর্মের অবলয়ন অনুসারে মহুবা জাতির সমুদায় ধর্মাহুঠান সম্পূর্ণ রূপে দোষ প্র্যুক্ত পরিশুদ্ধ হইয়া উঠে তাহার। প্রাণ পণে ভাহার চেন্টা করিতে প্রতিজ্ঞারত হইয়াছেন।

किह त्रीजाशाकत्म याँशामित्रत्र श्रमात्र छेळ श्रकात मह ভাবের উদয় হইয়াছে, যাঁহারা ধর্মরূপ অমূল্য রত্নকে ভ্রমপঙ্ক হইতে উদ্ধার করিয়া উজ্জ্বল করিতে ব্রতী হইয়াছেন, তাঁহাদি-গের ইহাও একবার বিবেচনা করিয়া দেখা আবশাক, যে ধর্ম যেমন মন্ত্রাতির ভূষণ স্বরূপ, ঈশ্বেরাপাসনা তেমনি ধর্মের অলক্কার স্বরূপ, মুহ্যা সহত্র সহত্র বিদ্যায় বুৎপন্ন হইয়া ধর্মা विश्रीन इटेटन समन छाड़ांद्र किंदू माळ शोदन थारकना जवर. সে কম্মিন্ কালেও সম্পূর্ণ মহুষ্য নামের উপযুক্ত হইতে পারে না ধর্মত সেই রূপ সহত্র প্রকার স্থাকিয়া ও কর্ত্তবাস্থ্ঠান দ্বারা পরিপুরিত হইয়া ঈশ্বরতত্ত্ব বর্জিত হইলেও তাহার কিছু माज महत्व थारक ना এवर छाहारक रकान करन शक्छ धर्मा বলিয়া গণনা করা যাইতে পারে না। ঈশ্বর-প্রীতি ধর্মের প্রাণ चक्रम, त्य धर्म कशमीश्वरत्त्र श्रीजित्रत्तत्र किছू माळ श्रमक नाहे ভাহার তুল্য মাধুর্য হীন কঠোর বস্তু আর কি আছে ! প্রাণহীন इंड प्रदंत द्यमन क्लान द्योक्षर्य - क्लान माधुर्य श्रेकाण भाग ना, ঈশ্বর-প্রীতি পূক্ত নীরদ ধর্মেরও দেই রূপ কিছুকাত্র সৌন্দর্য্য ও কোন মাধুর্য্য থাকে না। ঈশ্বরোপাদনা সকল ধর্ম্মের মূলা-ধার, অতএব ধর্মের উন্নতি সাধন ও সৌন্দর্যা বন্ধন করিতে মত্ম-भील इडेटल नर्खना देश भरन दांथा आवणाक ता, वाहारख ধর্মমূল জগদীশবের প্রতি আমারদিগের আন্ধা ভক্তি ও প্রীতির আধিকা হয়, এবং বন্দারা আমরা অহরহ তাঁহার প্রতি প্রগাঢ়

প্রীতি প্রকাশ পূর্ব্বক উহার উপাসনায় নিবুজ থাকিতে পারি, কোন কমে যেন তাহার পক্ষে কোন হাতিক্রব না ঘটে। ক্রমে কথন বিন্দৃত হওয়া ও তাহা হইটে আপনাকে দুরন্থ করা কথন ধর্ম্বোমতির চিক্ত নহে, ঈশ্বের স্মর্থ মনন ও নিদিখাসন বর্জিত ধর্মাই বদি শ্রেষ্ঠ ধর্মের লক্ষণ হইত তাহা হইলে নাজি-কের ধর্মকেই সর্ব্বাগ্রগণ্য বলিয়া গ্রাহ্য করিতে হইত।

নিয়ম পূর্ব্বক কতিপয় সাংসারিক কর্ত্তব্য সাধন করাকেই মাঁহারা সম্পূর্ণ ধর্মা সাধন মনে করিয়া ক্রাথিয়াছেন—যাঁছারা মনে করেন যে মহুতা জন্ম ধারণ করিয়া কভক শুলি লৌকিক এ বৈষয়িক বিষয়ের সম্বা বিচার পূর্ব্বক কার্য্য করিছে পারি লেই প্রকৃত রূপে মহুষা নামের উপযুক্ত হওয়া বাইতে পারে এবং সম্পূর্ণ রূপে ধর্ম সাধনও করা হয়, পিতা মাতা প্রভৃতি ছক্তি তাজন গুরুজনদিগকে ভক্তি করা, পুত্র কন্যা প্রভৃতি স্নেহ পাত্র বর্গকে যথোচিত স্নেহ করা এবং ভাত বন্ধা অমাতা প্রভৃতি প্রণয়াম্পদ ব্যক্তিদিগের প্রতি উপযুক্ত প্রীতি প্রকাশ করা ইত্যাদি কতিপয় কর্ত্তবা সাধনকেই আছারা ধর্ম সাধনের शीमा मत्न कतिया दाधियां छन अवश् व्याक्या के शकांत कर्ववा সাধন ও ডক্ষনিত মুখ ভোগ বিষয়ে অনুরাগী হইনাই কাল বাপন করেন, তাঁহাদিগের আত্তির আর শেষ নাই। ইহা मछा वटि य मञ्चा जन्म थात्र कतिया नकम विवरमत मश्च विहात পূর্ব্বক কার্য্য করিতে পারিলেই ধর্ম সাধন করা হয়, কিন্তু কেবল পিডা মাতা স্ত্ৰী পুত্ৰ ভাতৃ বন্ধু প্ৰভৃতি পরিবার বর্গ ও কতিপয় वाष्ट्रा विस्तरात महिक कामामित्यत मस्या क्रमा कविया कार्या कतिएक शांतिस्तरे या नन्त्र काल धर्माश्रामन कहा हुए, अमक नटक्। य करूपामग्र आमिश्रुत्रच कामानिक्षात्र मत्न शिष्टा मांडा প্রভৃতি শুরুজনের অস্ত ভক্তি ভাব প্রদান করিয়াছেন, যাঁহার निक्षे इहेरक जामती श्रेकांस्त्रि बांध्यमा छाव शाश इहेग्राहि এবং বাঁহা হইতে প্রিয়ত্ম বর্গের প্রণয় সম্বন্ধ উৎপদ হই-शांद्ध ଓ साराज आनंड कान काता कामना नाका निकापन महिल कामामित्तात नवस दित कवित्व ममर्थ इदेखिक, छाहात महिल

যে আমাদিগের কি পরম সম্বন্ধ, যত দিন আমরা স্থান্ধর কোপ তাহা জ্ঞাত হইতে না পারি এবং নেই সম্বাহ্মসারে কার্যা করিয়া অন্তথ্য সুখী না হই, ততদিন আমাদিগের কোন প্রকারেই সম্পূর্ণরূপে ধর্ম্ম সাধন করা হয় না। ততদিন আমরা কেবল ধর্মরূপ অমৃত কলের অকেরই আস্থাদ প্রহণ করিতে থাকি, তাহার স্থান্য শাসোর কিছু নাত্র রস ভোগ করিতে পাকি না।

অানাদিগের অফা, পাড়া ও স্থখদাতা জগদীশ্বের সহিত বে আমাদিপের কি সম্বল তাহা তিনি মহুষ্টের নিকট কোন श्रकादा कुर्ल्ख्य क्रिया द्रार्थिय नाहे, जिनि स्म विषय मकन মন্তব্যেরই প্রকৃতির মূলে স্থাপন করিয়া রাথিয়াছেন। অচিত্তা क्लिमान मन्नान धरे विभाग विश्वकार्या मन्तर्भन कतित्न देशात একটি অনম্ভ জানময় কারণের সন্তা প্রতীতি হওয়া মন্ত্র্যা জাতির रयमन , प्रचारिक, रम्हे ज्ञान वहे जनश्र कर्ता भद्रसम्बद्धत्र अनस শক্তি, অপার করুণা ও অসুপম দৌন্দর্য্যের বিষয় আলোচনা করিলে ও তাঁহার প্রতি আপনা হইতে দুঢ় ভক্তি প্রগাঢ় প্রীতি ও ঐকান্তিক আন্ধার উদয় হওয়া মন্ত্রা মাতেরই প্রকৃতি সুলক। বাঁহার বুদ্ধি বুক্তি কোন প্রকার বিদ্ধ দার। বিজ্ঞান্ত না হয় এবং যাঁহার ধর্ম প্রবৃত্তি প্রকৃতাবস্থায় অবস্থিত থাকে, তাঁহার আর কথন পূর্ব্বোক্ত সভার প্রতি সংশয় জন্মিতে পারে না। অতএব जगमीश्वरतत সহিত আगाদিগের যে कि नम्स धनः কি প্রকারে তাঁহার সহিত সমন্ত রক্ষা করিয়া তাঁহার উপাসমা করিতে হয়, তাহা আমরা সীয় স্বীয় মনকে জিজনা করি-লেই স্বিশেষ জ্ঞাত হুইতে পারি, সে বিষয়ে আর অভ্য কোন উপদেতীর সাবশাক হর না। সামরা বখন তাঁছার দয়ার विषय आत्माहना कवित्रा तथि, एशन कि आह आंगडा छोड़ात প্রতি কৃতজ্ঞতা প্রকাশ লা করিয়া কোন মতে নিরক্ত থাকিতে পারি, রখন আমরা একাঞা চিত্তে উাহার অমীন শক্তি চিন্তা करं एतरे इस्तर्गादा जनत जान नमूख वाशनांत्र मनरक नति-বেশ্ব করিতে থাকি. তখন আমাদিণের কুল্ল মন ভাছার কোন

मीमा ना পाইয়া कि উচ্চ:श्रद्ध ও অকপট ভাবে এই বাকা উচ্চা-त्र करत ना त्य, हा ! जगमीम, जोमात उद्योगत नीमा काथाय! बर जरकारन कि अजारें ये यागांत्रिंगत मन इरेट बक আশ্চর্যা ভক্তি প্রবাহ উথিত হইয়া দেই পর্ম পুরুষের মহিমা সাগরে মিঞ্জিত হইতে গমন করে না? এই রূপে মন্তুষ্যের মনে যে সময়ে জগদীশারের অন্তুপম প্রীতির স্থাময় ভাব উদয় হয়, তখন কি আর সে কোন প্রকারে তাঁহাকে প্রীতি না করিয়া निवंख श्रीकिट्ड श्रीदत ? मञ्ज्या यथन विद्वृह्मना कवित्रा प्रत्थ, त्य পৃথিবীর মধ্যে যে সমস্ত স্থানর পদার্থ সন্দর্শন করিয়া তাহার মনে অসাধারণ আনন্দের সঞ্চার হয় এবং যে সমস্ত প্রীতিকর প্রিয় পদার্থ অবলোকন করিয়া সে অমুপম সুখ লাভ করে, বিশ্বকর্ত্তা জগদীশারই সে সমুদয় স্টিটি করিয়াছেন, তথন তাহার মন আপনা হইতেই প্রেমের সাগর ও সৌন্দর্য্যের আকর ঈশ্ব-রেতে প্রীতি করিতে উদাত হয়। অত এব জগদীশারকে প্রীতি করা ও ভক্তি করা যে মহুষা জাতির স্বভাব-সিদ্ধ ভাহাতে আর সন্দেহ নাই। এবং তাঁহাতে একা ভক্তিও কৃতজ্ঞতা শূভ্য হইলে যে কোন রূপে মহুষ্য প্রকৃত মুহুষ্য নামের যোগ্য হইতে পারে না ডাহাতেও কোন সংশয় নাই। যিনি বিশেষ রূপে ঈশ্বর প্রণীত প্রকৃতি মূলক সত্য ধর্মের তাৎপর্যাত্মদ্ধান করিয়া प्रिथित्वन धरः अक्षेष्ठे कर्भ उद्गर्भावनद्दन भूर्वक आश्रनाहक কুডার্থ করিতে ইচ্ছুক হইবেন, তিনি স্থাপট রূপে দেখিতে পাইবেন, যে क्रेश्च्रद्वाभागना शुर्वाद श्राम खक्रभ, विना जनमी-श्वादात छिलामना कथनहे अर्था माधन भून हरेडूड लाद्व ना धवर তিনি আপনা হইতে অদ্ধা ভক্তি ও প্রীতি সহকারে অনবরত जगमीश्वरतत जेशामना कतिए नियुक्त श्वीकृत्वन ।

ঈশ্বেশিসনা বেমন ধর্মের প্রাণ অরূপ, সেই রূপ উত্থা মহাবা জাতির কুখ স্থান্ধ তা ও নহব্বের মূল কারণ। বে ব্যক্তি সর্বাদা জগদীশ্বরের ক্ষরণ, সমন ও নিদিখ্যাসন ছারা ভাঁছার মহৎ ভাব সকল আপনার মনে জাগ্রত করিয়া কাখিতে সমর্থ হয়, মর্ত্তা লোকে তাহার তুলা মহত্ত্বান্ আর কে আছে? এবং

य जागानान माधू शुक्रम मर्द्धमा नेश्वत ध्याम मध्र शाकित्व भावता হয়, তাহার তুলা অখী বাজিই বা মার কোণায় প্রাপ্ত হওয়া यात्र ! य नाथक मर्त्वक मर्द्वदाशि भद्रत्यश्रद्धक मर्द्वमा मर्द्वक माकी चक्रत्भ विवासमान प्रतथ, माकाबाक कान कूकियात अष्ट्रकोन करा मुद्र थाकूक, जाहार यन मध्या अकृषि कमर्या विखात छम्। हम ना । तम वाख्य क्रमांकीर्य नगत मध्या त्य क्षत्रात যত্নের মহিত ধর্ম পদবীতে পদচালন করে, জনশূত্য অরণ্য मधा ७ जिल्ला मार्थान इहेग्रा धर्मा छुठीन क्रिए उठ थोरक, সে অতি দুরস্থ নক্ষত্র মণ্ডলে জগদীশ্বরের যাদৃশ প্রকটিত প্রভা ममार्गन करत, आभनात हामग्र धारमञ्जीहात महे क्रम खुला छ আবিভাৰ অবলোকন করিয়া স্থাী হয়, সে ব্যক্তি সর্ক্ত আপনার পরম পিতা প্রমেশ্রকে বিরাজমান দেখিয়া সকল ছানে তাঁহার আক্রা পালন করিতে উৎসাহাদিত হয়া তাহার সম্বন্ধে সকল द्यान है भूगा कर्य माधानत ममान दान हुए बदर नकन अवदाह धर्मा नाधानत काम रहेश छिठा। जननी मात्रत छेभानना कतिरात জন্ম তাহাকে কোন ছান বিশেষেও গমন করিতে হয় না এবং कान वित्नारमञ्ज्ञ छ छ। हार्क श्राचीका कवित्रा श्राकित्छ हत्र ना ; " বে ছলে যখন তাহার চিত্তের একাএতা হয় তথনই সেই হানে সে বাজি আপন উপাস্থা দেবের উপাসনা ক্রিয়া ছরিতার্থ হইতে পারে। ভাছার নিকট বিস্তার্থ নাগর গর্মন তার্থ, অত্যক্ত পর্বত শিখরও সেই রূপ পুণ্য হান। অভএব তাহার তুলা গৌরকাম্বিত মৃহৎ মৃত্যা এ ভূমগুলে আর কে হইতে পারে। रव छात्रावान् भूक्रव गर्दामा तार क्रथ बांछ। भद्रश्मादरक जाभन स्वत्र थात्व थात्रश्र कित्रिष्ठ नक्ष्म हत्र धेतर नर्वता जाशनात्क তাঁহার প্রেম নাগরে নিমগ্ন করিয়া রাখিতে পারে, তাহার বে आत स्था कीमा थात्क ना, এ कथा उद्भाय कतारे वास्ना। वर्ष्यात बोहा जामोहिन्दर्शद धर्माएक मृहका जला धरेर चर्कार्यद्र. ममजा इस, शाहाबाता जानानित्वत्र गाखित जेन्नि अ गरनत महत्त् उर्शिक इस छाहात जुना ऋत्यत विषय बात मरमात मध्या কি স্নাছে? স্থ দাতা জগদীশ্ব আমারদিগের ক্স এ পৃথিবীতে

যত প্রকার স্থায়ে সৃষ্টি করিয়াছেন তাঁহার উপাসনা করিতে হইলে তাহার একটি স্থও পরিত্যাগ করিতে হয় না, প্রত্যুত তম্বারা সেই সমস্ত তথ আরও আনাদিগের নিকট বিগুণীভূত रहेगा छेर्छ। शिश बज्जुद रुख रहेर कान सूथम जना शांश হইলে দে দ্রবা উপভোগ করিয়া যাদৃশ স্থাী হওয়া যায়, সামা-ম্যত কোন স্থাকর বস্তুর উপভোগ দ্বারা কি কখন দে প্রকার স্থা উৎপন্ন হইতে পারে ? পিতা প্রদন্ন বদনে স্লেহ পূর্বক সন্তানকে कान धनान हिरू धनान कतित्व, जन्दाता मखात्नत मत्न त्य প্রকার আনন্দ জয়ে, সহজে কোন বস্ত দ্বীরা কি কখন তাহার মনে তাদৃশ আহ্লাদ জিলাতে পারে ! অতএব যে সমস্ত ধীর বাজি আনন্দময় পরমেশ্বরকে সর্বাদা প্রণয়াস্পদ পরম বন্ধু রূপে প্রত্যক করেন এবং যাঁহারা তাঁহাকে ভজি ভাজন পিতৃরূপে অহরহ माक्का मन्दर्भन कतिया थारकन, छाहाता এ পৃথিবীতে कान বিষয়ে স্থুথ ভোগ করিয়া যে প্রকার আনন্দ লাভ করেন, যাহার ঈশ্বরেতে তাদৃশ ভক্তি ও প্রীতি না থাকে সে ব্যক্তি কখনই সে রূপ স্থখ ভোগ করিতে পারে না। ঈশ্বরপরায়ণ প্রেমিক বার্ভি প্রথিবী মধ্যে যে কোন প্রকার স্থ্য লাভ করেন, তিনি তথনি তাহার মধ্যে তাঁহার প্রণয়াস্পদ পরমেশ্বরের অসদৃশ প্রেমময় ভাব সন্দর্শন করিয়া এক আশ্চর্যা ও অনির্বাচনীয় অথে স্থা হয়েন, অতএব ভাহার স্থের সহিত কখন সামান্ত স্থাবে তুলনা হইতে পারে না। অপিচ যে পুরুষ সর্বাদা জগদীশারের প্রেম আপন মনকে নিমগ্ন করিয়া রাখিতে পারে, দে যে আর একটি প্রকার আশ্চর্যা স্থখ ভোগ করে, তাহার সহিত সংসারের কোন स्राथतरे जूनना हरेएक পात्र ना अवः त्य वास्कि कथन त्र स्रथ উপভোগনা করিয়াছে সেও কখন কেবল অন্ত্যান ছারা সে সুখের অনুভব করিতে সমর্থ হয় না। এবণেক্রিয় যেমন স্থ্রভাষ্য দলীত আলাপের মধুর ধনি এবণ করিবার জন্য প্রস্তুত রহিয়াছে. तमना रवमन छेरकुके छेलारमय थामा सर्रात तम माधुती आञ्चाम করিবার জন্ম ব্যপ্ত রহিয়াছে এবং আণেব্রিয় বেমন সৌগন্ধ কুস্থম সৌরভ দ্বারা ভৃপ্ত হইবার জন্ম সতত ইচ্ছা করিতেছে,

দেই রূপ জগদীশ্বরের প্রেমামৃত পান দ্বারা তৃপ্ত হইবার জন্ম অনবরত জীবাজার একটি স্পৃহা উদ্ভব হইতেছে। এ পৃথিবীর কোন পদার্থ দ্বারা তাহার সে স্পৃহা পূর্ণ হইতে পারে না এবং যে পর্যান্ত না জীবান্ধার উক্ত স্পৃহা পূর্ণ হয়, সে পর্যান্ত কোন মতেই আত্মার শান্তি হর না। মান, যশ, ধন সম্পত্তি প্রভৃতি কোন প্রকার পৃথিবীর বস্তুতে আত্মার সে নির্মাল শান্তি সাধন করিতে পারে না এবং কিছুতেই আত্মার ভৃপ্তি হয় না। মধ্-পানোদ্যত মধুকর যে প্রকার মধুহীন পুঞ্পে চঞ্চল হইয়া ভ্রমণ করে, সমুযোর আক্ষাও এ পৃথিবীর বিষয়ে সেই রূপ অস্থির ভাবে ভ্রমণ করিতেছে, ব্যাপক কাল কিছুতেই স্থির থাকিতে পারে না। কিন্তু যাহার আক্ষা ভৃপ্ত হইবার জন্ম এই রূপে ভ্রমণ করিতে করিতে জগদীশ্বরের সহিত সংযুক্ত হয়, দেই প্রকৃত রূপে তৃপ্তি লাভ করে। অতএব সেই প্রেমসিফু পরমেশ্বেতে মনোভিনিবেশ করিতে পারিলেই যে মন্ত্য্য প্রকৃত স্থথে স্থাী হয় তাহাতে আর কিছুমাত সংশয় নাই। যাহার আত্মা একবার নেই অমূপম স্থের আসাদ প্রাপ্ত হইয়াছে, দে আর সংসা-রের কোন স্থাথে রত হয় না, তাহার মন তৃষিত চাতকের ন্যায় এক দৃষ্টে উদ্ধ মুখে দেই জগদীশ্বরের প্রেমায়ত বিগলিত স্থা ধারা প্রাপ্ত হইবার জন্ম নিরন্তর একাগ্র হইয়া কালযাপন করে এবং সেই প্রীতি রূপ স্থাপানে সবল হট্যা দুন দিন বর্দ্ধিত হইতে থাকে।

হে ব্রাহ্মগণ! ইহা একবার আমাদিগের বিবেচনা করিয়া দেখা উচিত যে আমরা কোন্ ধর্ম অবলম্বন করিয়াছি এবং কোন পথে গমন করিতেছি, আমাদিগের অবলম্বিত ব্রাহ্ম-ধর্ম কোন মূল হইতে উথিত হইয়াছে এবং কোনদিক্ লক্ষ্য করিয়া অবছিতি করিছেছে। লক্ষ্য স্থির করিয়া কার্য্য করা সর্ব্বদাই উচিত, লক্ষ্য স্থির না করিতে পারিলে সকল বিষয়েতেই বিভ্রান্ত হইতে হয়। বাণিজ্যা ব্যবসায়ে যেমন লাভালাভ স্থির করিয়া কার্য্য করিতে না পারিলে কৃতকার্য্য হইতে পারা যায় না, ধর্ম বিষয়েও সেই রূপ আপনার লক্ষ্য স্থির না থাকিলে তাহার চর্ম কল প্রাপ্ত হওয়া

সাধ্য হয় না। আমরা যদি মন মধ্যে সর্কাদা এই লক্ষা স্থির রাথি, যে আমরা চির কাল এ পৃথিবীতে বাস করিতে আসি নাই এবং পুথিবীর যাবতীয় সম্বন্ধ কথন চির কাল আমাদিণের সহিত লিপ্ত থাকিবে না, কিন্তু আমরা যাঁহার রাজ্যে বাস করিতেছি, তিনি নিতা কালের অধিপতি এবং অনন্ত রাজ্যের স্বামী, তাঁহার সহিত আমাদিগের যে সম্বন্ধ তাহাই চির কাল স্থায়ী থাকিবে এবং তাঁহারই আশ্রয়ে চির দিন আমাদিগকে বাস করিতে হইবেক। আমাদিগের মনে যদি ইহা নিশ্চয় স্থির হয় যে আমরা যে স্ত্রী পুক্র পিতা মাতা জাতু বন্ধু গণের প্রণয় পাশে মুগ্ধ হওয়াতে ঈশ্বরেক ভূলিয়া কাল্যাপন করিতেছি এবং যে ধন মান যশ সম্পত্তির অমুরোধে এক এক সময় ধর্মকে পরি-ত্যাগ করিতে উদাত হইতেছি, সে স্ত্রী পুত্র পিতা মাতা প্রভৃতি পরিবার গণকে অবশাই ত্যাগ করিয়া এক দিন এখান হইতে আমাদিগকে গমন করিতে হইবেক এবং আমাদিগের এ প্রথি-বীর ধন মান, যশ, সম্পত্তি সকল এ প্রথিবীতেই পড়িয়া থাকি-বেক কিন্তু যে ঈশ্বরকে বিশ্বত হইয়া কাল যাপন করিতেছি, जिनि जागानिगरक পরিত্যাগ করিবেন না এবং যে ধর্মকে অবহেলা করিয়া ত্যাগ করিতে উদাত হইতেছি, দেই ধর্মাই क्तितल आमां फिरावत माञ्चत माञ्ची इहेरतक, जाहा इहेरल এहे पर्छ আমাদিগের মনের গতি ও কার্য্যের প্রকার আর এক রূপ হইয়া ষায়। আমরা উৎসাহ পূর্বক ধর্ম সাধন করিতে প্রবৃত্ত হইতে পারি এবং প্রাণপণে ঈশ্বরের শরণাপন্ন **হইতে** ইচ্ছুক হই, धर्मात निमित्त यपि आमापिशतक अत्नक श्रकात देवधात्रक द्वःथ স্বীকার করিতে হয় তাহাতেও আমাদিগের বিশেষ কোভ উপস্থিত হয় না। যে সুখ আমরা নিত্য কাল ভোগ করিতে পারিব, অবশাই আমরা সেই স্থুখ সঞ্চয় করিতে উদ্যোগী হুই এবং তাহাতেই আমাদিগের বিশেষ আন্থা ও বিশেষ যত্ন উপ-স্থিত হয়। হে ব্রাহ্মগণ! অবশেষে আমার এই নিবেদন যে আমরা যে বিশ্বাদের প্রতি নির্ভর করিয়া ধর্ম্ম পথের পথিক হই-शांकि, जांदा मृगज्ञिकतांत्र जल तांद्रित नाग्न जम विश्वान नट्ट,

তাহার তুল্য সমূলক সতা বিশ্বাস আর কিছুই নাই, আমরা যথার্থ স্থা সিন্ধুকেই লক্ষ্য করিয়া ধাবিত হইয়াছি, অতএব আমাদিগের আশা কথন বিফলা হইবেক না।

ওঁ একমেবাদ্বিভীয়ং।

১৭৭৮ শক। সাৰংসরিক ব্রাহ্ম-সমাজ।

🕈 প্রথম বক্তৃতা।

মাঘ মাদের একাদশ দিবদে এই ব্রাক্ষ-সমাজ সংস্থাপিত হয়, অদা সেই মাঘ মাসের একাদশ দিবস। অদা আমাদিগের পরমানন্দের দিবস, আমরা ইহার তুল্য আনন্দময় উৎসব দিবস সম্বংসরের মধ্যে আর প্রাপ্ত হই নাই। মনের কি আশ্চর্যা ধর্ম, কোন প্রিয়তম প্রীতিকর ঘটনার আফুসঙ্গিক কোন বিষয় প্রত্য-क्षीकुछ इहेरल आश्रना इहेराउहे आनरमत छेमग्र हम। या स्थारन কোন অসাধারণ মাঙ্গলিক কার্য্য সম্পন্ন হয় এবং যে লোকের প্রয়ত্মে কোন-পরম কল্যাণকর প্রিয়ত্ম কার্য্য অন্নৃষ্ঠিত হয়, সেই° স্থান ও সেই লোককে প্রত্যক্ষ করিলে অথবা তাঁহার নাম স্মরণ क्रिल रायम मरनामर्था जानना इहेर्ड जास्लाम উপস্থিত हा, त्में क्रिंश वेष्माद्वे माद्या (व ममग्न ७ व्य मिवरम क्लान कला) । দায়ক ঘটনা সম্ভূত হয়, সেই সময় ও সেই দিবস উপস্থিত হই-লেও মনেতে আপনা হইতে একটি অপূর্ব্ব আনন্দ জন্ম। যাঁহারা ব্রাক্ষ-ধর্ম রূপ স্বর্গীয় স্থধাপান করিয়া আপনাদিগের চিত্ত ক্ষেত্রকে পবিত্র করিতে পারিয়াছেন, যাঁহারা ইহার প্রদত্ত ত্বর্লভ উপদেশ প্রাপ্ত হইয়া কাল্লনিক ধর্মের কন্টকারত পথ হইতে পরাংমুখ হইয়া ব্রহ্মধাম গত সতা ধর্ম রূপ সরল পথের পথিক হইতে পারিয়াছেন এবং যাঁহারা এই সমাজে উপবেশন পূর্বক এই ধর্মের অপুর্বর তত্ত্ব প্রবণ করত আপন মনকে জগদীশ্বকে সমাধান করিয়া মন্ত্রা জন্মকে সফল করিয়াছেন, এই দিবস তাঁহাদিগের পক্ষে অতুল আনন্দের দিবস। অদা তাঁহাদিগের

মন অবশাই আহ্মাদ দাগরে ভাগদান হইতেছে, অদ্যকার প্রভা-তকে তাঁহারা মুপ্রভাত মনে করিয়াছেন, অদ্যকার সূর্য্য তাঁহা-দিগের সম্বন্ধে অমৃত কিরণ বর্ষণ করিয়াছে এবং অদ্যকার এই যামিনীকে তাঁহারা মধু যামিনী বোধ করিতেছেন। যাঁহার উপাদনার জন্ম ১১ মাঘে এই দমাজ স্থাপিত হইয়াছিল, ভাঁহা-রই প্রসাদাৎ ইহা এ পর্যায় জীবিত থাকিয়া ক্রমাগত উন্নতি প্রাপ্ত হইতেছে এবং তাঁহারই আরোধনার জন্য অদ্য আমরা সকলে এন্থলে সমাগত হইয়াছি অতএৰ এ ক্ষণে সকলে একবার তাঁহার মহিমা চিন্তন পূর্ব্বক তাঁহাকে মনের সহিত নমস্কার করা উচিত। দেই সর্বদর্শী ও সর্কানিয়ন্ত পর্ম পুরুষ যে কোন্ সূত্র ও কোন্ কৌশলে আমাদিগের শুভ সাধন করেন, তাহা কাহার সাধ্য যে বুদ্ধি স্বারা স্থির করিতে সক্ষম হয় ? যে বঙ্গদেশে ক্রমাগত কাল্ল-নিক ধর্মা বিরাজ করিয়া আপনার ছুস্ছেদ্য কুটিল জাল বিস্তার করত বহু সংখ্যক অবোধ লোককে দৃঢ়তর রূপে বন্ধ করিয়াছে, যেখানে ধর্মের মূর্ত্তি নানামতে বিকৃত হইতে আর ক্রটি হয় নাই, रयरमणीय लाकि धर्म नाधक छ्लान कतिया कान श्रकात कृकिया অনুষ্ঠান করিতে আর অপেক্ষা রাখে নাই, যে দেশীয় লোকের মনঃকল্পিত অবাস্তৰ ধর্মাত্মণত অন্তুষ্ঠান সমূহের নাম শ্রেবণ করিলে যথার্থ ধর্ম-প্রায়ণ সোককে স্তব্ধ হইতে হয় এবং ক্রমা-গত অলীক ধর্মারূপ অন্ধাকৃপ মধ্যে বাস করাতে যে দেশীয় লোকের জ্ঞান চক্ষু এত ছর্বল হইয়াছিল যে সত্য ধর্মারূপ নির্মাল রত্বের কণামাত্রও তাহাদিগের চক্ষে সহ্য হইত না। क मान कतिया किल या तमहे रक्रामा था के श्रम श्रीक उ किन धर्म প্রকাশিত হইয়া তত্রন্থ লোকের মানসন্থিত ভ্রমান্ধকারকে দুর করিবে এবং তাহাকে পরম সত্যের অধিষ্ঠান ভূমি করিয়া তাহার মহন্তর কীর্ত্তি পতাকাকে সর্ব্বত্র উড্ডীন করিবে ! কাহার মনে ছিল যে দেই জ্ঞানহীন বঙ্গ ভূমি হইতে জ্ঞান চর্চিত দ্বীপ দ্বীপা-স্তবের মহুষ্য সকল নির্দাল ধর্ম তত্ত্ব লাভ করিয়া আপনাদিগকে চরিতার্থ বোধ করিবে এবং সেই বঙ্গ ভূমি হইতে পবিত্রতর ব্রাক্ল-ধর্মের কিরণ জাল দিগ্দিগন্তরে ধাবিত হইবে ! কিন্তু সেই অনির্বাচনীয় অশেষ শক্তি সম্পন্ন করুণাকর আদি প্ররুষের এমনি অপার মহিমা যে তিনি কুপা করিয়া এই তমদাচ্ছল দেশে এক মহাপুরুষকে অবতীর্ণ করিয়া এখানে এই পরমোৎকৃষ্ট ত্রাক্ষ-ধর্ম প্রচারিত হইবার কারণ স্জন করিলেন এবং সেই মহা-পুরুষ হইতেই প্রথমতঃ এই সমাজ সংস্থাপিত হইল। যে অসামান্ত ধীশক্তি সম্পন্ন মহাপুরুষের প্রয়ত্মে প্রথমতঃ এই সমাজ সংস্থাপিত হয়, এ ক্ষণে তাঁহার নাম স্মরণ করিয়া শরীর পুলকে পূর্ণ ছইতেছে এবং তাঁহার নাম উচ্চারণ করিতে ভাবেতে কণ্ঠা অবরুদ্ধ হইতেছে, বোধ হয় সেই বিশ্ব বিখ্যাত রাজা রামমোহন রায়ের নাম এ দেশীয় আবাল বুদ্ধ দকল লোকেরই শ্রুতি গোচর হইয়া থাকিবে এবং দেই অসামান্ত কীর্ত্তি সম্পন মহাপুরুষ বহু দূর স্থিত দ্বীপান্তরীয় লোকের নিকটও অপরিচিত নহেন। তিনি যে স্থকে এই ব্রাহ্ম-সমাজ সংস্থাপন করেন এবং তাঁহা হইতে যে প্রকারে এই চিরস্থায়ী মহদ্বাপার সম্পন্ন হয়, তাহা অতি আশ্চর্যা। ভুবন বিখ্যাত পণ্ডিত চূড়ামণি সর আই-করিয়া ভাহার বিষয় আলোচনা করত স্বপূর্ব্ব জ্যোতির্ব্বিদ্যার প্রচার করিয়াছিলেন বিশ্বমান্য উইলিএম হার্মির সাহেব যে রূপ শরীরস্থ শিরা মধ্যে কবাটবৎ সমূহ অবরেধি স্থান সন্দর্শনি করিয়া তদ্বিষয় চিন্তা করিতে করিতে শোণিত সঞ্চরণের প্রকৃত তত্ত্ব প্রকাশ করিলেন, রাজা রামমোহন রায়ও সেই প্রকার এ দেশের কাল্পনিক ধর্ম্মের বিকৃত ভাব সন্দর্শন পূর্ব্বাক তাহা নিবারণ করি-বার উপায় অম্বেষণ করত এবং সত্য ধর্ম্মের স্বরূপ চিন্তা করত অতি সামান্য সূত্রে ব্রাহ্ম-ধর্মের এই পরম তত্ত্ব প্রকাশ করেন। ভৃষণাতুর মৃগ ষেমন স্থাতিল জল প্রাপ্ত হইলে ভৃপ্ত হয়, ধর্ম ভৃষণাতুর রাজা রামমোহন রায়ও দেই রূপ এই পরম ধন ব্রাহ্ম-ধর্মের মর্ম্ম লাভ করিয়া ভৃপ্ত হইলেন এবং তিনি যে অপূর্বা অমৃত পান করিয়া আপনার ধর্ম তৃষ্ণার শান্তি করিলেন, সেই স্থা পান করাইয়া সকলকে স্থা করিবার উদ্দেশে এই ব্রাক্ষ-সমাজ সংস্থাপন করিলেন। রামমোহন রায়ের মন স্থার্থপর

দামান্ত প্রক্ষের ন্যায় ছিল না, তিনি যে কোন অমূল্য রত্ন প্রাপ্ত হইয়া তাহা কেবল আপনি লাভ করিয়াই ক্ষান্ত থাকিবেন এবং কেবল আপনার স্থােই সম্পূর্ণ স্থা জ্ঞান করিবেন ভাছার সম্ভা-বনাকি? তিনি এই ব্রাক্ষ-ধর্ম রূপ অমূল্য নিধি প্রাপ্ত হইয়া ক্রমাগত মুক্তচিক্তে বিভরণ করিতে আরম্ভ করিলেন এবং এই ধর্মের উন্নতি সাধন করণার্থে নিরস্তর ব্রতী হইলেন। বাহাতে नर्कारमधीय ও नकल क्यां जीय त्लारक जोक्क-धर्मा क्रम व्यव्ह उत्मत আস্বাদ গ্রহণে অধিকারী হটতে পারে, তিনি ক্রমাগত তদুপ-যোগী নানা পথ প্রস্তুত করিতে লাগিলেন, তিনি ভারতবর্ষ মধ্যে যথার্থ ধর্মা তত্ত্ব প্রকাশ করিতে যাদৃশ যত্ন ও যে পর্য্যন্ত পরিশ্রম সীকার করিয়াছেন, তাহা আমরা এই রূপে বংসরান্তে এক দিন কিয়ৎকাল বর্ণন করিয়া কি প্রকাশ করিব, তাহা প্রতি দিন কীর্ত্তন করিলেও শত বৎসরে শেষ হইবার নহে। রাজা রামমোহন রায় যে দিন কোন এক ব্যক্তিকে প্রকৃত ধর্মের উপদেশ প্রদান করিতে না পারিতেন সে দিবসকে তিনি বিফল বোধ কবিতেন এবং যে দিন তিনি কোন প্রকারে কোন বাক্তির মনে জগদীশ্বরের 'প্রকৃত তত্ত্বের আবির্ভাব করিতে দক্ষম হইতেন দে দিবদকে তিনি পরম শুভ দিন বলিয়া গণ্য করিতেন, তিনি এ দেশের নিতা কল্যাণের কারণ হইয়া পৃথিবীতে আবিভূতি হইয়াছিলেন। তিনিই জননী জন্ম ভূমির যথার্থ হিত সাধন করিয়া গিয়াছেন, এবং ভাতৃ স্বরূপ স্কাতির প্রকৃত মঙ্গলের বীজ বপন করিয়াছেন, তাঁহাকে উৎপাদন করিয়া এ দেশ পৃথিবী মধ্যে ধন্য হইয়াছে এবং তাঁহার উৎপত্তি জন্ম হিন্দু জাতি সংসার মধ্যে গণ্য হই-য়াছে, তিনি আমাদিগকে যে ঋণ পাশে বন্ধ করিয়া গিয়াছেন, ভাহা হইতে আমরা কোন কালেই মুক্ত হইতে পারিব না এবং তাঁহার অসদৃশ অমৃত গুণাবলী আমরা জীবন সত্ত্বেও ভূলিতে পারিব মা, তিনি স্বজাতির ও স্বদেশের কল্যাণ সাধন করিতে পদের বিচার করেন নাই, মানের বিচার করেন নাই এবং আপ-নার ভোজন পান শয়নাদি কোন প্রকার শারীরিক কার্য্যেরও নিয়মের প্রতি দৃষ্টিপাত করেন নাই। নীচ হউক আর ভদ্রই

হউক ধনীই হউক আর নির্দ্ধন হউক পণ্ডিতই হউক আর মূর্থই হউক প্রকৃত ধর্মের তত্ত্ব জিজ্ঞাস্থ হইয়া তাঁহার নিকট যে কোন ব্যক্তি গমন করিত তিনি তাহাকেই ভাতু সম্বোধন করিয়া সাদরে সকল বিষয় জ্ঞাত করিতেন, আহার কালেও তাঁহার নিকট কোন বাজি ঈশ্বরের প্রেমাতুরাগী হইয়া গমন করিলে তিনি আহার পরিত্যাগ পূর্ব্বক হাট মনে তাহাকে ঈশ্বর প্রসঙ্গ দ্বারা পরিত্ত্ত করিতেন এবং তাঁহার শয়নের সময় কেহ পরমার্থ প্রসঞ্গ উপ-স্থিত করিলেও তিনি তাহাতে উন্মত্ত হইয়া নিজাকে বিশ্বত হইতেন। তিনি যেমন স্বদেশীয় লোককে জগদীশারের প্রেম-রদের রদিক করিয়া স্থখী করিবার জন্ম সর্বাদা যত্ন করিতেন, দেই রূপ স্বদেশ মধ্যে জগদীশ্বরের প্রিয়কার্যা প্রচলিত ও অপ্রিয় কার্য্য রহিত করিয়া তাহার শ্রীসম্বন্ধনে সভত অন্মরাগী ছিলেন, তাঁহারই প্রযন্ত্রে সহ গমন নিবারণ হইয়া ভারত ভূমি স্ত্রী হত্যা রূপ গুরুতর পাপ ভার হইতে পরিত্রাণ পাইয়াছে এবং তাঁহার যত্ন হেতু এ দেশীয় লোকের কুসংস্কার জনিত অনেক কুকর্ম নিবা-রিত হইয়াছে। যে শুভকর বিধবা বিবাহের পদ্ধতি প্রচলিত হইতে আরম্ভ হওয়াতে এ কণে আমরা আহলাদিত হইতেছি; রাজা রামমোহন রায় তাঁহার জীবদশায় সেই পদ্ধতি প্রচলিত করিবার জন্ম অনেক আয়ান ও অনেক যত্ন করিয়াছিলেন; এক প্রকার তিনিই এ শুর্ভ কর্ম্মের স্থত্র পাত করিয়া যান, তিনি জীবিত থাকিয়া তাঁছার এই শুভ সঙ্কল্প নিদ্ধি সন্দর্শন করিলে তিনি যে কি পর্যান্ত সন্তোষ লাভ করিতেন তাহা আমরা মনে-তেও ধারণ করিতে পারি না! যাহা হউক তাঁহার নেই শুভ কামনা যে জগদীশ্বর এত দিনে পূর্ণ করিলেন ইহাতে আমঁরা সকৃতজ্ঞ চিত্তে ঈশ্বর পদে বার বার প্রণিপাত করি। রামমোহন রায়ের মনে যে এই রূপ কত প্রকার মঙ্গল সম্বল্ল ছিল, তাহা আমরা কি বলিব, তাঁহার সকল কামনা সিদ্ধ হইলে মর্তা লোক এক্ষণেই স্বৰ্গ লোক হইয়া উঠে। নিতা কাল পৰ্যান্ত পৃথিবীর উন্তির সহিত তাঁহার মঙ্গলময় সঙ্কল্ল সকল সিদ্ধ হইতে থাকিবে। ফলতঃ তিনিই প্রকৃত মন্থ্যা পদ বাচা এবং যথার্থ গৌরবান্বিত।

যে পথে গমন করিলে মন্ত্রয় যথার্থ রূপে গৌরবের সহিত দাক্ষাৎ করিতে পারে তিনি সেই পথের পথিক হইয়াই যাবজ্জীবন ক্ষেপণ করিয়া গিয়াছেন। পৃথিবী মধ্যে কর্মক্ষম কীর্ত্তি কুশল পুরুষের অভাব নাই, জল হল সকল স্থানেই মন্ত্রা জাতি বিরাজ क्रिडिट वर श्रीय नर्क्वे मञ्चार कार्या विमामान इहि-য়াছে। আমরা যখন কোন নদী তীরে উপনীত হইয়া ইতস্ততঃ অবলোকন করি তথনও শত শত ব্যক্তিকে শত শত প্রকার কার্য্যে আবুত দেখিতে পাই এবং যথন কোন গ্রাম নগর বা বিপণি মধ্যে প্রবেশ করি তৎকালেও নানা মর্ম্থাকে নানা ব্যবসায়ে ব্যাপৃত সন্দর্শন করি, কিন্তু যে মহুষ্য দ্বারা পৃথিবীর নিত্য কল্যাণ উদ্রাবিত হইতে পারে, যাহার প্রয়ত্মে মন্ত্র্যোর নিত্য মঙ্গল সঞ্চা-রিত হয়, যে ব্যক্তি কেবল আত্ম স্থাখ সুখী না হইয়া স্বজাতির ও স্থদেশের গৌরব বর্দ্ধনের জন্য ব্যস্ত থাকে এবং অন্যের স্থুখ দাধন করিয়া স্থা হয়, দে প্রকার উদার স্বভাব মহৎ মত্র-ষোর সংখ্যা অতি অল্প, সেই স্বার্থপরত। শূন্য সাধু ব্যক্তিই যথার্থ মন্ত্র্যা পদ বাচ্য এবং সেই ব্যক্তিই যথার্থ রূপে মহত্ত্বের আস্পদ। 'ভাহারই প্রতি মন হইতে শ্রেদ্ধার ধারা উৎদারিত হইয়া পতিত হইতে থাকে এবং সেই ব্যক্তিই আপনা হইতে সকলের আন্তরিক প্রীতি আকর্ষণ করে; স্থতরাং রামমোহন রায়ের প্রতি আমাদি-গের শ্রন্ধার উদয় হওয়া কোন রূপেই আশ্চর্য্যের বিষয় নছে। তিনি এ দেশের মঙ্গলের জন্য সংখ্যাতিরিক্ত অর্থ ব্যয় করিয়া যান নাই এবং প্রশস্ত দীর্ঘিকা ও স্থরমা সরোবর, অত্যুচ্চ অউালিকা বা স্থদীর্ঘ রাজ পথ প্রভৃতি কোম প্রকার অসাধারণ বাহ্যিক কীর্ত্তিও প্রকাশ करंद्रन नारे, किन्न आमामिश्वद हिल्बर निमिन्न जिनि य अमूना জ্ঞান ধন ব্যয় করিয়া গিয়াছেন, কোটি স্বর্ণ মুদ্রাও তাহার এক কণার সহিত সমতুল্য হইতে পারে না এবং তিনি এই ব্রাক্ষ-ধর্ম রূপ যে অপুর্ব্ব মঞ্চ নির্মাণ করিয়া গ্রিয়াছেন, কোটি শতাব্দেও তাহার এক বিন্দু মাত্র ক্ষয় হইবার নহে, তিনি এমন অক্ষয় কীৰ্ত্তি ক্ৰিয়া যান নাই যে তাহা কন্মিন্ কালে কোন রূপে অপনীত হইবে, ব্রাক্ষ-ধর্মের উন্নতির সহিত তাঁহার মহিমা

মঞ্চ ক্রমাগত বন্ধিত হইতে থাকিবে এবং তছুপরি তাঁহার কীর্ত্তি পতাকা নিয়ত উভ্জীয়মান হইবে।

मञ्चरात धर्म मः कांत्र পति एक ना इहेल, य जाहारक कि পর্যান্ত অধমাবস্থায় অবস্থান করিতে হয় এবং তাহা দ্বারা যে কি পর্যান্ত বিগর্হিত কর্ম অমৃষ্ঠিত হইতে পারে, তাহা বুদ্ধিমান্ লোকে অনায়াদেই বিবেচনা করিতে পারেন এবং তাহা আমা-দিগের এদেশে ও অন্যান্য দেশে স্থাস্থাই প্রকাশ রহিয়াছে। এদেশের জ্ঞান হীন ভাত্ত লোকে আপনাদিগের মনঃকল্পিত কাম্পানিক ধর্ম্মের অনুষ্ঠান উপলক্ষে যে গকল কুক্রিয়ার অনু-ষ্ঠান করিয়াছে, ভাহার নাম করিতে লক্ষা বোধ হয় এবং শরীর লোমাঞ্চিত হইয়া উঠে, মনুষ্যু সমাজে সে সমস্ত অমুষ্ঠান প্রচ-লিত থাকিলে তাহাদিগকে পশু অপেক্ষাও অধম হইতে হয় এবং অচিরেই তাহার বিনাশ হয়। রামনোহন রায় ব্রাক্ষ-ধর্মের অপূর্ব্ব তত্ত্ব প্রকাশ করিয়া দেই সমস্ত কুৎদিত ক্রিয়ার একেবারে মূল উৎসেদ হইবার পথ করিয়া গিয়াছেন, তাঁহার প্রতিষ্ঠিত এই ব্রাহ্ম-ধর্মা অবলয়ন করিলে মহুষাকে কোন মতেই কলস্কিড হইতে হয় না এবং কোন প্রকার দুঃখ ভোগ করিবার আবশাক করে না, প্রত্যুত ইহা দ্বারা মন্তব্য সর্ব্ব প্রকার সংকর্মের আধার হইয়। আপনার জন্মকে সার্থক করিতে পারে এবং সকল প্রকার উৎকৃষ্টতর স্থাবে আসাদ গ্রহণ করিয়া তৃপ্ত হইতে সমর্থ হয়। **এই পরম পবিত্র ব্রাহ্ম-ধর্মে প্রতারণার নাম নাই, প্রবঞ্চনার** लिम नारे এবং कभरेजात ও आखित अनक्छ नारे, रेटा मण्यून সত্য মূলক বিশুদ্ধ ধর্ম। ঈশ্বর প্রীতিই এধর্মের প্রাণ স্বরূপ এবং তাঁহার প্রিয় কার্যা দাধনই ইহার অভুষ্ঠান। রামমোহন রায় এই পর্মোৎক্র পবিত ধর্ম প্রকাশ করিয়া যেমন আমাদিগকে অসংখ্য প্রকার ভ্রম জাস হইতে উদ্ধার করিয়া গিয়াছেন, সেই क्रभ आमामिशक निर्माल नेश्वेत शांकि आञ्चामन कतिरांत अधि-কারী করিয়াছেন। তাঁহার মহত্ত্ব গুণ আমরা চির দিন গান করিয়াও শেষ করিতে পারিব না। কিন্তু ছুঃখের বিষয় এই যে যে মহাত্মা রাজা রামমোহন রায় আমাদিগের দেশের এত উপ-

কার সাধন করিয়া গিয়াছেন, যাঁহার উপকার আমরা অদ্যাপি ভোগ করিতেছি এবং চিরকালই আমাদিগের এদেশীয় লোকে ভোগ করিতে থাকিবে, অনেকে তাঁহার প্রবগাহ্য মহান্ভাব ধারণ করিতে অক্ষম হইয়া তাঁহার প্রতি নানাবিধ অলীক কথার আরোপ করিয়া আপনার কর্ত্তব্য সাধনের ভ্রাট করিতেছেন। তাঁহার যে প্রকার তেজখিনী বুদ্ধি ছিল এবং ডাঁহার ধর্ম যাদৃশ পরিষ্কৃত ও নিশ্মল ছিল, তাহা তাঁহার রাশি রাশি কার্যা দ্বারা প্রকাশিত রহিয়াছে, এবং আমরাও তাহা পুনঃ পুনঃ সকলকে জ্ঞাত করিয়াছি, কিন্তু তথাপি অনেকে তাঁহার ভাব বুঝিতে না পারিয়া অদ্যাপি অনেক প্রকার অলীক অপবাদ রটনা করেন। যে রামমোহন রায় এই তমদাচ্ছন্ন ভারতবর্ষের মধ্যে স্বীয় জ্ঞান বলে ব্রাহ্ম-ধর্মের জ্যোতি প্রকাশ করিলেন, যিনি স্বীয় শক্তি ক্রমে হিন্তুদিগের তীক্ষু কণ্টকারত শাস্ত্রের নিবিড় বন ভেদ कतिश यथार्थ अर्त्मात श्रामञ्ज श्रान्छ शास्त्रत উপनी इहेटलन, এবং যাঁহার তর্করূপ অদি দারা সমস্ত শাস্ত্রীয় ভ্রম গ্রন্থি সকল ছিল ভিন্ন হইয়া গেল, ভাঁহাকে কেহ কেহ মভবিশেষামূবৰ্ত্তী খ্ৰীফীন বোধ করিয়া থাকেন। কেহ কেহ কহেন, যে তিনি একেশ্বর বাদী প্রীষ্টান ছিলেন অর্থাৎ তিনি কাইষ্টকে এক মাত্র পরিত্রাণ কর্ত্তা মনে করিতেন এবং তাহাকে অলৌকিক শক্তি সম্পন্ন অদ্ৰুত জীব বলিয়া প্ৰভায় করিভেন ও বাইবেল শাস্ত্ৰকে এক মাত্ৰ ধর্ম শাস্ত্র বিবেচনা করিতেন মরামমোহন রায়ের নিচ্চলঙ্ক নামে একলস্ক আমাদিগের কোন রূপেই সহ্য হয় না।

তিনি যে এক মাত্র জগদীশ্বর ভিন্ন আর কাছাকেও পরিত্রাণ কর্ত্তা মুক্তি দাতা মনে করিতেন না এবং কোন মন্ত্রয়কেই
কিছরের নিয়ম বর্জিত অলোকিক শক্তি সম্পন্ন অন্তুত জীব
বলিয়া বিশ্বাস করিতেন না এবং এই বিশ্বরূপ বিশাস গ্রন্থ ভিন্ন
মন্ত্র্য করিতে অনা কোন গ্রন্থকে এক মাত্র ধর্ম শাস্ত্র বলিয়া
বিশ্বাস করিতেন না, তাহা পদে পদেই প্রতিপদ্ন করা যাইতে
পারে, তাহা পশ্চাৎ উক্ত এই কএকটি বাক্রের প্রতি মনোযোগ
করিলেই সকলে অনায়াসে জ্ঞাত হইতে পারিবেন।

রানমোহন রায় এক মাত্র অনাদি কারণকেই সৃষ্টি স্থিতি **छत्र कर्छ। मर्खछ मर्खवाभी मर्खमालिमान नेश्वत मान कतिएन,** তাঁহাকেই আপনার ঐহিক ও পার্ত্তিক সমস্ত শুভাশুভের কর্ত্তা বলিয়া প্রভায় যাইতেন, তদ্ভিন্ন আর কোন মনুষ্যকে অদিভীয় ঐশী শক্তি সম্পন্ন বিশ্বাস করিতেন না এবং য়েও খ্রীফকে মন্তব্য জাতির মধ্যে এক জন উৎকৃষ্ট সাধু ব্যক্তি জ্ঞান করিয়া তাঁহার বাকা ও কার্যাকে সাধু ও মহাজনের চরিতের ন্যায় মাল্য করি-তেন, রামমোহন রায়ের মনে কিছু মাত্র ছেব ছিল না, তিনি কোন গ্রন্থ বিশেষ ও লোক বিশেষকে শ্রন্ধা করিয়া অপর গ্রন্থ ও অপর লোকের প্রতি অশ্রদ্ধা করিতেন না, তিনি যে কোন ভাষায় যে কোন গ্ৰন্থ হইতে যথাৰ্থ তত্ত্ব প্ৰাপ্ত হইতেন, তাহাই যত্ন পূর্ব্বক গ্রাহ্য করিতেন এবং কোন দেশে কোন জাতির मध्या नेश्वत श्रदायन धार्मिक लाक मन्दर्भन कवित्व जाहारकहे শ্রদা করিয়া তাহার যুক্তি সমেত সাধু কর্মের অন্তুগামী হইতে চেষ্টা করিতেন, এজনা তিনি বাইবল গ্রন্থ হুইতে য়েশু খ্রীষ্ট প্রোক্ত কএকটি মছপদেশ উদ্ধৃত পূর্ব্বক পুস্তকাকারে মুক্তিত করিয়া প্রচার করিয়াছিলেন, এবং তিনি যে হলে ঐ সকল উপ-দেশের পোষকতা ও প্রতিষ্ঠা করিয়াছিলেন, নেই হলে ঐ • উপদেশ দাতা প্রীষ্টের প্রতি আপনার মনোগত শ্রদ্ধাও ব্যক্ত করিয়াছিলেন, কিন্তু তল্পারা তাঁহার ব্রাক্ষ-ধর্মান্থগত মডের কিছু মাত্ৰ অন্যথা প্ৰকাশ পায় নাই।

তিনি যৎকালে এদেশীয় পৌতলিকদিণের সহিত বিচার করিয়াছেন, এবং তাহাদিগকে ধাতু কান্ঠ ও জল মৃতিকাদি পরিমিত পদার্থের উপাদনা পরিত্যাগ করিয়া মুক্তির জনা এক মাত্র জগদীশ্বরের আরাধনা করিতে পুনঃ পুনঃ অন্তরোধ করিয়াছেন, তৎকালে কাহাকেও প্রীটের শরণাপন হইয়া বাইবল প্রস্থের মতান্তগত অন্তর্ভান করিতে উপদেশ দেন নাই। তিনি যদি প্রীটকেই এক মাত্র মুক্তির কারণ জানিতেন, এবং বাইবল গ্রন্থকেই কেবল ধর্ম গ্রন্থ বলিয়া প্রত্যের যাইতেন, তাহা হইলে অবশ্যই সকলকে তদমুরূপ উপদেশ প্রদান করিতেন। তিনি

হিন্দু দিগের সহিত বিচার স্থলে কোন কোন একেশ্বরবাদী প্রীন্টান দিগের নাগ্ন কথনই প্রীন্টেরও বাইবল গ্রন্থের নাম উল্লেখ করেন নাই। তাঁহার কেবল এই মাত্র উপদেশ ছিল, যে তোমরা কাঠ লোঠাদির আরাধনা করিয়া কদাপি ঈশ্বর সেবার স্থান্থাদন করিতে সমর্থ হইবেনা, ইহা পরিত্যাগ করিয়া স্থান্টির কাবণ আকার রহিত এক মাত্র জগদীশ্বরের আশ্রয় প্রহণ কর, অনায়াসে ঐহিক পার্ত্রিক মঞ্চল লাভ করিবে।

বিতীয়ত রাজার জীবদশায় তাঁহার সহিত থাঁটান ধর্ম লইয়া তৎকালীন ফুণ্ড অবইণ্ডিয়া নামক পত্র সম্পাদকের সহিত অনেক বিচার হইয়াছিল, তাহাতে তিনি খ্রীষ্টের অলেপ্তিক ক্রিয়া সম্পাদনের প্রতিকূলে বছ প্রকার যুক্তি প্রদর্শন করিয়া এক কালে তাহা খণ্ডন করিয়া গিয়াছেন, বিশেষতঃ তিনি স্বীয় ধর্ম প্রতায় প্রচার করিবার জন্ম তেফিতুল মোহদীন নামক যে এক গ্রন্থর বচনা করেন ভাহাতে পরিস্কার করিয়া লিখিয়াছেন, 'যে জ্বগদীশ্বের প্রতিষ্ঠিত নিয়ম বিরুদ্ধ কোন কার্যা কেছই সম্পন্ন করিতে পারে না। যাহারা তাঁহার নিয়মের বিপরীত কোন প্রকার অলৌকিক ক্রিয়া সম্পন্ন করিবার অভিমান করে, তাহারা প্রতারক। ধৃর্ত্ত প্রতারক লোকে নানা প্রকার কুহক। किया द्वारा वर्त्वत लाक निगरक श्रेष्ठात्रेश करत এवर मूर्थ लारक তাহাদিগের ধর্তা ধৃত করিতে না পারিয়া জ্বনায়ালে প্রতারিত হয়। " ভ্রাপ্ত মতুষা দিগের এমনই স্বভাব যে যে কার্যোর উৎ-পত্তির কারণ তাহাদিগের বোধ গদা না হয় তাহাকে তাহারা অলোকিক ৰলিয়া প্ৰতায় করে।" তাঁহার অভিপ্রায় এই যে যাহালে জগদীশ্ব প্ৰণীত নিয়ম্ সমস্ত বিশেষ পৰ্যালোচনা করিয়া দেখে এবং সমুদায় প্রাকৃতির ঘটনার কার্য্য কারণ সমন্ধ স্থির করিতে সমর্থ হয়, তাহার। কথনই এক জন মতুষা দ্বারা মৃত ব্যক্তির জ বন সঞ্চার হওয়া এবং ইহ শরীরে কোন মন্ত্রের স্বৰ্গ মদৃশ লোক বিশেষে উপনীত ইওয়া প্ৰভায় করিতে পারে না। জগদীশবের নিয়ম বিরুদ্ধ কোন প্রকার অসম্ভব ব্যাপার

যে কোন রূপেই সম্পন্ন হউতে পারে না, তাহা রামমোহন রায় স্থপ্রশীত নানা গ্রন্থে নানা প্রকারে প্রতিপন্ন করিয়া গিয়াছেন।

ভূতীয়ত রামমোহন রায় যে কেবল বাইবল গ্রন্থকে ঈশ্বর প্রণীত ধর্ম শাস্ত্র বোধ করিতেন না, কাইউকে ঈশ্বর প্রেরিত মুক্তির কারণ একমাত্র বিশেষ ব্যক্তি বলিয়া প্রত্যয় যাইতেন না, তাহাও ভাঁহার রচিত উক্ত তৌকতুল মোহেদীন নামক গ্রন্থে প্রকাশিত রহিয়াছে। তিনি লিখিয়াছেন যে নানা ধর্মাবলম্বীরা নানা প্রকার মতের প্রচীর করিয়াছে, সকলেই স্বীয় স্বীয় মতের উৎকর্মতা প্রমাণ করিতে যত্ন করে, কিন্তু তাহাদিগের পরস্পর মত বিরোধের দ্বারাই পরস্পারের মতের থগুন হইতেছে, ভাহা অন্য কোন যুক্তি দ্বারা প্রমাণ করিবার আবশাক করেনা প্রভোক थर्मा हे मञ्चार प्राप्त मनः क्रिक अहे क्रम्य क्रिय औ मकल क्रिक धर्मा বিষয়ে এক জাতীয় মহুষা অন্য জাতির সহিত মিলিত হয় না নতুবা জগদীশ্বর দত্ত আহা সকল বিষয়ে তাহাদিগকে এক ধর্মা-ক্রান্ত দেখিতে পাওয়া যায়। সকল নতুষাই অগ্নিকে উষ্ণ বোধ करत এবং कंलरक भीजल कान करत। त्रकल प्रभीय मञ्चार वन-ন্তের পুষ্প শোভা ও বর্ষার রুফি ধারা সন্দর্শন করিয়া স্থুখী হয়, পৌর্ণমাসির অথগু মগুলাকার পূর্ণ শশধর সন্দর্শন করিলে সক-লেরই মনে পূলক জন্মে জ্যোতি সকলেরই প্রিয় এবং অঞ্কার সকলেরই অপ্রিয়, ক্ষুধাতে সকলেই কাতর হয় এবং আহার করিলে সকলেরি তৃপ্তি জন্মে, সৌভাগা সকলেরি প্রার্থনীয় এবং দরিক্রতা সকলেরি অপ্রিয়। ইত্যাদি বছতর স্বভাবনিদ্ধ বিষয়ে মন্ত্রমা জাতিকে এক ধর্মাক্রান্ত দেখা যায়, অতএব যাহা ঈশ্বর প্রণীত তাহাতে কাহারও বিরোধ উপস্থিত হইবার সম্ভাবনা নাই এবং তাহা কথনই কোন প্রকার যুক্তির বিরোধী হয় না। মন্ত্রা কেবল স্বার্থপর ও অভিমানপর হইয়া এক এক বিশেষ মতের প্রচার করিয়া গিয়াছে এবং অনেক অবোধ লোকে বুদ্ধির অভাবে ও অনেক বুদ্ধিমান্ লোকে স্বার্থ সাধন উদ্দৈশে অদ্যাপি দেই সেই মতের অমুবর্তী হইয়া রহিয়াছে। তিনি আরও লিখিয়াছেন. যে সকল মন্থ্যের প্রমার্থ জ্ঞানের জন্ম ও মুক্তির

নিমিত্ত যে জগদীশ্বর এক জন মতুষাকে বিশেষ শক্তি সম্পন্ন করিয়া প্রেরণ করিবেন ইহা নিতান্ত অসম্ভব। ভিন্ন ভিন্ন মতাব-লম্বিরা ভিন্ন ভিন্ন ব্যক্তিকে ঈশ্বর প্রেরিড বলিয়া উক্ত করে, যথা त्मानलमात्नता महस्त्रामरक ও शूर्व्याचन इष्ट्रामिता मूत्रा ও माजिमरक ধর্ম বক্তা বিশেষ ব্যক্তি বলিয়া প্রভায় যায় এবং ব্রাহ্মণাদি হিম্ফু বর্গে কোন কোন ঋষি প্রোক্ত বচন বিশেষকে ঈশ্বর প্রণীত বলিয়া স্বীকার করে কিন্তু ইহা দিগের মধ্যে কাহারও মতের সহিত কহিারও ঐক্য হয় না, যে বিষ্যুকে এক মতাবলম্বিরা প্রতিষ্ঠা করিয়াছে অপর ধর্মাবলম্বিরা তাহাতে আবার নানা विध দোষ প্রদর্শন করিয়াছে, এক মতে বাহাকে ধর্ম বলিয়া ব্যাখ্যা করিয়াছে অন্য মতে তাহাকেই পাপ কর্ম বলিয়া প্রতি-পন্ন করিয়াছে স্থতরাং ভাহাদিগের সকলকে ঈশ্বর প্রেরিত ধর্ম বক্তা বিশেষ বাক্তি বলিয়া সকলের মত স্বীকার করিতে হইলে বিষম বিপর্যায় উপস্থিত হইয়া উঠে, স্কুডরাং ইহার মধ্যে অপে-ক্ষাকৃত উৎকর্ষতা ও অপকর্ষতা নির্ণয় ক্কিতে হইলে অবশ্য যুক্তিকে অবলম্বন করা আবিশাক হয় এবং যুক্তি অবলম্বন করিলে আর কোন বাক্তি বিশেষকে ঈশ্বর প্রেরিত বলিতে পারা যায় না এবং বলিবার ও কোন আবশাক থাকে না। দূর দর্শী বুদ্ধিমান্ লোকে কথনই এপ্রকার যুক্তি বিরুদ্ধ ও পরীক্ষার বিপরীত বিষয় অঙ্গীকার করিতে পারেন না। যে কালে যে যে বাক্তি ঈশ্বর প্রেরিত বলিয়া প্রসিদ্ধ হইয়াছে তাহারা গকলে বাস্তবিক ঈশ্বর প্রেরিত হইলে সকলেরই এক প্রকার মত হইত কাহারও সহিত কাহারও মতের বিরোধ থাকিত না। জগদীশ্বরের নিয়ম অপরি-বর্ত্তনীয় তিনি সর্বাজ্ঞ সর্বাক্তিমান, তিনি প্রথিণীর সকল মঙ্গলই একদা জ্ঞাত হইয়া তদুপযোগী নিয়ম সকল এক কালেই স্থাপিত করিয়াছেন, কাল ভেদে কখন তাঁহার নিয়মের প্রভেদ হয় না। এম্বলে আমাদিগের একবার ইহা বিবেচনা করিয়া দেখা উচিত যে রামনোহন রায়ের যদি বাইবলকে এক মাত্র ধর্ম গ্রন্থ ও প্রীষ্টকে এক মাত্র ঈশ্বর প্রেরিড মুক্তি দাতা বিশেষ ব্যক্তি বলিয়া বিশ্বাস থাকিত তাহা হুইলে তিনি পূর্ব্বোক্ত প্রকার বিচার স্থলে স্বীয় গ্রন্থ মধ্যে বাইবলের উৎকর্মতা বর্ণন করিয়া যাইতেন কি না এবং খ্রীফকে ঈশ্বর প্রেরিড বিশেষ ব্যক্তি বলিয়া প্রতিপন্ন করিতেন কি না। যখন রামমোহন রায় এদেশীয় লোককে মুক্তির কারণ প্রকৃত ধর্মের শিক্ষা প্রদান করিবার সময় একাস্ত মনে এক জগদীশ্বরের আরাধনা করণ ভিন্ন কোন স্থলে খ্রীষ্টের শরণাপন হইবার কথা উল্লেখ করেন নাই, যখন তিনি হিন্দু নোসলমান ও গ্রীফানাদি ভিন্ন ভিন্ন দলের মনঃকল্পিত ধর্মা গ্রাস্থের অলীকত্ব ও অপ্রামাণিকত্ব প্রতিপন্ন করণ স্থলে বাইবল গ্রন্থকে এক নাত্র ঈশ্বর প্রণীত ধর্ম শাস্ত্র বলিয়া উল্লেখ করেন নাই, যখন তিনি প্রীফীয় ধর্ম বিষয়ক বিচার কালে প্রীষ্টের অলৌকিক ক্রিয়া সম্পন্ন করণকে নানা প্রকার যুক্তি ও তর্কের দ্বারা অসম্ভব ও মিথা। বলিয়া প্রতিপন্ন করিয়াছেন, যথন তিনি ধর্মা বিষয়ক মত ভেদের প্রতি একবারে ঘূণা প্রকাশ করিয়া গিয়াছেন এবং সকল মন্তব্দকেই ঈশ্বর আরাধনার তুল্যাধিকারি রূপে বর্ণন করিয়া গিয়াছেন তথন তাঁহার প্রতি বিপক্ষ দলের বিশঙ্কিত কোন প্রকার অলৌকিক মতের আশস্কা করা সঙ্গত হইতে পারে না এবং তাঁহাকে এক মাত্র বিশুদ্ধ ব্রাক্ষ-ধর্মাবলয়ী বাতীত আর কোন প্রকার কাল্পনিক মতামূগত মনে করিতে পারা যায় না। তিনি যে এই বিশ্বরূপ বিশাল গ্রন্থ ভিন্ন আর কোন গ্রন্থকে ঈশ্বর প্রণীত এক মাত্র ধর্মা শাস্ত্র মনে করিতেন না এবং জীবের মুক্তির জন্ম শুদ্ধ অপাপ বিদ্ধ প্রবিত্র পরমেশ্বরের আরাধনা বাতীত অন্য কোন মুমুষ্য বিশেষকে গুরু বা পথ প্রদ-র্শক ও ত্রাণকর্ত্তা মনে করিয়া তাহার দেবা করিবার অথবা ঈশ্বর উপাসনা কালে তাহার নাম উল্লেখ করিবার আবশ্যকতা বিবেচনা করিতেন না, তিনি যে কোন ব্যক্তিকে জগদীশ্বরের নিয়মাতীত অসম্ভব ব্যাপার সম্পাদন করিবার শক্তি সম্পন্ন প্রতায় করিতেন্ না, তিনি যে নিরপেক হইয়া নিরবলম্ যুক্তি সহকারে সকল দেশীয় ও সকল ভাষার গ্রন্থের সারোদ্ধার করিয়া গ্রন্থ করিতেন এবং তাহাই সকলকে উপদেশ দিতেন, তাহা প্রতিপন্ন করিবার জন্ম আর বাহুলা প্রমাণ প্রয়োগ করিবার আবশ্যক করে না, যাহা

কিঞ্চিং উক্ত হইল বুদ্ধিমান লোকে তাহার প্রতি মনোযোগ করিলেই বিলক্ষণ বুঝিতে পারিবেন।

তিনি যে পরম পবিত্রতর ব্রাহ্ম-ধর্ম প্রচার করিয়া গিয়াছেন এবং সকল কলাণের বীজ স্থরূপ যে ব্রাক্ষ-সমাজ সংস্থাপন করিয়াছেন, আমরা তদ্বারাই তাঁহার গুণ জাজ্বল্য প্রত্যক করিতেছি, যদিও স্থামরা অনেকে তাঁহাকে প্রত্যক্ষ করি নাই, তথাপি তাঁহার অসামান্ত সাধু চরিত সকল স্মরণ করিতে মনো-মধ্যে এ ক্লণে তাঁহার এক আশ্চর্যা আকার আসিয়া উদয় হই-্তেছে এবং বোধ হইতেছে যেন এ ক্ষণেই তিনি আমাদিগের নহিত একত্রিত হইয়া এই পবিত্রতর ধর্মা অবলম্বন পূর্ব্বিক পর-ব্রক্ষের আরাধন। করিতেছেন। হা অপেদীশ ! তুমি যেমন শীতের শান্তি জন্ম মনোহর বসন্ত কালের সৃষ্টি করিয়া রাখি-য়াছ এবং নিদাঘের আতিশয়া নিবারণের নিমিত্ত বারিপূর্ণ বর্ষা ঋতুর সৃষ্টি করিয়াছ, তুমি যেমন ক্ষুৎ পিপাদা নিবারণের জন্ম বিবিধ প্রকার অন্ন পানের সৃষ্টি করিয়াছ, এবং শারীরিক রোগ নিবারণের নিমিক্ত বিচিত্র প্রকার ঔষধের উৎপত্তি করিয়াচ, সেই রূপ আমাদিগের এই তমদাচ্ছর দেশের অজ্ঞান রূপ ঘোর রোগ বিনাশের কারণ মহাত্মা রাজা রামমোহন রায়কে প্রেরণ করিয়াছ, অতএব আমরা সেই পরম বন্ধুও পরমোপকারী ব্যক্তির উপকার রাশি স্মরণ করিয়া তোমাকেই মনের সহিত নমস্কার করি ।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৭৮ শক। সাম্বংসরিক ব্রাহ্ম-সমাজ।

দিতীয় বক্তা।

"সাম্বংসর কাল যাঁহার প্রদত্ত স্থ সম্পত্তি লাভ করিয়াছি ও যাঁহার কৃপায় বুদ্ধি, ধর্মা, জ্ঞান, বৰ্দ্ধিত করিয়াছি অদ্য একবার সকলে তাঁহাকে মনের সহিত ভক্তি সহকারে পূজা না করা কি

অকৃতজ্ঞের কর্মা । অদ্য আমারদিগের সপ্তবিংশ সামংসরিক ব্রাক্ষ-সমাজ, জগদীশ! অদ্যকার এই শুভ দিনের সঙ্গে সঙ্গে আমার আআ তোমার প্রেমে মগু হইয়া রজনীতে ভোমার গুণ কীর্ত্তন করিয়া মত্নুষ্য জন্মের সার্থকতা সম্পাদন করিবে এই আশাতে উৎসাহান্বিত ছিল, এ ক্ষণে সেই পুণ্য নিশা উপস্থিত, অতএব একবার সকলে ঐকা হইয়া তোমার অসীম গুণ কীর্ত্তন করত মানব জন্ম সফল কবি। যিনি আমাবদিগের স্রফী পাতা. তাঁহারি উপাদনার্থে—তাঁহারি গুণ কীর্ত্তন করিবার নিমিত্তে এই সমাজ প্রতিষ্ঠিত হইয়াছে। যিনি জ্ঞান ও ধর্মের বীজ মন্ত্র্যা মনে রোপণ করিয়াছেন, তাঁহার উপাসনা করিতে— তাঁহার গুণ কীর্ত্তন করিতে মনুষোর মন স্বভাবভই বাগ্র হয়। মত্বা শারীরিক ও সামাজিক স্থথ লাভ করিলে বা বছবিধ विकान भारत्यंत्र वारलांहनात चाता श्रीय क्यांग तुष्कि कतिरल रम क्रम তৃপ্তি লাভ করেন না ঈশ্বরে প্রীতি করিলে যে রূপ তিনি তৃপ্তি ও শান্তি অমুভব করেন। ঈশ্বারের অভাব মন্তুয্যের সকল অভাব হইতে গুরুতর, এ অভাব মোচন হইলে তিনি আর কোন অভা-বকে অভাব জ্ঞান করেন না। ধর্ম-জীবী মন্তুযোর কি মহোচ্চ । ভাব! তিনি নানাবিধ স্থুখ সাধনোপযোগী স্থুর্ম্য অউালিকা, বিচারালয়, বিদ্যালয়, যন্ত্র ও যন্ত্রালয়, নির্মাণ করিয়া আপনার মহত্ত ও গৌরব মনে করেন না। তিনি অমৃত পুরুষের পুত্র, ধর্ম তাঁহার জীবন স্বরূপ, ঈশ্বরের সহিত তাঁহার নিত্য সমৃদ্ধ ও তাঁহার অবিনশ্বর আত্মা অনন্ত কাল পর্যান্ত সেই প্রিয়তমের সহবাসের উপযুক্ত, ইছাতেই তিনি আপনাকে মহৎ ও গৌর-বালিত করিয়া জানেন। আর তিনি এই রূপ মনে করেন যে বে জ্যোতির্মায় দিবাকরের উদয়ে এই জগন্মওল তিমিরাবরণ इटेर्ड मुक्त इ**टे**ग्रा श्रुकामिल इग्न, त्रिटे मर्ख श्रुकामिक सूर्यात সৃষ্টি-স্থিতি-ভঙ্গ কর্ত্তা এক অদ্বিতীয় অচিন্তনীয় পুরুষের সম্বণ্ড-ণাবলম্বিনী ইচ্ছা মাত্র এক সময়ে এই স্থাবর জঙ্গম বিশিষ্ট বিশ্ব সংসার উৎপন্ন হইয়াছে, অদ্যাপি তাঁহার মহতী ইচ্ছার অধীনে বিদ্যমান রহিয়াছে, তিনি জানেতে অভান্ত, শক্তিতে অনন্ত,

করণা বিতরণে অবিশ্রান্ত ও স্বভাবে পূর্ণ হয়েন। যিনি জন্মদাতা পিতা, অন্নদাতা বিধাতা, পাপ পুণোর বিচারক একাধিপতি রাজা। যাঁহার প্রদাদাৎ সামরা অশেষ বিধ ম্যাচিত স্থে স্থী হইয়াছি, কত বিপদ হইতে উত্তীৰ্গ হইয়াছি, অসংখ্য ছুৰ্জেয় বিষয়ও জ্ঞাত হইয়াছি এবং কত বার ঘাঁহার শরণ প্রভাবে অনিবার্যা ছুট্ট মোহকে পরাভূত করিয়া শুদ্ধর ও মহত্ত্ব লাভ করিয়াছি তাঁহার প্রতি মনের স্বাভাবিক কৃতজ্ঞতা স্বীকার পূর্ব্বক নমস্কার করা কি আমাদিগের অত্যন্ত উচিত নহে ? বিশেষত यथन आमामित्रात आमास मकल विषय याँचात अवार्थ हेष्ट्रात অধীন, যিনি মনে করিলে বর্ত্তমান অবস্থাপেক্ষাও অধিকতর ভয়ক্ষক প্রবন্থায় আমাদিগকে রাখিতে পারিতেন, কিন্তু তাহা না করিয়া বরং আমাদিগকে উত্তরোত্তর উৎকৃষ্টতর অবস্থা প্রাপণের উপযুক্ত করিয়াছেন, এবং যিনি ইহ কালে অজস্র আ-নন্দের উৎস স্থরূপ ও পরকালের অপার শান্তির আলয়, সেই দর্বানিয়ন্তা প্রমেশ্বের প্রতি আত্ম দমর্পণ করা এবং তাঁহার পরিপূর্ণ জ্ঞান, অদ্ভুত শক্তি ও উদার করণার উপর ঐকান্তিক ভাবে নির্ভর করা তাঁহার সন্তানদিগের যে কি পর্যান্ত কর্ত্তবা তাহা কি বলিব। যখন সামান্ত বস্তুর প্রাপ্তির জন্ত ইচ্ছা ও যত্ন আবশ্যক করে, তখন সকল অপেক। তুর্লভ পরমান্ত। আন্তরিক ইচ্ছা ও একান্ত যত্ন ব্যতিরেকে কি লব্ধ হইতে পারেন? যে সাধু পুরুষ তাঁহাকে প্রাপ্ত হইয়াছেন, তাঁহার ঐশ্বর্যার সীমা কি? তিনি শূরত্ব, মহত্ব, বিবেক, সম্ভোষ, দয়া, ক্ষমা প্রভৃতি ঐশ্বর্য্যে সতত পূর্ণ রহিয়াছেন। এতাদৃশ ঐশ্বর্যাবান্ পুরুষ সে ধন অতি-মাত্র বায় করিছে আলম্য ও কুপণতা করেন না, তিনি জানেন যে তাঁহার সমুদায় কর্ত্তব্যের মধ্যে স্বল্রাতৃবর্গের সহিত সেই পরম ंधन সমানাংশে উপভোগ করা সর্ব্বোত্তম প্রধান কর্ত্তব্য কর্ম। পরমেশ্বর এক মাত্র নিতা পদার্থ, তিনি সমুদ্য সত্যের পরম নিধান, তাঁহার কোন রূপ নাই, সতাই তাঁহার অমুপম রূপ, জ্ঞান তাঁহার আশ্চর্যা প্রভা, করুণা তাঁহার মনোহর শোভা এবং এই বিশ্ব তাঁহার বিশাল ছায়া মাত্র। হে বিশ্বপতির পুজ্র সকল। , ,

তোমরা একবার স্বাধীন হইয়া বিশ্বপতির বিশাল বিশ্বক্ষেত্র नित्रीका कता धर्यात चाधीन भारकत अर्थ धनी नट्ट, मानी नट्ट, চতুর নহে, ধৃর্ত্ত নহে, দাগত্ব শৃঞ্জাল হইতে যিনি মুক্ত হইয়াছেন তিনিও নহেন, এ স্থলে স্বাধীন শব্দের বাচা তিনিই হইতে পারেন, যিনি পাপ ও বিষয় স্থলোলুপ ইব্রিয়গণের কুটিল শৃখালে বদ্ধ না হইয়া স্বভাবের কার্য্য-নিয়ন্তার কার্য্য অবগত. হইয়া সমস্ত ব্যাপার সম্পন্ন করেন। সতা স্থরূপ ঈশ্বরে তাঁহার প্রীতি আছে, স্কুতরাং তিনি আপনার অফা ঈশ্বরের জগৎকে थिय क्राप्त मृष्टि करेंद्रन। এবং মহোচ্চ পর্বত, নিবিড়ারণা, গভীর সমুদ্র, প্রসারিত বিস্তীর্ণ ক্ষেত্র, ধরণীর সমস্ত স্থুখ সম্পত্তি সমুদায়ই আপনার জ্ঞান করেন, উহাত্তে তাঁহার অধিকার আছে, কারণ উহা তাহার পরম পিতার। আর এই সমস্ত কার্য্যের অন্তরে উহার নির্মাতাকে দর্শন করিয়া তাঁহার আনন্দনীর অবিরত নিঃসারিত হইতে থাকে। অন্তঃকরণ সেই প্রিয়তমের ধন্যবাদ করিয়া ভক্তিবদে ল্লাবিত হইয়া যায় এবং এট রূপ বাক্ত করে যে হে ধনাভিমানী মহুষা! তোমরা স্থেমনে করিয়া বছবিধ नृष्णशीष्ठामि आस्माम अस्मारम त्रुथा काल इतन कतिहा थाक,° কিন্তু ঈশ্বর প্রেমিক যে অগাধ স্ত্র্থ সমুদ্রে মগ্ন থাকেন, ভাহা তোমরা ইহাতে কথনই পাইবে না। ঈশ্বর প্রেমান্ত্রক্ত পুরুষ অতিশয় বিপন্ন হইলেও তাঁহার আন্তরিক স্থুখ কে নিবারণ করিতে পারে? তিনি পীড়িত কি কাহারও দ্বারা আক্রান্ত বা বন্ধ থাকিলে তাঁহার মানস বিহঞ্ন সেই জগৎপতির সঙ্গ লাভের নিমিত্ত সভত পক্ষ বিস্তার করিতে থাকে। তাঁহার শারীরই বদ্ধ থাকুক, মানই ধ্ংশ হউক, ধনই নম্ট হউক ইছাতে তাঁহার কি হুটবে? তাঁহার আত্মা সকল হুইতে প্রিয় সেই পরম পিতার প্রেমে মগ্ন হইয়া নিরন্তর স্থে সমুদ্রে ভাসমান রহিয়াছে। যিনি ঈশ্বরের প্রেমে মগ্ন আছেন, যাঁহার অন্তরে ঈশ্বর বিরাজ করিতেছেন, তাঁহার পক্ষে বদ্ধ থাকা অসম্ভব। হে জীব ! যদি নেই সর্কেশ্বরের সৃষ্ট পদার্থ ভোগ করিয়া স্থা ইইবার অভি-লাম রাথ তবে তাঁহাকে অগ্রে জ্ঞাত হও। তিনি নিরাকার

নির্ব্বিকার পরিশুদ্ধ পরাংপর। তিনি সকল মঙ্গলের নিদান-ভূত, সমস্ত গুণের আধার, সকল সোভাগ্যের মূল, এবং সমস্ত জীবের প্রভু। পরমান্ত্রামার স্ক্রপ মানব বুদ্ধির অতীত, এই প্রতাক্ষ পরিদৃশামান চরাচর সমস্ত বিশ্ব তোমার মহিমার কণামাত্র, এই অনন্ত আকাশস্থিত অসংখ্য অসংখ্য লোক মণ্ডল সকলই তোমার মহিমা। অন্ধকারময় গভীর গর্ত্তে প্রবেশ করিলে যেমন এক একবার সৌদামিনী সন্দর্শনে মন পুলকিত হয়, ভজ্ঞপ এই মোহারত সংনারে প্রবেশ করিয়া তোমার বিশ্ব কার্যোর পর্যালোচন দ্বারা তোমার প্রভাবের আভা মাত্র পাইয়া দেহে জীব সঞ্চার করে। জগদীশ! তোমার বিশ্বের প্রত্যেক কার্য্য হুইতে তোমার উদার মঙ্কল ভাব এত অধিক উত্থিত হুইতেছে যে তাহা আমরা মনেতে ধারণ করিতে না পারিয়া সমুদায় বিশ্ব মঙ্গলময় করিয়া দেখিতেছি। হে মানব! ভোমরা যে স্থানে অবস্থিতি কর সর্বাত্র হইতে তাঁহার মহিমা কীর্ন্তন কর। তিনি ভূষা চল্রে প্রকাশ পাইতেছেন, তাঁহার স্থান সকল সাগর, সকল ভ্রমগুল, সমস্ত নৃক্ষত্র, সর্ববিহুই তিনি বিরাজমান আছেন। সত্য 'স্বরূপ ঈশ্বর যাঁহাকে জ্ঞানালোক প্রদান করেন, তিনি স্বভাবের কার্য্য এই রূপে পাঠ করেন যে হে ঈশ্বর! তোমার জ্ঞান যাহার দৃষ্টি গোচর হয়, তিনি কদাচ বিপথে গমন করেন না এবং অবি-চিকিৎস হইয়া জ্বানের পথে ধাব্দান হন। হে বিশ্বেশ্বর। তমি বিশ্বকে এ রূপে রচনা করিয়াছ যে তাহাতে তোমার জ্ঞান, শক্তি ও মঙ্গল ভাব স্পায় রূপে প্রকাশ পাইতেছে, সকল মনের পুজনীয় তুমি ঈশ্বর, তোমাকে কেহ অতিক্রম করিতে পারে না। উপবিস্থিত জ্যোতির্মণ্ডলেরা আপনাদিগের প্রফার মহিমা বর্ণনা করিয়া স্বীয় উচ্চ মহিমা বিস্তার করিতেছে। দেশ বিশেষে কাল বিশেষে অবস্থা বিশেষে জল, বায়ু, মৃত্তিকা প্রভৃতি পরি-বর্ত্তিত হইয়া আমাদিণের হৃদয় ক্ষেত্রে প্রিয়তম পর্বক্ষের গুণ সমূহ মূতন করিয়া সংস্থিত করিতেছে। বারি ও উত্তাপ প্রভৃতি ভৌতিক পদার্থ সমূহ ফল শস্তাদি উৎপন্ন করিয়া তাঁহারি ক্রুণা প্রচার করিতেছে। সমীরণ সমূহ তাঁহার প্রসংশার হিল্লোল

বহন করিতেছে। প্রস্রবণ প্রবাহ ঝর ঝর শব্দে ভাঁহারি গুণ কীর্ত্তন করিতেছে। কি জলচর কি স্থলচর কি আকাশচর কি সজীব ও নির্জীব সমস্ত পদার্থই একতান হইয়া সেই মহামহীয়া-নের মহিমা বিস্তার করিতেছে। হে হৃদয়েশ্বর! তুমিই সকল বস্তুর প্রাণ স্বরূপ, তুমিই সমস্ত অরণ্যের সৌন্দর্য্য রূপে প্রকাশ পাইতেছ। জীব কৃত সমস্ত কুত্রিম শোভা তোমা হইতে উৎপন্ন হইয়াছে, সকল পুষ্পেই তোমার স্নেহ ভাব প্রকাশ পাইতেছে। তুমি সকলের মূলাধার। তুমি দয়ার লাগর, তুমি আমাদিগের পিতা পাতা স্থন্ত, তোঁমা হঁইতে এই বিশ্বনংগার জীবিত রহি-য়াছে। ফলের স্বাছু, পুষ্পের স্থান্ধ, সকলই তোমার পরিচয় প্রদান করে। তোমার শাসনে ভূর্যা চক্র, গ্রহ নক্ষত্র স্ব স্ব পথে অবিশ্রান্ত ভ্রমণ করিতেছে। তুমিই শীত গ্রীষ্মাদির বারমার পরিবর্ত্তন করিয়া এই জগতের শোভা সম্পাদন করিতেছ। যখন তুমিই সমস্ত স্থাধের মূল হইলে তখন আমরা তোমা বাতিরেকে আর কাহার উপাদনা করিব, কাহাকেই বা হৃদয় ধামে স্থান দান করিব, অতএব হে নাথ! অদ্য এই সমাজে বন্ধু বান্ধবের সহিত মিলিত হইয়া ভজি পূর্বাক ভোমারি পদে প্রণিপাত ° করি।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৭৯ শক।

সামৎদরিক ব্রাহ্ম-সমাজ।

প্রথম বক্তৃতা।

মানব জাতির উনতি সিদ্ধি ও সুথ বৃদ্ধির জন্য- জগদীশ্বর যে সমস্ত পদার্থের সৃষ্টি করিয়াছেন, তন্মধ্যে ধর্মই সর্বা প্রধান। ধর্ম দ্বারা মন্ত্র্যা থে প্রকার উনতাবস্থায় উপনীত হইতে পারে এবং ধর্মা দ্বারা সে মাদৃশ উৎকৃষ্ট স্থাস্থাদন করিতে সমর্থ হয়, আর কোন পদার্থ দ্বারাই সেরূপ স্থা ইইতে পারে না। ধর্ম

যে মান্ব জাতির মহত্ত্বের প্রধান কারণ এবং ধর্ম ই যে মন্ত্রের সার ধন, বোধ করি কোন বাক্তিরই তাহাতে সংশয় হইতে পারে না। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে আমরা যাহাকে দক-লের দার বলিয়া স্বীকার করিডেছি, এবং সমস্ত বিষয়াপেকা শ্রেষ্ঠ রূপে প্রতাক্ষ করিতেছি, তাহাতে যথাবিধি যত্ন করিতে রত হইতেছি না, ধর্মোন্নতি সংসাধনের জন্য যে প্রকার গুরুতর যত্ন করা আবশ্যক, তাহা দুরে থাকুক আমরা সামান্ত সামান্ত বিষয়ের জন্য যাদৃশ চেন্টা করিয়া থাকি ধর্মোন্নতি পক্ষে ভজপও করি না। আমরা যদি প্রত্যেকে আঁপন আঁপন প্রাত্যহিক কার্য্য পर्यारालाहना कविया दमिश, जाहा इनेटन सुम्लाखे दमिश्ट शाहे, যে আমরা দিবানিশি কেবল বিষয়-চেটা, বিষয়-ভোগ ও বিষয়-রস চিন্তা করিয়াই কালক্ষেপ করি। কদাচিৎ একবার ধর্মতত্ত্ব সনেতে উদয় হইলেও তাহাতে গাঢ রূপে চিত্তাতিনিবেশ করিতে পারি না এবং কি রূপে যে আমাদিগের ধর্মেতে অধিকার জন্মিবে তাহাও একবার চিন্তা করিয়া দেখি না। কিন্তু ইহা নিশ্চয় সত্য, যে বিনা মত্নে কোন বিষয়ই নিদ্ধ হয় না। বিশ্বপিতা প্রমেশ্বর ' তাঁহার এই অক্ষয় ভাণ্ডার বস্থুন্তরাকে অন্নজলাদি সমুদায় প্রয়ো-জনীয় পদার্থে পরিপূর্ণ করিয়া রাখিয়াছেন, কিন্তু আমরা এক-কালে নিশ্চেষ্ট হইলে যেমন এই পূর্ণ ভাণ্ডার পৃথিবী মধ্যে বাস করিয়াও অন্নজলাভাবে ক্ষুৎ পিপাদায় প্রাণত্যাগ করি, দেই রূপ ধর্ম বিষয়েও চেষ্টাশূন্য হইলে চির্দিন আমাদিগকে ধর্ম রুসা-স্বাদনে ৰঞ্চিত থাকিতে হয়। গতিক্রিয়া সমাধানা করিয়া কেবল অভিলাষ দ্বারা কোন স্থানান্তর প্রাপ্ত হওয়া যেমন অসম্ভব, ভূমিতে বীজ বপন করিয়া ভাহা আক্রিত ও বর্দ্ধিত না করিয়া তৎফল লাভের আশা করা যেমন অসম্লব, বিহিত্ বিধানে সাধন না করিয়া **প্রশ্ন কলাকাজ্জা** করাও তদ্ধেপ অসম্ভব। অতএব যিনি অপুর্বাধর্মতত্ত্ব রস পান করিয়া সম্পর্ণ রূপে মন্ত্র্যা নামের উপ-যুক্ত হইতে ইচ্ছা করেন এবং সমাক রূপে মানব জন্মের স্থা-श्रीमानद्र अञ्चित्रां द्रोरथन, कांग्रमानांदांका धर्मा माधन कतिए েউাহার যত্নান হওয়া উচিত।

যে করুণাপূর্ণ পরনেশ্বর আমাদিণের জন্মন্থিতি ও স্থ সৌভাগ্য প্রভৃতি সমুদায় সম্পদের কারণ, যাঁহা হইতে আমরা জনক জননী ভ্রাতা ভগিনী ও আন্মীয় স্কৃষ্ণ প্রভৃতি ভক্তি প্রীতির পাত্র সকল প্রাপ্ত হইয়াছি, এবং যিনি কুপা করিয়া এ সমুদায় বিশ্বকে আমাদিগের স্থথের কারণ করিয়া সৃষ্টি করিয়াছেন, বছ-তর লোকে তাঁহাতে প্রীতি করিতে আহেলা করিয়া সামাস্ত বিষয় রসে মঁগ্ন থাকে এবং সামাল্য বিষয় ভোগই ভাহাদিগের যনকে সত্তরে আকৃষ্ট করে কিন্তু তক্ষতা কদাপি এরূপ বিবেচনা করা উচিত নছে, যে জ্বীদীশ্বরের প্রেমামূত পানাপেক্ষা জগতের আর কোন বস্তুই অধিক স্তুথ দায়ক এবং আর কোন বিষয়ই মন্ত্র্য মনে অধিক আহ্লাদ সঞ্চার করিতে পারে। যেমন শক্তি-शैन वक्त भक्त विरुष्ट উচ্চতর তরুর ফলাস্বাদনে অন্ধিকারী হইয়া यरमामान्य मीहन्द स्तरवाहे महुके थार्क এवर अधः द्वारी मामान्य দ্রব্যের লালসায় বাস্ত থাকে, সেই রূপ লঘুচেতা ক্ষুদ্র দর্শী লোকে ঈশ্বরের প্রেমায়ত পানে অধিকারী না হইয়াই সামান্ত বিষয় ভোগে ভৃত্ত থাকে এবং সর্বাদা ক্ষুদ্র বিষয়েরই প্রার্থনা করে। যে বিষয়াসক্ত পুরুষ সর্বাদা বিষয় রসেই মগ্ন থাকিতে বাঞ্ছা করে সে • यमि সাধন বলে একবার সেই পূর্ণানন্দ পুরুষের অনাস্থাদিত অপুর্ব্ব প্রীতি রদের আস্থাদপায় তাহা হইলে কি আর দে কোন. রূপেই তাঁহা বিস্মৃত হইতে পারে ! তাহার মন অবশা সেই অনির্বাচনীয় প্রেমায়ত পান করিতেই উদাত হয় এবং দে ভক্তরত্ত পৃথিবীর সকল স্থা সম্পদ পরিত্যাগ করিতেও উদ্যত হয়। যে ব্যক্তি কার্যা দারা বিষয় রস ভোগ, বাক্য দারা ও সেই রস চর্ম্বি-তচর্ব্বণ এবং মনেতেও বিষয় রস চিন্তন ব্যতীত ক্ষণ কালের জন্মও অস্ত কোন বিষয়ের অন্তশীলন করে না, যে ব্যক্তি দিবানিশির मध्या धकवात खामछ नेश्वातत छञ्च तरमत जालाल करत ना, তাঁহার মহিমা চিন্তন প্রস্ত্রক তাঁহাতে একবার মনোভিনিবেশ करत ना धवर वारकारछछ धकवांत छ। हात छ। कीर्द्धन करत ना, সে ব্যক্তি কি প্রকারে অমুপম ঈশ্বর তত্ত্বের পরিচয় পাইবে এবং কিরূপেই তাহার তৎপ্রেমায়ত পানে প্রবৃত্তি হইবে। মৃত্যোর

এই রূপ প্রকৃতি যে, যে বিষয় সর্ব্বদা অনুশীলন করা যায় তাহাই অধিক আয়ত্ত হয় এবং যাহা নিতা নিতা অভাাস করা হয় ভাহাতেই বিশেষ অধিকার জন্মে! আমরা বালক কাল হইতে रयंत्रभ विषय खारनत डेभरम्म भारे, विषय नहेया अस्मीनन করি এবং বিষয় রসের চিন্তা করি, যদি তদন্সারে জগদীশ্বরের অপূর্ব্ব তত্ত্বের জ্ঞান প্রাপ্ত হই এবং তাঁহার তত্ত্বান্তশীলন করা অভ্যাস করি, তাহা হইলে বিলক্ষণ দেখিতে পাই, যে তাঁহার মেই স্থাতুলা অসামান্ত প্রীতি রুসের নিকট সামান্ত বিষয় সম্পদ কিছুমাত্র রোধ হয় না, তাঁহার প্রেমামৃত পান জনিত অপূর্ব্ব স্থাধ্ব নিকট বিষয় ভোগ জনিত স্থা, স্থা বলিয়াই গণ্য হয় না এবং তাঁহার দেই পূর্ণ স্থরূপের নিকট এজগৎ পদার্থ বলিয়াই অন্তুত হয়.না। এই বিষয়ে যদি কাহারও সংশয় থাকে, তবে তিনি পরীক্ষা করিয়া দেখুন, এখনি প্রমাণ পাইবেন। তিনি প্রতিদিন যথা নিয়মে জগদীশ্বরের তত্ত্বর আলোচনা করিয়া তাঁহার প্রকৃত পরিচয় লাভ করুন, প্রতাহ নিয়মিত রূপে ঈশ্বের জ্ঞান শক্তি দয়া প্রীতি প্রভৃতি অনির্মাচনীয় মহিমা দকল ্চিন্তা করিয়া তাঁহাতে চিত্ত সন্নিবিষ্ট করুন, এবং প্রতিক্ষণে হৃদয় ধামে দেই সর্বাসকি সনাতন পুরুষকে বর্তমান রূপে প্রত্যক্ষ ্করুন, তাহা হইলে তাঁহার হৃদয় স্থিত প্রেমধারা আপনা হুইতে উপ্রিত হুইয়া দেই অনন্ত প্রীতির সাগর জগদীশ্বরৈ প্রবা-হিত হইবে এবং তাঁহার মন দেই অনুপম প্রেম রুসের আবাদ পাইয়া পুনঃ পুনঃ ভাছাই ভোগ করিতে ব্যস্ত হইবে সংসারের সকল সুখই তাঁহার নিক্ট সামান্ত্রৎ প্রতীয়মান হইবে এবং পার্থিব সকল সম্পদ তাঁহার নিকট অগ্রাহা হইয়া উচিবে। তিনি উক্ত রূপে যত পরমার্থ রুসের অমুশীলন করিবেন ততই তাঁহার মনে মূতন মূতন ইন্দ্রিয় সকল প্রক্ষৃটিত হইতে थाकित, जिनि त्यक्रभ कथन प्रत्यन नाई जोहाई प्रिथितन, যে রস কখন আস্থাদন করেন নাই. তাঁহারই আসাদ প্রাপ্ত হই-বেন এবং যে সুখ কখন ভোগ করেন নাই সেই সুখ উপভোগ করিবেন। তিনি অন্তরে যেমন শত শৃত সূতন বিষয় প্রতাক্ষ

করিয়া নৰ স্থাবে আস্থাদ পাইবেন, দেই রূপ বাহ্যেতেওঁ এ জগৎ তাঁহার নিকট ভূতন রূপ ধারণ করিয়া তাঁহাকে ভূতন স্তুথ প্রদান করিবে। তিনি দিবাকরের মুতন শোভা সন্দর্শন করি-বেন, নক্ষত মণ্ডলের সূত্রন ভাব নিরীক্ষণ করিবেন, এবং নদী নির্বার বন উপবন গিরি গুছা প্রভৃতি যাবতীয় পদার্থকে নববেশে শোভিত দেখিবেন। তিনি কোকিলাদি স্থার বিহঙ্গ কুলের মধুর স্বর শ্রেবণ করিয়া অপূর্ব্ব স্থুখ আস্থাদন করিবেন এবং স্থাক্ষ কুস্থম চয়ের গৌরভও তাহাকে সূতনানন্দ প্রদান করিবে। তিনি জনক জননী আশ্বীয় স্থলংগণকেও অভিনৰ ভাবে অবলো:-কন করিবেন, এবং যাবতীয় মহুদ্রা জ্ঞাতির সহিত তাঁহার এক মুতন সম্বন্ধ নিবন্ধ হইবে, তিনি ইহ জন্মেই জন্মান্তর প্রাপ্ত স্বাদন করিবেন। কিন্তু এই প্রকার অলোক সামান্য স্থুখ ভেংগ নিভান্তই ষত্ন সাপেক, বিনা যত্নে মন্ত্যা কথনই এ প্রকার অপূর্দ্ম স্থা ভোগে অধিকারী হইতে পারে না। এই রূপ স্থা ভোগ করিতে হইলে, যথা নিয়মে প্রেমময় পবিত্র পুরুষের পরিচয় পাওয়া নিতান্ত কর্ত্তব্য এবং সর্বাদা মনোমধ্যে তাঁহার অনুসম সৌন্দর্যা ও অসামান্য মাধুর্যা আলোচনা করা উচিত। পৃথিবী মধ্যে কত " স্থানে কত প্রকার স্থানর পদার্থ বিদ্যানান রহিয়াছে এবেঁং কড স্থানে কড শভ সদগুণ-সম্পন্ন সাধু পুরুষ বিদ্যমান রছি-য়াছেন, কিন্তু যাবৎ ঐ সকল পদার্থাদি কাহারও প্রতঃক্ষ গোচর না হয়, তাবৎ কি কোন ব্যক্তিরই তাহাতে প্রীতি বা আদর कत्या । यथन त्य वाख्ति वे नम्त्रान वा त्नोम्नर्वा नाकाश्कात कत्व, তথনি সে তাহাতে মগ্ন হইয়া যায়। অতএব বিলক্ষণ প্রতিপন্ন इटेप्डर्ट, स्व मसूबा स्य পर्याख कर्गमीश्वादत माकां कर्वत माछ করিতে না পারে ভাবৎ কোন রূপেই তাঁহাতে প্রীতি করিতে সমর্থ হয় না, যে চিত্তে তাঁহার অমুপম তত্ত্ব প্রতিভাত না হয়, দে মন হইতে কি রূপে তাঁহার প্রতি প্রীতি উত্থিত হইবে।

পূর্ণ সভ্য পদার্থের প্রভাক্ষ লাভ করা কিছু অসম্ভব ব্যাপার নহে, উহা মুখ্য মাত্রেরই পক্ষে সম্ভব। বে ব্যক্তি যথাবিধি

সাধন করে, সেই তাঁহার সাক্ষাৎকার প্রাপ্ত হইতে সমর্থ হয় ী ইহা সতা বটে, যে অনির্বাচনীয় পর্ম প্রেষ ইন্সিয় প্রত্যক্ষ कोन अप अमार्थित न्यांग्र नरहन, किन्छ हेट। विना जिनि य কোন রূপেই আমাদিগের প্রতাক্ষ যোগ্য নহেন, এমন নহে, জড় পদার্থ ভিন্ন যে আর কোন প্রকার পদার্থকে দাকাৎকার করিতে পারা যায় না ইহা কোন মতেই সঙ্গত হইতে পারে না। মন দ্বারা তাঁহার অদীন জ্ঞান, অনস্ত শক্তি ও অপার করুণার বিষয় আলোচনা করিয়া তাঁছার অমূপম তত্ত্বে চিত্ত সমিবিট করিলেই তাঁহার সাক্ষাৎকার লাভ করা যায়, এবং অনায়াদেই তাঁহার প্রীতি রদের আবাদ গ্রহণ করিয়া মানব জন্মকে সফল করিতেও সমর্থ হয়, এ ব্রহ্মাণ্ড তাঁহার মহিমা কলাপেই পূর্ণ হইয়া রহিয়াছে, এবং সমস্ত সংসার তাঁহারই প্রেমামৃত দ্বারা অভিষিক্ত রহিয়াছে, আমরা কেবল আলস্য করিয়া তাহা পান করিতে ত্রুটি করি। তিনি আপন সন্তান গণকে ভাঁহার প্রীতিরূপ অমূল্য স্থাা বিতরণ করিবার জন্ম উচ্চৈঃস্বরে আহ্বান করিতেছেন, কিন্তু আমরা সেই "মহান নাদের প্রতি বধির হইয়া রহিয়াছি" 'আমরা যদি তাঁহার আভান্তরিক সকরুণ শব্দের প্রতি শ্রুতিপাত করিয়া তৎপথ অবলম্বন করি, তাহা হইলে অনায়াসেই জাঁহার তত্ত্বস পান করিয়া অনির্বাচনীয় আনন্দ অমূভব করিতে প্রারি।

স্থ-নিধান জগদীশ্বরের অমৃত তত্ত্ব পান করিবার যে সকঁল পথ আছে, আমাদিণের এই ব্রাক্ষ-ধর্ম তাহার একটি প্রধান পথ। যাহাতে মন্থ্য জাতি চিত্ত ক্ষেত্র পবিত্র করিয়া তাহাতে ঈশ্বরের প্রীতির বীজ বপন করিতে পারে এবং সেই বীজ অঙ্কুরিত ও বর্দ্ধিত করিয়া তৎফলাস্থাদনে অধিকারী হয়, সেই উদ্দেশেই এই ব্রাক্ষ-ধর্ম প্রচারিত হইয়াছে এবং সেই উদ্দেশেই এই ব্রাক্ষ-সমাজ সংস্থাপিত হইয়াছে। যাঁহারা অন্তপম পরমার্থ রস পান করিয়া মন্থ্যা জন্মকে সকল করিতে ইচ্ছা করেন এবং সংসার মধ্যে জগদীশ্বরের প্রীতি রস প্রচার করিতে অভিলাধ রাখেন এবং নিত্য কল্যাণকর পরমার্থ তত্ত্বকে পৃথিবীর সকল সম্পদ্ধ অপেকা গরিষ্ঠ জানেন। ব্রাক্ষ-ধর্মের উন্নতি সাধনে নিয়ত যত্ত্ব-

বান্হওয়া ও কায়মনোবাক্যে ব্রাহ্ম-ধর্মে শ্রাদ্ধা করা তাঁহাদিগের নিতান্ত উচিত। কেবল বাক্যেতে পরমার্থ তত্ত্বের প্রশংসা করি-লেই কিছু ধর্মাস্থরাগ প্রকাশ পায় না এবং কেবল বাক্য দ্বারাও উহার ফল দিদ্ধি হয় না, যাহাকে আমরা দকলের সার এবং দকল হইতে মহৎ বলিয়া অঙ্গীকার করি, তাহাতে কায়মনোবাকো শ্রেদ্ধা করা নিতান্ত উচিত এবং তাহার প্রতি দকল বিষয় অপেক্ষা অধিক য়ত্ম করা কর্ত্তবা। আমরা যদি উৎকৃষ্ট বিষয়ে অবহেলা করিয়া সর্কাদা সামান্তা বিষয়েতে রত থাকি, তাহা হইলে কি আমাদিগের কিছুমাত্র মহত্ম থাকে? অতএব যে ধন আমাদিগের নিতা কালের সংস্থান যে বিষয় আমাদিগের চির-দিনের অবলম্বন এবং যাহা আমাদিগের ইহ পর লোকের স্থথের কারণ, সংসারের সমস্ত ধন অপেক্ষা তাহাই উপার্ক্তন করা আনাদিগের উচিত, সেই বিষয় সয়ত্মে সংস্থাপিত করা আমাদিগের উচিত, সেই বিষয় সয়ত্মে সংস্থাপিত করা আমাদিগের বিধেয়।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১११२ भका

সাস্থংসরিক ব্রাহ্ম-সমাজ:

় দিতীয় বক্তৃতা।

আহা! অদা কি আনন্দের দিন! যে দিনের প্রতি লক্ষা করিয়া আমরা মাসাবধি মানস-রসনায় উৎসবরনের স্থাদ গ্রন্থ করিয়াছি, যে দিনের সমাগম প্রত্যাশায় নিরস্তর উৎসাহ-কাননে বিচরণ করিয়াছি, আহ্লোদ সমীরণ সেবন করিয়াছি, স্থবিমল স্থ-পুল্পের আণ লইয়াছি; সেই মহোৎসবের দিন অদ্য উপস্থিত। হে ব্রাহ্মগণ! হে ভাতৃবর্গ! আমাদিগের পরম আশা নিবন্ধন ব্রাহ্ম-সমাজ অদ্য অফাবিংশতি বর্ষ বয়ঃক্রম অতিক্রম করিয়া এক অভিনব বর্ষে প্রবেশ করিলেন। অতএব তাছার বয়োর্জির সঙ্গে সঙ্গে কত দূর শ্রীবৃজ্জি হইয়াছে—যে উদ্দেশে জন্ম হয় তাহার কি পর্যাপ্ত দিন্ধি হইয়াছে, তাহার প্রতি লোকের

কি পর্যান্তই বা আস্থা জন্মিয়াছে; সকলে এক মত হুইয়া একবার স্বিশেষ অভিনিবেশ সহকারে পর্য্যালোচন কর। যদিও দেখিতে পাও এ কাল পর্যান্ত মহতী আশা-তরুর প্রভুরূপ ফল লাভ হয় নাই, তথাপি তোমাদিগের একেবারে ভগ্নোদাম বা মিয়মাণ হওয়া কর্ত্তব্য নছে। কোন মহোচ্চ ভূধরের শিথরভাগে যেমন অল্ল সময়ে অনায়াসে আবোহণ করা সাধ্য হয় না, জসীমবৎ প্রতীয়মান সমগ্র ভূমগুল মধ্যে জাস্ত পরিলমণ করা যেমন সম্ভা-বিভ হয় না, অথবা কোন বিজে।হযুক্ত িশৃঙাল রাজ্যে শান্তি স্থাপন ও শৃঙ্খলা বন্ধন করা যেমন কোন কমেই অবিলয়ে সম্পন্ন হয় না, সেই রূপ তোমাদিগের অন্তুপ: অসামান্ত সমাজের মহান্ উদ্দেশ্যও অচিরেই সম্পন্ন হওয়া সম্তবপর নহে। বিবেচনা कतिया (मिथित्न जिमात्मत जिल्लामाम इहेवात्र वा विवय कि? তোমরা যে মহীয়দী ধর্ম পদবী অবলম্বন করিয়াছ, যে অনির্কাচ-নীয় অথও চরাচর-ব্যাপী নির্ব্বিকল্ল কল্ল তরুর আশ্রয় লইয়াছ, ভাহাতে ভোমাদিগের কন্মিন কালেও নিরাশ ভাপে সম্ভাপিত হুট্বার সম্ভাবনা নাই। চাতকেরা যেমন ধরাতল পতিত জল-'পানে পরিত্পু না হইয়া নীরদ দেয় নীর ধারার প্রতীকা করতঃ অন্তরীক্ষ প্রতি প্রতিক্ষণ নিরীক্ষণ করে, অথবা যেমন স্থান্থর চির রোগাক্রান্ত, নিয়ত ঔষধ দেবন দ্বারা অতি মাত্র ব্যাকুলিত চিত্ত মানবেরা, রোগাবসানে বাসনাত্মরূপ আহার বিহার করিতে পারিবে মনে করিয়া প্রত্যাশাপন্ন থাকে, কিন্তা কোন महीर्ग, অসমতল, পঞ্চিল পথে পতিত হইলে পথিকেরা যেমন অতিমাত্র ক্লিফ হইয়া প্রশন্ত পরিশুক্ষ নার্গে উত্তীর্ণ হইতে পারিলে মনের সাধে বিশ্রাম সূথ অনুভব করিবে বলিয়। আশা করে, অথবা कान छूर्ভिक-एमनामी वाजिता स्नीविका निर्द्वाशार्थ मात्रम কষ্ট ভোগ করতঃ, ভাগাক্রমে কথন বস্ত্রমতী অভিমত ফলশা-निनी इरेल अচुद अमारा ভোজाদি प्रयु तकन आश्व इरेख ৰলিয়া যেমন আশ্বন্ত থাকে, দেই রূপ তোমরা সংসারের কুটিল-চক্রে পতিত থাকিয়া অদেব জান্তি সঙ্কল স্বজাতীয় জীব বর্ণের বছবিধ কুসংকার বিধে নিরম্ভর জর্জরীভূত হইয়া ছবিবহ বিবন

থস্ত্রণা প্রস্ত অহরহঃ সহ্য করিলেও কোন না কোন সময়ে সেই সর্ব্যতাপ-হারী কুপাসিফ্র পর্ম বন্ধুর সহবাস জনিত অন্তুপম আনন্দ রসের আস্থাদন করিতে সমর্থ হইবার অবশ্যস্তাবিনী আশা সাগরে যে সন্তরণ করিতেছ, ভাহাতে আর সংশ্যু কি ? পরম কারুণিক সর্বামঙ্গলাপ্রায় বিশ্বাধিপতি তোমাদিগকে যে গরীয়দী প্রকৃতি প্রদান করিয়া এই ধরা-রাজ্যের নিবাসী করিয়াছেন, তোমরা এই স্থির কল্যাণ ধারা-বর্ষ সমাজে সম্বন্ধ হইয়া তাহা-রই অফুরূপ কার্যো প্রবৃত্ত হইয়াছ। শত শত ছর্কোধ ছ্রাশয় পামরেরা ভোমাদিগকে এই শ্রেরদী প্রবৃত্তি হুইতে পরাজা খ করি-বার নিমিত্ত কত যত্ন পাইয়াছে, কত কুহকজাল বিস্তার কর্য়াছে, কত নিন্দা, কত বিজ্ঞাপ, কতই বা কট্নক্তি প্রয়োগ করিয়াছে, বলা যায় না; কিন্তু তোমরা প্রবল বাতাাহত মহীধরের স্থায় অবিচলিত থাকিয়া তৎসমুদায়ে দৃক্পাত মাত্রও কর নাই, বরং শত গুণ সাহস ও দৃঢ়তর অধাবনায় সহকারে সংকল্পিড কার্য্য সাধনৈ নিয়ত আগ্রহাবিত ও যত্নবান্ রহিয়াছ। যাহারা নিতান্ত অল্প প্রাণ ও ছুর্মাল প্রকৃতি, ভাহারাই উত্তরকালে বিঘু ঘটিবার আশস্কায় সাহস করিয়া কোন শুভকর কার্যো প্রবৃত্ত হইতে পারে* না; আর প্রবৃত হইয়াও যাহারা ব্যাঘাত দর্শনে নিরস্ত হয়, তাহাদিগকে মধ্যম প্রকৃতি বলিয়া গণ্য করা যায়•; কিন্তু যাঁহারা তোমাদিগের স্থায় পুনঃ পুনঃ ব্যাহত হইয়াও অবিচলিত চিত্তে সমারক্ক কর্ত্তর্য কর্ম্মের অমৃষ্ঠান করেন, তাঁহারাই উত্তম প্রকৃতি মধ্যে পরিগণিত হইয়া থাকেন। একাল পর্যান্ত তোমাদিণের अभीम छेरमारहत याथानयुक्त कल मार्म नाहे वरहे, किन्न धहे एड সংকল্প ব্রাহ্ম-সমাজ নিবদ্ধ হইবার পুর্বের তোমাদিগের জন্ম ভূমি যেরূপ বিশ্লপ অস্থায় ছিল, তাহার সহিত বর্ত্তমান অবস্থার जूनना कतिता विख्य विভिन्न निक् इहेर्द, नास्पर नाहै। ভৎকালে যে সকল অমানবোচিত পাহতি আছার বাৰহারাদি প্রচলিত ছিল, তৎসমুদায়ের অপেকাক্ত অনেক সংশোধন হইয়া আদিতেছে। এ পৰ্যাত বদিও ভারতৰৰ্ষের অধিকাংশ विश्वक जाक्र-धार्मक विश्वतीष ভাবে পরিপূর্ণ বহিয়াছে बढ़ते,

কিন্তু এ ক্ষণে তাহার পরিবর্ত্তনের বিস্তর উপায় হইয়াছে বলিতে হইবে। পূর্বের এই অখিল বিশ্ব-রাজের একমাত্র সৃষ্টি-স্থিতি-ভঙ্গ কর্ত্তা স্বর্কানিয়ন্ত পর্ম পুরুষের দত্তা ও স্বরূপ প্রায় অধি-কাংশেরই বোধগম্য হইত না, সকলেই তুণ কাষ্ঠাদি বিরচিত মূর্ত্তি বিশেষকে জগতের অফা, পাতা ও সংহর্তা জ্ঞান করিত। কিন্তু এ ক্ষণে একমাত্র নিরবয়ব নির্ব্বিকার নিত্য পুরুষ ব্যতীত আর কেহ যে এই দৃশামান ভৃতপ্রপঞ্চের প্রভু হইতে পারে না, তাহা অনেকেরই প্রতীতি, হইয়াছে। পুর্ব্বতন মানবগণের কলুষিত মানদ-দর্শণে বিশুদ্ধ ব্রহ্ম-জ্যোতিঃ প্রতিভাত হইতেই পারিত না, কিন্তু देंদানী অনেকানেক মহাত্রা লোক অবিকল্পিত ব্রহ্ম স্বরূপের মনন ও অসুধানে অধিকারী হইয়াছেন। অধুনা অনেকানেক পুণ্য কেত্রে মমৃত-ফলপ্রদ ব্রাহ্ম-সমাজ বুক্ষ রোপিত হইয়া উৎসাহ-বারিদেকে সম্বন্ধিত ও বছল বিমল স্থাশা কিশলয়ে বিভূষিত হইতেছে, বিষম বিষয় চিন্তা জনিত নিরতিশয় প্রাহারিণী ব্রহ্মানন্দ ছায়া ইতস্তঃ বিস্তৃত হইতেছে 'এবং কুসংস্কার রূপ বিষলতা সকল জ্ঞান মিহিরাতপে ক্রমশঃ পরি-' শুদ্ধ হইয়া যাইতেছে। ভারত রাজ্যের স্থানে স্থানে বিশেষতঃ বঙ্গ ভূমি মধ্যে অদ্যাপি অসংখ্য কুপ্রথা সকল বিলক্ষণ প্রচলিত আছে বটে, ক্লিন্ত ভাহাতে পূর্কের মত আত্থা আর প্রায়ই দেখিতে পাওয়া যায় না। যাহাদের অবিবেক কর্ষিত হাদয় ক্ষেত্রে কুসংস্কার রঞ্জন্টক বুক্ষ অতিসাত্র বদ্ধমূল হইয়া আছে, যাহারা জীবনাবধি কুবাবহারে তদ্যাতচিত্তে প্রীতি বন্ধন করিয়া আদি-য়াছে, কেবল তাহারাই ভ্রাম্তিজালে পতিত হইয়া তত্তৎ কুপ্রথাকে পরম পুরুষার্থ সাধক জ্ঞান করিয়া তাহাতে রত রহিয়াছে, নতুবা যাহাদের কিছুমাত্র জ্ঞানের উদ্রেক হইয়াছে, যাহারা মার্জ্জিত বুদ্ধি সহকারে সদদন্ধিবেচনা করিতে সমর্থ হইয়াছে, সভ্য-ভামুর স্থবিমল আলোক দ্বারা যাহাদিণের হৃদয় ভূমি উত্তরো-ত্তর উ্দ্রাসিত হইতেছে, তাহারা আর কোন ক্রমেই অজ্ঞানের कार्यारक अज्ञास धर्मा मूलक वित्रा त्वाध करत ना। এ करण অনেকে বিশ্বন্ধ নীতিপূর্ণ বিমল জ্ঞানগর্ভ অশেষ বিধ গ্রন্থাদি

পাঠ দ্বারা চিত্তের মালিন্য পরিহার পূর্ব্বক অবিকল্পিত প্রকৃত ধর্ম্মের মর্মাববোধে সমর্থ হইরাছেন এবং একমাত্র চৈতন্তময় পরব্রহ্ম স্বরূপে স্বয়ং বিশ্বাস করিয়া অন্য ব্যক্তিদিগকেও তাহা-তেই দীক্ষিত করিতে যত্ন পাইতেছেন।

এই সমস্ত ও অন্যান্য বিষয় বিবেচনা করিয়া দেখিলে অভিনৰ বিবেকাস্ত্রধারে বঙ্গদেশীয় অশেষ কুদংস্কার পাশের যে উত্তরোত্তর ছেদন হটবার উপক্রম হইয়াছে, তাহা অবশ্যই স্বীকার করিতে হইবে। বিমল বুদ্ধি সূচ্চরিত্র লোক সকলের সভা ধর্মের আংগ্র গ্রহণে যেমন অভিরতি হইতেছে, গেই রূপ্ উহার আফুসঞ্চিক ফল স্বরূপ স্বদেশের বিগর্হিত আচার পদ্ধতির পরিশোধন দ্বার। সামাজিক উৎকর্ঘবিধানেও যত্নাধিকা হইতেছে। উত্থানশীল ধর্ম-মিহিরের বিমল জ্যোতিঃ যত বিকীর্ণ হইতেছে, ততই ভ্রমা-ন্ধকার তিরোহিত হইয়া সদাচার মার্গের প্রকাশ হইতেছে। এ ক্ষণে যে কোন মতিমান ব্যক্তি পৰিত্র ব্রাক্ষ-ধর্মের কিছুমাত্র মর্মা গ্রহণে সমর্থ হইয়াছেন, তিনি প্রবঞ্চনাকে অবশাই অবমাননা ক্রেন; বিশুদ্ধ সভা ব্রভাবলম্বনে তাঁহার অবশ্যই বাসনা হই-য়াছে; ছন্মবেশের উপরে তাঁহার অবশাই বিদ্বেষ জন্মিয়াছে, ° এবং সাধাাত্মসারে পরমার্থ সাধন করা যে মন্তুযোর সর্ব্বথা কর্ত্তবা ইহা তাঁহার অবশাই বোধগমা হইয়াছে। এই রূপে সাংসারিক সদ্বাবহার প্রতিরোধী কাপটা অগারল্যাদি জঘন্য ভাব সমুদ্রের তিরোভাব হইলে লোকের কল্যাণ বুদ্ধি ব্যতীত যে কোন মতেই अनिके चरिवात मञ्जावना नाहे, जाहा अपनत्कहे वृत्तिए भातिया-ছেন। পূর্বের স্ত্রীগণের সহমরণ প্রথা প্রচলিত থাকায় দেশে যে কি পর্যান্ত অনিষ্ট প্রবাহ প্রবল ছিল, তাহা কাহারো অবিদিত নাই, কিন্তু এ ক্ষণে অনুষরণ দূরে থাকুক বিধবা রমণী গণের পুনঃ পরিণয় হইবারও উপায় হইয়াছে। স্থায়ামূগত বিধনা বিবাহ শাস্ত্র সঙ্গত বলিয়া নিশ্চিত হইয়াছে এবং বিধবা গর্ভজাত প্রস্র কন্তা। গণের পৈতৃক বিষয় প্রাপ্ত হইবার প্রতিপোষক রাজ নিয়ম নিবদ্ধ হইয়া তাহার পথ বিলক্ষণ পরিষ্কৃত করিয়াছে। সৌভাগ্য ক্রমে সমুদায় দেশ মধ্যে এই উদ্বাহ-তত্ত্ব-শোধিনী রুচির প্রথাটি প্রচ-

রজ্রপ হইলে বাভিচার জ্ঞান হত্যাদি তয়স্কর অনিইরাশি বিনই হইরা জন সমাজের যে কত দূর মঙ্গলোমতি সম্ভাবিত হইতে পারিবে, বুদ্ধিমান্ ব্যক্তি মাত্রেই তাহা বিলক্ষণ স্থায়ঙ্গম করিয়া-ছেন।

অন্যান্য বিষয়ক উন্নতির কথা আর কি উল্লেখ করিব, আমা-দিগের গৌড়ীয় ভাষা বিষয়ে একবার মনোনিবেশ করিয়া দেখ। পুর্বের যবনাদি ভাষা সংশ্লিষ্ট হওযায় বাঙ্গলা ভাষার যে কি পর্যান্ত ছুরবন্থা ছিল, তাহা সকলেই বিশেষ রূপে অবগত আছেন। নানা ভাষায় বিকৃত হওয়ায় উহার এতাদৃশ রূপা-खत इरेग़ाकिल, य छेरांटक ना शांत्रभी ना रिक्ती ना वाञ्चाला ; কিছুই বলা যাইত না। একাল পর্যান্ত প্রকৃত সাধুভাষার ভুরসী ঞীব্লন্ধি ও উচিতমত প্রচার না হওয়ায় উক্ত রূপ বিচিত্র ভাষাই অনেক স্থানে ব্যবহাত হট্য়া থাকে। রাজকীয় কার্য্য সংক্রান্ত যে 'কোন বিষয়ে বাঙ্গালা ভাষার আবশ্যক করে, তাহা প্রায়ই ঐ রূপ ভাষায় লিখিত হয়। যাহা হউক্ল এক্ষণে গৌড়ীয় স্থললিত ভাষার দিন দিন যাদৃশ উন্নতি হইতেছে, এবং গণিত সাহিতাাদি বিবিধ বিদ্যা সংক্রান্ত যে সমস্ত জ্ঞানগর্ভ গ্রন্থ উহাতে অমুবা-দিত ও রচিত হইতেছে, তাহাতে অম্মদেশীয় জনগণের অচিরেই क्कांन धर्त्मात जैन्नि इटेरन, गल्म्बर नारे। এই गमल नार्भात है ব্রাহ্ম-ধর্ম্মের অনুমোদিত ও অঙ্গভূত। এ সমুদায় সম্পন্ন হইলে বঙ্গভূমি যে কি অনির্বাচনীয় মধুর ভাবে বিভূষিত হইবে, বলিতে পারি না। হে সর্বাজ্ঞ পরমেশ্বর! কত কালে আমাদিগের উক্ত মনোর্থ পরিপূর্ণ হইবে, তুমিই জান। হে ব্রাহ্মগণ! এই সকল বিষয় পর্যালোচন পূর্ব্বক একবার অমুধাবন করিয়া দেখ, আমাদিগের মহতী আশার উত্তরোত্তর কত প্রকার আস্পদই উপস্থিত হইতেছে। এই সকল আশাস্থল অবলয়ন করিয়া আমরা যেরূপ অফুপম আনন্দ সম্ভোগ করিয়া থাকি, অদাই তাহা দবিস্তর প্রকাশ করিবার উপযুক্ত দিন। আমরা সাধ্যমতে नकल बहे ब्रक्कमीए बहे नमांक मन्त्रित नमत्व हहेगा बहे जल আনন্দই চিরকাল ব্যক্ত করিতে থাকিব, ক্বিন্ত আহ্লাদ প্রকাশের

সঙ্গে সঙ্গেই আমাদিগকে বিষাদাঞা মোক্ষণ করিতে হইবে। বে পুণ্যপ্লোক মহাপুরুষের প্রসাদে আমাদিণের উক্ত রূপ আনন্দ লাতে অধিকার হইয়াছে, যাঁহার বুদ্ধি কৌশলে ও উৎসাহ প্রভাবে এই বিস্তীর্ণ ভারত রাজ্যের যুগান্তর উপস্থিত হইবার স্ত্রপাত হইয়াছে, যিনি এই ব্রাহ্ম-সমাজ রূপ মহা বুক্ষের রোপণ কর্ত্তা, ডিনি যে আমাদিগের আশান্ত্রূপ দীর্ঘজীবী হইয়া ইহার উপযুক্ত ফল দর্শন করিতে পারেন নাই, ইহাই আমাদের অত্যন্ত বিষাদের হৃত্য । তাঁহার অত্মৃষ্ঠিত কল্যাণকর কার্য্য সমূহ হারা জন সমাজের যে রূপ উন্নতি হইতে. পারিবে ও একান্ত ছুর্দ্দশাপর বন্ধ দেশের যাদৃশ পরিবর্ত্তন হইবার সম্ভাবনা আছে, তিনি জ্ঞাননেত্র দ্বারা তাহা অপ্রেই অবলোকন করিতে সমর্থ হইয়া যে বিপুল আনন্দ লাভ করিয়াছিলেন, তাহাতে আর সংশয় কি ? কিন্তু আর কিছু কাল জীবিত থাকিয়া বাহ্য নয়নে প্রতাক্ষ করিতে পারিলে যে কভদুর পরিতৃপ্ত হইতেন, ভাহা বর্ণনাতীত। তিনি করাল কালকবলে অকালে পতিত না হইয়া যদি একাল পর্যান্ত সংসারধানে বিরাজ্যান থাকিতেন, ভাহা, रहेल, **এ कार्ण आभामित्रित्र मामाकिक উ**रकार्यत या कि इ हिरू দেখা যাইতেছে, তাহার বছগুণ বুদ্ধি পাইতে পারিত, তাহার मन्त्र नारे। जननि रङ्ग चूमि! जूमि नक नक अमान्त्रम शूख বিয়োগেও যাদৃশ শোক তাপ প্রাপ্ত হও নাই, তাহা এক রাম-মোহন রায় রূপ পুত্রের বিচ্ছেদে বিলক্ষণ অনুভব করিয়াছ। হা ধর্ম ! তুমি রামমোহন রায় মরণে যথার্থ বান্ধ্র বিহীন হইয়াছ!

রামনোছন রায় অসামান্ত ধীশক্তি প্রভাবে অপার শাস্ত্র সিন্ধু মন্থন করিয়া ব্রাহ্ম-ধর্ণের বীজ স্বরূপ এই যে অমূল্য রড্লের উদ্ধার করিয়াছেন,

"ব্ৰহ্ম বাএকমিদমগ্ৰআদীৎ নাস্থৎ কিঞ্চনাদীৎ তদিদং দৰ্ম্ম-মস্কৃত্তৎ।

তদেব নিত্যং জ্ঞানমনন্তং শিবং স্বতন্ত্রং নিরবয়বনেকমেবা-দ্বিতীয়ং। সর্কারণাপি সর্কানয়ন্ত সর্কাঞায় সর্কাবিং স্কাশক্তিমং ধুবং
পূর্ণমপ্রতিমমিতি।

একস্ম তলৈ্যবোপাসনয়। পারত্রিক নৈহিকঞ্চ শুভম্কবি । তন্মিন্ প্রীতিস্তস্ম প্রিয়কার্যসাধনক্ষ তত্নপাসন্মেব।"*

কিমান্ কালেও ইহার আর প্রভাহীন হইবার সম্ভাবনা নাই। পৃথিবী মধ্যে যে পর্যান্ত সভাের সমাদর থাকিবে, যে পর্যান্ত মত্ন-सात क्षम प्रिकांगत वित्वक-तारकत अधिष्ठीन थाकित्व, य পর্যান্ত অনন্ত বিশ্বরাজ্যের বিলয় দশা উপস্থিত না হইবে, সে পর্যান্ত উহা মানব প্রকৃতিকে অবশ্যই বিভূষিত করিবে, সন্দেহ নাই। এক রাত্রিতে এই অমুপম পরিশুদ্ধ ধর্মা বীজের সবিশেষ মর্মা প্রকাশ করা কদাচ সম্ভাবিত নহে; তবে গ্রোত্রগণের কুতুহল নিবারণার্থে তাহার স্থল তাৎপর্য্য নির্দ্দেশ করা বিধেয় বিবেচনায় 'কিঞ্চিং বিনরণ করা যাইতেছে। এই অখিল বিশ্বপ্রপঞ্চের উং-পত্তি হইবার পূর্নের একমাত্র সচ্চিদানন্দ পরব্রহ্ম ব্যতিরেকে আর কিছুই ছিল না, ভাঁহারই অনির্বাচনীয় ঐশীশক্তি প্রভাবে দমু-দায়ের সৃষ্টি হইয়াছে, তিনি যে কোন পদার্থের সৃষ্টি করিয়া-ছেন, সকলই বিনশ্বর, কিন্তু তাঁহার আর কোন কালেই ধংস হইবার প্রসক্তি নাই; তিনি কূটস্থ নিতা, তিনি যেমন কালের বাাপা নছেন তেমনি দেশেরও বাাপা হইতে পারেন না, তিনি সকলেরই ব্যাপক, সকলেরই নিয়ন্তা, সকলেরই আত্রায়, তাঁহার মহিমারও সীমা নাই, জ্ঞানেরও ইয়তা নাই, নিরবচ্ছিন্ন কল্যাণই তাঁহার দকল কার্যের উদ্দেশ্য এবং অথিল চরাচর মধ্যে যে কিছু কার্যা নির্কাহ হইতেছে, সকলই তাঁহার জ্ঞানগমা, তিনি জ্ঞান স্থরূপ, অনন্ত স্থরূপ, মঙ্গল স্থরূপ, ও স্বতন্ত্র, তিনি অবয়ব শূন্য, একমাত্র দ্বৈত বৰ্জিত, তাঁহার ঈদৃশ নির্বিকল্প স্থরূপের কিছুমাত্র পরিবর্দ্তন হইবার সম্ভাবনা নাই, তিনি পূর্ণ স্বরূপ, উপমা রহিত।

ঋ এ চারিটি বীজ রামনোহন রায়ের উত্তর কালে রচিত
 ছয়; অম বশতঃ রামনোহন রায়ের উদ্ধৃত বলিয়া উলিখিত
 ছইয়াছে।

কি ইছকালে কি পরকালে যে কোন বিষয় আনাদিগের প্রকৃত মঙ্গলের হেতু বলিয়া নির্দ্ধারিত হয়, একমাত্র তাঁহারই উপাসনা তাহার নিদান। তাঁহার উপাসনাও কোন প্রকার কট সাধ্য নহে; তাঁহার প্রতি একান্ত নিশ্চল প্রীতি এবং যে কার্য্য তাঁহার অভিপ্রেত ও প্রিয় বলিয়া নিশ্চিত হয়, তাহা সম্পন্ন করাই তাঁহার উপাদনা। এতাদৃশ অনায়াস দাধ্য পরিশুদ্ধ ধর্মতত্ত্ব যে উদার চরিত মহাপ্রক্ষ কর্ত্ব আবিষ্কৃত হইয়াছে, যাঁহার আন্ত-রিক প্রয়বে আমাদিগের সর্ব্ব প্রকার ছুরবস্থা শোধনের স্থত্রপাত হইয়াছে, তাঁহাকে কি আমরা কোন কালেও বিশ্বত হইতে পারিব ? তাঁহার মৃত্যু জন্ম বিলাপ করিতে ও তাঁহার অশেষ গুণ সমূহের কীর্ত্তন করিতে কি আমরা কখনও নিরস্ত হইতে পারিব ? কদাচ নছে। তাঁহার নিকটে আমাদিগকে যাবজ্জীবন অকুত্রিম কুভজ্ঞতা পাশে অবশাই আবদ্ধ থাকিতে হইবে। কাল-ক্রমে আমরা স্বজাতীয় বিবিধ কুদংস্কার হইতে মুক্ত হইয়া চির সঞ্জাত কলন্ধ সকল নিরাকৃত করিতে সমর্থ হইলে, ও সভাতার উচ্চ সীমায় আবরাহণ করিয়া মহুবা নামের প্রকৃত পৌরব রক্ষা করিতে পারিলেও, কোন অনিদ্দেশ্য স্থথের অবস্থায় অবস্থিত হইলেও, রামমেহিন রায়ই যে এসমুদায়ের মূলীভূত ইহা অব-শাই স্বীকার করিতে হইবে। তাঁহার মরণোত্তর কালে এই ব্রাক্ষ-সমাজ নিরাশনীরে নিয়গ্ন ইইবার উপক্রম ইইলে দেব প্রতিম যে মহোদয় ব্যক্তি, আপন অকপট সত্য-প্রিয়তা গুণে ইহার হস্তা-বলম্বন হইয়াছিলেন, যিনি অনীম উৎসাহ প্রকাশ পূর্ব্বক ইহার জীবৃদ্ধি সাধনে সংকল্প করিয়াছিলেন, তিনিও আমাদিণের স্মৃতি পথ इहेट कमां अमर्हि इहेट शांतित्व ना। उाहात নিকটেও আমরা কোন কালে কৃতজ্ঞতা ঋণে মুক্ত হইতে পারিব না। রামমোহন রায় সম্বন্ধীয় কীর্ত্তি কলাপের সঙ্গে সঙ্গে তাহার অমুপম গুণ সমস্ত কীৰ্ত্তিত হইতে থাকিবে।

হে পরমাত্মন্! হে বিশ্বপতে! তোমার কি অনির্ব্বচনীয় মহিমা, কি বিচিত্র করুণা! কি ধরাতল কি নভোমগুল সর্ব্বেই ভোমার মহিমারাগ সমস্ত রঞ্জিত রহিয়াছে; সর্ব্বেই ভোমার অনস্ত করু- পার স্রোত প্রবাহিত হইতেছে। আমরা বে দিকে নেত্রপাত করি কেবল তোমার অপার মহিমারই নিদর্শন নিরীক্ষণ করি, যে দিকে কর্ণ পান্ত করি কেবল তোমারই গুণ পান প্রবণ করিতে থাকি, যে কোন ভক্ষণীয় পদার্থ রসনা সংস্কুক্ত করি, কেবল তোমারই করুণ। রসের আত্মাদন পাই। কি শামল দুর্ম্রাদল, কি মহোন্ত করণ। রসের আত্মাদন পাই। কি শামল দুর্ম্রাদল, কি মহোন্ত করণ। রসের আত্মাদন পাই। কি শামল দুর্ম্রাদল, কি মহোন্ত কর্ণার, কি সামান্য দীপ শিখা, কি গ্রহ নক্ষজাদি জ্যোতিঃ পঞ্জ, সকলই কেবল ভৌমার অনন্ত শক্তির নিদর্শন। ভুমি উদার কারণা গণে আমাদির্গের প্রাথনা করিবার কিছুই অপেকা রাখ নাই, প্রাথমিত্য বিষয় সকল অগ্রেই প্রদান করিয়াছ। তবে এই একমাত্র প্রাথনা, কুম্ভির পরামর্শে ভোমাকে প্রীতি করিতে যেন কথনই আমাদির্গের বিরভি না হয় এবং সংসার মধ্যে কোন্ক লাভি তামার প্রিয়, কোন্টি বা অপ্রিয়, তাহার সমাক্ জ্ঞান লাভে সমর্থ হইয়া আমরা যাবজ্ঞীবন যেন মন্থ্যের সমুচিত সাধুপথে সঞ্চরণ করতঃ কুডার্থ হইতে পারি।

ওঁ একমেবাদ্বিতীরং।

. ১৭৭৯ শক।

া সাধৎসরিক ব্রাক্ষ-সমাজ।

তৃতীয় বক্তৃতা।

হে বিশ্বপিত। বিশ্বেশ্বর । তুমিই সমস্ত বিশ্বের-স্টি-স্থিতি ভঙ্গের মূল কারণ। যথন ভক্তজনের নানস-মন্দিরে ভোমার জ্ঞান-প্রভা উদয় হয়, তথন এই পরিদৃশ্যমান ভূলোক ও সমস্ত জ্যলোকের চিত্তমংকারিণী পরম রমণীয় শোভা কতই আনন্দের কারণ হয়। হে নাথ! তোমার জ্ঞান অভাবে এ সমস্তই বার্থ ও মহান অনর্থের হেতু হয়। হে স্বদেশীয় বান্ধব গণ! তোমরা ঈশ্বরের ইচ্ছামত কার্য্য করিয়া তাঁহাতে প্রীতি ভক্তি সমর্পণ কর, আর মন্ত্রের কুটিল উপদেশ পথের পথিক হইও না। সংসারানল-সন্তপ পুরুষ সেই অমৃভ্যুয়ের গুণ বর্ণনা ও গুণালোচনা করিয়া বেষন পরিভৃত্ত হয়েন, এমন সার কিছুতেই হন না।

সকল স্থাকর জ্ঞানেব্রিয় লাভ করিয়া—ছুর্লভ মন্থ্রীয় জন্ম প্রাপ্ত হইয়া যে ব্যক্তি সেই সর্ব্ব স্থুখদাতার প্রেমে মগ্ন না হয়, সে কি मञ्रुषा ?

বেমন পিতার জীবন পুত্রদিগের স্থাথের নিমিন্ত, যেমন দয়া-वारनंत जीवन अनारथंत जना, रमहे श्रकांत नेश्वरतंत्र महाव दकवल জীবের মঙ্গলের নিমিত্ত। মন্ত্র্যা পৃথিবীতে সহস্র সহস্র পুণ্য কর্মান্তুষ্ঠান করিয়া দে প্রকার স্থুখ লাভ করিতে পারেন না, যাহা তাঁহার প্রেমের প্রেমিক ব্যক্তি লাভ করিয়াছেন। যিনি যে পরিমাণে তাঁহার পনিয়মান্তগত হইয়া চলিবেন, তৎপরিমাণে ভিনি স্থ্যী হইবেন। তিনিই পুরাতন; তিনিই প্রজাদিগের মুক্তিদান জন্য মুক্ত হস্ত, সকলে মিলিয়া তাঁহারই পদে প্রণিপাত কর। যাঁহারা তাঁহা ব্যতীত অন্যকে উপাদনা করেন, তাঁহা-দিগের ভ্রান্তির আর অন্ত নাই " নেদং যদিদমুপাসতে '' লোকে যাহা উপাসনা করে তাহা ঈশার নয়। সেই এক অদ্বিতীয় ঈশা-রের আশ্রয় ব্যতীত এই বিচিত্র ভয়োদ্ভাবক সংসার হুইতে উত্তীর্ণ হইবার আর পথ নাই " নাক্তঃ পন্থাবিদ্যতে হ্যনায় " মুক্তির জন্ম অন্য আর উপায় নাই। তাঁহার সারণ প্রাবণ কীর্ত্তন করিলে আত্মা পবিত্র হয়, তাঁহাকে প্রীতি করিলে এবং তাঁহার ইচ্ছামত কার্য্য করিলে জম পথের পথিক হইতে হয় না। আমাদিগের দেহ ছারা যে কর্ম নিষ্পন হয় বা বাক্য ছারা যাহা উচ্চারিত হয় অথবা মন দ্বারা যাহা আন্দোলিত হয়, উহা আক্স প্রসাদের অবিরোধী হইলে আমরা সহজেই জ্ঞাত হইতে পারি যে ঈশ্বরের আজ্ঞাধীন হইয়া চলিতেছি, নতুবা তর্ক দ্বারা উহা নির্ধারণ করা সহজ ব্যাপার নছে। এই জগতের অধিকাংশ লোকেই ইতন্ততঃ রুথা ভ্রমণ করিতেছে, কিন্তু তিনিই যথার্থ ধর্ম পদবীতে পদার্পণ করিতেছেন, যিনি সকল প্রণয়ের আস্পদের প্রতি—সকলের কারণের প্রতি শ্রদ্ধা ভক্তি প্রীতি করিয়া ষথা-দাধ্য তাঁহার প্রিয় কার্য্য দাধন করিতেছেন। তেনিই ধক্ত, তিনিই যথার্থ পুণাবান। এরূপ মহাআ যদি সমস্ত ভূমগুল নিজা-য়ত্ত করিতে পারেন, তথাপি, তিনি ধর্মপদবী হইতে এক পদও

বিচলিত হয়েন না, ভাঁহার সম্ভপ্ত হৃদয় সেই মহামহেশ্বরের জ্ঞান বারি পাইয়। একেবারে শীতল হইয়া গিয়াছে। যিনি স্থাময় পূর্ণচন্দ্রের সম্ভাপ নাশিনী অমৃতন্য়ী চন্দ্রিকা পাইয়া আত্মাকে শীতল করিতেছেন, তিনি কি ইচ্ছা পূর্ব্বক অগ্নির প্রথর তাপে দক্ষ হইতে বাসনা করেন? এখানে যাহা মনোহর জ্ঞান হয় ও যাহাতে প্রণয় স্থাপন করা যায় দে সমস্তই অচিরস্থায়ী। পূর্বের यে সকল गामियर्ग निविष् कानन कल श्रुष्ट छे । भाग कतिया ধরণীর উপকার ও শোভা সাধন করিয়াছিল এই শীতের প্রাছ-র্ভাবে উহা নম্ট প্রায় হইয়াছে, সকলের আনন্দ বর্দ্ধক বসন্ত ঋতুর সমাগমে যে সকল বিহঙ্গ দলের স্থমধুর ধনিতে অন্তঃকরণ প্রফ্ল रहेशा উঠে, তাহাও किश्विः कालात जना। वर्ती कालीन य मकल (आंद्यांचांचा निमी श्रीय आंत्रिम लहते) लीला विखात করিয়া মন্তব্যের মনশ্চক্ষ্ পরিত্বপ্ত করিয়াছে তাহাইবা কোথায়, আর যে সকল প্রশন্ত কেত্র শ্যামবর্ণ নবীন দুর্ব্বাদলে শোভিত ছিল, তাহা আর দেখা যায় না। কি আশ্চর্যা! স্বভাবের কতই পরি-বর্ত্তন ! ইতি পূর্বের যাহা দেখিয়াছি, উহা আর নয়ন গোচর হয় না। এই শীত ঋতুর সমাগমে সকল বস্তুই শুদ্ধ প্রায়, পৃথিবী যেন জরাজীণাবস্থা প্রাপ্ত হইয়াছেন। এই রূপ শত শত পরিবর্ত্তন দেখিয়া অজ্ঞলোক মনে করিয়া থাকে যে পুনর্বার আর সে স্থাখের কারণ সকল উপস্থিত হইবেক না, কিন্তু উহা বাস্তবিক নয়, আবার দেই সৌভাগ্য বসন্ত আসিয়া সকলকে স্থা করিবে। "চক্রবৎ পরিবর্ত্তন্তে ছঃখানি চ স্থখানি চ। ''

মন্থার জীবনও ঐ নিয়মের অধীন, তিনিও কখন ছুঃখী কখন স্থী, কখন ধনী কখন নির্ধন্; কিন্তু এই পৃথিবীতেই খাঁহাদিগের আশা বদ্ধ আছে তাঁহাদিগের মত হতভাগা আর কে আছে; যখন তিনি মানব-লীলা সম্বরণ করিবেন, তখন কত শোচনা ও কত ছঃখ করিবেন। তিনি বিবেচনা করিবেন, যে আমি যে জ্ঞান শিক্ষা করিয়াছি, তাহা এই পর্যান্ত, আমি যে ধর্মান্ত্র্ঠান করিয়াছি, উহার শেষ হইল, স্ত্রী, পু্ত্র, বন্ধু, বাধাব, ধন, সৌভাগা সকল হইতে এক কালে ব্ঞান্ত হইলাম, আমার আল্লা একেবারে ধূলিসাৎ হইল, এই রূপ তিনি কতই খেদ করিবেন। যিনি ন্যায়বান্ ঈশ্বের মঙ্গল অভিপ্রায় বিশ্বাস রাখেন, তিনি মৃত্যু সময়ে মূতন মূতন আনন্দ লাভের প্রত্যা-শায় মহা আনন্দিত হয়েন, কারণ তিনি জানেন পৃথিবীর তাবৎ বস্তুই পরিবর্ত্তনের দুর্জ্জয় নিয়মের অধীন, অতএব তাঁহার আত্মার পরিবর্ত্তন মাত্র হইল, ইহাতে বিশেষ ক্ষুক্ত হইবার বিষয় কি ? আর তিনি ইহাও জ্ঞাত আছেন যে পিপাসা থাকিলে জল থাকা যেমন সম্ভব, ক্ষুধা প্রাকিলে অন থাকা যেমন সম্ভব, সেইরূপ সমস্ত জীবের উলতি হইবার যথন বাসদা আছে, আর সে বাসনা যথন এখানে পূর্ণ হয় না, তখন তাঁহার সে বাসনা অবশাই এক-কালে পূর্ণ হইবেক। পিতা কি উপযুক্ত পুত্রকে সমস্ত ধনের অধিকারী না করিয়া তৃপ্ত হ'ইতে পারেন? আমাদিণের পরম পিতা সর্ব্বাচ আমাদিগকে করুণা বিতরণ করিতেছেন, তাক্ষীলা না করিলেই আমরা উহা লাভ করিতে সমর্থ হই। সেই পাপাবিদ্ধ জগদিধাতা আমাদিগের এমত এক সময় উপ-স্থিত করিবেন, যে সময় আমাদিগের জ্ঞান ভৃষ্ণা শান্তি পাইবেক, ধর্ম ভূকা পরিভূপ্ত হইবেক, যে সময় আমাদিলের রোগ শোক ছুঃখ তাপ পলায়িত হইবেক, যে সময়ে অথও শাশ্বত পূর্ণ সূথ, যে সময়ে যোগানন্দের উৎস-প্রেমানন্দের উৎস ক্রমাগত উৎ-সারিত হইতে থাকিবে।

হে জগৎ বিধাতঃ! আমি তোমার এক নিমিষের করুণা কি বর্ণন করিয়া শেষ করিতে পারি ? তুমি আপাততঃ দুঃখ রাশি হইতে যে কত মঙ্গল বিধান করিতেছ, তাহাই বা কে বলিতে পারে। বিজ্ঞানই তাহার যৎকিঞ্চিৎ প্রকাশ করিতে পারে। যে খানে অজ্ঞানায় ব্যক্তি সমস্ত ব্যাপারকে অমঙ্গল পরিপূর্ণ বোধ করেন, সে খানে জ্ঞান চক্ষুঃ অমৃতময় মঙ্গলময় ফল প্রত্যক্ষ করিতে থাকেন। মহানিইকর ভীষণ ভূমিকম্পা, মহানর্থকর শস্তাহর জল প্লাবন, মহা প্রলয়কারী প্রবল ঝঞ্ঝাবাত, আগ্লেয় গিরির মহানিই গাধক দ্ববীভূত ধাতু প্রবাহ, প্রচণ্ড দাবানল, পর্বতোপরি অসঙ্গত শীতল তুবার রৃষ্টি ও অসহা প্রচণ্ড সুর্যা

কিরণ, এই আপাত পরিতাপী স্থভাব কার্য্য হইতে কত মঙ্গলই উৎপন্ন হইতেছে। ভীষণ ভূমি কম্পে ভূমি পরিষ্কৃত হয়, জল প্লাবনে নদী শ্ৰোতস্বতীও দোষ শূন্যা হয়, প্ৰবল ঝঞ্ঝাৰাতে বায়ু পরিশুদ্ধ হয়, আগ্নেয় গিরি হইতে মহানিষ্টকর ধাতু রাশি নিঃস্ত হইয়া পর্বাত সমূহ উৎপন্ন করে, দাবানল হইতে অগ্নি সমূহ সমুৎপাদিত হইয়া বায়ুও মৃত্তিকাকে দোষ শূন্স করে, তুষার বৃষ্টি পর্বতোপরি ক্রমাণত পতিত হইয়া নদী সমূহ উৎ-পন করে, এবং উহার জল একেবারে শুদ্ধ হইয়া যায় না, এবং প্রথর সূর্যা কিরণে দেশ বিশেষে প্রচুর রূপে ফল শক্তাদি উৎপন্ন হইয়া লোকের উপকার সাধন করে। হে মানব! এই সৃষ্টির আশ্চর্যা কৌশল কথনই তোমার বুদ্ধিগমা নছে। ভুলি বাহাতে কেবল বিশৃত্বল প্রভাক কর তাহার সমুদয়ই সুশৃত্বল, তুমি বাহাতে নিয়মের লেশমাত্রও দর্শন করিতে অসমর্থ, তাহা নিয়ম ব্যতীত আর কিছুই নয়। তুমি যে কারণে ভোমার প্রস্কার প্রতি দোষারোপ করিতে প্রবৃত্ত হও, তাহাতে তাঁহার অন্থপন করুণাই প্রকাশ পায়। তুমি যাহাকে অমঙ্গলের কারণ জ্ঞান কর, তাহা সমস্ত জগতের মঙ্গল বিধান করে ! হে ব্রাহ্মগণ ! আমরা দেশের মঙ্গলের প্রতি লক্ষ্য করিয়া যে অসামান্ত ছুঃসহ ভার গ্রহণ করি-য়াছি, তাহা কত দূর সম্পন্ন করিয়াছি ? আমাদিগের প্রমত্মে কি ব্রাক্ষ-ধর্মারূপ অমৃতময় তরু পুষ্প ফলে স্থাশেভিত হইয়াছে। আমরা উৎসাহের সহিত কি ধর্ম যুদ্ধে পাপপিশাচীকে পরাজয় করিয়া এবং কুদংস্কার পাশ ছেদন করিয়া আমাদিগের যত্ন ও পরিশ্রম দার্থক করিয়াছি। আমরা মাতৃ অপেক্ষা গুরুতরা জন্ম ভূমি হইতে কি কুদংক্ষার রূপ ক টকময়ী লতা সমূলে উন্সূলিত করিয়াছিল ভাতৃ স্বরূপ স্বদেশীয় ব্যক্তিদিগের হৃদয় কুটীর হইতে অজ্ঞান তিমির মোচন করিতে কত দূর সমর্থ হইয়াছি। যদিও এক্ষণকার স্থাশিকিত ব্যক্তি বুন্দের কুদংস্কার ক্রমে অপ-নীত হইতেছে, তথাপি যে অবস্থার প্রতি তাঁহাদিগের লক্ষ তথায় উপনীত হইতে অনন্ত কালের আবশ্যক। হে করুণানিধান বিশ্ব-বিধাতঃ ! কত দিনে এদেশীয় লোকের অজ্ঞান তিমির মোচন

করিবে? কত দিনে ইহাঁরা তোমার স্বভিপ্রেত স্থ্থ সৌভাগ্য লাভ করিবে? ভুমিই সকলের মূল কারণ, অতএব সকলে ঐক্য হইয়া ভক্তি পূর্মেক ভোমাকে প্রণাম করিতেছি এবং অতি বিনীত ভাবে ভোমার শরণাপন হইতেছি।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

2992 लक।

স্পায়ংসরিক ব্রাক্ষা-সমাজ।

চতুর্থ বক্তৃতা।

অদ্য আমাদিপের অন্তাবিংশ সাম্বংসরিক ব্রাহ্ম-সমাক্ত, অদ্য কি সৌভাগ্যের দিবস। হে সর্বান্তর্যামী পরমেশ্বর। অদ্য ভোমার মঙ্গল-ময় মূর্ত্তি আমাদিগের সকলের অন্তঃকরণকে আনন্দে পরি-পূর্ণ করিতেছে, এবং সম্বংসরের মধ্যে যথন যে কিছু ভোমার অভিপ্রায়াত্রণভ কর্মা করিয়াছি, তাছার শেষ পুরস্কার যে তোনার সাক্ষাৎলাভ, তাহার নিমিত্তে আমাদিগেরে সকলের মন উৎস্ক इटेर्डिह। मञ्चरमत काल स्या त्य **अकामिक्राम आकामगा**र्ज পরিভ্রমণ করিয়া আসিয়াছে, চন্দ্রমা যে উদয় হইয়া মধ্যে মধ্যে জগৎকে পুলকে পূর্ণ করিয়াছে, নদী নির্বার যে ক্রত ও মনদবেগে প্রবাহিত হইয়া পৃথিবীর নানা স্থানে সঞ্চরণ করিয়াছে এবং পৃথিবীকে ভূষিভ ও পবিত্রিত করিয়াছে, প্রাণিগণ যে অজঅ-কাল নানাবিধ কার্যো প্রবৃত্ত হইয়াছে, আর অধিক কি কহিব, এই অপরিমেয় জগতের অন্তর্গত সমস্ত বস্তু যে স্ব স নির্দ্দিট নিয়ম হউতে অদ্যাপি এক প্রমাণু ও প্রিচ্যুত হয় নাই, এ সকল তোমাভিন্ন আর কাহার ইচ্ছার প্রভাবে সম্পন্ন হইয়াছে। পৃথিবী যদিও ধংশ হয়, সূর্যা চক্র যদিও অদৃশ্য হয়, নক্ষত্র সকল যদিও নির্বাণ হয়, তথাপি তোমার অভিপ্রায় অনাদি কাল পর্যান্ত অটল ভাবে অবস্থিতি করিবে। ইহা কি তোমার অভিপ্রায় নহে, যে যেমন সূর্য্য চক্র প্রভৃতি তোমার অথগুনীয় আজ্ঞার অন্তবর্ত্তী হইয়া অপ্রমানে তোমার কার্য্য সাধন করিতেছে সেই রূপ আম-

রাও তোশার প্রদর্শিত পথে চির্দিন বন্ধ থাকিয়া অকুডোভয়ে লোক যাত্রা নির্দ্ধাহ করি। ইহা কি তোমার অভিপ্রায় নহে, যে এই লোকাকীর্ণ সমাজ-মন্দিরে আমরা যে কয়েক বাক্তি উপ-স্থিত আছি, সকলেই একান্তঃকরণ হইয়া তোমার অধিষ্ঠান উদ্দেশে স্ব স্ব অন্তঃকরণের কবাট যুগপৎ প্রসারিত করি এবং ভোষার মর্চনায় নিযুক্ত থাক্রিয়া সংস্থার ভরক্লের কোলাহল ভূরীকৃত করি। তেখনাকে বলিতে হয় না, যে আমরা যাহা একান্ত মনে ব্যক্ত করিতেছি, তাহাতে মুহূর্ত্তেক প্রণিধান কর'। কারণ তুমি মহান্, তুমি সর্বব্যাপী, তুমি অন্তর্যামী। তোমার কি মঙ্গলময়ী প্রকৃতি, তুমি বায়ুকে প্রেরণ করিতেছ; আলোক প্রভা বিকীর্ণ করিতেছ, আমাদিণের মনকে উন্নত করিতেছ, এবং আমাদিগের মনে এ প্রকার প্রণয়াস্কুর নিবেশ করিতেছ, যে তাহা প্রক্রিটিভ হইলে মন্থ্যো মন্থ্যো শক্রতা থাকে না, সর্বাত্র স্থথের সঞ্চার হয়, এবং পৃথিবীতে ও স্বর্গেতে কিঞ্চিন্নাত্র বিভিন্নতা থাকে না। যদি কাহারো মনে কুটিলভাব স্থান না পায়, যদি কাহারো ু উপর বিষদৃষ্টি না থাকে, যদি সকলে ঐক্য হুইয়া জগতের মঙ্গল সাধনে প্রবৃত্ত হয়, তাহা হইলে এই জগৎ অপেকা স্থের স্থান আর কোথায় সম্ভব হয়। পৃথিবীর এ অবস্থা কে না আকাজ্জা করে। যে ব্যক্তি প্রতি দিবভাগে সংলার পিশাচের সহিত দারুণ সং-প্রামে প্রবৃত্ত হয়েন, তিনি প্রতি রজনীতে জগদীশ্বরের নিকট উক্ত অবস্থা হইতে মুক্তি পাইবার প্রার্থনা করেন। যে মহাত্ম। স্থায় পথে থাকিয়াও লোকের নিকট হইতে ক্রমাণত নিষ্ঠুর আঘাত প্রাপ্ত হয়েন, তিনি ভাবিপূর্ণ অবস্থা সর্বাদা নয়নের পথে আবিষ্কৃত রাখিয়া অলেকিক ধৈর্যা আলিঙ্গন পূর্ব্বক পরিশুদ্ধ অন্তঃকরণে ধর্মাত্র্তানে আপনার সমস্ত জীবন সমর্পণ করেন। এই যে উন্নত এবং প্রথর আশার উৎস, হে জগদীশ্বর! ভাহার তুমিই এক মাত্র প্রবর্ত্তবিতা; অতএব তোমার অচিন্তনীয় মঙ্গল বভাব, তোমার প্রগাঢ় প্রীতি, তোমার সর্বলোক পালনী শক্তি, এ সমস্তের উপর নিভাস্ত নির্ভর করিয়া বলিভেছি, যে তুমি বঙ্গদেশীয় লোকের মন হইতে কপটতা উন্মূলন কর, সকলের

মধ্যে পরক্ষার ষাহাতে ঐক্যানিবদ্ধ হয়, তাহার বিধান কর, সকলের মনে ব্রাহ্ম-সমাজের উপ্পতি চেন্টা উদ্দীপন কর এবং সকলের মনে মহাস্থা শ্রীযুক্ত রাজা রামমোহন রায়ের দৃষ্টান্তের অমুগামী হইবার প্রবৃত্তি উত্তেজিত কর।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৮০ শক। সঃসংগরিক ব্রাক্ষ-সমাজ। প্রথম বক্তৃতা। °

যে সমস্ত সৎকার্যা সংসাধন দ্বারা মহুধা জাতি মহুছের व्यान्त्राम উপনীত इहेट পারে, স্বদেশের উপকার সাধন করা তন্মধ্যে প্রধান কার্যা। যে বাক্তি স্বীয় শক্তি অমুদারে আপনার জমা ভূমির হিত সাধনে তৎপর'না হয়, সে কোন প্রকারেই সম্পূর্ণ রূপে মন্ত্র্যা নামের উপযুক্ত হইতে পারে না। যাহার मञ्चीर्य मन স্বার্থপরতার বশীভূত হইয়া কেবল স্বীয় কর্মা দাধ-নেই আবদ্ধ থাকে, দে কথনই উপযুক্ত রূপে গৌরবাল্বিত হইতে সমর্থ হয় না এবং সে কোন কালে আপনার যথাসমূব কল্যাণ লাভ করিতেও পারে না। মন্ত্রা যেমন বহুজন একত্রিত হইয়া সমাজ-বদ্ধ বাতিরেকে কোন রূপে একাকী বাস করিতে সক্ষম হয় না, দেই রূপ স্বদেশস্থ সহবাসী লোকের উন্নতি সাধন ব্যতি-রেকেও আপনি উন্নত হইতে পারে না। বৈমন শরীরের মধ্যে কোন এক অঙ্গে পীড়া উৎপন্ন হইলে অন্য অঙ্গে যন্ত্ৰণা উপ-স্থিত হয়, সেই রূপ সমাজের মধ্যে কোন এক ব্যক্তি মন্দ হইলেও অপরকে তাহার কল ভোগ করিতে হয়! সদেশস্থ সহবাসী লোকের হিত সাধন করা আমাদিগের নিতান্ত আব-শাক বলিয়া পর্ম করুণাবান পর্মেশ্বর আমাদিগকে ভচুপ্যো-গিনী কল্যাণ করী প্রবৃত্তি প্রদান করিয়াছেন। তিনি স্বদেশের উপকার সাধনের সহিত এমনি আশ্চর্যা স্থুথ সংযোগ করিয়া রাখিয়াছেন, যে মতুষ্য আপনা হইতেই তাহা সাধন করিতে

উদাত হয়। কত কত মহাত্মা যে কত প্রকার ক্লেশ ভোগ করিয়া স্বদেশের উপকার সাধন করিয়াছেন, তাহা বর্ণন করিয়া শেষ করা অসাধা। স্বদেশের উপকার সিদ্ধির জ্বস্তু কত কত পর্যাটক দেশ দেশান্তর জ্বনণ পূর্ব্ধক জ্ঞান ও ধর্ম্ম বিস্তার করিয়াছেন, কত বীর বীরত্ম প্রকাশ পূর্ব্ধক রণস্থলে প্রাণ দিয়াছেন, কত পণ্ডিত কত প্রকার ক্লেশ সহা করিয়া কত গৃঢ় জ্ঞান আবিষ্কৃত করিয়াছেন, কত শত ব্যক্তি সর্ব্বসান্ত করিয়াছেন, কত শত ব্যক্তি সর্ব্বসান্ত করিয়াছেন। স্বদেশের হিতের জ্বা কেই ধন বিসর্জন করিয়াছেন। স্বদেশের হিতের জ্বা কেই ধন বিসর্জন দিয়াছেন, কেই মান, মশঃ, খাতি, প্রতিপত্তি পরিত্যাগ করিয়াছেন, কেই শরীরপাভ করিয়াছেন, এবং কেই প্রাণ পর্যান্তও উৎসর্গ করিয়াছেন।

স্বদেশের যত প্রকার হিত সাধন করা যাইতে পারে তমধ্যে ধর্মোন্সতি সংসাধন করাই ভাহার যথার্থ হিত সাধন করা। যাহাতে স্বদেশীয় লোক বিশুদ্ধ ধর্মের আগ্রায় গ্রহণ করিয়া মমুঘ্য জন্মকে দফল করিতে পারে, যাহাতে স্বদেশস্থ লোক ঈশ্বর-প্রেম-পীযুষ পান করিয়া মানস রসনাকে সার্থক করিতে সমর্থ হয়, যাহাতে দেশীয় লোকে ক্রমে ক্রমে আপনার নিত্য কল্যাণ, সঞ্চয় করিতে সক্ষম হয় এবং যাহাতে ভাহারা অল্লে অল্পে আপন পরম পিতা পরমেশ্বরের সহবাস লাভের উপযুক্ত হইতে পারে, তাহার উপযুক্ত উপায় সংস্থাপন করাই দেশের প্রকৃত কলা। বর্দ্ধনের পথ প্রস্তুত করা। যে পর্যান্ত দেশীয় লোকের ধর্ম পরি শুদ্ধ না হয়, সে পর্যান্ত কোন প্রকারেই দেশের প্রকৃত কল্যাণ সমুদ্ভূত হইতে পারে না। ধর্ম যে মহুষোর কি পর্যান্ত প্রয়োজনীয়, মৃত্যুষা ধর্মারিত হুইলে যে কি পর্যান্ত পৌরবান্বিত হয় এবং দে ধর্ম বিহীন হইলে যে তাহার কতদুর পর্যান্ত অধঃপতন হইয়া থাকে, তাহার প্রতি একবার বিশেষ রূপে মনোযোগ করিয়া দেখিলেই অনায়াসে ধর্মোর্নতির আব-শ্যকতা অন্তুত হ ইতে পারে। ধর্ম মন্তুষ্যের ভূষণ স্থরূপ, এবং ধর্মাই ভাহার প্রাণতুল্য। যে ব্যক্তি স্থানির্মাল ধর্মা ভূষণে বিভূ-বিত না হয়, সহঅ বাহা শোভায় তাহার কি সৌন্দর্য়া বুদ্ধি করিতে পারে? এবং যাহার অন্তর মধ্যে ধর্মের অপরাজিত শক্তি নিরন্তর বিদামান না থাকে, ভাছার সহিত মৃত দেহেরই বা কি বিশেষ ! ইহা নিশ্চয় জানা আবশ্যক যে বিশুদ্ধ ধর্মের আশ্র গ্রহণ না করিলে মানব জাতি কোন রূপেই মহত্ত্বের আস্পদে অধিক্রট হইতে পারে না। বিশেষতঃ ধর্ম যেমন সাধা-রণ রূপে সমস্ত মন্ত্র্যোরই নিতান্ত প্রয়োজন, এমন আর কিছুই নহে। কি রাজা, কি প্রজা; কি ধনী, কি দরিদ্র; কি অজ্ঞ, কি প্রাজ্ঞ; কি বীর, কি ধীর; কি ইতর, কি ভদ্র; কি ক্ষুদ্র, কি মহৎ ; কি যুবা, কি বুদ্ধ ; কি স্ত্রী, কি পুরুষ ; ধর্ম মন্থুষা মাতেরই প্রয়োজনীয়। ধর্ম যেমন রাজার মস্তক ভূষণ সেই রূপ দরিদ্রের সত্যোষের কারণ ; ধর্ম্ম যেমন জ্ঞানির জ্ঞানকে উজ্জ্বল করে, সেই রূপ অজ্ঞানের মনকেও গুণান্বিত করে; ধর্ম যেমন বুবাদিগের যৌবন তরঙ্গ উত্তীর্ণ হইবার একমাত্র তরণী, সেই রূপ গভায়ঃ বুদ্ধ দিগের বৃদ্ধাবস্থার একমাত্র অবলম্বন; উহা যেমন পুরুষের পৌরুষের মূল, দেই রূপ স্ত্রী দিগের প্রিয়ভারও নিদানভূত—উহা সাধারণ রূপে সকল মহুষোরই আবিশাক। যে কোন প্রকার মহুষ্য হউক, ধর্মা বিহীন হইলে আর সে কোন প্রকারেই মন্ত্র্যা নামের উপযুক্ত হইতে পারে না এবং ধর্মা ব্যতিরেকে তাহার কিছুমাত্র শোভা থাকে না; ধর্মহীন ব্যক্তি সর্ব্বদা সকল অবস্থাতে অপ্রাদ্ধেয়। যেমন মৃত শরীরকে শতালঙ্কারে বিভ্যতি করিলেও তাহার শোকা হয় না, সেই রূপ ধর্মবিহীন লোকের সহজ্র গুণ থাকি-লেও তাহা আদরণীয় হয় না। যদি স্বদেশীয় লোকের হৃদয় মন্দির বিশুদ্ধ ধর্মা জ্যোতিতে বিকীর্ণ না হইল, যদি স্বদেশীয় লোক স্থানির্মাল ধর্মালোক প্রাপ্ত হইয়া আপন চিরারাধ্য পর্ম পিতার অপ্রতিম মঙ্গল মূর্ত্তি দর্শনে বর্জিত রহিল এবং যদি স্দেশ মধ্যে ঈশ্বর প্রেমের অনিবারিত ভ্রোতও তপ্রোত হইয়া প্রবাহিত না হইল এবং যে ঈশ্বর প্রেম জগতের সার, যাহা মানব জাতির সর্বাস্থ ধন এবং যাহা আমাদিগের জীবনের জীবন, স্বদে-শীয় লোকে যদি সেই দেব-কুর্লভ প্রেমামৃত পানেই বঞ্চিত রছিল তবে কেবল বাহা শোভা ও বাহ্যাড়ম্বর দ্বারা স্বদেশের কি উন্নতি

দিভি হইবে? যদি দেশীয় লোকের হৃদয়ে জগদীশ্বরের প্রেম সঞ্চার দ্বারা স্থাদশের প্রাণ সঞ্চারই না হইল, তবে সেই প্রাণ-হীন শূনা দেশকে প্রশস্ত রাজপথ, মনে হর উদ্যান, তুর্গম তুর্গ, ধবলাকৃতি অটালিকা ও নানা প্রকার শিল্প সম্পন্ন শোভা দ্বারা স্থদক্ষিত করিলে তাহার কি শ্রীবৃদ্ধি হইবে এবং ভাহার কি কল্যাণই বৰ্দ্ধিত হইবে ! অতএব যে উদার স্বভাব মহাআরা স্বদেশের হিড সাধন করিতে নিডান্ত অমুরাগী, দেশীয় লোকের ধর্মোন্নতি সংসাধন পক্ষে তাঁহাদিগের সর্ব্বতোভাবে মনোযোগী হওয়া আবশ্যক। স্বদেশীয় লোক বিশুদ্ধ ধর্মাতত্ত্ব রসাস্থাদনে কতদুর পর্যান্ত অধিকারী হইয়াছে, দেবছুল্ল ভ ঈশ্বর প্রেমের অমৃ-তরদের স্বাদ গ্রহণ করিতে কি পর্যান্ত সমর্থ হইয়াছে, সভ্যের জনা সর্বাস্ত হইতে কি পর্যান্ত প্রস্তুত হইয়াছে এবং স্ব স্থ মানস মন্দিরকে কি প্রকার পরিস্কৃত করিয়াছে, ইহা তাঁহাদিগকে বিশেষ রূপে অনুসন্ধান করিয়া দেখা আবশাক। এই সমস্ত মহৎ বিষয় সিদ্ধ করিতে না পারিলে কোন রূপে স্বদেশ হিত বর্দ্ধ-নের আশা পূর্ণ হইবার নহে।

কিন্তু ছুংখের বিষয় এই যে এ বিষয়ে অতি অল্প লোকেরই মনোযোগ দেখা যায়, অতি অল্প সংখ্যক লোকে এ বিষয়ে যথা-বিহিত যত্ন প্রকাশ করিয়া থাকেন। সদেশের ধর্মোন্নতি সংসাধন বিষয়ে যে প্রকার যত্ন করা আবশ্যক, আমরা তদ্রুপ করিতেছি! বিবেচনা করিয়া দেখিলে আমরা কিছুই করিতেছি না। কোথায় আমাদিগের যত্ন, কোথায় বা আমাদিগের উৎসাহ, আমরা অতি যংসামান্ত বিষয় সাধনের জন্ত যে প্রকার যত্ন ও যদ্রুপ অন্তর্বাগ প্রকাশ করিয়া থাকি, ধর্ম বিষয়ে তাহার সহত্র অংশের একাংশুও করি না। আমরা কোন একটি সামাজিক বিষয় সিদ্ধ করিবার জন্ত অর্থ সামর্থ্য দ্বারা যে প্রকার চেন্টা করিয়া থাকি, ধর্ম্মের্মান্ত সাধনের জন্ত যদি সেই রূপ করি, তাহা হইলে কি এ দেশের মধ্যে ধর্ম্মের অবস্থা এত স্থান থাকে। তাহা হইলে অবশাই আমরা কিছু না কিছু কল প্রাপ্ত হই, সন্দেহ নাই। যথান অ্যত্নে পৃথিবীর কোন

কার্যাই সিদ্ধ হয় না, তথন যত্নাভাবে এতাদৃশ গুরুতর কার্য্য কি প্রকারে সম্পন হইবে। ইহা নিঃসংশয়ে বলা ষাইতে পারে, যে একটা সামান্ত রজত মুদ্র। লাভে আমরা যাদৃশ লাভ জ্ঞান করি, সহঅ সহঅ অমূল্য ধর্মোপদেশ লাভকেও তাদৃশ মনে করি না এবং আমরা অতি যৎসামান্ত প্রবৃত্তি চরিতার্থ করিবার জন্ত অর্থ गांगर्था हाता य शकात आयामें अ बाहुन बच्च कतिया शाकि, ধর্মোনতির জন্য কখনই সে প্রকার করি না। আহা। এ প্রকার অযত্নে কি কথনই কোন বিষয়ের উন্নতি সিদ্ধি হইতে পারে? ধর্মোন্নতি সাধন পক্ষে আমাদিগের অবত্ত্বের বিষয় আলোচনা করিয়া দেখিলে এক কালে নিরাশ প্রায় হইতে হয় এবং তৎপক্ষে আমাদিগের তাচ্ছিল্য ও অবহেলা মনে হইলে কোন কালে এবং কি প্রকারে যে এ দেশের ধর্মোন্নতি সিদ্ধ হইয়া ইহার প্রকৃত কল্যাণ বুদ্ধি ইইবে তাহা স্থির করাও যায় না। ধর্মোন্নতি সাধন পথের বিঘুরাশি মনে হইলে এক এক সময় জ্দয় বিদীর্ণ হইতে থাকে এবং আশার মূল শুষ্ক হইয়া যায়। একেতো এ দেশীয় অধিকাংশ লোকের মন এ পর্যান্ত বিশুদ্ধ ধর্মা ডাত্ত্বের মর্মাবধারণে অশক্ত, ভাহাতে আবার যে সমস্ত বিঘু দেখিতে পাই, তাহার মারণও নিদারুণ যন্ত্রণাদায়ক। আমরা যে সমস্ত লোককে এ দেশীয় ধর্ম্মোন্নতি সাধনের ও প্রকৃত গৌরব বর্দ্ধনের কারণ বলিয়া জ্ঞান করিয়া থাকি, যাঁহাদিণের নিকট হইতে আমরা ধর্মোন্নতির আশা বিস্তার করিয়া কাল্যাপন করি, তাঁহারা নিরাশ করিলে আর আমাদিগের আশা পূর্ণের পথ কোথায়? আমরা যদি ধর্ম শিখরের কিয়দ্র আরোহণ করিয়া পুনঃ পুনঃ পরিচ্যুত হই, তাহা হইলে আর আমাদিগের উন্নতির ভর্মা কি ? ফলতঃ ধর্মোন্নতি সাধন পক্ষে এ দেশীয় লোকের অয়ত্ম ও এ দেশের অবস্থা দৃষ্টে কোন মতেই আর এ দেশের প্রকৃত উন্নতির আশা বর্দ্ধিত করিতে পারা যায় না। বস্তু-তই নিরাশ হইতে হয়, তবে "সভামেব জযতে" এই সতা মনে হইলে কিঞ্চিৎ কিঞ্চিৎ আশার সঞ্চার হইতে থাকে। ধর্ম নিয়ন্তা পর্ম পুরুষ সত্যের এমনি প্রভাব করিয়াছেন, যে সছত্র

বিঘ্ন উল্লন্ডন করিয়াও সতা আপন পরাক্রম প্রকাশ করিতে থাকে। সভ্যের যে অবশাই জয় হয় ভাহার আশব কিছুমাত সন্দেহ নাই, সমুদ্র পৃথিবীই তাহার প্রমাণ স্থল এবং আমাদি-গের এই দেশই তাহার স্থাপান্ট নিদর্শন প্রদর্শন করিতেছে. কাহার মনে ছিল, যে এই তমসাচ্ছন্ন বঙ্গদেশে পর্ম সত্য ব্রাক্ষ-ধর্ম্মের উদয় হইয়া ইহাকৈ ধন্য করিবে ? কে মনে করিত. যে এ দেশীয় লোকের মনে স্থানির্মাল ব্রাক্ষ-ধর্ম্মের উজ্জ্বল জ্যোতিঃ বিকীর্ণ হইবে ? কিন্তু কি আশ্চর্য্য স্থত্তে এখানে সভাের মহিমা প্রাকাশিত হইল! মহাত্রা রামমোহন রায়ের মানস মন্দিরে এই পরম মত্যের প্রভা প্রকাশিত হইল এবং তিনিই এই দেশে তাঁহার মানদোদিত পর্ম সত্য ব্যাপ্ত হইবার উদ্দেশে এই ব্রাক্ষ-সমাজ প্রতিষ্ঠিত করিলেন। তিনি এই পর্ম কল্যাণকর ব্রাক্ষ-সমাজ প্রতিষ্ঠিত করিয়া এ দেশের যে কি পর্যান্ত হিত সাধন করিয়া গিয়াছেন, তাহা বর্ণন করিয়া শেষ করা অসাধা। এই ব্রাজ্ব-সমাজই আমাদিণের এ দেশের ধর্মোনতি সাধনের নিদানভূত, স্তরাং ইহাই এ দেশের প্রকৃত কল্যাণেরও প্রধান কারণ। যে মহাত্মা এই সমাজ প্রতিষ্ঠিত করিয়াছেন, তিনি যে আমাদিণের কি পর্যান্ত হিতকারী তাহা কি বলিব ! তাঁহাকে মনে হইলে মন কৃতজ্ঞতা রুসে আর্দ্র ইইতে থাকে এবং তাঁহার নামোচারণ করিলেও হৃদয় প্রফ্ল ও শরীর লোমাঞ্চিত হইয়। উঠে। আমাদিগের এ দেশীয় লোক চির্দিন তাঁছার উপকার ঋণে বন্ধ থাকিবে। তিনিই এদেশের যথার্থ হিতকারী এবং তিনি আসাদিগের প্রকৃত বন্ধ । এই ব্রাহ্ম-ধর্মের উন্নতির সঙ্গে সঙ্গেই পৃথিবী মধ্যে তাঁহার কীর্ত্তি পতাকা উড্ডীন হইতে থাকিবে। কিন্তু তিনি এই দেশে যে পরম সত্যের অঙ্কুর রোপণ করিয়া

কিন্তু তিনি এই দেশে যে পরম সত্যের অঙ্কুর রোপণ করিয়া গিয়াছেন, তাহাতে যত্নবারি দেচন পূর্বক তাহাকে বর্দ্ধিত করা তাহার স্বজন ও স্কুহুৎ বর্গের কি পর্যান্ত কর্ত্তবা। যাঁহারা তাহার বন্ধু বলিয়া পরিচয় দেন, তাহার নামে প্রান্ধা করেন, এবং সদেশের উন্নতির জন্ম অফুরাগ প্রকাশ করেন, তাহারা কোন্ প্রাণে যত্নাভাবে দেই অঙ্কুরকে শুদ্ধ হুইতে দেথিবেন,

বলা যায় না। বাঁছাদিগের সভাের প্রতি কিছুমাত্র আদর আছে এবং স্থদেশের উপকারের জন্য কিছুমাত্র চেন্টা আছে; ব্রাহ্মবর্দ প্রচারের নিমিত্ত তাঁহারা অবশাই যত্নশীল হইবেন, সন্দেহ নাই। আমরা স্থদেশের প্রকৃত হিত সাধনের জন্য যে মহৎ উপায় প্রাপ্ত হইরাছি, ইহাতে অবহেলা করিলে আমরা অবশাই পরম পিতার নিকট অপরাধী হইব, ইহাতে তাচ্ছিল্য প্রকাশ করিলে আমরা তাঁহার আজ্ঞা হেলনের পাপে পতিত হইব। তিনি কৃপা কুরিয়া আমাদিগের স্থদেশের কল্যাণ সাধনের এই প্রশস্ত পথ প্রদান করিয়াছেন, ভামরা যদি অবহেলা করিয়া সেই পথ অবলম্বন না করি, তাহা হইলে কি আর আমাদিগের অপরাধের সীনা থাকে।

হা জগদীশ ! হে কর্রণানিধান বিশ্ব-পিতা! তুমি প্রসন্ন হও এবং কুপা করিয়া আমাদিগের জ্ঞাননেত্র উন্মীলন করঁ। তুমি আমাদিগের নিজিত মনকে জাগ্রত কর এবং নিজীব ভাবকে সত্তেক্ধ কর, ভোমা বাভিরেকে আর আমাদিগের জীল্য গতি নাই। যাসতে তোমার দীনহীন সন্তানগণ ভোমার প্রণীত দতা ধর্মের শ্রীসাধন করিয়া মহুষা নামের গোরব বুদ্ধি করিতে পারে এবং যাহাতে ভাহারা ভোমার অনির্বাচনীয় প্রেম রুসের স্বাদ গ্রহণে শক্ত হয়, তুমি কুপা করিয়া ভাহাদিগকে ভাদুশ শক্তি প্রদান করে। আমরা যেন সকলে ভোমাতে প্রীতি করিয়া এবং ভোমার প্রিয়কার্য্য সাধন করিয়া স্বেদেশের গোরব বর্দ্ধন করিতে পারি, ভাবশেষে এই আমার প্রার্থনা।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৮০ শক। সাম্বংসরিক ব্রাহ্ম-সমাজ। দ্বিতীয় বক্ততা।

আদ্য কি শুভদিন ! আদ্য আমারদের এই ব্রাক্ষ-সমাজের উন-ত্রিংশ বংসর ব্যঃক্রম পূর্ণ হইল। এই সমাজের প্রথম।-বন্ধায় কে মনে করিয়াছিল, ধেইহা কুসংক্ষার লভার পর্ভ

রূপে উথিত হইয়া এতকাল পর্যান্ত যথার্থ ঈশ্বরতত্ত্ব প্রচার করিবে এবং ধর্ম পথের ছুস্তীর্ণ কণ্টক সমুদায় ছেদন করিতে থাকিবে। কাহার মনে ছিল যে উন্তিংশ বৎসর পরেও এই সমাজ-মন্দিরে আমরা সকলে ভ্রাতৃ সৌহার্দ্দ রসে মিলিত হুইয়া প্রমেশ্বরের ছুর্বগাহ্য মঙ্গল ভাব নিরীক্ষণ করিতে প্রবৃত্ত হইব। কি আশ্চর্যা। যিনি আমারদের ইন্দ্রিরে অ-গোচর, যিনি আমারদের মন হইতে পৃথক পদার্থ, ঘাঁহার সহিত এ পৃথিবীর কোন বস্তবই তুলনা না পাইয়া যাঁহাকে কেবল ''অন্তলমনণুত্র স্মদীর্ঘং'' ''অশব্দমস্পর্শমর্মপমব্যয়ং'' এই প্রকাব নেতি নেতি বাক: দ্বারা বর্ণন করিতে হয় - কি আশ্চর্যা ! অদা এই আলোকময় সমাজ-মন্দিরে তাঁহারই অতুল জেগাতিঃ প্রতিভাসিত দেখিতেছি। ভূলোক ও ত্যুলোক সতত মাঁহার সাকা প্রদান করি তছে, "যমৈ যমহিনা ভূবি দিব্যে" তাঁহার সমগ্র বিশ্ব-রাজ্যের তুলনায় অতি অকিঞ্ছিৎকর এট পৃথিবীতেই অবস্থিতি ক্রিয়া যে আমরী তাঁহার সহবাস স্থ্যলাভে অধিকারী হইতেছি, ইহা আমারদের সকল সেভিাগোর প্রধান দৌভাগা। তাঁহার জ্ঞান ও শক্তির নিদর্শন চতুর্দ্দিকে এরূপ বিস্তারিত রহিয়াছে, যে তাহা দেখিলে অবোধ বালকের মনেও তাঁহার মহান্ ভাবের উদ্দীপন হয়। সেই চেতনাবানের প্রকাশে এই সমুদায় জড় পদার্থও চেতন বিশিষ্ট বোধ হয় এবং তাঁহারই অন্থপম স্থানর ভাবের ছায়া মাত গ্রহণ করিয়া এই সমুদর স্থানর দেখায়। এই অচেতন দিবাকর সচেতনের ন্যায় সচল হইয়। প্রতি দিনই যথা-काल ममूमग्र कीरवर विधाम छक्ष शृर्खक मकनरकर कर्माकारक প্রেরণ করত তাঁকারই শাসন প্রচার করে। গভীর নিশীথ সময়ে সকল জीব ऋषुख इटेब्ल नीलाज्ज्वन গণন মগুলে দীপ্তিমান্ তারকাগণ সৈত্য দলের ত্যায় দলবদ্ধ হইয়া প্রহরী রূপে যেন তাহারই রাজা পরিপালন করে। কত নদ নদী পর্বত-ক্রোড় হ্ইতে নিঃস্ত হ্ইয়া তাঁহারই আদেশ পালন করিবার জন্ম কত দেশ বিদেশ অতিক্রম করিয়া এবং কত ছুস্তর প্রতিবন্ধক ছেদন করিয়া ঘোরতর নিনাদে ও প্রবল বেগে ধাবমান হইতেছে,

এবং তাঁহার এই রাজ্যের শোভা বর্দ্ধন ও অশেষ কল্যাণ সাধন করিতেছে। জন শূন্তা তুর্গম গছনের প্রত্যেক মনে ছর পুষ্প তাঁহার অতুন্য তুলিক। দ্বারা উন্মীলিত হইয়া এবং তাঁহারই হস্ত দার। সুর্ফিত হইয়া তাঁহারই স্থন্দর ভাব প্রকাশ করি-তেছে। তাঁহার স্থানর মঞ্জ ভাব চতুর্দ্দিকে প্রকাশমান রহি-য়াছে, জগতের অতি সামাস্য বিষয়ও গৃঢ় পরমার্থ ভাবে পূর্ণ রহিয়াছে। জ্যোতির্মিদায় পারদর্শী কোন স্থবিজ্ঞ পণ্ডিত অসংখ্য অসংখ্য ভাষামান লোক মণ্ডলের পরমাশ্চর্যা শৃঙ্খলা অবলোকন করিয়া যেমন ঈশ্বরে প্রেমার্দ্রচিত হয়েন; স্থশিকিত বিজ্ঞানবিৎ স্থধীগণ এক বিন্দু জলের মধ্যে কোটি কোটি কীটের সংস্থান প্রত্যক্ষ করিয়া এবং তাহাদের প্রত্যেকের অচিন্তনীয় স্থক্ষ শরীরে তত্রপযোগী অঙ্গ প্রতাঙ্গ, আহার, বিহার ও রক্ত সঞ্চালন দর্শন করিয়া এবং ভাহাদের হরিদ্বর্ণ রক্তবর্ণ স্বর্ণ বর্ণও হীরুক খণ্ডবং উজ্জ্বল দেহে চমংকার শিল্পকার্যা অবলোকন কবিয়া যেমন ঈশ্বরের বিচিত্র শক্তি ও অনস্ত করুণাতে মনোনিবেশ করেন; সেই রূপ কোন অশিকিত এবং অমুপদিই ব ক্তিও সূর্যা মণ্ডলে তাঁহার প্রভা-বন পুল্পে তাঁহার সৌন্দর্যা-গগন বলপী নবা-খণর্ভ মেঘ মালায় তাঁহার উদার ভাব--এগণনীয় নকত রাজিতে তাঁহার মভাবনীয় মনস্ত তাব—প্রত্যেক বিশ্ব কৌশলে তাঁহার জান-এবং প্রভূত শক্তিশালী ও প্রভাবশীল পদার্থ সমূহে তাঁহার শক্তি অন্তথাবন করিয়া পুলকে আনু হয়েন এবং প্রতি নিমিষের করুণা সারণ করিয়া সেই প্রেমময়ের প্রেমে মগ্র रायन। এथान छानी ३ अछान छेलाए के अधु छात्न ममान অধিকারী। তিনি তাঁহাকে জানিবার অধিকার কেবল আমার-দের ভান্ত বুদ্ধির হস্তে সমর্পাণ করেন নাই যে কতিপয় সূক্ষা বৃদ্ধি তার্কিক ব্যতিরেকে মার কেহই তাঁহাকে লাভ করিতে পারিবে না ! তিনি ভাঁহার ধরুপে ও তাঁহার মঙ্গলভাব আমাদেব প্রত্যেকেরই মনোমধ্যে গ্রথিত করিয়া দিয়াছেন। তিনি যেমন স্থাকে ধনী দরিক্র পণ্ডিত মুর্থ সকলেরই দ্বারে ভাহার স্বর্ণময় কিরণ জাল বিস্তাব করিতে আদেশ করিয়া স্বীয় অপক্ষপাতিতা

প্রচার করিয়াছেন, দেই রূপ তিনি তাঁহার সমুদয় সতানদিণের নিকট আপনাকে প্রকাশ করিয়া অন্তুপন করুণা বিস্তার করি-য়াছেন।

তিনি আমারদিগের নিকট এজনা আপনাকে প্রকাশ রাখি-'য়াছেন, যে আমরা ভাঁহার পবিত্র মঙ্গল স্বরূপ নিরীক্ষণ করিয়া পবিত্র হই, এবং সেই মঙ্গলভাবের অনুকরণ করিতে যত্নশীল হট। এই শুড় উদ্দেশেই তিনি আমাদিগের প্রত্যেকর হাদয়ে পরম হিতকারী মন্ত্রী রূপে ধর্মকে সংস্থাপন করিয়াছেন। সেই ধর্মের মন্ত্রণার বশবর্তী হইয়া আমরা স্থারের সমূহ তুর্গতি হইতে পরিত্রাণ পাইয়া তাঁহার সহবাদের উপযুক্ত হইতেছি। তিনি ধর্মানুষ্ঠানের সঙ্গে সঞ্চেই কি অমুপম স্থনির্মাল স্থাথের সম্বন্ধ করিয়া দিয়াছেন! যেখানে নাায় ও সতা-সেখানে নির্মাল প্রেম ও দয়া, দেই স্থানেই আত্ম প্রাপাদ। যখন কাহারও আর্ত্ত-নাদ নিবারণ করা যায়—যথন কোন ছঃসহ শোক সন্তপ্ত ব্যক্তির মনঃশলঃ উদ্ধার করা যায়-যথন ধর্ম যুদ্ধে পরাহত কোন বিপন্ন ব্যক্তিকে উৎসাহ ও সাহস প্রদান করা যায়—যথন প্রবোধ সূর্য্য 'দারা কাহারও মন হইতে অজ্ঞান তিমির দুর করা যায়, অথবা কাহারও নোহ নিজা ভঙ্গ করা যায়-- ধখন অন্যের দোষ প্রশস্ত क्षप्रा कमा करा यात्र, এবং আপনার সেই সকল দোষকে নির্দ্ধ রূপে নির্যাতন করিয়া দুরীকৃত করা যায়—যখন আপনার প্রম শক্ত হুরূপ বিপু বিশেষকে আয়ত্ত করা যায় এবং যখন আপনার অনিষ্টকে অনিষ্ট জ্ঞান ও গুরু বিপদকে বিপদ জ্ঞান না করিয়াও क्रेश्वरत्त शिग्नकार्या अञ्चल्लीन कता यात्र-ज्यनह निर्माल स्वर्थत উৎস উৎসাঞ্জি হইতে থাকে—তখনই বিশদ আত্ম প্রসাদ হৃদ-য়াকাশে আবিভূতি হয়—তথনই ধর্মামূত রম পান করা যায়।

আমারদের ইচ্ছা ও যত্ন এবং চিন্তা ও চেন্টা, স্বার্থপরতার অন্তর্বর্তী না হইয়া যদি নাায় ও সভাের পথে সভত প্রধাবিত হয়, তবে যে কেবল মায়াময়ী পাপ-পিশাচীর হস্ত হইতে এক প্রকার পরিক্রাণ পাওয়া যায় এমত নহে, তাহা হইলে অশেষ ধৈর্যা ও আয়াস সাধা অভি ছ্রহ ধর্মান্থ্যান আপনা হইতেই সহজ

ছইতে থাকে এবং ভাহাতেই আমারদের প্রবল উৎদাহ ও অপুর্বা আনন্দের উদয় হয়। কফের সহিত সংগ্রাম করিতে প্রস্তুত না থাকিলে কদাপি ধর্মা রত্ন লাভ করা যায় না। ছায়া ও বিশ্রাম স্থান হইতে আতপে বিনির্গত হওয়া প্রথমে কিঞ্চিং কফ দায়ক বটে, কিন্তু পরে যথন প্রচণ্ড উত্তাপ সহ্য করিয়াও প্রবল উৎসা-হের সহিত ভূমি কর্ষণ করা যায়, তথন অতি কঠিন ও অসার ভূমিকেও শত্মশালিনী এবং ফলবতী দেখা যায়। সেই প্রকার কিঞ্চিৎ কট কিয়া বিপদের ভয়ে ধর্ম পালনে পরাত্মখ হওয়া কদাপি বিধেয় নহে • ন্যায় ও স্বার্থপরতায় বিরোধ উপস্থিত इहेटल यिनि नाग्र अवलश्वन कतिएडि धका खंगान यञ्चवान हराम এবং দয়া ও লোভে বিরোধ উপস্তিত হুইলে যিনি লোভ পরি-ত্যাগ কবিয়া দয়া অবলম্বন করিতে সতত চেন্টান্বিত হয়েন, ও ক্রোধ এবং ক্ষমায় বিরোধ উপস্থিত স্ইলে ক্ষমা আশ্রেয় করিতে যিনি অভ্যাস করেন, তাঁহার ধৈর্যা গুণ ক্রমেই বলবান হয়, এবং তাঁহার প্রবৃত্তি স্রোভ পাপ পথের প্রতিকূলে সহজেই পরিচা-লিত হইতে পারে। তাঁহার ধর্ম প্রবৃত্তি তাঁহার রিপ্ন সকলকে বশীভূত করিবার যতই চেঊা করে, তাঁহার বিপু সকল তাঁহাঞ় নিকট ততই বিনীত হইতে থাকে, এবং তাঁহার প্রবৃত্তি ধর্মেতে বিরাজমান হইয়া তাঁহার মনে ততই তুতন ক্ষতি ও একাগ্রতার সঞ্চার করে। আমরা ধর্ম পথে পরিভ্রমণ করিতে অভ্যাস করিলে ভাহার দঙ্গে সঙ্গেই প্রচুর পুরস্কার লাভ করিতে পারি, ভাহার সন্দেহ নাই। ধর্মেতেই স্থু এবং আত্ম-প্রদাদ, ও পাপেতেই মানি এবং অপবিত্রতা। আমার্দিগকে পাপপথ হইতে নিরুত্ত করিবার জন্ম জগৎপিতা কত সহস্র সহস্র সন্থপায় প্রস্তুত করিয়া রাথিয়াছেন! গানাক্য লোকের অন্তরোধে আমারদের কভ সময় কত প্রকার কুকর্ম হইতে নিরস্ত হইতে হয়, তবে আমরা কেন না মনে করি, যে আমরা নিজিত থাকিলেও যিনি জাগ্রত থাকিয়া আমারদিগকে নানা বিপদ হইতে রক্ষা করেন, তিনি আমারদের প্রত্যেক কার্য্যের সাক্ষী স্বরূপ হইয়া অবশাই পাপের प्र ७ श्रूरणात श्रूतंच्कात विधान करत्न এवर य मकल **हिसा, कि**वल

আমারদের মনোভূমিতেই নিহিত থাকে এবং অপর কাহারও নিকট প্রকাশ করা যায় না, তাহাও তিনি বিশেষ রূপে জানি-তেছেন। এই সভাের প্রতি দৃঢ় বিশ্বাস থাকিলে কত পাপকর্ম হইতে দুরে থাকা যায়—স্বার্থপরতার কত কুমন্ত্রণা তুচ্ছ করিতে পারা যায়, এবং পুলাামূঠানে আমারদের উৎসাহ কতই বুদ্ধি হইতে পারে।

হে পরমারান্। তুমি মন্ত্যাকে অনন্ত কালের উন্নতি লাভে অধিকারী করিয়া তাহার মনে কতই মহত্ত্বের বীজ বিক্ষিপ্ত করিয়া রাখিয়াছ। তুমি তাহার স্থুথ রাজা কত্ট বিস্তৃত করিয়াছ; তাহার অধিকার কত্ই প্রশস্ত করিয়াছ; তাহাকে কত্ই আধি-পতা প্রদান করিয়াছ! তথাপি যাহারা স্বকীয় গরীয়সী প্রকৃতি বিষ্মৃত হইয়া অপথে পদার্পণ করিতেছে এবং আপনাদের সঞ্চে অন্যুকেও দুষিত করিবার চেক্টা পাইতেছে, এক বাহার। নানা প্রকার ঘটনা সূত্রে অনুস্থাত হইয়া নানা প্রকার যন্ত্রণা ভোগ করিতেছে, তাহাদের সকলের মঙ্গল প্রার্থনার জন্য আমার মন উৎস্ক হইতেছে। যাঁহারা তোমার নির্দ্দিট ধর্মা পথে গমন করিবার মানস করিয়া সম্মুখে অনেক ব্যাহাত ও বিস্তর প্রতিবন্ধক প্রাপ্ত হয়েন এবং দেশের কুরীতি বা কুসংস্কার বশতঃ সেই পথে এক পদও অগ্রসর হউতে পারেন না, তে বিঘু বিনাশন বিশ্ব-পাতা ! তুমি তাঁহারদের সেই পথ পরিস্কার করিয়া দেও এবং তাঁহারদের মনে উৎসাহ ও সাহস প্রদান কর। যে সময়ে সাধু ব্যক্তি কর্মা ক্ষেত্রে ক্রমাগত বিচরণ করিয়া বিষয় কোলাছল দুর করিবার নিমিত্ত ভোমাতে চিত্ত নিবেশিত করেন এবং আপনার মনকে শান্তি জ্যোতিতে পবিত্র করেন, সেই সময়ে যাহারা অবৈধ ইন্দ্রিয় সূত্রখ বা নিকৃষ্ট আমোদে রত থাকিয়া ভোমার প্রদন্ত স্বকীয় মহীয়দী প্রবৃত্তি সমুদায়কে নিদ্রিত রাথে, হে পরমান্মন ! তুমি তাহারদিগকে শুভ বুদ্ধি প্রদান কর এবং সৎপথ প্রদর্শন কর। योशांत्रा दक्वल विषय तरम मूर्य इहेग्रा मश्मात छतस्त्र छत्निछ হউতে থাকে, এবং বিপদের সময় সম্পদজীবি বন্ধু জন গণ ছারা পরিতাক্ত হইয়া সহায়হীন ও আশাহীন হইয়া যায়, তাহারা

যেন সংসার ঘটিত সমস্ত সম্বন্ধ অনিত্য জানিয়া তাহাতেট একান্ত লিপ্ত না হয় এবং তোমার সহিত চির সম্বন্ধ জানিয়া ভোমার অল্বেশণে প্রবুত্ত হয়। আহারা বিকারী যৌবন ও ধন মদে মত্ত গ'কিয়া মৃত্যুকে এনেবারে বিদ্যুত হইয়া যায়, এবং আপ-নার অতুল ঐশ্বা বলিষ্ঠ শরীর ও স্থতীক্ষ্ণ বুদ্ধি সংস্কাগ সলিলে নিমক্ষন করে এবং অবশেষে এমত জহান্য অবস্থায় পতিত হয়, যে আমোদে তাহাদের আর পরিতৃপ্তি হয়না এবং নিজোয় আর বিশ্রাম হয় না, যাহারা পরিবর্তুনশীল সংসার মধ্যে সকল প্রকার স্থ ভোগের পরীকা শেষ করিয়া পরে সংসার প্রতি-মন্ত্যোর প্রতি এবং আপনার প্রতি, একান্ত বিরক্ত ও সর্ব্ব প্রকারে নিরাশ হইয়া কেবল আক্ষেপ করিয়াই আয়ুঃ শেষ করিতে থাকে, তাহার-দের যেন জ্ঞান হয় যে, আমরা কেবল আহার ও বিহারের নিমিত্তেই পৃথিবীতে জন্ম গ্রহণ করি নাই এবং পৃথিবীতেই আমারদের জীবনের শেষ নছে; তাহারা সংসার মধ্যে স্থ রূপ মূগভূষ্ণিকায় প্রতিবার আশ্বাসিত ও প্রতিবার বঞ্চিত হইয়া যেন অপরিবর্তুনীয় সরুপে আপনার স্তুখের সম্বন্ধ নিবদ্ধ করে, এবং আপনার যথার্থ ধাম অৱেষণ করিতে প্রবৃত্ত হয়। এই প্রশস্ত * নগরী মধ্যে যাহারা পাপ ও ছঃথে কালক্ষেপ করিতেছে, যে সকল পাপাত্মা অন্ধকারময় নির্জ্জন ভীষণ কারাগৃহে নিজ কুক-র্ম্মের ফল ভোগ করিতেছে. যে সকল দীন দরিক্র ব্যক্তি স্বীয় শিশু সন্তানদিগের জন্য এক মুষ্টি অন্ন সংগ্রাহ করিতে অক্ষম, যে সকল তুর্ভাগ্য ব্যক্তি যৌবনের প্রারম্ভেই স্থ^{র্}প্রয় স্বার্থপর ছুঃশীল পাপাআদিগের হস্তে পতিত হইয়া স্বাভাবিক তেজস্বিনী প্রকৃতিকে নিষ্তেজ ও বিকৃত করিতেছে, এবং যে সকল অনাথা অবলা গণ পতিবিয়োগে মহায়হীনা হইয়া ছুঃমহ বৈধব্য যন্ত্ৰণা ভোগ করিতেছে, ছে পর্মাত্মনা ইহারা সকলেই ভোগার আ'ত্রিত, তুমি ইহারদিগের সকলকেই সৎপথে প্রবৃত কর; ইহারা যেন তোমার প্রসারিত ক্রোড় আশ্রয় করিয়া সকল প্রকার ছঃখ শোক হইতে মুক্ত হয়।

আমি কি বলিতেছি ! যিনি প্রার্থনাও পূর্নের আমারদিগের

অশেষ কল্যাণ বিধান করেন, তাঁহার নিকট আমি কি প্রার্থনা করিতেছি! যাহার নিয়মে এই সমুদায় জীব এতকাল পর্যান্ত স্থাপে বিচরণ করিতেছে, এবং কত .কোটি কোটি বৎসর অতীত হইয়াছে তথাপি যাঁহার রাজ্যে অদ্যাপি বিশৃত্বল হয় নাই, তিনি কি আমারদিগকে দেখিতেছেন না? তিনি যদি আমারদের প্রতি স্নেহ পূর্ণ নয়নে দৃষ্টিপাত না করিতেন, তাহা হইলে আমরা কি মূহুর্ত্ত কালের মিমিত্তেও জীবন ধারণ করিতে পারিতাম ? এই এক বৎসরের মধ্যে আমরা তাঁহার নিয়মের কতই অন্যথা— চরণ করিয়াছি, তথাপি তিনি আমারদিগকে রক্ষা করিয়াছেন। আমারদের শরীরের মধ্যে যত অস্থি, যত শিরা ও যত মাংস-পেশী আছে, দংবংসর মধ্যে তাহারদের একটিও কি ক্ষত হইবে না? আমারদের মনে যত প্রকার বুত্তি আছে, তাহারা সকলেই কি বর্ণানিয়মে পরিচালিত হটবে গ আমারদের যত রিপু বার্মার উত্তেজিত হইতেছে, তাহারা সকলে কি প্রতিবারই বুদ্ধির অধীনে নিযুক্ত হইবে ? আমারদের বুদ্ধিই কি সকল সময়ে সত্য অভুস-দ্যানে ও অভান্ত বিচারে প্রবৃত্ত থাকিবে ! পৃথিবীতে মেশহের যত প্রকার কুটিল জাল প্রস্তুত আছে, তাহারদের একটিতেও পতিত ছইব না? মৃত্যুর যত কোটি কোটি দ্বার উদ্যাটিত রহিয়াছে, ভাহার একটি দ্বার দিয়াও কালগ্রাদে প্রবেশ করিব না ? এ প্রকার কথনই সম্ভব নহে। কিন্তু হে পর্মাত্মন ! ইহাতেও যে আমর। সম্বেসর মধ্যে অশেষ প্রকার অনর্থ হইতে রক্ষা পাইয়। যথাসাধ্য তোমার মঙ্গল অভিপ্রায় সম্পন্ন করিয়া আসিয়াছি. এবং অবশেষে অদ্য এই রজনীতে স্বচ্ছন্দ চিত্তে তোমার করুণা অলোচনা করিয়া জীবন দার্থক করিতেছি, ইহার জনা যে কি প্রকারে তোমার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিব, তাহা বলিতে পারি না।

বিশ্ব-পতির কেবল মঙ্গলই অভিপ্রায়, বিশ্বরাজ্য কেবলই উন্নতির ব্যাপার। জগদীশ্বর যে কোনু সূত্রে ও কি উপায়ে তাঁহার এই বিশ্বরাজ্যের মঙ্গল বিধান করেন, তাহা কে বলিবে? দেশ বিশেষ পাপ ভারে প্রপীড়িত্ব হুইলে যখন তাহার রাজ্য প্রণালী

একেবারে বিশৃষ্থল হইয়া যায়, যখন তাহার লোকদিগের মধ্যে ভাতায় ভাতায় ও পিতা পুত্রে হৃদয়ভেদী ভয়স্কর অস্বাভাবিক নং-গ্রামের আরম্ভ হয় এবং যখন পাপ কলস্ক প্রকালন করিবার জন্য শোণিত নদী বহুমান হইতে থাকে, তথন জগদীশার যেমন প্রথর বুদ্ধি সম্পন প্রবল প্রভাপ অতুল তেজস্বী রীর পুরুষ বিশেষকে প্রেরণ করিয়া দেই সমস্ত উপদ্রুব নিবারণ করেন এবং মূতন শৃঙ্খলা ও স্থানিয়ম সংস্থাপন করিবার উপায় করিয়া দেন, দেই রূপ যথন চতুর্দ্ধিকে অজ্ঞানান্ধকার ব্যাপ্ত হয়; কুসংস্কার পাশ বিস্তৃত হইতে থাকে এবং মোহঘনাবলি দ্বারা সভা জেপতি প্রচ্ছন হইতে থাকে, তথন ঈশ্বরেচ্ছায় কোন অসাধারণ ধীশক্তি সম্পন্ন ধীর প্রকৃতি ধর্মপরায়ণ মহাপুরুষ সূর্য্যের স্থায় উদয় হইয়া অজ্ঞানান্ধকার বিমোচন করেন এবং প্রাণ পণে সভা-ধর্মা প্রচার করিতে থাকেন। এই বঙ্গ ভূমিতে সত্য প্রভার উয়া স্কুর্নপ মহাত্মা রামমোহন ুরায় অবতীর্ণ হইয়া কত কলাবের বীজ নিপেক্ষ করিয়া গিয়াছেন। তিনিই "ধর্মঃ সর্ফ্রেযাং ভূতানাং মধুঃ" এই অমৃত তত্ত্ব প্রচার করিয়া অনিবার্যা যত্ন সহকারে এই ব্রাহ্ম-সমাজ রূপ স্কুচার বুক্ষ রোপণ করিয়াছেন। তাঁহার দৃষ্টাত্তে উৎসাহ চিত্ত হইয়া পরেও কোন মহাত্মা এই ধর্মময় অমৃতময় তর দেচন করিয়া ইহাকে অশেষ বিঘু হইতে রক্ষা করি-ু তেছেন, এবং এ ক্ষণে ইহা বিস্তর বিঘু অতিক্রম করিয়া ঈশ্বর अगामार माथा शहाविज इहेग्रा मिन मिन त्रुक्ति शाहेरज़रह।

হে ব্রাহ্মগণ! আমরা দেশের মঙ্গলের প্রতি লক্ষ্য করিয়া যে সমস্ত অসামান্য তুঃসহ তার গ্রহণ করিয়াছি, তাহাতে আশাস্কৃরপ ফল প্রাপ্ত হই নাই বলিয়া উৎসাহ হীন ও বিষয় হওয়া বিধেয় নহে। এই পরিবর্ত্তনশীল ও উন্নতি বিশিষ্ট জগৎ সংসারে এককালে নিরাশ হুইবার বিষয় কি । ঈশ্বরের মঙ্গল সম্কল্পের প্রতি দৃঢ় বিশ্বাস স্থাপন করিয়া আশা যাই অবলম্বন করাই আমা-দিগের কর্ত্তব্য হুইয়াছে। কিন্তু আমরা বেন অতি মহতী আশায় আশাসিত হুইয়া পরে মেই আশা অপূর্ণ দেখিয়া বিষয় না হুই। ইশ্বরের রাজ্যে উন্নতির সোপান এম্ন অল্পে অল্পে উপিত হুছ যে

আমরা তাহা জানিতেও পারি না। আপাততঃ প্রতীয়মান অনিই রাশি হইতে জগদীশ্বর অলক্ষিত-পূর্ব্ব ও অপ্রুত-পূর্ব্ব উপায় দ্বারা অশেষ মঙ্গল উৎপাদন করিতে পারেন। তিনি উপপ্লবে আন্দোলিত এই ভারতবর্ষে শান্তি জ্যোতিঃ বিতরণ করিয়া ইহার মলিন বেশকে উজ্জ্বল করিতে পারেন এবং ইহার বিষয় বদন প্রসন্ন করিতে পারেন। তিনি রাম্যোহন রায় সদৃশ প্রভাবশীল মহালাকে প্রেরণ করিয়া জ্ঞান বিষয়ে, ধর্ম বিষয়ে এবং অবস্থা বিষয়ে ভারত ভূমির সন্তানদিগের অশেষ উন্নতি সাধন করিতে পারেন। গেই রাজার রাজা তাঁহার প্রজাদিগকে যে কি উপায়ে রক্ষা করিবেন তাহা তিনিই জানেন। হে পরমাজন্! যাহাতে আমাদের সকলের মধ্যে স্বার্থপরতা দুর্ব্বল হইয়া ঐক্য বন্ধন দঢ় হয়, যাহাতে ভোমার প্রেমান্ত্রকপ প্রণয় স্থান চতুর্দ্ধিকে বিস্তৃত হয়, যাহাতে আমাদের এই হতভাগ্য দেশ দেশের মধ্যে এবং এই দুর্ব্বল জাতি জাতির মধ্যে গণ্যু হুইতে পারে, তুমি ভাহা বিধান কর।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৮০ শক। দাৰংদরিক ব্রাহ্ম-দমাজ।

তৃতীয় বক্তৃতা।

"এষদর্শেশ্রএষভ্তাধিপতিরেষভ্তপাল-এষদেতুর্শিধরণ এষাং লোকানামদন্তেদায়।" ইনি সকলের ঈশ্বর, ইনি সমস্ত বস্তুর অধিপতি, ইনি দর্মভূ-. তের প্রতিপালক, ইনি লোকভঙ্গ নিবারণার্থে দেতু স্বরূপ হইয়া

সমুদায় ধারণ করিতেছেন।

সেই সর্ব্বশক্তিমান পরাৎপর পুরুষের ইচ্ছা মাত্র এই জগৎ উৎপন্ন হুইয়াছে, তাঁহারই নিয়মে ইহা অদ্যাপি স্থিতি করি-তেছে, এবং তাঁহারই মঙ্গলতাব ইহাতে দেদীপামান প্রকাশ পাইতেছে। তাঁহার শাসনে এই গ্রাহ চক্র স্ব পথে জাম্যমান

হইয়া তাঁহারই কার্যা শাধন করিতেছে। তাঁহারই শাসনে মধো⊕ মধ্যে ধ্যকেতু উদিত হইয়া আমারদিগকে চমৎকৃত্ করিতেছে। তাঁহারই আদেশ ক্রমে রুক্ষ সকল ভূমি হইতে রস আকর্ষণ করিয়া শাখা পলবে পলবিত হইতেছে, নেই সকল বুক্ষ হইতে স্থান্ধ পুষ্প ও সুস্বাত্র ফলের উৎপত্তি হইতেছে এবং যথন পশুরা সেই ফল ভক্ষণ করে, তথন তাহাইরক্ত মাংগে পরিণত হইয়া তাহা-দের জীবন থারণের উপায় হইতেছে। তাঁহারই নিয়মে মন্ত্র্য জন্ম গ্রহণ করিয়া অতি ছুরুহ বিষয়ে বুদ্ধি পরিচালনা করিতেছেন, এবং ধর্ম পথে থাকিয়া বিমলানন্দ অন্তত্তব করিতেছেন। তিনিই खित, आंत ममूनस रखहे जामामान हहेए एह, " (मर्वेरक्यसमहिमा जू लाक यानमः जामारा उक्षा-हकः।" जिनिहे धव, मजा, নিশ্চল, আর সমুদয় পদার্থই তাঁহার কার্যো তৎপর রহিয়াছে; তিনিই রাজা আর স্কলই তাঁহার অথগুনীয় শাসনের অধীন। ্তিনিই ''মহদ্ভয়ং বজুমুদ্যতং'' তিনি ধর্মের আবহ, পাপের শাস্তা। সকল ঘটনাই তাঁহার মঙ্গল অভিপ্রায় দাধন করিবার জন্ম উন্মুধ রহিয়াছে; কাহার সাধা যে তাঁহার অভিপ্রায়, খণ্ডন করে।

যিনি কলফুলে নানা শক্তি দিয়াছেন, যাঁহার নিয়মে এই সমস্ত ব্রহ্মাণ্ডের একটি পৃথিবীরও বিশৃষ্থলা হইবার কোন কালে সম্ভাবনা নাই, তিনি যে মছুযোর মনে এপ্রকার শক্তি দিয়াছেন যে তাহার দ্বারা তিনি নাগ্য অন্যাগ্য, পাপ পুণ্য কর্ত্তনাক্ত্র্যা বিবেচনা করিয়া কার্য্য করিতে পারেন. এই পরমা শর্মা শক্তির সহিত অন্য কোন শক্তির তুলনা হয় না। যখন নদীতে প্রবল তরক্ষ হয়, তখন যে বলবান্ ব্যক্তি তাহার প্রতি-স্রোতে গমন করিতে পারে, তাহার বলের আমরা কতই প্রশংসা করিতে থাকি, তবে যখন সংসার তরক্ষের নোহ কোলাহলে কণ বিধির হইয়া যায়, তখন যে ব্যক্তি গেই তরক্ষের প্রতিকৃলে গমন করিতে পারে, তাহার শক্তি কেমন অশ্বেষ্যা!

কিন্তু আবার যথন বিবেচনা করা যায়, যে ধর্ম হুইতে পৃথি-বীতে আমারদের শ্রেষ্ঠতর বস্তু আর কি আছে, তথন দেখা যায় বে, ঈশ্ব-প্রীতি ধর্ম হইতেও মহত্তর। স্থাব্র প্রীতিই স্বার্থপরতার বিরুদ্ধ পথ, তাঁহার বিশুদ্ধ প্রেমের বলেতেই স্বার্থপরতাকে
অতিক্রম করা যায়। এই কোলাহলময় সংসারে মুপ্তা না হইয়া
সেই সংসারাতীত পদার্থকে আশ্রেয় করা মন্থুয়ের কি সামান্য
গোরবের বিষয়? আমরা স্বার্থপরতার রাজ্য অতিক্রম করিয়া এবং
পূর্ণিবীর ক্ষণভঙ্গুর বিষয় হইতে মনকে আকৃষ্ট করিয়া মঞ্চল
সক্রপে প্রীতি স্থাপন করিতে পারিলে আমারদের মঞ্চলের আর
নীন পাকে না যতক্ষণ আমারদের অন্তরাগ ও উৎসাহ কেবল
সংসারেতেই বদ্ধ থাকে, ততক্ষণ আমরা যে সকল কার্য্য করি,
তাহা কথনও ঈশ্বরের প্রিয়কার্য্য বলিয়া সম্পাদন করি না। তাহা
আমারদিগের নিজেরই প্রিয়কার্য্য। তাহার প্রতি প্রীতি স্থাপন
করা ব্রাক্ষ-পর্যের প্রথম উপদেশ, তাহার প্রিয়কার্য্য সাধন করা
তাহার দ্বিতীয় উপদেশ। তাহার প্রতি প্রীতি স্থাপিত হইলেই
তাহার প্রিয় কার্য্য আমারদের অসামান্য উৎসাহ জন্ম—তথন
ঈশ্বরের সহিত সমুদ্য কামনা উপভোগ করা হয়।

যখন বিষয় কামনাতে মুগ্ধ না হইয়া ইন্দ্রিরের অগোচর পূর্ণ অরপে প্রীতি স্থাপন করিতে পারি, তখন সেই প্রীতি অতীব পরিশুদ্ধ হইয়া পুনর্বরার সংসারে প্রবেশ করে। তখন সেই প্রীতির সহিত স্বার্থপরতার লেশ মাত্রও থাকে না। ঈশ্বর যে প্রকারে আপনার সন্তানদিগকে প্রীতি করেন, তখন সেই প্রকার প্রীতির অন্তকরণেই আমার্দ্রিগের ইচ্ছা ও বত্র হয়। বিশ্বপিতার যে প্রকার মঙ্গল ভাব, সামারদের মনে তাহাই প্রতিবিশ্বিত হয়।

হে অন্তর্যামিন্ প্রমাজন ! যত দিন অবধি তোমার নিগৃচ তত্ত্ব ও নক্সলভাব স্থান্য বিরাজিত না হইবে, ততদিন সকলই রুধা ও শূনা। আর যাঁহারা তোমাকে আপন স্থান্ত করিয়া আনন্দার্গবে মগ্ন হটতেছেন, অদ্য এই সমাজ-মান্দিরে তাঁহারদিগেরই যথার্থ উৎসব, তাঁহারদিগেরই যথার্থ সূথ। আমরা তোমরা সন্তান তোমার প্রজা হইয়া কেন আপনাদিগকে ছুর্ভাগা উছিঃখা মনে করিব। হে নাথ! আমরা যদি পিতৃহীন হই, তথাচ তুমি আনাবদিগের প্রম পিতা বর্ত্ত্বান রহিয়াছ—আমরা শুনহীন

হইলেও তুমি আমারদিগের ধন এবং সহায়হীন হইলেও তুমি আনাদিগের সহায়। যে নির্ধন সে প্রকৃত দরিত্র নহে, ও বাহার বন্ধু নাই নেও বাস্তবিক নিরাপ্রায় নহে; কিন্তু যে তোমা হইতে প্রচ্যুত সেই ব্যক্তিই সকল হইতে প্রচ্যুত, তাহার পক্ষে সকলই শৃত্যু।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৮° শক। স্াসংগ্রিক ব্রাহ্ম সমাজ। চতুথ বিজ্ঞা।

তে বিশ্ববাপি পর্মাঅন্ ! অদা তোমার সর্কা সন্তাপহারিণী মূর্ত্তি আসারদিগের হৃদয় ধামে এ রূপ বিমল প্রভা বিকীর্ণ করি-তেছে, যে আমরা তাহা বাকা ছারা বাক্ত না করিয়া ক্ষাস্ত থাকিতে পারিতেছি না। অদ্য তোমার অনিরূপ্য বাক্যাতীত অমৃত নাম সারণের দক্ষে সঙ্গেই আমারদিগের অন্তঃকরণ সতা জ্যোতিতে উল্লিস্ত হইতেছে, এবং বিশুদ্ধ প্রেম পূর্ণ শান্তি সলিলে অবগাহন করিয়া নিম্পাপ ও পরিশুদ্ধ হইতেছে। অদ্য ভুবন দর্পণে কেবল ভোমারই নিক্ষলঙ্ক স্থন্দর প্রতিমূর্ত্তি বিরাজ-মান দেখিতেছি, এবং আমারদিণের অন্তরে কেবল তোমারই নিগৃঢ় সন্তা, তোমারই অনন্তজ্ঞান এবং তোমারই পরিপূর্ণ মঙ্গল স্ত্রূপ সকল হইতে উচ্চতম এবং গাঢ়তম ভাবে অবস্থিতি করিয়া আনন্দামতের সঞ্চার করিতেছে। হে সর্কাশ্রয় পর্মেশ্ব ! তুমি সকল শক্তির একমাত্র আধার; তুমিই জামাদিগকে স্জন করি-য়াছ, তুমিই আমারদিগের কামনার যোগ্য সকল কামনা পূর্ণ করিতেছ, এবং ভোমারই সৈন্দর্যোর আঁলোক জগৎ হইতে নানা প্রকারে এবং নানা ভাবে বিনিষ্কৃত্তি হইয়া আমারদিগের অন্তঃকর-ণকে অত্রঞ্জিত করিতেছে। প্রতাহ যাহাতে আমরা জীবন পারণু করি, যাতার দ্বারা আনর। সকলে আনন্দে কাল যাপন

করিতে পারি এবং যাহার দারা ধর্ম জনিত ক্ষর্ত্তি ও উৎ সাহ প্রদীপ্ত হইয়া আমার্দিণের মনুষ্য নামকে অকলক্ষিত রাখিতে পারি, দে দকলই তোমা হইতে আমরা প্রাপ্ত হইতেছি, তথাপি আমরা এরূপ বিমৃচ যে আমরা আপনার্দ্রি-গকেই সকল হইতে সভাতম বস্তু জ্ঞান করি এবং ভোমাকে আমারদিগের প্রয়োজন সাধনোপযোগী মাত্র এক আতুসঙ্গিক পদার্থ বলিয়া হৃদয়ে অন্তভ্রত করি। আমারদিণের ক্ষুদ্র বুদ্ধিকেই মার রূপে নির্ণয় করিয়া ভাহার অকিঞ্চিৎকর এবং উপহাসার্হ নিদ্ধান্ত মতে আত্ম প্রভায়ের বিরুদ্ধে কখনও বা ভোমার অস্তি-ত্বের প্রতি সংশয় করি, কখনও বা তোমার আলোচনাকে নিক্ষল বলিয়া স্থির করি, ও কখনওবা তোমার কৃত পদার্থ সকলকেই মূল কারণ বলিয়া হৃদয়ঙ্গম করি, এবং অবশেষে কর্ণ বধির-কারি বিবিধা সংশয়োক্তি দ্বারা বিভান্তচিত্ত হুইয়া মকল মত্যে জলা-ঞ্জি দিতে প্রবৃত্ত হই। কিন্তু যে কালে তোমার দেই অনির্কাচ-নীয় সত্য ভাব প্রকাশমান হইয়া আমারদিণের অন্তঃকরণের সকল সংশয়কে দুরীকৃত করে, তৎক্ষণাৎ আমরা এই অজ্ঞান তিমিরাক্ছল সংসার সমুদ্র হইতে উল্লেড হইয়া তোমার অভয় প্রদ অখিলাধার ক্রোড়ে সংস্থাপিত হই।

হে হৃদয়েশ্বর ! হে ধর্ল দেতু ! হে নায়ালুরক্ত পরমালন ! তুমি যথন সকলের একমাত্র প্রথা এবং একমাত্র নিয়ন্তা, তথন আমরা আমারদিগের মাননকে তোমার অধিষ্ঠানের উপযুক্ত করিতে কি নিমিতে যলুবান না হট । যে মহালা ধর্মাচরণ দ্বারা স্থীয় চিত্রাদর্শকে স্থপরিকৃত করিয়া তাহাতে তোমার অপার আনন্দ প্রতিমা জ্ঞান গোচর করেন, তিনি যেরূপ প্রসন্ন থাকেন ; প্রাপ কলঙ্কিত ব্যক্তি দেরূপ কথনই থাকে না। আমরা কি ক্ষীণ স্থভাব, আমরা তোমার সংসর্গ জনিত সকল হটতে প্রেষ্ঠতম ও স্থাভীর স্থথের প্রত্যাশা পরিত্যাগ করত অস্থায়ি বিষয় স্থথের প্রার্থী হইয়া সকল কার্য্যে সর্ব্রেভাভাবে সংসারেরই আক্রান্থবর্ত্তী হই, এবং পরিণামে ততুপযুক্ত কল প্রাপ্ত হই; কিন্তু যৎকালে আমরা মোহ নিদ্রা হইতে জাগ্রত হইয়া সকল চতুদ্দিক

অবলোকন করি, তথন বোধ হয় যে এই সমস্ত জগৎ তোমার প্রেম বারিতে অবগাহন করিয়া ভূতন পরিচ্ছদ পরিধান করত এক অত্যাশ্চর্যা ও অন্থপম পবিত্র ভাবে বিরাজ করিতেছে। তথন পিপাসাতুর চাতক যেরূপ এক বিন্দু জল কণার নিমিত্তে আকা-শের প্রতি সোৎস্কে নয়নে পুনঃ পুনঃ নিরীক্ষণ করে, সেই রূপ আমরা সংসারের কর্দ্দদাক্ত জলে স্থপ তৃষ্ণা নিবারণ করিতে অসমর্থ হইরা তে|মার অমৃতময় প্রেম বারির বিন্দু মাত্রের প্রতাা~ শায় তোমার প্রতিই সকাতরে দৃষ্টি পাত করি। হে স্লেহ্ময় জগং পিতা! তোমার অপার স্নেহ কাহার হৃদয়ে না অভিনি-বিই আছে ৷ মাতা যেরূপ স্বীয় শিশুকে দুরে বিচরণ করিতে দেখিলে ভয় প্রদর্শন করাইয়া তাহাকে আপন সমীপে আনয়ন করেন, সেই রূপ যখন তোমা হইতে আমরা দুরে ভ্রমণ করি তথন তুমি আমারদিগের পথে নানা প্রকার সাংসারিক বিভীয়িক। বিস্তার করিয়া আমারদিগকে তোমার ক্রোড়স্থ হইতে আস্কান कैंद्र ; এवर मांडा (यक्तन जानन मसानटक कीड़ा मामूमशी (पथा-ইরা তাহাকে তুই রাখিবার নিমিত্ত যত্ত্ব করেন, সেই রূপ তুমি আমাদিণের হর্ষ সম্পাদনের নিমিত্তে এই অথিল বিশ্ব সৌন্দর্যাণ আমারদিপের নয়ন পথে আবিষ্কৃত করিয়। রাথিয়াছ। হে সর্বান্তর্যানি পরমাজন্! আমরা যদি তোমার পথের পথিক হইয়া সংসারের ছঃখ শোক বিষারণ করিতে না পারিলাম তাহা হইলে আমারদিগের মন্ত্যাত্বতে আর প্রয়োজন কি? এবং হর্ষ, শোক, সম্পদ, বিপদ, ফুধা, ভৃষা প্রভৃতি কতকগুলির মধ্যে নিয়ত ঘৃণীয়মান মাংদ পিও মাত হইয়া কিয়ৎকাল যাপন করাতেইবা আমাদিগের লাভ কি ? হে অন্তরের অন্তর! আমরা প্রার্থনা করিতে না করিতেই তোমার উদার মুখচ্ছবি প্রকাশমান হইয়া আনারদিগের মনকে এ রূপ উদাস করিয়া - দিতেছে, যে যে প্রার্যন্ত না আমরা ভোমার নিকট আমারদিগের সমস্ত জীবন অর্পণ করিতে পারিতেছি, দে পর্যান্ত আর কোন ক্রমেই তৃপ্তি লাভ করিতে সমর্থ হইতেছি না।

1962 首本1

সায়ৎসরিক ব্রাহ্ম-সমাজ

প্রথম বক্তৃতা।

अमा कि आंगत्मात मिन। अमा आंगोतमत निरुष्मां निर्स्तीर्या নিজীব ভাব গিয়া আমরা সকলে যেন জাগ্রত হইয়াছি। 'এখা-নকার সকলেরইচক্ষে উৎসাহ-প্রতা ক্ষৃত্তি পাইতেছে—বোধ হটতেছে যেন আমরা জীবন-শূন্য বঙ্গ দেশ পরিত্যাগ করিয়া আর এক উৎকৃষ্ট উন্নত দেশে উপনীত হইয়াছি। আমরা এখানে কোন পরিমিত দেবতার আরাধনার জন্ম আদি নাই। এ স্থানে কোন বাহ্য আড়মর ব্রাক্ষ-ধর্মের উন্নত ভাব ও মহান্ উদ্দেশ্য মলিন কলিতে পায় না। যিনি 'সত্যং শিবং স্থলারং' ভুমা অমৃত স্বরূপ, তিনিই এখানকার অধিষ্ঠাত্রী দেবতা। এখানকার প্রত্যেক রশ্মিতে তাঁহারই বিমল জ্যোতিঃ প্রকাশ পাইতেছে। তিনি আমাদের বাহিরে তত নাই, যত আমাদের অন্তরে আছেন। ্সমুদ্র-ঝঞাবজু-ধনি হইতে তাঁহার ধনি উথিত হইতেছে কিন্ত আমারদের অন্তরাজাতে—প্রতি ধর্মের আদেশে—প্রত্যেক সাধু-ভাবে—তাঁহার গম্ভীর নিঃস্থন আরো স্কুম্পাই শুনা যায়। সহোচ্চ পর্বতে বা স্থবিস্তৃত সমুদ্রে তাঁহার মহিমা বিরাজ করিছেছে; কিন্তু অব্যাদের নিঃস্বার্থ ভাব, অকুত্রিম প্রেম, অমায়িক কুতজ্ঞতা, অনন্ত আশা, এই দকলের মধ্যে তিনি আরে। উজ্জ্বল রূপ প্রকা-শিত হয়েন। তিনি আমাদের অন্তরের অন্তরাত্ম। বাহিত্ত আমোদ প্রমোদের আড়ম্বর ও উন্মত্ততায় আমাদের ব্রহ্মোপাসনা হয় না—আশাদের উপাদনা আন্তরিক উপাদনা—প্রীতি পুজার পুষ্পা—অতি পবিত্র উপহার। "আয়র্দেছি, য়শোদেছি; পুত্রং দেহি, ধনং দেহি" আয়ু দেও, যশ দেও; পুক্রে দেও, ধন দেও; ঈশ্বরের নিকটে আমাদের এমন অযোগ্য প্রার্থন। নছে — আমা-দের প্রার্থন। এই 'অসভোম। সদ্যাময় তমসোমা জ্যোতির্গময় মৃত্যোশ্মাইমৃতং গময়।' শরৎকাল কি হেমন্তকালে গঙ্গাগাগর

कि मकांटि आंगामित डिशामना वक्त नट्ट, किन्छ मकल छान এवः সকল কালই তাঁহার উপাসনার পায়তন। আমরা সেই স্বয়ন্ত্র অনাদি অনন্ত এক মাত্র পরনেশ্বরের ই উপাসক। যথন ব্রাহ্ম-ধর্ম্মের এমন উদার ভাব—যখন আমাদের এমন প্রশস্ত অধিকার; তथन लाक-निन्हा, लाक-छन्न, व गकल नीह लक्का आंभारमत নহে। যথন জল হল সূীন্য, যথন ভুলোক ও ছালোক—যথন আমাদের বুদ্ধি ও অন্তর্গটি, সকলে মিলিয়া 'সভাং জ্ঞানমনতং' একমাত্র অদ্বিতীয় পর্মেশ্বরের মহেক্ত প্রিত্র নাম ঘোষণা করি-তে:ছ; তথন কি উপহাদ, কি মিথ্যা বিনয়, কি লোক-ভয় কিছুতেই যেন আমরা তাঁহার কার্য্য হইতে বিরত না হই--তাঁহার প্রতি প্রভু-ভক্তি প্রদর্শন করিতে ক্ষান্ত না থাকি। শত্রুর নিকটে প্র্ত্র কি পিতার পরিচয়, সেনা কি রাজার পরিচয় দিতে ভয় করিয়া থাকে? তবে আমাদের পিতা যথন সকলের পিতা---আমাদের রাজা যখন রাজার রাজা; তথন বিপক্ষের নিকট তাঁহার পরিচয় দিতে কি ভয়? তাঁহার মহিমা প্রচার অপেক্ষা আমাদের জীবনের সার কর্মা আর কি আছে? অদ্য আমরা দেই পর্ম পিতার উপাসনা জন্য এখানে সকলে সমা-গত হইয়াছি। কি মনোহর দৃশ্য। তাঁহার অমৃত পুত্র-সকলের দারা এই স্থান পূর্ণ হইয়াছে। কিন্তু আমাদের উপাসনা যেন বাহ্যিক উপাসনা না হয়—শ্রেবণ ও পাঠ মাত্রই যেন আমাদের সর্ব্বস্থ না হয়। ঋণ পরিশোধের স্থায় কঠোর কর্ত্তব্য মনে করিয়া আমরা এখানে আদি নাই যাহাতে আমাদের আত্মা দেই ভূমার সহিত অকাট্য প্রেম-বন্ধনে বন্ধ হয়, এই আমাদের লক্ষ্য। সরল হাদয়ে—একাগ্র মনে প্রেমাশ্রুতে আরু হইয়া ঈশ্বের আরাধনা কর। তোশাদের সমুদয় মন, সমুদয় আআ, সমুদয় উৎসাহ ও সমুদয় অনুরাগ ঈশ্বরেতে সমর্পণ কর। ভয় ও প্লানি ও স্লানতা রূপ মনের অম্বকার দূর করিয়া বিনীত ভাবে, আন-দিতে মনে, সকৃতজ্ঞ চিত্তে, গদ্ভীর প্রেম ও অটল অমূবাগের সহিত তাঁহার আরাধনা কর। তোমাদের হৃদয়ে যদি কোন कामना थोरक; তবে यन जाहा धर्मात अना, পविज्ञात अना,

পাপের উপরে বল পাইবার জন্য, ঈশ্বরের প্রদন্তা লাভের জন্য হয়। এই প্রকারে তাঁহার [©]উপাদনা কর—এই প্রকারে দেই অনাদ্যনন্তকৈ তাঁহার যোগ্য উপহার প্রদান কর।

কিন্ত ইহা মনে রাখ, তোমাদের এখানকার উপাদনা ইহা-রই জন্ম যে দর্মব্রই তাঁহার এই রূপ উপাদনা করিবে। ঈশ্ব-রের উপাসনায় যেমন আপনাকে পরিত্র করিবে, সেই রূপ-তাঁহার বিশুদ্ধ উপাসনা প্রচার করিতেও ক্ষান্ত থাকিবে না। এমন গুরুতর কার্য্যে আমাদের যেন প্রাণ্-গত যত্ন থাকে। প্রথমে পরিবার, পরে স্থদেশ, পরে সমুদয় পৃথিবীতে ব্রাক্ষ-ধর্ম প্রচার করিতে থাক। যেখানে আমরা অনপান, সুখ ছুঃখ, সকলই আপনাদের মধ্যে বিভাগ করিয়া ভোগ করি; দেখানে ঈশ্বরকেই কি একাকী লাভ করিয়া ভূপ্ত থাকিতে পারা যায় ? যাহাতে ত্রাক্ষ-ধর্ম দেশময় ্ব্যাপ্ত হয়, পৃথিকীময় প্রচারিত হয়, যখন আমাদের এমন মহান্লকা; তথন তাহার প্রথম সোপান যে পরিবারের মধ্যে ব্রাহ্ম-ধর্মকে আসীন করা, তাহাই যদি না ্হইল, ডবে আর কি হইল? এক এক পরিবারে যে কয় জন ব্রাক্ষ-ভাতা আছেন, তাঁহার ও কি নিরাকার নির্ম্বিকার প্রমে-শ্বরের উপাদনা করিতে ভীত হইবেন ? কেবল পুরুষেরা কেন ? ত্রী প্রক্রয—আবাল বুদ্ধ বনিতা সকলে মিলিয়া সেই পরম পিতার অর্চনা কর। ব্রাক্ষ-ধর্ম যদি উদাসীন রহিলেন—তিনি যদি অন্তঃপুরে প্রবেশ করিতে না পারিলেন, তবে এ দেশের আর কি হটল? ধর্মা দুরের বস্তু নহে--ধর্মাকে তাঁহার স্বর্গীয় আসন হইতে আমাদের নিকটেই আনিতে হইবে—প্রতি দিনের ঘটনার মধ্যে তাঁহার সহায়তা চাই—যত দিন তিনি প্রতি গৃহে, প্রতি পরিবারে, প্রতি কর্মেনা আফিবেন, তত দিন আমাদের মঙ্গল নাই। ধর্মের আভা আমাদের আত্মাতে যেন চকিতের স্থায় ক্ষণিক না থাকে-কিন্তু সূর্য্য কিরণের স্থায় যেন নিরন্তর প্রকাশ মান থাকে। এই জন্য ধর্মকে সংসারের কর্মক্ষেত্রে আনিতে হইবে। যখন স্ত্রীর আর এক নাম সহধর্মিণী, তখন তাহাকে হীন ধর্মে অবনত রাখা কতদুর পর্যান্ত পরিতাপের বিষয় ! এ

দেশের অবলাগণকে এ ক্ষণে ব্রাক্ষ-ধর্ম্মের আশ্রয় দৈওয়া কঠিন কর্মনহে। আমাদের দেশে ব্রাক্ষ-ধর্মা প্রচার বিষয়ে যে সমস্ত বিয় ছিল, তাহা ঈশ্বরের প্রদাদে কেমন শীভ্র নিরাকৃত হই-রাছে। এ কণে ভূমি পরিজ্ত হইয়াছে, তাহাতে ব্রাক্ষ-ধর্মের বীজ নিক্ষেপ করিলেই হয়। পুরুষের দৃষ্টান্তে জ্রীলোকেরও অন্তর হইতে রুথা-সংস্কার ও কুসংস্কার সকল অন্তরিত হই-তেছে। ব্রাক্ষ-ধর্ম্মের প্রবেশ জন্য এ ক্ষণে এদেশের সকল দ্বারই মুক্ত রহিয়াছে—একণে গৃহে গৃহে ব্রাক্ত-পর্মা প্রবেশ না করিলে মহান্ অনর্থ ! জ্রীদিনের ধর্মাই ভূষণ —ধর্মাই সর্কান্ত ধন। তাহা-দের কুস্থম সদৃশ কোমল হৃদয়ে ধর্মের ভাব যেমন শীত্র প্রবিষ্ট হয়, এমন আর কিছুই নহে। অতএব তাহারদিগকে বিশাস-শূন্য নিরাজিত রাখা কত মন্দ ! যে গৃহে স্ত্রী পুরুষেরা একত্রে বিশুদ্ধ স্বরূপের উপাসনা করিবে, সৈ গৃহ পবিত্র হইবে—দে-খান হইতে বিবাদ কলহ দূর হইবে—সেগানে স্বার্থপরতা লজিত হইবে—মূতন সদ্ভাব ও প্রেম উদিত হইবে—মাতার ক্রোড় হইতে শিশু পবিত্র ধর্মা শিক্ষা করিবে—জ্ঞান ধর্মা একরে মিলিত হইবে—অবিশ্বাস আর স্থান পাইবে না। যখন আমা-एमत পরিবারের। ঈশ্বরের শরণাপন হটবে, তখন তিনি আমা-দের সাংসারিক কার্যো পবিত্রতা বিস্তার করিবেন—কর্মের সময় আমাদের সততাকে রক্ষা করিবেন-সকলকে সকলের সহিত সম-ছঃখ-স্থথে কালহরণ করিতে শিক্ষা দিবেন—ছঃখ ও বিপ-टमत मगत आमारमत मरन मरस्याय ७ देवर्या दशत्व कतिरान— তিনি অতি যত্নের সহিত আমাদিগকে লালন পালন করিবেন। অতএব প্রথমেই পরিবারের মধ্যে ব্রাক্ষ-ধর্মের আত্রয় আনয়ন कत। लाक-निना, छेशहांग ; এ गकन वाथा अगन गहर कर्मा কোন বাধাই নহে। প্রতি পরিবার এই রূপে পবিত্র হইলে, তবে আমাদের দেশ পবিত্র হইবে।

প্রতি ব্রাক্ষই এক এক জন ধর্ম প্রচারক। যে দিনে তিনি ব্রাক্ষ-ধর্মা গ্রহণ করিয়াছেন, সেই দিন অবধি তাঁহার উপরে ব্রাক্ষ-ধ্রমা প্রচারের গুরু ভার পতিত হইয়াছে। যাহাতে ৰঙ্গ

ভূমিতে ঈশ্বের উপাসনা-বীজ প্রক্রিপ্ত হয়, ইহাতে সকল ব্রাক্ষের প্রাণ-পণে যতুবান থাকা উচিত। কি উপদেশ, কি দুষ্টান্ত, কি ধন-বায়, কি জ্ঞান-বিতরণ ; যিনি যে প্রকারে পারেন তাঁহার দেই উপায় অবলম্বন করা কর্ত্তবা। সকলের অল্ল অল্ল ক্ষ্তা পুঞ্জীভূত হইলে মহান্কার্য্য সকল ফলবান্হইবে। ইহাতে যদি প্রতিজন উদাস্য করেন-প্রতিজন যদি এই রূপ বলেন, আমা হইতে কি হইবে—তবে মহান্ অনিষ্টের সম্ভাবন।। আমরা যাহা জানি, তাহা যদি সকলের সন্মুখে নাক্ত করিতে পারি; ভবে যে কি রূপ অগ্নি প্রজ্বলিত হইয়া উঠে, কৈ বলিতে পারে— কেবল বঙ্গদেশে কেন, সমুদায় ভারতবর্যে হয়ত তাহার শিখা কাপ্তি হইতে পারে। যে হস্তে জ্বলন্ত-কাষ্ঠ থাকে, সে হস্তের গুণে কিছুই হয় না; কিন্তু তাহার অগ্নিতে সকল বস্তু দথা হয়। আমাদের বল অল্ল হউক বা অধিক হউক—সতা ধর্মের বল কোথা যাইবে ! এইক্ষণে এই বঙ্গ দেশে অধর্দ্মের স্রোভ যেরূপ প্রবল বেগে প্রবাহিত হইতেছে, তাহাতে সকলের সমবেত চেষ্টা বাতিত কিছুই হইবে না। হে ব্রাহ্মগণ ! তোমরা উত্থিত হও— 'নিদ্রার কাল অভীত হইয়াছে। কোন ব্রাহ্মই এরূপ বলিতে পারেন না, আমি কিছুই করিতে পারি না-একা রামমোহন রায় এই রূপ ঔদাস্য প্রকাশ করিলে এদেশের কি মহান অনর্থ इटेड? याहारमत गतन <u>जाका-धर्मात महस्तात श्रांतिक इ</u>हेग्राह, তাহাদের বিশ্বাদ এই যে এ ধর্ম কেবল এ দেশের জন্য নয়; কিন্তু সকল পৃথিবীর জন্তা। যে ধর্মের এমত উদার ভাব, অতি সঙ্কীর্ণ ভূমি যে এই বঙ্গভূমি, তাহাতেও কি ইহা রোপিত হইবে না ! এমত মহৎ কর্ম্মে ঈশ্বরই আমারদের সহায় হইবেন-- পাধু ষাহার ইচ্ছা ঈশ্বর তাহার নহায়।' এই হতভাগা বঙ্গ ভূমিতে যদি কেবল ধর্মকে উজ্জ্বল করিতে পারা যায়, তবে ইহার সকল দোষ পরিহার হইতে পারে। ঈশ্বরের অন্তগ্রহ কি এ দেশ হইতে একেবারে বিলুপ্ত হইয়াছে? কখনই না। ছুর্বলে পুত্রের উপরে মাতার যেমন অধিক স্লেহ পড়ে; এই বঙ্গদেশের উপরে ঈশ্বের সেই প্রকার স্নেহ। এ দেশ না ধনেতে, না বিদ্যাতে, না

শ্রীতে, না সোভাগো, না ঐকাতাতে; কোন বিষয়েই স্থাসপান নহে। যখন এ দেশের এমন তুরবস্থা, তখন ঈশ্বর আপনাকে দান করিয়া এ দেশের শ্রীরুদ্ধি করিয়াছেন। কাহার মনে ছিল যে এই অধাতম প্রদেশে পবিত্র ব্রাহ্ম-ধর্ম অঙ্করিত হইবে। আমাদের এমন কি विमां, कि वृक्षि, कि वल, य এমন পবিত্র धर्माक आमता রক্ষা করিতে পারি। কিন্তু যথন এ দেশ পাপেতে জর্জরীভূত হই-য়াছে, তথন ঈশ্বরের কুপার চিহ্ন এই দেখা যাইতেছে, যে তিনি এখানে ব্রাক্ষ-ধর্ম্ম প্রেরণ করিয়াছেন এবং এখনো পর্যান্ত ধারণ করিয়া রাখিয়াছেন । তাঁহারই আশ্রয়ে থাকিয়া আমারদের এই প্রিয়তম ব্রাক্ষ-সমাজ চতুর্দ্ধিকে তর্ম্পিত ঘটনাবলির মধ্যে স্থির ভাবে দণ্ডায়মান রহিয়াছে। অদ ेহার বয়ঃক্রমের তিংশৎ বৎ-সর অতীত হইল! এই কালের মধ্যে সমুদয় ভারতবর্ষ কত প্রকারে আন্দোলিত হইয়াছে। ইহার কত কত সমাজ উপপ্পবে প্লাবিত হইয়াছে—কত দেশ দঞ্ধ ও নমভূমি হইয়াছে—কত রাজা রাজা অবস্থান্তির হইয়াছে; কিন্তু আমাদের এই সমাজ এক স্থানেই স্থির থাকিয়া সকসকেই ঈশ্বরের পথে আহ্বান করিতেছে। ইহা অস্থির বালুকারাশির মধ্যে মিশরীয় স্তম্ভ সদৃশ অটল হইয়া° রহিয়াছে। ইহা এ দেশের কেমন শুভ লক্ষণ। রামমোহন রায় যে কি এক অগ্নি জ্বালিয়া গিয়াছেন, তাহা এখনো পর্যন্ত জ্বলি-তেছে এবং দিন দিন আরো প্রথর হুইয়া উঠিতেছে। ঈশ্বরের এমন অন্ত্রাহের প্রতি আমরা যেন তুচ্ছ-নয়নে দৃষ্টিনাকরি। गकल गञ्जलात अक्षत अहे या उक्ति-धर्म, हेहारक यान आमता প্রাণ-পণে রক্ষা ও প্রচার করি। আমাদের এই হতভাগ্য দেশ অপেক্ষা বলে বীর্ঘো সভাতা ভব্যতায় আরও কত কত শ্রেষ্ঠ দেশ আছে; কিন্তু বঙ্গদেশের কি দৌভাগ্য! ব্রাক্ষ-ধর্ম অন্য সকল দেশ পরিত্যাগ করিয়া এখান হইতেই উথিত হইয়াছেন। মাতার ছুর্বাল পুত্রের ন্যায় ঈশ্বরের অন্তগ্রহ এ দেশের উপরেই পড়িয়াছে। এ কণে এই ব্রাক্ষ-ধর্মের উপরেই আমাদের সকল আশা, সকল ভরশা। ইহার ছুর্গতিতে আমাদের দেশের ছুর্গতি-ইহার উন্নতিতে আমাদের দেশের উন্নতি। এখান কার প্রতি জন.

প্রতি পরিবার, প্রত্যেক সমাজ ও সমুদায় জাতিকে ঈশ্বরের দিকে আনয়ন করিবার জনা কে সহায় ? না ব্রাহ্ম-ধর্ম। বঙ্গ-সমাজ হইতে অধর্ম কলঙ্কের অপনয়ন কিসে হয়—কুসংক্ষার, অবিশ্বাস, লোক-ভয়, স্ফেচারে, এই সকলের মূল কিসে শুক্ক হয় ? ব্রাহ্ম-ধর্মে। কি ধনী, কি দরিক্র, কি দাস, কি প্রভু, সকলকে পরম পবিত্র সৌহার্দ্দ রসে কে মিলিত করিতে পারে ? ব্রাহ্ম-ধর্ম। জাতিতে জাতিতে, বর্ণে বর্ণে, যে ভয়ানক বিদ্বেষ-ভাব আছে, তাহা উন্মূলন করিয়া সকল বর্ণকে এক জাতি, সকল জাতিকে এক পরিবারের মত কে করিতে পারে ? সেও আমাদের ব্রাহ্ম-ধর্ম। কেবল বিদ্যার বলে এ সকল সিদ্ধ হয় না, কেবল দিবানিশি বৃদ্ধি গণনা করিতে শিখিল ইহার কিছুই করিতে পারা যায় না। কোন এক বিশেষ অমঙ্গল নিরাকৃত হইলেও ইহার সকল সিদ্ধ হয় না—এক ধর্মাই আমাদের সহায় আচেন পবিত্র উন্নত স্থগভীর ব্রাহ্মধর্মই আমাদের সহায়।

धर्मा छेड्ड्ल इडेल এ দেশের সকল অমঙ্গল একে একে আপনা হইতেই চলিয়া যাইবে—ভাহাদের অকাল মৃত্যু আহ্বান করিবার জন্য রাজ নিয়মের আবিশাক হইবে না। ব্রাক্ষধর্মের প্রভা এ দেশে বিকীর্ণ হইলে জাতি-ভেদের বিদ্বেষ ও কলহ আপনাপনি স্থগিত হছবৈ—উদ্বাহের নিয়ম পরিশুদ্ধ হছবৈ— ভাতায় ভাতায় বিবাদ বিসম্বাদ আর স্থান পাইবে না; কিন্তু সকলের মধ্যে সৌহার্দ্ধ-বন্ধন দুচ্বদ্ধ হইবে—অসতা, প্রতাব্বা, মিথা সাকী, বিশ্বাসঘাতকতা, এ সকল পাপ বঙ্গ-দেশে আর কেহই আরোপ করিবে না—ধর্ম এবং ঈশ্বরের শরণাপল হ্ইলে আমাদের সকল সেভিগ্যা উদিত হ্ইবে। ব্রাক্ষ-ধর্ম্মের উপরে যখন আমাদের এত ভরশা, তখন তাহাকে ষেন আমরা এ দেশ হইতে বহিষ্কৃত করিয়া না দিই। এমন প্রিত্র ধর্ম্ম যেন আমাদের সকলের হাদয়ে রাজত্ব করে। আমা-प्तत नकल हिन्छा, नकल कामना, नकल आलाश, नकल अनुष्ठीन, যেন ইহারই অনুগত হয়। কি নির্জনে, কি সজনে, কি কর্মক্ষেত্রে, कि द्वान्त-मर्भाष्क, मकल स्थान हेटा यन आमार्मित मर्ह्स थारक, কিলে আমরা এই সভ্য ধর্মের প্রভাব জগতে ব্যাপ্ত করিতে পারি, এই যেন আমাদের সমুদায় জীবনের শিক্ষা হয়। ত্রাক্ষ-ধর্মের লাবণাময়ী, আকর্ষণী প্রতিমূর্ত্তি আমর। যেন জগতের সম্মুখে ধারণ করি। হে ব্রাহ্মণণ। তোমাদের উপরে ব্রাহ্ম-ধর্মের সকলই নির্ভর করিতেছে। এ ধর্ম যখন তোমাদিগকে রমণীয় বেশ ভূষাতে স্থাসজ্জিত করিবে—যখন তোমাদের অন্তর ও বাহির নির্মাল ও পরিশুদ্ধ হইবে-- যখন কর্মোর সময় তে মা-দের সততা, বিপদে অটল থৈষ্যা, স্থখ-সম্পদে সর্ব্ব-স্থখ-দাতার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ পাইবে—যখন ঈশ্বরের কার্য্য-সাধনে কোন পরিশ্রমকে পরিশ্রম বোধ করিবে না—গুরু বিপদকে বিপদ জ্ঞান করিবে না-যখন তোমাদের জীবনের বিশুদ্ধ মিতাচার সকল অত্যাচারের কণ্টক স্বরূপ হইবে—যখন তেঃমাদের গৃহ নির্মাল শান্তির আধার হইবে এবং তোমাদের পরিবারের মধ্যে নিশ্চল প্রেম ও সন্থাব বিরাজ করিতে থাকিবে; তথন দেখিতে পাইবে, তোমরা সকলের জীবিত দৃষ্টান্ত স্থরূপ হইবে—তোমা-দের জীবনই ধর্মা-পুস্তক হইবে-তখন ব্রাক্ষাধর্মের বল আপনা-পনিই দেশময় প্রচার হইতে থাকিবে। ইহা নিশ্চয় জ্ঞান, যে অন্যের মন ও চরিত্রের উপরে ভোমাদের যত না অধিকার, আপ-নার উপর তাহা হইতেও বিস্তুত প্রশস্ত অধিকার। যদি ব্রাহ্ম-ধর্ম প্রচার করিতে যাও, তবে অগ্রে দেখ, তাহার মূল তোমা-দের হাদয়ে বিদ্ধা হইয়াছে কি না ! চক্ষু যেমন আপনাকে ভিন অন্ত নকলকে দেখিতে পারে, আমাদের মনও মেই রূপ আপ-নাকে না দেখিয়া অস্তের দিকে সহজেই ধাবমান হয়। ইহার প্রতি সাবধান থাকিবে। যিনি আপনাকে শোধন করিবার পরি-শ্রম স্থীকার করিতে না চাহেন, তিনি যেন ধর্ম প্রচারের গুরুতর ভার গ্রহণ না করেন। যে ব্রাক্ষা নীচ ও অসৎ কার্য্যে লিপ্ত থাকেন-যিনি পান ভোজন ও আমোদ প্রমোদকেই জীবনের সার কর্ম বলিয়া জানেন ; তিনি যেন প্রচারক হইতে না যান। সেই প্রকার ব্যক্তি ব্রাক্ষ-ধর্মের পর্ম শক্ত-তাহাদের জীবন এ ধর্মের উন্নতির কণ্টক স্বরূপ। অতএব বারস্বার বলিতেছি, প্রথমে

আপনাকে পবিত্র করিয়া পরিবার ও প্রতিবাসী ও সমুদয় দেশে ব্রাক্ষ-পর্ম প্রচার করিতে প্রাণ-পণে যত্মবান্ হও। ইহার জন্য সকল ত্যাগই স্বীকার করিতে উদ্যত হও— সাপনার শরীর-পাত করিতেও ভীত হইও না।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

2947 (対本)

সাম্বৎসরিক ব্রাক্স-সমাজ।

দ্বিতীয় বক্তৃতা।

হে করুণাময় পর্ম পিতা! সম্বৎসর কাল তোমার করুণার আশ্রয়ে নির্ক্সিয়ে জীবিত থাকিয়া তোমার প্রসাদে অদ্য এই পবিত্র ব্রাহ্ম সমাজে তোমার অপার মহিম। ও করুণা কীর্ত্তন করিতে আমরা উপস্থিত হইয়াছি। নাথ। তোমার মঙ্গল গীত উপযুক্ত রূপে গান করে কাহার সাধ্য ? তোমার করুণা-রাশি গণনা, ধারণা ্বা মনেতে কল্পনাই করা যায় না, তবে কি প্রকারে তাহার বর্ণনা হইবে ! তুমি প্রতি নিয়তই যে কত প্রকার স্থন্ন ও অনির্দেশ্য উপায় দ্বারা আমারদিণের শরীরকে রক্ষা করিয়া তোমার মঞ্চল-ময় কর্ম সম্পাদন জন্ম তাহাকে সক্ষম করিতেছও আমাদের আত্মাতে সাক্ষাৎ বিরাজমান থাকিয়া তাহার ধর্মের উদ্দীপন করিতেছে; ভাহা কি বলিব। এই সম্বংসর কাল মধ্যে যে ঋতু, যে মাস, যে পক্ষ, যে দিবস, যে দণ্ড, বা যে নিমেষের প্রতি লক্ষ্য করি, সেই সময়েই দেখি, যে তুমি আমারদিগকে অত্যাশ্চর্য্য যত্নের সহিত রক্ষণ ও পালন করিতেছ-মুমাদাদিগকে ভোষার নিত্য-পূর্ণ অমৃতধানের অধিকারী করিয়া আপনার অমোঘ সাহাযা প্রদান দারা ক্রমে ক্রমে তাহার উচ্চতর সোপানে আরোহণ করাইতেছ। মাতা যেমন আপনার শিশু-সন্তানের হস্ত ধারণ পূর্ব্বক তাহাকে পদ চালনা করিতে শিক্ষা করান, তুমিও দেই রূপ অমূপম স্থেহ ও বাৎদল্য সহকারে আমাদিগকে ধর্মের পথে লইয়া যাইতেছ। সেই পথে প্রত্যেক পদ বিক্ষেপের

সময়ে তুমি আপনার প্রদল মুখ-জেগতিঃ প্রদর্শন করাইয়া তাহাতে অগ্রদর হইতে আমাদিগকে প্রবল উৎসাহ দ্বারা উংগাহিত করিতেছ। তুমি নিয়তই আমাদিগকে এই শিক্ষা দিতেছ, যে তুমিট আমাদের পরম ধন ; ভোমাকে সতত হৃদয়ে জাগরক রাখিয়া পশ্ম गांधन कराई आगारमत जीवरनत এक भाव जुलि ও गांकरलात হেতু; তোমা হইতে বিচাত হইয়া দুরে ভ্রমণ করিলে আমাদ্রের মহান অনর্থ ও ছঃখ সজাটিত হয়। তোমার এই অমৃত্যা উপ-দেশ মোহ বশতঃ আমুরা বারম্বার অবহেলন করিছেছি; কিন্তু -তুমি আমারদের মানস-পটে ভাহা মুদ্রিত করিবার জন্য কি অনি-র্বাচনীয় যত্নই প্রকাশ করিতেছ। সেই যত্নের বিষয় সারণ হউলে তোমার প্রতি প্রেমাক্র বিমর্জন না করিয়া থাকিতে পারি না। গতবর্ষে কত সমরেই তোমার এই আশ্চর্যা যত্নের চিহ্ন আমরা অন্তভ্র করিয়াছি। আমরা কত বার তোমাকে বিশাত হট্য। অসার সংসারকে সার মনে করিয়া স্বার্থ সাধন জত্য ব্যাকুল হইয়াছি— তজ্ঞ আশা রূপ প্রবল বহুমান পরন দ্বারা চঞ্চল হুট্যাছি— বিষয় রূপ ভয়াবহ-তর্জ-সঙ্ক প্রবাহে ভাসমান হইয়াজি---কখন ক্ষণিক বিষয়-সূখ লাভে আপনাকে কৃতার্থন্মন্য বোধ করিয়াছি--আবার হঠাৎ ভাহা হইতে বঞ্চিত হইয়া নৈরাশা-नल घाता पक्ष इहेग्राष्ट्रि। किन्छ यथन आभारमत लेम्स छूत्रवा উপস্থিত হটয়াছে, তথন তুমি আমাদিগের মনে দিব্য-জ্ঞান সমুদিত করিয়া আমাদিগকে তাহা হইতে উদ্ধার করিয়াছ। দেই প্রভাবে আমাদিগের স্বার্থ-সাধন প্রবৃত্তি কোণায় অন্তর্হিত হইয়াছে; তথন ভোমার প্রিয়কার্য্য সম্পাদন জন্ম আমরা জীবন ধারণ করিয়াছি, ইহা বিলক্ষণ প্রতীত হইয়াছে; তথনি আমা-দের চিত্ত বিষয়-বিকার হইতে মুক্ত হইয়া প্রকৃত স্বস্তা লাভ করিয়াছে। আমরা কত বার লোভ মোহের প্ররোচন। বাক্যে বশীভূত হইয়া ভাহাদিগের অন্তুমোদিত পথে ধাবিত হইতে উদ্যুক্ত হইয়াছি, কিন্তু হে পতিত-পাবন! যথনি আমরা এই রূপ বিপথগামী হইয়াছি, তথনি তুমি পবিত্র স্বরে দেই পথ পরিত্যাগ করিয়া তোমার পুণ্য পদবীতে আসিতে আমাদিগকে

আহ্বান করিয়াছ্—ভোমার স্থমধুর বচন শুনিয়া আমরা অমনি প্রত্যাবৃত্ত হইয়া তোমার নিকট আসিয়াছি ও তোমার অভয় কোড়ে স্থান প্রাপ্ত হইয়া কুপ্রবৃত্তি-সকলকে পরাভব করিতে সক্ষম হইয়াছি--- আমাদের ধর্মের বল চতুও নি বৃদ্ধি হইয়াছে। কতবার বিষয় স্থ্য-ভোগে এ প্রকার অভিভূত হইয়াছি যে ইহ কোককেই সর্বাস্থ মান করিয়া তোমার প্রদন্ত শ্রেষ্ঠ পদ, তোমার সহিত চির-সম্বন্ধ, আমাদের অনন্ত কালের উপজীব্য অক্ষয় ব্রহ্মা-नन्म, ममल हे विश्वाण हहेया जालनामित्वत लेक व्यादिव शर्क कवि-য়াছি; কিন্তু হে ধর্মাবহ। দেই সময়ে তোমার প্রসাদাৎ "আমর। তোমার পুত্র' এই সত্য যেমন উদ্বোধ হইয়াছে, অস্থি আমা-দের জীবনের মহৎ উদ্দেশ্য চিক্তাকাশে উদিত হইয়া বিমল প্রভা করিয়াছে—মোহ-ঘনাবলী দূরীকৃত হইয়াছে:—ভখন আমরা এখানকার ক্ষুদ্র বিষয় লইয়া কেনই বাতিবাস্ত হইতেছি ৰলিয়া আপনার্দিগকে কতই অবমাননা করিয়াছি;—তথন পার্থিব বিষয় সকলের যথার্থ মূল্য অবগত হইয়াছি ও ভোমার আজাবহ থাকিয়া তাহাদের যথাযোগ্য ব্যবহার করিতে সক্ষম ছইয়াছি। কখন সাংশারিক বিপদে নিমগ্ন হইয়া আপনাকে নিতান্ত নিরাশ্রায় জ্ঞানে মুহামান হইয়াছি; কিন্তু তুমি তৎকালে অভয় প্রদান করিয়া আমারদিগকে সাহস ও উৎসাহ দিয়াছ; "তুমি মঙ্গল-স্থরূপ, যাহা করিতেছ, তাহাই মঙ্গলের নিমিত্ত" এই জ্ঞান তুমি আমাদের বোধ নেত্রে প্রতিভাত করিয়াছ ও তাহার সহায়ে আমরা তোমাকে পাইয়া ভোমাতেই নির্ভয়ে শ্বিতি করিতেছি; তখন শাংশারিক বিপদের প্রবল ঝঞ্ঝবাতের অভিঘাতেও আমরা অচলের স্থায় দ্বির বহিয়াছি, কিছুতেই তার আন্দোলিত হই নাই। এই সমৎসর কাল মধ্যে যখনি আমরা তোমা হইতে বিচ্ছিল হইয়াছি, তথনি নিদারুণ ক্লেশে নিপতিত হইয়াছি; কিন্তু যতক্ষণ তোমাকে আশ্রয় করিয়া কায়-मत्नोबोटका ट्यांमात्र धर्माश्रामानत अस्यांशी आहत्र कतिर्छ আত্ম-সমর্পণ করিয়াতি, তথনি আমরা জীবনের সাক্ষমা সম্পাদন ক্রিয়াছি। তুমি এই মঙ্গলময় বিধান করিয়াছ, যে ড্যেমাডেই

আমাদের স্থথ। "তুমিই রস স্বরূপ ভৃপ্তি হেতু।" তুমি এই কারণেই বিষয়ের সহিত প্রকৃত স্থাের সংযোগ কর নাই ষে আমরা বিষয়ে পরিভৃপ্তানা হইয়া ভোমাকে অস্বেষণ করিব ও ভোমাকে লাভ করিয়া চরিতার্থ হইব,—তুমি আমারদের হিতের নিমিত্তে তোমাকে পাইবার পথ চতুর্দ্দিকে প্রসারিত করিয়। রাখিয়াছ; কিন্তু আমরা ভ্রম বশতঃ তাহার অন্তুগামী হইতেছি না। তুমি আমাদের পরম করুণাময় পিডা, সকল বিপদের তাতা, সকল মঙ্গলের আকর, এক নিমেষের নিমিত্তেও আমাদি-গকে বিশাত হও নাই; কিন্তু আমরা এরূপ অচেতন-স্বরূপ যে ভোমাকে ভুলিয়া রহিয়াছি, আমরা ভোমার প্রদত্ত শ্রেষ্ঠতর স্মুখকে অবহেলন করিয়া অনিত্য বিষয় স্মুখকেই সর্বাস্থ বোধে তাহারই পশ্চাৎ ধাবমান হইতেছি। হা! আমরা আপনাদি-গের দোষেই তোমা হইতে বিচ্যুত হইয়া রহিয়াছি। আমুরা যদি এরপ বিমূঢ় চিত্তনা হইতাম, তাহা হইলে এত দিনে আমরা ধর্মের উচ্চতর শিথার আরোহণ করিয়া তোমার সহবাস রূপ বিশুদ্ধ সুশীতল বায় দেবনে কৃতার্থ হইতাম। এতদিনে বিষয়কার্য্যে লিপ্ত থাকিয়াও তোমাকে সভত সাক্ষাৎ বিদামান• দেখা আমাদিগের কতই অভ্যাস হইত। আমাদিগের প্রত্যেক চিন্তা, প্রত্যেক কামনা, প্রত্যেক আশা তোমার প্রতিই ধাবিড হইত। এতদিনে আমরা এখানে থাকিয়া পার্ত্তিক নির্ম্মলান-ন্দের স্থাদ গ্রহণে সমর্থ হইতাম। কিন্তু আমরা ইহার কিছুই করিতে পারিলাম না। হে পরমাজন্। আমরা কি চিরকালই তোমা হইতে বিচ্যুত হইয়া নিভান্ত দীন হীন ভাবে অবস্থিতি করিব ? তোমার সহিত বিচ্ছেদ আর আমাদের সহ্যহয় না। এ বিচ্ছেদ যন্ত্রণা হইতে আমরা অদ্যাবধিই মুক্ত হইব। আমরা আবুর তোমাকে ক্ষণ-কালের জন্মত বিসমূত হইব না। তুমি যে নিরস্তর আমাদের সঙ্গে সঙ্গে থাকিয়া সংপথে যাইতে প্রবৃত্তি বিধান করিতেছ, তাছার অস্থায়ী হইয়া আমরা অহরছঃ ধর্ম कर्म अञ्चर्कारन क्लीवन नमर्भन कतिव। आमत्र। अमारविध नर्खनाडे দেথিব, যে ডোমার কার্যা আমরা কভদুর সম্পন্ন করিতেছি—

তোমার গঙ্গ লাভ আমাদের কতদূর অভাগে হইতেছে—আমরা य विना निका करि-य कम्ब, य किया य जानान उ य करथा-পকথন, বা যে আমোদ করি, তাহা তোমার নিয়মান্ত্রণত হই-তেছে কি না; তাহাতে তোমাকে প্রাপ্ত হইবার পথ আমাদের কতদুর আয়ত্ত হইতেছে। কি সূর্যোর উদয়াস্ত, কি শশিকলার দিন দিন হ্লান বুদ্ধি, কি বিহঙ্গ শরীরের স্থক্ষ পতত্র, কি ঘন ঘোর গর্জিত মেঘ-মালা, কি আমাদিগের প্রত্যেক নিশ্বাস ও নিমেব; একলেতেই আমরা তোমাকে সাক্ষাৎ বিরাজমান দেখিয়া তোমার মহিম। মহীয়ান্ করিব। তোমাকৈ অদ্যাবধি আমরা नग्रत्न नग्रत्न, यान मान, প্রাণ-পণে রাখিব। किन्छ হে করুণা-দিস্ত্র ! তোমার সহিত এই রূপ সম্বন্ধ নিবদ্ধ করিতে আমরা কত বারই মনে দৃঢ় প্রতিজ্ঞা করিয়াছি, কিন্তু ছুর্ভাগ্য বশতঃ কতবারই মেই প্রতিজ্ঞা সম্পূর্ণ করণে কতই বিঘু উপস্থিত হইয়াছে। দয়া-ময়! তোমার সহায়তা ব্যতিরেকে আমরা কি আপনাদের প্রতিজ্ঞা বলে তোমার পথের পথিক হইতে পারি গুঅতএব আমরা তোমার নিতান্ত শরণাগত হইয়া প্রার্থনা করিতেছি, যে তুমি আমাদিগের ুমনকে তোমার সেন্দর্যা সাগরে আকর্ষণ করিয়া লও; যেন ভোষার প্রেমের প্রেমিক হইয়া আমাদিগের জীবন অভিনব মনো-হর বেশ ধারণ করে—আমাদের মন ও কার্যা মূতন রূপে সংর-চিত ও পরিণত হয়।

ওঁ একমেবাদ্বিভীয়ং,।

১৭৮২ শক। সায়ৎসরিক ব্রাক্ষ-সমাজ। প্রথম বক্ততা।

অদ্যকার উৎসব উপলক্ষে মহা সমারোহ দেখিয়া নয়ন ও মন তৃপ্ত হইতেছে, কিন্তু যাঁহায়া কেবল সমারোহ দেখিবার জন্য অদ্য এখানে সমাগত হইয়াছেন, ভাঁহায়া অদ্যকার দিনের

যথার্থ গৌরব কিছুই জানেন না। আমরা শূন্য কৌতুহল চরি-তার্থ করিবার জন্ম এখানে আদি নাই আমরা সংসারীর মত হইয়া সাংসারিক ভাবে এ**ই পবিত্র ব্রাল্স-সমাজে এ**কত হই নাই। আমরা এখানে আদিয়াছি যে ঈশ্বরের পিতৃভাব এবং মন্ত্রোর ভাতৃভাব আমারদের মনে চির মুদ্রিত হইবে। আমরা এখানে আসিয়াছি যে হৃদয়ে হৃদয়ের সন্মিলনে প্রীতির শিখা উত্থিত ইইয়া উর্দ্ধমুখে দেই মহেশ্বরের প্রতি গমন করিবে। আমরা এখানে আসিয়াছি যে ঈশ্বরেতে সমুদয় হৃদয় মন সমর্পণ করিয়া তাঁহার ধর্ম পালন করিতে অপ্রতিহত বলু পাইব—তাঁহার ধর্ম প্রচার করিতে অপরাজিত উৎসাহ পাইব। আমরা এখানে আসিয়াভি যে ঈশ্বরের ভাবের ভাবুক পুণা হৃদয় সাধুদিগের মুথজ্যোতি দেখিয়া মলিন হীন ভাব সকলকে দূর করিতে পারিব, কৃতজ্ঞতাকে উজ্জ্বল করিব, আশাকে উন্নত করিব---প্রীতি-পুষ্প বিকশিত করিয়া প্রেমস্বরূপকে দান করিব। এখান इहेर्ड रक्ट भूना इस्ड भूना इत्र प्रतिया यहिल ना। अना श्रमाय य अभि अञ्चलित इरेरन, जारा राम विविधन ज्ञालिए থাকে।

অদ্য এখানকার ভাব দেখিয়া কি কাহারো মনে হইতেছে না, যে সকল লোকের বিপক্ষে, সকল অসত্যের বিপক্ষে, সত্যের. জয় ব্রাক্ষ-ধর্ম্মের জয় হইবেই হইবে। কাহারে। মনে কি সভ্যের স্পৃহা প্রদীপ্ত ইইতেছে না ! ঈশ্বরের প্রেম সমুজ্জন হইতেছে না ! মঙ্গলের প্রভা ক্তিরি পাইতেছে না ! উন্নত আশার সঞ্চার इहेट्डिइ ना ! **এ क्रांप क्रिइ मान** क्रिडिइन ना, जामि मः मा-রের আকর্ষণেই আর ভুলিয়া থাকিব না, আজ অবধি ঈশ্বরে মন প্রাণ স্মর্পণ করিয়া নির্ভয় হইব ? কাহারো কি মনে হইতেছে ना, अना अवधि आंत्र आंत्र नीह लक्षा, नीह कार्या, পরিত্যাগ করিয়া ব্রাক্ষ-ধর্মা প্রচারের জন্য চিরজীবন বায় করিব ! অদ্য आमात्रापत मान य असूत्राग-अनम श्रव्यानित इहेर्डाह, जाहा যেন নিৰ্ব্বাণ না হয়।

, অদ্য যেন আমারদিগকে কে উচ্চৈঃস্বরে বলিভেছে '' সকলে

শ্রবণ কর-বঙ্গদেশে ব্রাহ্ম-ধর্মের জয় ছইবে-সমুদয় পৃথিবীতে ব্রাক্ষ-ধর্মের জয় ইহবে।" সত্য আপনার বলেই এ প্রকার বলী-রান্যে তাহ। অক্সের সাহায়া অতি অল্লই আবশাক করে। দেখ, ব্রাক্ষ-ধর্ম্মের জন্য এখনো পর্যান্ত কাহারও রক্ত পাত হয় নাই, তথাপি ইহার বল কেমন প্রচার হইতেছে। চতুর্দ্ধিকে কি নিবিড় অক্ষকার! তাহার মধ্যেও সত্যের আলোক ক্রমে ক্রমে প্রকাশ পাইতেছে। কত ভয়ানক প্রতিবন্ধক অতিক্রম করিয়া ত্রাক্ষ-ধর্ম উন্নত ভাবে পদ সঞ্চার করিতেছে। এই কয়েক বৎসরের মধ্যে কত লোকের সভা অন্সন্ধানে স্পৃহা জিমিয়াছে। ব্রাক্ষ-ধর্মের শীতল আশ্রা কত শূনা হৃদয় পূর্ণ হইয়াছে। ঈশ্বরের বিশুদ্ধ-স্বরূপ কত লোকের মনে প্রতিভাত হইয়াছে। ঈশ্বর-প্রেমে কত আত্মা অভিষিক্ত হইয়াছে। এই অল্প কালের মধ্যে অনেকের মনে ধর্মের জন্য একটা অভাব বোধ হইয়াছে—ঈশ্বরের জন্ম একটা অভাব বোধ হইয়াছে; আত্মার সেই একটা গভীর অভাব, সংসার যাহা কিছুতেই বিমোচন করিতে পারে না। এই প্রকার সভ্যান্ত্রাগী ঈশ্বরান্বেষী সাধুদিগের আত্মাকে পূর্ণ করিবার জন্য কোন কোন মহান্তা আপনার সমুদর পরিশ্রম, সমুদর যত্ন অর্পণ করিতেছেন। যাহাতে অসত্যের উচ্ছেদ হয়, ভ্রমান্ধকার দূর হয়, সংশয়াঝা সভ্য-জ্যোতিতে পূর্ণ হয়, শুষ্ক হৃদয় প্রীতির নীরে অভিষিক্ত হয়, তাহার এখন সন্তুপায় হইয়াছে। এই অল্প দিনেই ব্রাহ্মদিগের মধ্যে একটা ভ্রাতৃ ভাব সংস্থানের উপক্রম হইয়াছে। হা! তথন शृथिवी कि ऋ (थ्र मिन मिथित, यथन এই क्रश हरेत, ममुम्य ব্রাহ্মই এক শরীর, ব্রাহ্ম-ধর্মাই ভাহার প্রাণ। ঈশ্বরকে ছাড়িয়া বে প্রকার শূন্য-হাদয় হয়, তাহা এ ক্ষণে অনেকে অমৃভব করিতে-ছেন। ঈশ্বরের উপাদনাতে সহত্র আত্মা পবিত্র হইয়াছে, উন্নত হইয়াছে, বল পাইয়াছে, জ্যোতি পাইয়াছে, জীবন পাইয়াছে। তাঁহারদের হৃদয় ঈশ্বরের ভাবে উচ্ছদিত হইয়া আর আর হৃদ-য়কে আকর্ষণ করিভেছে। বঙ্গভূমির মধ্যে কোথায় আলাহাবাদ, কোথায় ঢাকা, কোথায় মেদিনীপ্তর, কোথায় ত্রিপুরা, স্থানে হানে ব্রাহ্ম-সমাজ প্রতিষ্ঠিত হইয়াছে। গত বৎসরে আমাদের

मत्न इहेशां क्लि, এथरमा अधास द्वाका-धर्म डेमामीन इहिस्सन, এখনো পরিবারের মধ্যে প্রবেশ করিলেন না, এ বৎসরে সে অভাবও দূর হইয়াছে। এক এক পারিবার ব্রাহ্ম-ধর্মের ছায়া লাভ করিয়াছে। হা। আমার আশার অতীত ফল পাইয়াছি। ইউরোপের বিজ্ঞালোকদিগের মনও ব্রাক্ষ-ধর্মের ভাবে পূর্ণ হই-তেছে। তাঁহারদের অগ্নিময়-বাকা-পূর্ণ জ্ঞানগর্ভ গ্রন্থ পাঠ করিয়া কে না তাঁহারদিগকে ব্রাহ্ম ভাতা বলিয়া আলিঙ্গন করিতে উৎস্ক হন? তাঁহারা ইউরোপ বাদী হইলেন, তাহাতে কি? রাক্ষ-পর্ম পূর্বর পশ্চিম প্রদেশ এক করিবে<u>। ব্রাক্ষা-</u>পর্ম পৃথিবীর সমুদয় জ্বাতিকে এক পরিবারের মত করিবে। ব্রহ্ম-পরায়ণ দিগের হৃদ্য অভিন হৃদ্া। দূরদেশ তাঁহারদিগকে পৃথক্করিডে পারে না। দূর কাল ভাঁহারদিগকে পৃথক্করিতে পারে না। তাঁহারদের মধ্যে যদি বিস্তৃত সমুক্ত মুখ ব্যাদান করিয়া থাকে. তথাপি তাঁহারা এক। যদি লক্ষ বৎসর ব্যবধান থাকে, তথাপি তাঁহারা এক। সভ্য-ব্রভ প্রাচীন ঋষিরা যেমন আমারদের, ভদ্রপ ইংলগু বা আমেরিকা বা পারস্তান দেশের কোন এক সভ্যাম্ম-রাগী ঈশ্বর প্রেমীও আমারদের ব্রাহ্ম-সমাজের এক জন।

আমরা যদি কেবল গত বৎসরের ব্রাক্ষ-ধর্ম্মের উন্নতির বিষয় আলোচনা করি, তবে দেখিতে পাই যে এই এক বৎসরের মধে, আমারদের মনে কত অমূল্য সতা মুদ্রিত হইয়াছে। এই সমাজের বেদী হইতে যে সকল অগ্নিময় বাক্য নিঃসারিত হইয়াছে, তাহা কি কাহারো অন্থরের গভীরতম প্রদেশ পর্যান্ত বিকল্পিত করে নাই! আমরা কত সময় এই পবিত্র স্থানে মিলিত হইয়া ঈশ্বরকে অন্তরতম প্রিয়তম ঈশ্বর বলিয়া প্রণিপাত করিয়াছি। আমরা কেমন স্পন্ট অন্তত্ব করিয়াছি, জড় জগৎ আমারদের চক্ষের তত নিকট নহে—ঈশ্বর আআর যত নিকট। ব্রাক্ষ ধর্ম সেই অন্তরতম প্রিয়তম পরমেশ্বরকে আমারদের নিকটে উজ্জ্বল কলে প্রকাশ করিয়াছেন। আমারদের কি তয়, কিসের অভাব আছে! আমরা সেই ঈশ্বরকে পাইয়াছি, বাঁহাকে আত্রা করিয়া সংগারের পাপ-তাপ ত্বং ত্বেরিত মধ্যে অটল থাকিতে পারি।

আমরা সংবারের আর সকল বিষয় পরিত্যাগ করিতে পারি, আর সকল সম্পদ্ তুচ্ছ করিতে পারি; কিন্তু সেই প্রেম-স্বরূপ ঈশ্বর— তিনি প্রাণ হইতেও প্রিয়তর—তাঁহাকে না পাইলেই নয়। ত। হাকে পাইলে আমারদের নিকটে আর সকলই উজ্জ্বল দেখায়। আমরা দেই অমৃতের পুত্র বলিয়া আমারদের এই জীবনকে অমূলা জীবন মনে করি। আমরা আমারদের পিতাকে সর্বাত্র দেখিতে পাই-তাঁহার প্রকাশে ভূর্যোর প্রকাশের ন্যায় দিক বিদিক সমু-জ্বলিত দেখি। আমরা নির্জনে তাঁহাকে অমুভব করি—প্রিয় বন্ধুর সহবাস অপেকা তাঁহার সহবানে স্থা হই। তাঁহার জন্য আমারদের সকল কার্য্য আনন্দের সহিত সম্পন্ন করি—সামারদের দেহ মনের দকল শক্তি তাঁহার হন্তে 🗝র্পণ করি। তাঁহার জন্য আর সকলি বিগর্জন করিতে পারি। যদি এই প্রাণ দান করিয়। তাঁহার কোন মঙ্গল কার্য্য উদ্ধার করিতে পারা যায়, ভবে আমা-রদের পরম সৌভাগ্য। সম্পাদের সময় ক্রভক্ত হট্যা তাঁহাকে নমস্কার করি। বিপদে তাঁহার গৃঢ় মঙ্গল অভিপ্রায় শিক্ষা করি। পাপ-তাপে দেই পবিত্রতার প্রস্রবণের নিকটে গিয়া শীতল হই। কোন অবস্থা কোন ঘটনা আমারদিগকে তাঁহা হইতে বিচাত করিতে পারে না। মৃত্যুতে, বিদেশ হইতে স্থদেশে যাওয়া যে প্রকার, সেই প্রকার আনন্দ হয়; কেননা আমরা ইহা নিশ্চয় জানি যে আমরা দেখানেই থাকি, যে অবস্থাতেই থাকি, ঈশ্বর আমারদের সঙ্গেই থাকিবেন এবং মৃতন মৃতন আনন্দ বিধান করিবেন আমাদের এ সংসারে ভয় নাই—আমাদের মৃত্যুতে ভয় नारे। विश्वान भूना भूना-क्षमा गुलि य नकन खान भूना प्रतथ, আমরা তাহা দেব-ভাবে পূর্ণ দেখি, তাহারা যে দকল বিষয় স্মরণ করিয়া ভয়েতে কম্পিত হয়, আমরা তাহা সার্ণ করিয়া আনন্দে উৎক্ল হই। আসরা দেই মঙ্গল-স্বরূপের অস্কুচর হুইয়া দেখি, আমাদের প্রীতি তাঁহার সেই উদার, দেই গন্তীর প্রীতির অমুরূপ ভাব ধারণ করে। তাঁহার সেই প্রীতি দেখিয়া আমরা সকলকেই वक्तु विनिया, ज्ञांचा विनिया, ज्ञांनिञ्चन कति—य পर्यास ना मक-লকে দেই পিডার চরণে আনিয়া অবনত করিতে পারি, সে

পর্যান্ত আর কিছুতেই নিরস্ত হই না। আমারদের প্রীতির বিরাম नहि। आगातपात आगात भाषा नहि। अमन कान मछ। नहि, এমন কোন মঙ্গল নাই, ঈশ্বর আমারদের এমন পিতা নন যে তাঁহার নিকট হইতে আশা করিতে না পারি। আমরা তাঁহার নিকট ইহতে আশা করিতেছি যে সমুদ্য় পুথিবীতে ব্রাক্ষ-ধর্ম প্রচার হইবে। আমরা তাঁহার নিকট হইতে আশা করিভেছি যে সকল মন্ত্র্যা জ্ঞানেতে, ধর্মেতে, প্রীতিতে, স্বাধীনতাতে, উগত হইয়া দেই এক মাত্র মঙ্গল স্থরপের উপাসক হইবে। আমরা তাঁহার নিকট হইতে আশা করিতেছি যে প্রতি আলা উন্নত হইয়া তাঁহার চরণের মঙ্গল ছোয়া লাভ করিবে। এখন যদিও চতুর্দ্দিকে রোগ শোক, পাপ তাপ, দেখিতেছি; তথাপি এ আশা কিঞ্চিৎমাত্রও স্লান হয় না। সেই পিতা পাতা বন্ধু আগা-র্দিগকে উদ্ধার করিবার জন্ম যে কত উপায় করিতেছেন, তাহা আমরা কি জানি। সেই পিতা তাঁহার প্রতি সন্তানকে আপনাব দিকে লাইয়া হাইবার জন্য যে কত যত্ন করিতেছেন, কত উপায় প্রেরণ করিতেছেন, কত অবসর অস্বেষণ করিতেছেন, তাহা কে জানে। হা! আমরা সকলে কি তাঁহার ক্রোড়ে গিয়া বিশ্রাম ° করিব না? পাপী পুণ্যাত্মা সকলে মিলিয়া কি তাঁহার চরণে অবনত হইবে না ? সংসারে তিনি ভিন্ন আর আমারদের কে আছে ? তিনি আমারদের পরম গতি, তিনি আমারদের পরম সম্পাদ, তিনি আমারদের পর্ম লোক, তিনি আমারদের পর্ম আনন্দ। তিনি আমারদের এথানকার পিতা মাতা-তিনি আমারদের চিরকালের পিতা মাতা—তিনি আমারদের সর্বাস্থ ধন।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৮৩ শক। সাম্বংসরিক ব্রাহ্ম-সমাজ।

প্রথম বক্তৃতা।

ভাতৃগণ! অদ্য যে জনা তোমরা এই পবিত ব্রাহ্ম-সমাজ-সন্দিরে সমাগত হইয়াছ, তাহা সংসাধন কর। যাঁহার উৎসাহ জনন-প্রফল আনন দর্শন করিবার জন্য তোমরা সমুৎসর কাল প্রতীক্ষা করিয়াছিলে, তিনি এখন তোমারদিগের সম্মথে জাজ-লা-রূপে প্রকাশ পাইতেছেন; একবার তাঁহাকে দেখিয়া নয়ন মন পরিতৃপ্ত কর। মেই আনন্দময় জ্যোতির জ্যোতিকে দর্শন क्रिया क्षीरानद मार्थका मन्त्रीमन करा। नशन जेमीलन करिएल এই শোভাময় নিকেতনের প্রত্যেক পদার্থে তাঁহার আবির্ভাব দেখিতে পাই; এই আলোক মালার প্রত্যেক রশ্মিতে তাঁহার কিরণ, এই সাধু মণ্ডলীর মুখচ্ছবিতে তাঁহার উজ্জ্বল মঙ্গলভাব; **চতুর্দ্দিক্ তাঁহার গম্ভীর ভাবে পরিপুরিত** রহিয়াছে। আবার यथन नयन निमीनिष्ठ कति, अछात ८मथि य रमरे ताकता-**জেশ্বর হৃদয়াসনে স্বয়ং আসিয়া উপবিষ্ট হইয়াছেন** এবং প্রীতির কিরণে সমুদায় মনোরাজ্যেকে সমুজ্জ্বলিত করিতেছেন। আহা। अमाकात तकनी कि आनत्मत तकनी। अस्टरत वाहिएत জ্যোতি, অন্তরে বাহিরে আনন্দ স্রোত। পিতার প্রেম-মুখ দেখিয়া তাঁহাকে নমস্কার করিতেছি; ব্রাহ্ম ভাতাদিগের সাধু-সত্য-পরায়ণ-ভাব দেখিয়া তাঁহাদিগকে আনন্দের সহিত আলিঙ্গন করিতৈছি। অদ্য যেন কোলাহলময় সংগার পরিত্যাগ করিয়া আমরা পিতার শাস্তি নিকেতনে উপস্থিত হইয়াছি; এখানে পাপ নাই, ছু:খ নাই; এখানে স্থবিমল ব্রহ্মানন্দের উৎদ উৎদারিত হইতেছে; মধ্যে পরম পিতা অধিষ্ঠান করিতে-ছেন এবং চতুর্দ্ধিকে ভাঁহার পদানত পুত্রেরা এক পরিবারের ন্যায় প্রীতি-রদে মিলিত হইয়া ভক্তিভাবে তাঁহার আরাধনাতে নিযুক্ত রহিয়াছে। এত আনন্দ কি মন ধারণ করিতে পারে! যে উৎসব উপলক্ষে আমরা এখানে একত্রিত হইয়াছি, তাহা স্মরণ করিলে আমারদিগকে কত সোভাগ্যবান বোধ হয়। অদ্য ব্রাক্ষ-नमां रक्त जन्म पिरम ; जाना रमहे नमां रक्त जन्म पिन, रय नमां रक्त জ্যোতি ক্রমশঃ কিন্তুত হইয়াবঙ্গ দেশের এবং সকল দেশের উন্নতি সাধন করিবে; যাহার প্রভাবে কুদংক্ষার তিরোহিত হটবে. কাল্পনিক ধর্ম্মের বিনাশ হইবে,অনাথ সনাথ হইবে, পাপী মুক্ত इहेरव, अर्थ-कूरीत ताज शांताम अर्थका आनन्मगर इहेरव ववः वह

পৃথিবী প্রীতি পবিত্রতা ও আনন্দে অমুরঞ্জিত হইর। স্থ ক তুলা হইবে; অদা সেই সমাজের জন্ম দিবদ। আমাদের কি সৌতাগায় যে আমাদের জীবন এই পবিত্র উৎসবের পবিত্র আনন্দে আনন্দিত হইতেছে। অদা সেই "রস-স্বরূপ" সেই প্রাণের প্রাণকে
প্রত্যক্ষ উপলব্ধি করিতেছি। তিনি যে কেবল অদাই আমারদিগের উপর করুণা বর্ষণ করিতেছেন, এমত নহে। যিনি মঙ্গলস্বরূপ, যিনি পিতা পাতা সুস্থান্, তাঁহার করুণার প্রবাহ নিরন্তর
প্রবাহিত হইয়া আমাদিগকে প্রাবিত করিতেছে।

গত বর্ষের প্রত্যেক ঘটনাতে তাঁহার মঙ্গলভাব প্রকাশ পাই-য়াছে। আমাদের কখন স্থুখ, কখন ছঃখ, কখন সম্পদ্, কখন বিপদ হইয়াছে; কখন বা বন্ধবান্ধবাদি দ্বারা পরিবেটিত হইয়া সৌভাগা সমীরণ দেবন করিয়াছি, কখন বা যন্ত্রণা ক্লেশে সংসা-রের কঠোরতার পরিচয় পাইয়া একাকী বিলাপ করিয়াছি। ক্ত প্রকার পরিবর্ত্তন হইয়াছে, কত প্রকার ঘটনার মধ্য দিয়া জীব-নের স্রোত প্রবাহিত হইয়াছে। কিন্তু কি আশ্চর্যা! দেই মঙ্গল-স্বরূপের মঙ্গল-দৃষ্টি সকল সময়ে সকল অবস্থাতে অ মারদের উপরে স্থির ছিল; তাঁহার প্রীতি-জ্রোড় হইতে আমরা কথন বিচ্ছিন্ন• ছই নাই। আশ্চর্যা তাঁহার করুণা! যথনি শোকে কাতর হইয়া তাহার নিকটে ক্রন্দন করিয়াছি, তিনি আমার অঞ্জল মোচন করিয়া সান্ত্রা দ্বারা তাপিত হৃদয়কে শীতল করিয়াছেন; পাপ পক্ষে পতিত হইয়া যথনি অমৃতাপিত চিত্তে তাঁহার শরণাপন্ন হইয়াছি, তিনি হস্ত প্রদারিত করিয়া সামাকে উদ্ধার করিয়া-ছেন; ঘোর নিশীথ দময়ে যখন নিদ্রায় অভিভূত হইয়া একাকী নং সারারণো আমি নিতান্ত অনহায় অবস্থাতে ছিলাম, তথন তিনি আমার নিকটে থাকিয়া আমার দেহ মনকে রক্ষা করিয়া-ছেন; যখন স্থাধর জন্য ধর্মের জন্য তাঁহার চরণে কৃতজ্ঞতা উপহার অর্পণ করিয়াছি, তিনি তাহা প্রদন্ন হইয়া গ্রহণ করি-য়াছেন। সেই অনাদ্যনন্ত, সেই ভূমগুলের অধীশ্বর, যিনি দেশ কালের অতীত, যাঁহার শাসনে সমুদয় জগৎ চলিতেছে; সেই ভুষা সেই মহানু, এই পৃথিবীয় ক্ষুদ্র জীব যে আমরা, আমার-

দিগকে,ক্রোড়ে করিয়া লালন পালন করিতেছেন, ইহা স্মরণ করিয়া কি প্রেমাঞা সম্বরণ করা যায়? হা ! সেই জীবনের জীবন, দেই দীন শরণ; দেই করুণাময় মুক্তি দাতা—''তাঁহার সমান কেহ চথে দেখে নাই শুনে নাই প্রবণে।" তিনি আমাদের সর্বাস্থ ; তিনিই আমাদের সহায় সম্পত্তি; তিনিই আমাদের আশা আনন্দ। ভ্রাতৃগণ! আইদ পবিত্র হৃদয়ে দেই প্রাণ-সখার চরণে কৃতজ্ঞতা উপহার অর্পণ করিয়া জীবন সার্থক করি। হৃদয়-নাথ ! আমারদের কি আছে যে তোমার করুণার প্রতিক্রিয়া করিব ! তুনি প্রেম-সমুদ্র, তুমি মঙ্গল নিকেতন, তোমার যে কত করুণা, তাহ। স্মরণ করিতে গেলে বাক্য মন স্তব্ধ হইয়া পড়ে। আমর। দীনহান, আমরা এই পৃথিবীর অকিঞ্চিৎকর ধূলি কণাতে বদ্ধ রহিয়াছি, আমারদের কি পুণাবল যে তুমি আমারদিগকে এত প্রীতি কর। আমরা তোমা হইতে দুরে যাই, আমরা ভোনাকে পরিতাপ করি, কিন্তু নাথ! তুনি সর্বাদা আমাদের সঙ্গে থাকিয়া আমারদের মঙ্গল সাধন কর। তুমি আমারদিগকে কত স্থুখ দিরাছ ও দিতেছ, তাহার দীমা নাই; ভোমার প্রীতির বিশ্রাম নাই। জ্বাদীশ ! আমরা তোমাকে কি দিব ? আমাদের হাদয় মন দেহ প্রাণ, যাহা আছে, তুমি সকলি লও, আমরা ভোমারি।

ভাতৃগণ! এক বার ব্রাহ্ম-ধর্মের উন্নতি আলোচনা করিয়া দেখ, এই তুর্ভাগ্য অনক্যগতি বঙ্গদেশের প্রতি ঈশ্বরের কি অন্থ-গ্রহ। রাশি রাশি বিঘু বিপত্তির মধ্যে এই সমাজ পর্দ্ধতের ক্যায় অটল থাকিয়া একত্রিংশং বংসর অতিবাহিত করিয়াছে এবং ক্রমণঃ উন্নত হইতেছে। দেখ চতুর্দ্ধিকে ব্রাহ্ম-ধর্মের জ্যোতি বিকীণ হইতেছে; সত্যে রাজ্য ক্রমণঃ বিস্তৃত হইতেছে। ইহা কেবল পরসেশ্বরের উদার করণার চিহ্ন। নতুবা আমারদের ক্ষুত্রবলে এই নিরুৎসাহ নিরানন্দ বঙ্গভূমিতে এই উৎকৃষ্ট ধর্মের উন্নতি সাধন করা দূরে থাকুক, এক দশুকালও স্থির রাখিতে পরিতাম না। আমারদের স্লোক নাই, ভার্ম নাই, ক্যাতা নাই, প্রচারের নিয়ম নাই; তথাপি দেশে দেশে

গ্রামে গ্রামে ব্রাক্ষ-সমাজ প্রতিষ্ঠিত হইতেছে, ব্রাক্ষ সংখ্যার বুদ্ধি হইতেছে। যে সকল স্থান পৌত্তলিকতার ছুর্গ-স্বরূপ ছিল, দেখানে ব্রাহ্ম-ধর্মের পতাকা উভ্ডীয়মান হইয়াছে; যাঁহারা ব্রাক্ষের নাম গুনিবামাত্র খড়্গা হস্ত হইতেন, তাঁহারদের বিদ্ধে-ষের থর্কাতা হইয়াছে; যে দকল পরিবারে কেবল বিষয়ের পূজা হইত এবং ধর্মা উপহাদের বস্তু ছিল, সে সকল পরিবারে একমে-বাদ্বিতীয়ং মুক্তকণ্ঠে কীর্ত্তিত হইতেছে; মাঁহারা কেবল ব্রাক্ষ-ধর্মে শূন্য বিশ্বাদ স্থাপন করিয়া ভীরুতা প্রযুক্ত অনুষ্ঠানের সময় কপট ব্যবহারে প্রবুত্ত হইতেন, তাঁহারাও অকাতরে ঈশ্ব-রের জন্ম বিষয়-ত্যাগ স্বীকার করিতেছেন। স্ত্রীলোকেরাও জাগ্রত হইয়া সত্যের পথ অবলম্বন করিতেছেন। ব্রাক্ষ-ধর্মা অন্তঃপুরে প্রবেশ করিয়া আমারদের ছুর্ভাগ্য ভগিনীগণকে কুগংক্ষার পাশ হইতে মুক্ত করিয়া তাঁহারদের সরল হৃদয়ে পবিত্রতা ও আনন্দ বিস্তার করিতেছেন বালকেরাও এই বিশুদ্ধ ধর্মের মঙ্গল-চ্ছায়া গ্রহণ করিতেছে এবং অদ্ধক্ষট ভাষাতে পরম পিতার নাম কীর্ত্তন করিতেছে। পূর্ফো স্থায় ধর্মের আর নিদ্রিত ভাব নাই; ইহার অগ্নি প্ৰজ্ঞালিত হইয়াছে। বিশুদ্ধ ব্ৰহ্ম-জ্ঞান-জ্ঞোতিতে অজ্ঞা নান্ধকার দুরীকৃত হইতেছে, প্রীতির বলে বিদ্বেষ ও বৈর-ভাব পরাস্ত হইতেছে, উৎসাহের অগ্নিতে ভীকতা ও কপটতা ভস্মীভূত হইতেছে। এক বার নয়ন উন্মীলন করিয়া দৈখিলে বোধ হয়, যেন আমাদের ছর্ভাগা বঙ্গদেশ এতকাল ঘোর অন্ধকারে অভিভূত থাকিয়া সতা-ভূর্যোর নব আলোক দর্শন করিয়া স্থপ্তোথিতের ন্যায় উৎসাহ-সহকারে উন্নত হইতেছে। ধন্য মহাত্মা রামমোহন রায় যাঁহার প্রদাদে এ দেশে পবিত্র পর্মের বীজ প্রথম অঙ্ক্রিড হইল। ধন্য বঙ্গভূমি ! যে খানে ঐ ধর্মের প্রথম আবাদ-স্থান হইল। চতুর্দ্ধিকে কি আশ্চর্যা-রূপে সত্যো মহিমা প্রকাশিত হইতেছে ! কোথায় হিঁমগিরির শতক্র নদী-তীরস্থ ভজ্জীরাণার শোহিনী নগরী, কোথায় অহোধ্যা. কোথায় বেরেলী, কোথায় কটক মেদিনীপুর ও কোথায় চউগ্রাম, ব্রাক্ষ-ধর্মের রাজ্য কি স্মবিস্তীর্ণ ইইতেছে। আবার কেবল ভারত ভূমিতে নহে। ইংলও

ও আমেরিকা, যেখানে কাল্পনিক ধর্ম এখনো পর্যান্ত বিরাজ করিতেছে, সেখানেও অনেকে ব্রাহ্ম-ধর্ম্মের সত্য অবলম্বন করি-তেছেন। ব্রাহ্ম-ধর্ম পূর্ব্ব পশ্চিম দক্ষিণ উত্তর এক করিবে। ব্রাহ্মণণ ! আর নিজার কাল নাই, ব্রাহ্ম-ধর্ম প্রচারে কার্মনো-বাক্যে যত্নশীল হও। বিবেচনা করিয়া দেখ, আমারদিগের তাদৃশ উৎসাহ নাই, চেফা নাই, যত্ন নাই; তথাপি এত উন্নতি হ্ইতেছে; যদি একবার দৃঢ়-প্রতিজ্ঞ হইয়া নকলে মিলিয়া চেমী। কর, অতি অল্লকালেই প্রভূত উপকার দৃষ্টিগোচর হইবে সন্দেহ নাই। কেবল মুখে বলিলে হইবে না, কার্য্যেতে করিতে হইবে। "সব মোর লও তুমি প্রাণ হৃদয় মন", ইহা কি কেবল বাক্যেতেই রহিল ? ব্রাহ্ম হইয়া আমরা কি কপটের স্থায় মুখেতেই এই মহাবাক্য উচ্চারণ করিয়া নিশ্চিন্ত থাকিব এবং কার্য্যের সময় লেংক-ভয়ে ভীত হইয়া সংসারের পূজাতে প্রবৃত্ত হইব। তবে আমারদের সরলতা কোথায়, কোথায় ঈশ্বরেতে অমুরাগ ও श्रीि ? आमात्रिमिशत यसी कि निर्कीत निर्मिष्ठ धर्मा ? कथनडे না। ব্রাক্ষ-ধর্ম অগ্নিময় জীবন্ত ধর্মা; ইহার এক ক্লিঞ্লে পৃথি-বীর রাশিকৃত পাপ ও যন্ত্রণা ভস্মীভূত হইয়। যায়, ইচার প্রভাবে জীবন অপরাজিত স্বর্গীয় বলে বলীয়ান হয়; লক্ষ লক্ষ শক্র এক নিমেষে পরাস্ত হয়। আমরা সেই ধর্মের উপাসক; ঈশ্বর আমারদের সেনাপতি, সত্য আমাদের বর্মা, আমাদের কি ভয় ! সমুদায় প্রথিবী যদি খড়া হস্ত হয়, "সভ্যমের জয়তে নানৃতং "এই অগ্নিময় বাক্য উচ্চারণ করিয়া সকল বাধা অতি-ক্রম করিব; সত্যের জন্য যদি স্থাসম্পদ্ মান গন্তম সকলি পরিত্যাগ করিতে হয়, যদি প্রাণ পর্যান্ত বলিদান দিতে হয়. আনন্দের সহিত এই পার্থিব ধ্লির শরীরকে পরিত্যাগ করিয়া সেই অকৃত অমৃতকে লাভ করিব। ব্রাহ্মগণ ! আলস্য ও উপেকা, অলীক আমোদ ও রুথা তর্ক পরিত্যাগ করিয়া ব্রাক্ষ-ধর্ম প্রচার কর, ব্রহ্ম নাম দেশ বিদেশে ঘোষণা করিয়া ধর্মাহীন নির্জীব ভ্রাতা ভগিনীদিগকে জীবন দান কর। অদ্য যেন দেই জ্যোতির জ্যোতি ভুবনেশ্বর এখানে আনিয়া তাঁহার সমাগত পুত্রদিগকে

কহিতেছেন, ''উত্থান কর, আমার প্রতিষ্ঠিত ব্রাক্ষ-ইর্ণের মহিমা মহীয়ান কর।' আইস সকলে মিলিয়া আজ তাঁহার চরণে প্রণত হইয়া তাঁহাকে সর্কান্ত অর্পণ করত অদ্যকার উৎসব পূর্ণ করি। যদি একবার তাঁহার প্রেম মুখ দেখিলে, তবে চিরজীব-নের মত তাঁহার সহিত প্রেম শৃদ্ধালে কেন না আবদ্ধ হও! ভাতৃগণ! সকলে তাঁহার প্রতি আলাকে উন্নত কর।

হে পরমাত্মন্! তোমার চরণের মঙ্গল-ছায়াতে আমারদিগকে রক্ষা কর। আমারদের সকলের আত্মাকে তোমার পবিত্র জ্যোতিতে পবিত্র কর। অদ্যকার উৎসাহ যেন অদ্যই অবসর না হয়; তুমি যেমন অদ্য আমারদিগকে দেখা দিতেছ, এই রূপ চির্দিন নয়নের সমক্ষে থাকিয়া সর্বাদা পাপ তাপ বিঘু হইতে আমারদিগকে রক্ষা কর। এ পৃথিণীতে আমারদের রক্ষা করিবার আর কেহ নাই; তুমিই আমারদের পিতা মাতা তুমিই আমার-দের স্থহদ্। সংসারের অন্ধার মধ্যে তুমি আমাদের আলোক; ভয় ও ছুর্পালতার মধ্যে তুমি আমারদের বল ; অনিতা সম্পদের মধ্যে তুমিই জ্লামারদের চির সম্পদ। নাথ! যখন তোমার পথের পথিক বলিয়া তাবৎ সংসারিরা আমারদিগকে পরিত্যাগ করি-বেক, তখন তুমি একাকী নিকটে থাকিয়া চিরজীবন-সথ। চির-স্কৃদ্বলিয়া আমারদিগকে আশ্রেদিবে। ভোমার স্তায় স্কৃদ্ আর কোথায় পাইব? সংসার কেবল যন্ত্রণারই আধার, ইহার সুথ কেবল ছুঃখের কারণ। অতএব হে জীবনের জীবন! আমার-निशरक मर्मात-প्राम इटेरा मुक्त करा, এवर आमारामत ममूमग्र প্রীতি ভোষাতে স্থাপিত কর। ভোষার নাম প্রত্যেক পরিবারে কীর্ত্তিত হউক; সর্বত্র তোমার মহিমা মহীয়ান হউক। হ্রদয়-নাথ ! তুমিই ধন্ম, তুমিই ধন্ম, তুমিই ধন্ম।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

২৭৮৩ শক। সাস্বংসরিক ব্রাহ্ম-সমাজ। দ্বিতীয় বক্তৃতা।

প্রাতঃকালে সূর্যোদয় অব্ধি ব্রাক্ষ-ধর্মা আজি কি উজ্জ্বল বেশ ধারণ করিয়াছেন। সূর্যা যখন অদা প্রভাতে আপনার কির্ণ বিকীর্ণ করিলেন, তিনি ও আমারদের সঞ্চে সঞ্চে উথিত হইয়া আমারদিগকে তাঁহার নিকটে আকর্ষণ করিলেন। অদ্য প্রার্থনা করিবার পুরেরিই তার উজ্জ্বল কিরণ আমারদের হাদয়ে প্রতিভাত হইল। সমুংসর কাল আমরা প্রতীক্ষা করিতেছিলাম, কবে ১১ মাঘ আসিবে, সকল ভাত মণ্ডলী একত্র হুইয়া প্রীতি-পুষ্প দারা পর্ম পিতার অর্চনা করিব, সকল স্থভাদে মিলে পরম স্থাকে ডাকিব, প্রীতি ভক্তিতে আর্দ্র ইয়া তাঁর চরণে প্রণিপাত করিব। সেই ১১ মাঘ উপস্থিত, অদ্য ঈশ্বর আমারদের নিকটে প্রকাশিত হইয়াছেন। যেমন আমরা জাগ্রত হইয়াছি, আমারদের চক্ষের আলোক হইয়া তিনি দর্শন দিয়া-ছেন। সূর্যা উদয় অবধি এ পর্যান্ত ক্রমাণত উচ্চার মহিমার মধ্যে আমরা বিচরণ করিতেভি। আমরা জানিতেভি, আমার-দের পরম গুরু পরম মখা আমারদের সম্মথেই আছেন। তিনি আমারদের চিত্তকে আকর্ষণ করিতেছেন, আমরাও সহজে তঃ-হাকে সর্বাস্থ 🖈 মর্পণ করিতেছি। যাঁর মুখ হইতে যে অমৃত वाका निःभान्ति इंटेल्ड्, जाहा जिनिहे श्वतन करिएल्डन। পূজার জন্য যিনি যাহা সংগ্রহ করিয়া পবিত্র-স্কুপকে উপহার দিতে ইচ্ছা করিতেছেন, তিনিই তাহা দান করিতেছেন। ব্রাহ্ম-মণ্ডলীর মধ্যে উৎদাহ-প্রভা ক্রর্ত্তি পাইতেছে। দঙ্গীত ধনিতে দিখিদিক ধনিত হইতেছে—স্তব স্তোত্তে আকাশ পূৰ্ণ হইতেছে। সাগর সমান গন্তীর ভাবে হাদয় উচ্ছসিত হ**ই**-তেছে, আননদ-কিরণ চন্দ্র-কিরণের ন্যায় প্রসারিত হইতেছে। ঈশ্বর আমারদের সম্মুখে পূর্ণ মহিমাতে বিরাজ করিতেছেন। ভার নেই ভিমিরাতীত জ্যোতির্ময় রূপ দর্শন করিয়া আমরা কৃতার্থ হইতেছি তার দেই জ্যোতি এ চক্ষুতে দেখা যায় না,

তাহা জ্ঞান চক্ষু দ্বারা দেখিতেছি। "ব্রাহ্ম-পর্ম্মের যেমন উপদেশ যে তাঁহাকে সহজে দেখ, আমরা তেমনি তাঁহাকে সহজেই সাক্ষাৎ দেখিতেছি। যেমন সকলকে দেখিতেছি, উৎসাহ ও আনন্দের সহিত নিলিত হইতেছেন; তেমনি সাক্ষাৎ জানিতেছি, পর্ম-পিতা মামারদের সম্মুথে আসিয়াই আমারদের উপাসনা গ্রহণ করিতেছেন। যেমন সাক্ষাং জানিতেছি, এই ভ্রাভূমগুলী উল্লা দের সহিত তাঁহাকে প্রীতি দান করিতেছেন; তেমনি জানি তেছি, ঈশ্বর প্রতি হৃদয়ে অধিষ্ঠিত হইয়া দেই প্রীতি গ্রহণ করিতেছেন। "অপাণিপাদোজবনোগৃহীতা পশ্যতাচক্ষুঃ সশৃণো-সবৈত্তি বেদ্যাং নচ তন্যান্তি বেক্তা তমান্তরগ্রাং পুরুষং মহান্তং। ' তিনি অপাণিপাদ হইয়া আমারদের সঙ্গেই বিচরণ করিতেছেন। তিনি অচক্ষ অকর্ণ হইয়া আমারদিগকে দেখিতে-ছেন ও আমারদের আনন্দ-নিনাদ প্রবণ করিতেছেন! তিনি করুণা-নিলয়, তিনি মঙ্গল-নিকেতন, সকল হাদয়েই তাঁহার প্রেম। বিনীত ভাবে সরল হৃদয়ে তাঁহার নিকটে গমন কর, এখনি দে-থিতে পাইবে, সত্য-ভাব আর এমন কোথাও নাই; এমন মঙ্গলঃ ভাব জগতে নাই। হৃদয়ে হৃদয়ে সন্মিলিত হইয়া যে প্রীতি-অগ্নি প্রজ্বলিত হইতেছে, তাহা কোন পার্থিব বস্তুতে তৃপ্তি না পारेया वर्गालिमू (थरे ममूर्थित रहेत्वह । तथ, मर्स्त वरे जिनि তাঁহার জ্যোতি বিকীর্ণ করিয়াছেন। হৃদয় তাঁহাকে ধরিবার জন্ম যেমন প্রশস্ত হইতেছে; তিনি ততই তাহাকে পূর্ণ করিতেছেন। বৎসরাত্তে অদ্য যদি তিনি আপনাকে এমন প্রচুর-রূপে দান করিতেছেন ; তবে যখন আমরা এ পৃথিবী হইতে মুতন লোকে গিয়া উথিত হইব, তখন আমরা কি আনন্দে আনন্দিত হইব! তখনকার উৎসবের সহিত এ মহোৎসবের কি গণনা ! ঈশ্বর আমারদের এই পৃথিবীর জন্যই নন, তিনি আমারদের একালের ও পরকালের নেতা। তিনি আমারদের চিরকালের আনন্দ। ছে পরমাতান্! ভোমার গুণ কীর্ত্তন আমি কি করিব! বাক্য ভোমাকে বলিতে গিয়া স্তব্ধ হয়—মন তোমাকে ভাবিতে গিয়া নিবুত হয়। ওঁ একমেবাদ্বিতীয়ং।

3968 MA 1

সায়ৎসরিক ব্রাহ্ম-সমাজ।

अना भाश मारतत अकामभा निवत ; अना खाका-गमारकत जन्म দিবস, এইটি সারণ হুইবা মাত্র শরীর লোমাঞ্চিত হয়, আত্মার উৎসাহ অগ্নি প্রজ্বলিত হয়, বিমলানন্দে হৃদয় পূর্ণ হয়। এই দিনের মহান্ভাব স্মরণ করিয়া কাহার অন্তঃকরণ না দেই দাধু, দেই ব্রহ্ম-পরায়ণ, দেই চিরস্মরণীয় রামমোছন রায়কে বার্মার ধন্যবাদ করে, যাঁহার প্রযন্ত্রে ব্রাহ্ম-ধর্মা বীজ এই বঙ্গভূমিতে প্রথম অঙ্করিত হয়। কাহার অন্তঃকরণ না সেই বিঘু-বিনাশন মঙ্গল্য পরমেশ্বরের মহিমা কীর্ত্তনে প্রবৃত্ত হয়, ফাঁহার প্রদাদ-বারিতে দেই বীজ প্রক্টিত হইয়। রুক্ষ রূপে উন্নত হইয়াছে এবং স্থ্যিক্ত শাখা প্রশাখাতে আবৃত হইয়া শত শত লোককে শীতল ছায়া এবং অমৃত ফল প্রদান করিয়াছে। আমরা কি মুক্তকণ্ঠে স্বীকার করিব না যে এই ব্রাক্ষ-সমাজ হইতে আমরা অশেষ উপ-কার প্রাপ্ত হইয়াছি, যে ইহারই বিশুদ্ধ নঙ্গল ছায়াতে থাকিয়া ভুতান ধর্ম লাভ করত জীবনের সার্থকা সম্পাদন করিয়াছি। পাপ তাপে জর্জারিত হইয়। কি কেহ এই পবিত্র সমাজ-মন্দিরে আসিয়া শান্তি লাভ করেন নাই ? বিষয় কোলাহলে দীপুশিরা হইয়া কি কেহ এখানে আদিয়া ঈশ্বরের প্রীতি দলিলে অবগা-इन कर्र निर्मानक्र जीनम उपाला कर्रन नाहे ? এখাनकार्र বিশুদ্ধ উপদেশ প্রাপ্ত হইয়া, এখানকার পবিত্র ব্রহ্মোপাসনাতে মনঃ দামাধান করিয়া কি কেহ দংসারের মোহ তুর্রালতা হইতে मुक्त इन नाहे? अवगाहे चीकांत कतिए इहेरव य वहे बाक्त-সমাজই আমাদের উন্নতি, আমাদের মঙ্গলের এক মাত্র কারণ। যে ধর্মের আননেদ পৃথিবীর ছঃগছ যন্ত্রণাও অনায়াসে বছন করা যায়, যে ধর্মের এক ক্রনিঙ্গে রাশি রাশি বিঘ্ন ভক্মীভূত হইয়া যায়, যে ধর্মের বলে হিমালয়-সমান প্রতিবন্ধক-সকল চুর্ণ হইয়া যায়, সেই অগ্নিময় ধর্মাই ব্রাক্ষ-ধর্ম। যে ধর্ম পৃথিবীকে সুর্গতুল্য করে, মহুষাকে দেবভাবে শোভিত করে, পর্ণ কুটারকে রাজ-প্রাসাদ অপেকাও উন্নত করে এবং বিপদের উত্তেজনার মধ্যেও

শান্তি বিস্তার করে; দেই স্থর্গীয় ধর্মাই ব্রাক্ষ ধর্ম। যে ধর্ম সকল প্রকার কুসংস্কার বিনাশ করিয়া ঈশ্বরের প্রত্যেক সন্তানকে স্বাধীনতা রত্নে বিভূষিত করিবে, এবং সত্যের পতাকা উড্ডীন করিয়া " সত্যদেব জয়তে নানৃতং " এই মহাবাক্য উচ্চারণ করিতে করিতে পৃথিবীর এক দীমা হইতে দীমান্তর পর্যান্ত অধিকার করিবে; সেই সত্য ধর্মাই ব্রাক্ষ-ধর্ম। যে ধর্মা সংসার অরণ্যে আমাদের এক মাত্র গহায়, সংসার যাতায় আমাদের এক মাত্র নেতা; যে ধর্ম অগতির গতি এবং দুর্বলের বল; সেই মহৎ ধর্মই ব্রাক্ষ-ধর্ম। দেই ব্রাক্ষ-ধর্ম কোটি কোটি বিঘু অতিক্রম করিয়া গম্ভীর ভাবে, অটল ভাবে, এই বঙ্গ স্থানে ত্রয়স্ত্রিংশ বংসর বিরাজ করিয়াছে এবং ক্রমশঃ উন্নত হইয়াছে। এক সময়ে এই ব্রাক্ষ-সমাজ-মন্দিরে অন্থরোধ-বলেও দশ জন লোককে একত্রিত করা ছঃসাধা ব্যাপার বোধ হইত; কিন্তু এখন নানা স্থান হইতৈ শত শত লোক ইচ্ছা পূর্ব্বক উৎসাহ সহকারে ব্রাক্স-সমাজের আশ্রয় গ্রহণ করিতে আদিতেছেন। পুর্বের ব্রাক্ষ-ধর্ম কেবল এদেশীয় পুরুষদিগের মধ্যে বদ্ধ ছিল, এখন দেখ মহিলাগণ কুসংস্কার হইতে মুক্ত হইয়া নির্জ্জনে বসিয়া কোমল হৃদয়ে প্রীতি-কুস্থমে সেই অদ্বিতীয় ঈশ্বরের পূজা করিতেছেন। পূর্ব্বে ব্রাক্ষ-ধর্ম কেবল জ্ঞানেতেই বদ্ধ ছিল, এখন কত সাধু ব্রাক্ষ নির্ভয়ে ব্রাক্ষ-ধর্শ্বের অমুষ্ঠানে প্রবৃত্ত হইতেছেন। বৎসরে বৎসরে, মাদে মাদে, দিবদে দিবদে, নিমেষে নিমেষে ব্রাক্ষ-ধর্ম্মের উন্নতি হইতেছে। এক পলিতে ব্রহ্ম নাম গ্রনিত হইল, তৃৎক্ষণাৎ দেই পবিত্র নাম পার্ম্ব পল্লিতে প্রতিধনিত হইল; এক গ্রামে কোন সাধু দৃষ্টান্ত প্রদর্শিত হইল, কিয়ৎকাল পরে বিংশতি গ্রাম দেই সাধু দৃষ্টান্তের অমুকরণে প্রবৃত হইল। হৃদয়ে হৃদয়ে,পরিবারে পরি-বারে, প্রামে প্রামে, দেশে দেশে এক বিশুদ্ধ প্রীতি-যোগ স্থাপিত হইতেছে। সকল পরিবার এক হইবে, সকল জাতি এক হ^{ইবে}, তাহার অসংখ্য প্রমাণ দেখা যাইতেছে। ব্রাক্ত-ধর্ম বঙ্গ দেশের পূর্ব্বাঞ্চলে, পশ্চিমাঞ্চলে, উত্তর প্রদেশে, দক্ষিণ প্রদেশে, বেগ-বতী স্নোতস্থতীর ন্যায় প্রবাহিত হইয়া অসংখ্য লোকের আত্মতে

অমৃত কল উৎপাদন করিতেছে। ব্রাক্ষ-ধর্মের উন্নতি কেবল বঙ্গ-দেশেই বন্ধ রহিয়াছে, এমত নহে। ব্রাক্ষ-ধর্ম কেবল বঙ্গ ভূমির ধর্মা নভে, ইহা সমুদায় পৃথিবীর ধর্ম। কি আশ্চর্যা ! দেশ বিদেশে এক সময়েই ব্রাক্ষ ধর্মের অগ্নি প্রদীপ্ত হইতেছে; বোধ হয় যেন অবিলয়ে সেই সকল অগ্নি একেবারে দাবানলের স্থায় প্রস্থালিত হইয়া সমুদায় পৃথিবীকে আলোকিত করিবে। জ্ঞানো-জ্বল বে:ম্বাই দেশ ধর্ম ভৃষ্ণায় কাতর হইয়া ব্রাক্ষ-ধর্মকে আহ্বান করিতে छ। ইংলওেও ব্রাক্ষ ধর্মের প্রভা বিকীর্ণ হইতেছে, তথাকার কাল্লনিক ধর্ম মন্দিরের মধাস্থল হইতে ব্রহ্ম নাম কীর্ত্তিত হইতেছে এবং যাঁহাদের হত্তে সেই ধর্ম রক্ষা করিবার ভার অর্পিত হইয়াছিল, ভাঁহারাই ভাহা বিনাশ করিতে থজা-হন্ত হইয়াছেন। আমেরিকা স্বাধীনতার বলে কুসংস্কারের শুঙাল ছেদ করিয়া সমাজ স্থাপন পূর্ব্বক পবিত্র ব্রাক্ষ-ধর্মকে রক্ষা ও প্রচার করিতেছেন। দেখ, চতুর্দ্দিকে কেমন আশ্চর্য্য রূপে ব্রাক্ষ-ধর্মের উন্নতি হইতেছে। ব্রাহ্মগণ। এই উন্নতি অবলোকন করিয়া ভোমারদের আত্মা কি উত্তেজিত হইতেছে না, ব্রাক্ষ-ধর্মের প্রতি ভোমাদের অমুরাগ ও উৎসাহ কি শত গুণে প্রদীপ্ত হইতেছে না ? ডোমরা কি এখনো বিষয়-লালদা ও লোক-ভয় পরবশ হইয়া সংসারে অভিভূত হইয়া থাকিবে ? এখনো কি বিরোধীদিগের ভর্কতরক্ষে ভোমাদের বিশ্বাস আন্দোলিত হইবে; এখনো কি ক্ষুদ্র বিষয়ের বিনিময়ে অমূল্য সত্যকে লাভ করিতে সম্পৃচিত হইবে? ব্রাক্ষ-ধর্মের মহিমা তোমারদের সম্মুখে জাজ্বল্য-রূপে প্রকাশ পাইতেছে, ত্রুজিংশ বৎসরের উন্নতি তোমারদের সন্মুখেই রহিয়াছে; ব্রাক্ষ-ধর্মের ্যথার্থ ভাব অবগত হইবার জন্য আর এখন অন্ত্রমানের উপর নির্ভর করিতে হয় না তর্ক করিয়া সিদ্ধান্ত করিতে হয় না ; এখন সকলই প্রত্যক্ষের ব্যাপার। এখন সাধু দুটাত্তের অভাব নাই; ধর্মের আনন্দ, ধর্মের বল পুস্তকে বদ্ধ ना शांकिया এथन जीवान (ममीनामान त्रश्यां छ। विक्रन উপহাদে ব্রাক্ষ-ধর্মের এক কণা মাত্র সভ্যও বিনাশ প্রাপ্ত হয় ना ; ताक-विकास, धनीत निर्धाणान, विशापत कणाचारण जाक-

ধর্ম অবসল না হইয়া বরং নব উদ্যানে তেজীয়ান্ হয়। তে। মর পরীক্ষা করিয়া দেখ, ব্রাহ্ম-ধর্মের কি বল। চিরদিনের জন্য আলস্য ও ভীরুতা বিদর্জন দিয়া একবার উৎসাহ সহকারে ধর্ম-যুদ্ধে প্রবুক্ত হও। তোমরা অবশাই জানিতে পারিবে যে সংসারের বল তুর্বলতার এক নাম মাত্র, বিষয়ের প্রতিবন্ধক ছায়া মাত। তোমারদের শরীর প্রস্তরের ন্যায় কঠিন হউক, তোমা-রদের আকা ধর্মের অভেদ্য কবচে আব্রত হউক, তোমারদের জিহ্বা হইতে অগ্নিময় বাক্য-সকল বিনির্গত হউক তোমারদের চক্ষু হইতে উৎদাহের প্রভা বিকারিত হউক; মেদিনী ভোমার-দের ভয়ে কম্পিত হইবে, তোমারদের বাছ বল, বুদ্ধি-বল, ধর্ম-বল, দেখিয়া অতি ছুর্জ্জয় নিদারুণ শত্রুও অবসন্ন হইয়া পড়িবে। ব্রাহ্মগণ! উথিত হও, ব্রহ্ম নাম উচ্চারণ করিয়া শরীর মনকে অমিময় কর, ভায়ানক বিঘু-সকল অগ্নিতে পতঙ্গের ন্যায় ভক্ষী-ভূত হইবে। বিরেধীদিগের অস্ত্রাঘাতে যদি শরীরের সমুদায় শোণিত নিঃদারিত হয়, বিপদের গুরু ভারে যদি সমুদায় অস্থি চূর্ণ হইয়া যায়, তাহাতেই বা কি ! সভ্যের জয় হইবেই হইবে, ইহা স্মরণ করিয়া আমরা ব্রাহ্ম-ধর্ম পালনে কথনই বিমুখ হইব^{*} না। আমরা যথন সত্য-স্বরূপ ঈশ্বরের সলিধানে প্রতিজ্ঞা-বদ্ধ হইয়া রহিয়াছি--আমাদের দেহ মন প্রাণ সকলি তোমারে দিলাম, তখন কি নেই প্রতিজ্ঞা পালনে বিমুখ হইয়া অসভোর कलाक्ष कलिक इहेव? बुष शहर कतिया भानन कतिलाम ना, ইহা কি ব্রান্দের পক্ষে সামান্য অপরাধ! পুনর্বার বলিতেছি, হে ভ্রাতৃগণ! তোমরা পরীক্ষা করিয়া দেখ, ব্রাক্ষ ধর্মের বলে কি না হয়। তেমারা যতই অগ্রুসর হইবে, ততই বিরোধীগণ ভয়ে ভীত হইয়া নিরস্ত হইবে; ভোমরা যতই কুঠিত হইবে, ততই তোমাদের বল অবসন ও তাহার সঙ্গে সঙ্গে উন্নতির আশাও অবসন্ন হইবে। সেই "ভবান্তোধিপোতং" পর্মেশ্ব-রকে অবলম্বন কর, অনায়ানে সাগর-সমান বিল্ল-সকল অতিক্রম করিবে; ব্রাক্ষ-বলে বলীয়ান্হইয়া হস্ত প্রসারিত কর, লোহময় কবাট চর্ণ হইয়া যাইবে। "কি ভয় লোক ভয়ে"। যখন

সর্কাশক্তিমান্ ঈশ্বর আমারদের দিকে, তথন আইস, সকলে নিলিয়া আগামী বংসরে কায়-মনো-বাক্যে ব্রাক্ষ-ধর্ম পালন করিতে দৃঢ়-ব্রত হই, লোকনিন্দা, লোক-ভয়, সকল নীচ লক্ষ্য ত্যাগ করিয়া প্রাণ মন সকলে সেই আনন্দ-স্বরূপ পরব্রক্ষে সমর্পণ করি। যাহাকে সর্কাস্থ বিক্রয় করিয়াছি তাঁহারি প্রীতিস্থালে অনস্ত কাল বেন আমরা আবদ্ধ থাকি।

হে পরমাজন ! তুমি আমারদের গকলের হাদয়-ধামে প্রকা-শিত হও। অদ্যকার উৎসবের আনন্দ যেন চির দিন আমার-দের হৃদয়ে বিরাজ করে। তুমি অদ্য যে বিশুদ্ধ প্রেম আমারদি গকে প্রেরণ করিবে, চির দিনই যেন তাহা সম্ভোগ করি। তুমি এ প্রকার শুভ বুদ্ধি প্রেরণ কর, বল প্রেরণ কর যে যেন আগামী বৎসর ব্রাক্ষ-ধর্মের মহিমাকে মহীয়ানু করিতে আরো সাধ্যাত্ম-সারে চেটা করি। কিনে তোমাকে লাভ করিয়া আমি পবিত্র হই, ইহাই যেন আমার চির লক্ষ্য হয়। হে নাথ! তুমি দিন দিন আমাদের এই ব্রাহ্ম-সমাজের উন্নতি কর, এই বঙ্গ ভূমিকে ভোমারি আয়ত্ত করিয়া লও, প্রত্যেক পরিবারে তুমি সর্ব্ধ-স্বামী-রূপে বিরাজ কর, সমুদায় পৃথিবীতে ব্রাহ্ম-ধর্ম্মের মহিমা প্রকা-শিত কর, তুমি নকলের হৃদয়কে তোমার দিকে আকর্ষণ কর; সকল পরিবার যেন এক পরিবার হয়, আমারদের সকল কার্য্যে যেন তোমার প্রতি লক্ষ্য স্থির থাকে, তোমাকে প্রাপ্ত হইবার জন্মই যেন আমরা লালায়িত হই। হে ঈশ্বর!তোমা ভিন আনারদের আর গতি নাই, তুমি আমারদের আশা, তুমিই व्यागात्रापत व्यानना। एक नाथ ! ट्यागात कना यपि ममूनाय বিষয়স্থা বিসর্জ্ঞন দিতে হয়, মদাপি সর্ব্যতাগী হইয়াও তোমার কার্যা সাধন করিতে হয়; ভাহাতে ও যেন কুঠিত না হই।

उँ वकरमवािष्ठीयः।

>9be 附本 1

সামংসরিক ব্রাহ্ম-সমাজ।

অদ্যকার মহোংগবে কেবল দেই মহান্ পুরুষের মঙ্গল জ্যোতিই চতুর্দ্দিকে বিকীর্ণ দেখিতেছি, সেই করুণাময়ের করু-ণাই দর্বাত্র প্রতাক্ষ দেখিতেছি, কেবল ব্রাক্ষ-ধর্মের মহত্ত্বই অফু ভব করিতেছি ৷ সেই আদি দেবতা—সেই অনাদি দেবতা আজি সমস্ত দিনই আমাদের সম্মুখে আবিভূতি আছেন এবং প্রতিক্ষণে আনাদের হৃদয়কে পূর্ণ করিতেছেন। আজি যে দিকে চাহিতেছি, তাঁহাকেই দেখিতেছি, করতল-ম্যস্ত আমলকের ন্যায় তাঁহারই সত্ত্ব। প্রতীতি করিতেছি। সূর্য্যের দিকে চাহিতেছি, সেই প্রেম-স্থাকেই দেখিতেতি, স্থাকরের দিকে চাহিতেতি, দেই প্রেম-*স্থিত্র আকরকেই দেখিতেছি, যথন আত্মার পানে চাহিতেছি, তখন আল্লার আল্লাকে দেখিয়া আপ্যায়িত হইতেছি। এই আলোক তাঁহারই জ্যোতি ধারণ করিতেছে, এই সমীরণ তাঁহা-কেই উদ্বোধন করিয়া দিতেছে, এই গৃহ তাঁহারই আবির্ভাবে উজ্জ্বলিত হইয়াছে। বাহিরে যেমন পূর্ণ-চক্র উদয় হইয়া সহত্র-ধারে স্থা বর্ষণ করিতেছে, সেই রূপ অন্তরে সেই প্রেম-শশী উদয় হইয়া অত্পন জ্যোৎস্না-রাশি প্রকাশিত করিতেছেন। আজি আমাদের হৃৎ-পদ উদ্ধানুখে প্রকৃটিত হইয়া তাঁহাকে প্রীতি-সৌরভ প্রদান করিতেছে; স্মাবার তিনি আমাদের হৃদয়ের সমন্তাৎ অধিকার করিয়া মুক্ত হত্তে আনন্দ বিতরণ করিতেছেন।

এই জ্ঞান-গোচর সতা স্থানর মঙ্গল পুরুষ সকলেরই নিকটে বিরাজ করিতেছেন, জ্ঞান-নেত্র উন্মালিত করিয়া তাঁহাকে প্রভাক্ষ কর, এখনই চরিতার্থ হইবে। হাদয়-মন্দিরের মোহ-কবাট উদ্যাটন কর, এখনই সেই স্বর্গীয় জ্যোতি তাহাতে প্রবেশ করিয়া শোক, তাপ, হাদয়-জ্বালা সকলই দুরীকৃত করিবে। এমন সন্তাপ-হারিণী মূর্ত্তি আর কোথাও নাই।

একাগ্র-চিত্ত ব্রাহ্মগণ! তোমরা অবশ্যই সেই সর্ব্র-সন্তাপ-হারিণী মূর্ত্তি হাদয়ে প্রতাক্ষ করিতেছ। অবশ্যই সেই হৃদয়- নাথকে হাদয়-মন্দিরে প্রতিষ্ঠিত দেখিতেছ, তোমাদের কৃতজ্ঞতা, প্রীতি, প্রদা, ভক্তি, একত্র হইয়া অবশ্যই সেই দেবদেবের আরা-ধনা করিতেছে। তোমরাই থকা, তোমাদিগের জকাই এই আনন্দময় মহোৎসব। অজিতেন্দ্রিয় বিষয়াসক্ত বিক্ষিপ্ত-চিত্ত লোকে এই উৎদবের মধুরতা কি বুঝিবে। যাঁহারা ইব্রিয়ের উপর—প্রবৃত্তির উপর কর্ত্ব করিতে শিথিয়াছেন, ব্রহ্মান্ত্রা-গের আঘাতে বিষয়াসজিকে ছিন্ন ভিন্ন করিয়াছেন, দিপদর্শনের শলাকার স্থায় চিত্তকে একাগ্র করিয়াছেন, তাঁহাদিগকেই জিজ্ঞাসা করি, এই উৎসব-ক্ষেত্রে কার মঙ্গল-জ্যোতি বিকীর্ণ इरेट्डिह। याँदात कामल श्रुपय कुठळाडा-तरम आर्ज इरेग्राह, প্রীতি-রসে উচ্ছলিত হইতেছে, প্রদার আবেশে তটস্থ হইয়াছে, তিনিই বলুন এই উৎসব-ক্ষেত্রে কোন্ মঙ্গল জ্যোতি বিক্রীর্ণ হটতেছে। যেমন আলোকের অস্তিত্বে চক্ষু বাতীত আর প্রমাণ নাই, দেই রূপ প্রমান্থার সাক্ষাৎকারে আত্মা ব্যতীত আর সাক্ষী নাট। যিনি তাঁহাকে দেখিতেছেন, তিনি আপনিই জানিয়া-ছেন; তিনি আর কাহাকেও জানাইতে পারেন ন।। দেই জ্ঞান-গোচর স্থন্দর পুরুষ যে সাধু-জনের হাদয়-মন্দিরে অতিথি হন, নেই সাধুই একাকী প্রীতি-পূষ্প দারা তাঁহার পূজা করিয়া আপ-নাকে চরিতার্থ করেন। তিনি আশ্চর্যো স্তব্ধ হইয়া এক অনির্ক্তন চনীয় ভাবান্তর প্রাপ্ত হন। তথন তাঁহার হৃদয় হইতে ধন্যবাদ এবং চক্ষু হইতে অঞ্পাত হটতে থাকে। তৎসদৃশ সাধক ব্যতীত আর কে এই রহদ্যের মৃদ্দাগ্রহ করিতে সমর্থ হইবে?

অদ্য ব্রহ্ম-পরায়ণ সাধকগণের প্রতি দৃষ্টিপাত করিয়া দেখ, তাঁহারা কি উজ্জ্বলতর জ্যোতি ধারণ করিয়াছেন। তাঁহাদের মুখ মগুল কি অন্তঃস্ফ্র্য আনন্দে উৎফুল্ল হইয়াছে। তাঁহাদের জ্যাতিচিত্ততা কি আশ্চর্যা ভাব প্রকাশ করিতেছে। তাঁহারা এই আলোকের মধ্যে এক অলোকিক আলোক অবলোকন করিতেছেন, এই জন-সম্বাধ স্থানে এক নির্লিপ্ত পুরুষকে উপলব্ধিকরিতেছেন, হৃদয়ের চিরকাজ্জিত ধনকে প্রাপ্ত হইয়া আপ্তকাম হইয়াছেন। এখানকার প্রত্যেক ব্রহ্ম-ধনি, প্রত্যেক ব্রহ্ম-গংক্ষীত

তাঁহাদের কর্ণে অয়ত-ধার। বর্ষণ করিতেছে, প্রত্যেক স্থান তাঁহোর। দেই প্রেম-ময় পুরুষ ছারা পরিপূর্ণ দেখিতেছেন। ইহাঁরাই ধক্য, ইহাদের জন্মই এই আননদময় মহোৎসব।

আম¦দের উংগৰ কেবল বাহ্য আড়ম্বরেই অলক্ষত নহে, কিন্তু দেই প্রাণ-সন্ধ্রপের আবির্ভাবে ইহা জীবন্ত ভাব প্রকাশ করিতেছে। অদ্যকার উৎসব সাধুগণের সাধু ভাব বর্দ্ধিত করি-তেছে, অসাধুগণকে সাধুভাবে আকর্ষণ করিতেছে ; নির্ভয়-চিত্ত উদেয়াগী পুরুষের উৎসাহ গুণ দ্বিগুণ করিতেছে, দুর্মাল ভীরু-গণের হৃদয়ে সাহস দান করিতেছে, ঈশ্বরের পিতৃভাব প্রদর্শন করিতেছে, মন্থায়ে ভ্রাতৃ-ভাব উজ্জ্বল করিতেছে; ইছলোকেট মেই স্থা-ধামের আভাস প্রদর্শন করিতেছে। ঈশ্ব এই উৎস-বের প্রেরয়িতা এবং অধিষ্ঠাত্রী দেবতা, এই জন্মই ইহা এমন আনন্দ-জনক; এই উৎসবে সেই মঙ্গলময় পুরুষের আবির্ভাব হয়, এই জন্মই ইহার এত গৌরব। যে ব্রাহ্ম এই উৎসবের অংশভাগী হন, তাঁহার আত্মা সহঅগুণ বল ধারণ করে, এই জন্মই ব্রাক্ষেরা এই উৎসবের প্রতীক্ষা করিয়া থাকেন। সর্ব্ব-সন্তাপ-হারী অমৃতময় পুরুষের আ**লিঙ্গনে আত্মাকে শীতল** করা; ভাঁহার প্রেম-মুখ দর্শন করিয়া আত্মাকে জীবন্ত করা, তাঁহার পবিত্র ক্লোভিতে পবিত্র হওয়া এই উৎসবের উদ্দেশ্য। সংগা-রের সহিত সংগ্রাম করিতে হইবে, বিপদের সহিত বন্ধত। করিতে হইবে, শোক ছুঃথের কশাঘাত সহ্য করিতে হুইবে, ঈশ্বরের পথে অগ্রসর হইতে হইবে, এই সকল বিষয়ে প্রস্তুত হুইবার জন্য অমৃতময় পিতার নিকট অমৃত পান করা এবং ব্রহ্ম-পর্বায়ণ ভগবজ্ঞানের উৎসাহকর সংসর্গ লাভ করা এই উৎসবের উদ্দেশ্য।

ধনী ও দীন হীন, বিছান্ ও মূর্থ, সাধু ও অসাধু, সাহসী ও ভীরু সকলেরই জন্ম এই উৎসবের ছার উদ্যাটিত আছে। আমাদের ঈশ্বর যেমন সকলেরই ঈশ্বর, আমাদের ব্রাক্ষ-ধর্ম যেমন সকলেরই ধর্ম, আমাদের উৎসব তেমনি সকলেরই উৎ-সব। কিন্তু ঈশ্বর যাঁহার লক্ষ্য এবং ব্রাক্ষ-ধর্ম যাঁহার সহায়, তিনি ব্রতীত আর কেহই ইহার ত্রিসীমায় আগমন করিতে সমর্থ হইবে না। যাঁর চক্ষু আছে, তিনি এই উৎসব দর্শন করিতেছেন যাঁর কর্ণ আছে, তিনি ইহার আনন্দ-ধনি প্রবণ করিতেছেন; কিন্তু যিনি ব্রাক্ষা, তিনি ইহার অভান্তরে প্রবেশ করিয়াছেন, এবং তাঁহার আআর গভীরতম প্রদেশ হইতে ঈশ্বরের প্রতি ধন্যবাদ উখিত হইতেছে। কোন্ ব্যক্তি কি অভিদ্ধিতে এই উৎসব-গুহে আতিথ্য গ্রহণ করিয়াছেন, আমরা তাহার কিছুই জানি না। কিন্তু বাঁর গুহে আতিথা গ্রহণ করিয়াছি, তাঁহার চক্ষু সকলের প্রতিই আছে; তিনি সকলেরই অভিসন্ধি অবধারণ করিতেছেন। তিনি তাঁর আতিথা-শালায় সকলকেই আহ্বান করিয়াছেন, এবং সকলকেই পরিবেশন করিবার জন্য মুক্ত-হস্ত হইয়া আছেন; কিন্তু যাহারা ক্ষুধার্ত্ত হইয়া তাঁহার দ্বারে উপস্থিত হইয়াছেন, তাঁহারাই পরিতৃপ্ত হইয়া গমন করিবেন, আর সকলকেই শূন্য-হাদয়ে ফিরিয়া যাইতে হইবে। আবার কুধার্ত্তগণের মধ্যে যাঁহার যে পরিমাণ ক্ষুধা, তিনি তাঁহাকে সেই পরিমাণেই পরিবেশন করিবেন, কিছুমাত্র অবিচার হইবে না। তাঁর সাধ্যাত্মিক সদাব্রতের আশ্চর্যা ভাব! কত শত চক্ষান্ ব্জিও ইহার পথ দেখিতে পান না; কত শত চকু হীন অন্ধান্ত অনায়াদে এই পথে আগমন করেন। কত শত বিদ্বান্ ইহার সন্ধানও পান না, কিন্তু কত শত মূর্থও ইহার সন্ধান পাইয়া চরিতার্থ হইয়াছেন। যাঁহারা এই সদাব্রতে কথন আতিথ্য গ্রহণ করেন নাই, তাঁহারা অন্ত্যের মুখে শুনিয়া ইহার ভাব গ্রন্থ করিতে পারিবেন না। কিন্তু তাঁহারাই ধন্য যাঁহারা এই উদার-প্রেমের পরিবেশন পাইয়া একবার মাত্রও পরিতৃপ্ত হইয়াছেন।

আমরা এই ছারের চির ভিথারী; এই প্রেম-স্বরূপই আমাদের পিতা, ইনিই আমাদের মাতা, ইনিই আমাদের বন্ধু এবং ইনিই আমাদের সর্ব্বস্থা যথন আমরা ক্ষুধা ভৃষ্ণায় আকুল হই, তথন ইহাঁর নিকটে আসিয়া ভৃ্প্তি লাভ করি, যথন কঠোর পরিশ্রেমে কাতর হই, ইহাঁরই ক্রোড়ে আসিয়া বিশ্রাম লাভ করি, যথন

সংসারে আঘাত পাই, তথন আরামের জন্য ইহাঁরই মুখের প্রতি দৃষ্টিপাত করি, যখন বিপদ্-সাগরে নিমগ্ন হই, তখন ইহঁ।-तरे रुख अवनम्न कति, यथन **भारतान मक्ष** रूठे, उथन এरे অমৃত-সাগরে অবগাহন করিয়া শীতল হই। আমাদের যাহা কিছু অভাব, যাহা কিছু কামনা এই বাঞ্চাকল্ল-তরুর নিকটে मकलरे निर्वान करि ; अवर रेग्नांत आहम जानियात जन्म रेग्नांत মুখের প্রতি দৃষ্টিপাত করিয়া থাকি। ইনি যাহা কিছু বিধান করেন, তাহাতেই সম্ভট্ট হইয়া ইহাঁরই প্রেম গান করিতে করিতে বিচরণ করি। ইনি থে কার্য্য আদেশ করেন, সেই কার্য্য অনুষ্ঠান করিতে যত্ন করি; যদি ক্রতকার্য্য হই, ইহাঁকেই ধন্যবাদ করি, যদি कुठकार्या ना इडे, कितिया शिया इडाँत है निक है वल आर्थना क्रि। देनि आमापिशक श्रीष्ठि क्रायन, सार्थ होन ना ; आमता ইহাঁর আদেশ প্রতিপালন করি, ফলের প্রত্যাশা করি না, ইহাঁর আদেশ প্রতিপালন করিতে পারিলেই আপনাকে চরিতার্থ বেশ্ব করি। যথন কুপথে পদার্পণ করি, দণ্ডাঘাত প্রাপ্ত হই, ফিরিয়া प्रिचि, देनिहे त्यहमग्र हास्त्र आमानिशक आकर्वन क्रिएड्इन। সংসারের দুর্ঘ টনায় ভীত হইয়া ইহাঁরই ক্রোড়ে সংকৃচিত হই. ইনি প্রেম-গর্ভ আশ্বাদে আমাদিগকে অভয় দান করেন। মৃত্য-তেও আমাদের ভয় নাই, কেন না আমাদের যোগ এই অমৃতের সঙ্গে, আমাদিগের উপর মৃত্যুর অধিকার নাই, মৃত্যু যত ক্ষমত। প্রসারিত করুক, আমাদের স্নেহময় পিতা আমাদিগকে যন্ত্রণায় কাতর দেখিলেই আশ্রয় প্রদান করিবেন। পিতার হস্তে পুত্র कथन दिनाभ প্রাপ্ত হয় না। আমাদের প্রীতি কিলে অটুল হয়, আমাদের নির্ভর কিলে দৃঢ হয়, এই জন্ম আমরা সাধ্যামুসারে যত্ন করি। যে কয়েক দিন এখানে থাকিব, এই রূপে সতিবাহন করিতে পারিলেই চরিতার্থ হইলাম। তার পর ইনি যেখানে লইয়া ষাইবেন দেই খানেই যাইব এবং সেখানে গিয়াও আবার এই কপ আচবণ কবিব।

এই ব্রাহ্ম-সমাজ আমাদের উৎসব-গৃহ, এখানে প্রবেশ কার-লেই আমাদের সকল জালা নির্বাণ হয়। আমরা প্রতি সপ্তাহে প্রতি মানে এই গৃহে উৎসব করিয়া থাকি। আবার প্রতি বৎসরের মাঘ মানে আমাদের এই রূপ মহোৎসব হয়। মহোৎসবের পূর্ব্বে আমাদের চেন্টা, আমাদের যত্ন, আমাদের আশা
অধিক হয়; এই জন্য এই দিনে আমরা তাঁর আবির্ভাব অধিক
দেখিতে পাই। আজি বলিয়া নয়, যে দিন আমাদের যে রূপ
আগ্রহ থাকিবে, দে দিন তাঁহার আবির্ভাব সেই পরিমাণে
দেখিতে পাইব। এই গৃহ বলিয়াও নয়, যেখানে তাঁহার নিকট
প্রার্থনা করিব, সেই খানেই তিনি আমাদিগকে দর্শন দিবেন।
অরণাও আমাদেব উৎসব হইতে পারে; গিরি-কন্দরও আমাদিগের সমাজ-গৃহ হইতে পারে; সমুদ্রও আমাদিগের উৎসবভূমি হইতে পারে, যাঁহাকে লইয়া আমাদের উৎসব, তিনি সর্দা
এই আছেন, স্কৃত্রাং সকল স্থানই আমাদিগের উৎসব- গৃহ!
আমাদের উৎসবের আআ দেশ কালের অতীত, স্কৃত্রাং আমাদের উৎসবও দেশ কালের অতীত।

মানরা গুরু শিষ্যে, পিতা পুত্রে, লাতায় লাতায়, মিত্রে বিকর্দয় ইইয়া সেই পরম পিতার—সেই পরম গুরুর প্রেম পান করিতেছি, তাঁহার প্রেম-গান শুনিতেছি, এবং তাঁহাকে প্রেম দান করিতেছি। চিরকালই আমরা এই রূপ করিব। আমাদের যে সকল লাতা এই আনন্দ ইইতে বঞ্চিত আছেন, তাঁহাদিগকে ইহাতে আনিবার চেন্টা করিব। যাঁহারা আমিবেন, তাঁহাদিগের সহিত একস্কদয় ইইয়া ঈশ্বরকে ধল্যবাদ করিব। যাঁহারা দুরে যাইবেন, তাঁহাদিগের শুভ বুদ্ধির নিমিত্ত পিতার নিক্ট প্রার্থনা করিব। ধর্মের জয় ইউক, সত্যের জয় ইউক, পিতা মাতা পুত্রে কন্যার কল্যাণ সাধন করুন, পুত্র কন্যা পিতা মাতার প্রিয় কর্মির করুক; লাতায় লাতায় সোলাত্র অকত ইইয়া থাকুক, পতি পত্নী পরস্পর অন্তর্মক্ত ইউক; সকলের স্ক্রে ঈশ্বরেতে সমর্পতি হউক; এই আমাদের ইছ্যা।

হে পরম পিতা! তোমাকে কোটি কোটি নমস্কার। আমর। প্রতি নিশ্বাদে তোমারই করণা প্রতাক্ষ করিতেছি, চতুর্দ্ধিকে তোমারই মঙ্গল ভাব দেখিতেছি। আমাদিগের কৃতজ্ঞতা গ্রহণ কর, আমাদের প্রীতি গ্রহণ কর, আমাদের আত্মাকৈ গ্রহণ কর, আমাদের আত্মা চরিতার্থ হউক। সমুদার লোক তোমার প্রেম পান করিতে করিতে তোমার উৎসবে আনন্দিত হউক।

ওঁ একমেবাদ্বিতীয়ং।

১৭৮৬ শক।

সাম্বৎসরিক ব্রাহ্ম-সমাজ।

' প্রথম বক্তৃতা।

সত্যের কি আশ্চর্যা মহিনা ! যে ব্যক্তির হৃদয়ে সত্যের প্রতিষ্ঠা হয়, তিনি এই মর্ক্তা লোকে থাকিয়াও দেবতাদিগের ন্যায় গৌরবান্বিত হন; যে দেশে সত্যের রাজ্য সংস্থাপিত হয়. নে দেশ দেব লোকের ন্যায় স্বর্গীয় আনন্দ ও শান্তি নিকেতন হয়। मতा कांशारता निजन थन नरम, अथह हेशांउ मकरलंदे অধিকার। সভা অর্থের দাস নহে, সম্রাটেরও অনুগত নহে। ইহার নিকটে রাজ-প্রাসাদ ও পর্ণ কুটির উভয়ই সমান। ধনবান ও নির্ধন সকলেরই জন্য ইহার ক্রোড় নিরপেক্ষু ভাবে প্রশারিত রহিয়াছে। ইহা লোক-বিশেষে অথবা সম্প্রদায়-বিশেষে অথবা জাতি-বিশেষে বিক্রীত হয় নাই। ইহা দেশেও বদ্ধ নহে,কালেও. বন্ধ নহে; সকল দেশে ও সকল সময়ে ইহার আধিপতা। সতা মহৎ ও উদার। ইহা আবার জীবস্ত ও বলীয়ান্। ইহার আধার নির্জীব জ্ঞানও নহে, তরল ভাবও নহে; জীবনই ইহার আবাস-ভূমি, জীবনেতেই ইহার যথার্থ প্রকাশ। যথন সমুদায় জীবন স্পীয় বলে সংসারকে পরাস্ত করিয়া, পাপ, তাপ ও মৃত্যুকে পদানত করিয়া, ঈশ্বরাভিমুখে উন্নত হয়; তথনই সভ্যের প্রকৃত মহিমা প্রতীয়মান হয়। বাস্তবিক সতাই আমাদিগের জীবন, এবং যে পরিমাণে আমরা সভ্য হইতে বিচ্ছিন্ন হই, সেই পরি-মাণে আমরা জীবন-বিহীন ও জড় ভাবাপর হই। সত্যের এ রূপ জীবস্ত বল যে ইছার কণামাত্র কিরণে অমা-নিশার অভেদ্য তমো-জাল ছিন্ন ভিন্ন হয়, ইহার সংস্পর্শ মাত্রে সহস্রাধিক বর্ষ সঞ্চিত

বুহদায়তন পাপ-রাশি চুর্ণ হইয়া যায়; নিরাশ মুমূর্ ব্যক্তিনব জীবন ও নব উদান প্রাপ্ত হয়; অতি দুর্ববল তীরু ব্যক্তি মহা বীরের ন্যায় বীর্যাবান্ হয়; এবং অতি সামান্য ক্ষুদ্র ব্যক্তিও সমাই-পরাজিত প্রতাপে সহত্র লোকের মনকে বশীভূত করিয়া তাহারদের দ্বারা স্বীয় মহান্লক্ষ্য সংসাধন করিয়া লন। সত্যের বলের নিকটে জ্ঞান-বল ধন-বল দেহ-বল সকলই পরাভূত হয়—কেবল পরাভূত হয় এমত নহে, কিন্তু আবার অন্তুগত দাসের ন্যায় ইহার পরিচর্য্যা করে। বহু প্রমাণ দ্বারা ইহা সিদ্ধান্ত করা যাইতে পারে যে যাহারা ভয়ক্ষর বিকট মুর্ত্তি ধারণ পূর্ব্বক বদ্ধ-পরিকর ও থজা-হন্ত হইয়া সত্য-পরায়ণ ব্যক্তির অনিই সাধনে প্রবৃত্ত হয়, তাহারাই আবার অনতিবিলম্বে সেই বাক্তির সেবা করে এবং অন্থ্যাতী হইয়া তাহার আদেশান্ত্রসারে সভ্যের মহিমা কীর্ত্তন করিতে থাকে। কি আশ্বর্যার সভ্যের মহিমা!

এই উদার ও জীবন্ত সতোর উপরে আমাদের পবিত্র ব্রাহ্ম-ধর্ম সংস্থাপিত; ফলতঃ সতাই ব্রাহ্ম-ধর্ম। এই জন্মই ব্রাহ্ম-ধর্ম্মে সকল মন্ত্র্যোর অধিকার। ইহা যেমন ভারতবর্যের, তেমনি ইংলণ্ডেরও ধর্ম্ম; ইছা যেমন পূর্ব্বকালের, তেমনি বর্ত্ত্বগান সম-য়েরও ধর্ম। ইহা যেমন স্থক্ষদর্শী নানাবিদ্য:-বিশারদ পণ্ডিতদি-গের, তেমনি সরল-চিত্ত কুষকদিগেরও ধর্ম। অন্যাস্য ধর্মের ন্যায় ইহা জাতি-বদ্ধ বা সম্প্রদায়-বদ্ধ নহে। ইহাতে জাতির গৌরব নাই, দেশের গৌরব নাই। সকল মন্ত্যাই স্বভাবতঃ ব্রাহ্ম। ষিনি যে পরিমাণে স্বাভাবিক নির্মাল জ্ঞানের অস্তুদরণ করেন, তিনি সেই পরিমাণে ব্রাহ্ম। মনুষ্যাত্মার সহিত ব্রাহ্ম-ধর্ম সর্ববাপী; আত্মার স্বধর্মই ব্রাক্ষ-ধর্ম। দেশ কাল ও অবস্থা निर्वित्भारव नकत्नद्रहे हेहाएं अधिकात । जगर आमाद एमद एमद-মন্দির, পরমেশ্বর আমাদের উপাস্থ দেবতা, স্বাভাবিক জ্ঞান আমাদের ধর্মশাস্ত্র, উপাসনা আমাদের মোক্ষ পথ, আত্মশুদ্ধি আমাদের প্রায়শ্চিত্ত, সাধু ব্যক্তি মাতেই আমাদের গুরু ও নেতা। এই উদার ব্রাক্ষ ধর্মে সাম্প্রদায়িক লক্ষণ কিছুই নাই; ইহাতে বিরোধের কারণ নাই। ইহা সাধারণ সম্পত্তি। স্কুতরাং ত্রাক্ষ- শ্মাজ সাম্প্রদায়িক সমাজ নহে; যাঁহারা এক মাঁত অদ্বিতীয় পরব্রক্ষের উপাসক হইয়া তাঁহাকে প্রীতি ও তাঁহার প্রিয়কার্য্য সাধন করিতে ইচ্ছা করেন, তাঁহাদিগেরই এই সমাজ।

পঞ্চত্রিংশ বর্ষ পূর্দের এই ১১ মাঘ দিবসে অসাধারণ-ধীশক্তি-সম্পন্ন, অত্যান্নত-প্রশস্ত-হৃদয়-বিশিষ্ট মহাত্মা রাম্মোহন রায় এই ব্রাহ্ম সমাজের স্ত্রপাত করেন। সেই দিবসে প্রীতি-বিক্ষারিত হৃদয়ে তিনি সকল দেশীয় সকল জাতীয় লোকদিগকে এক সাধা-রণ উপাদনা-পৃহে দতা–স্বরূপ অদ্বিতীয় ঈশ্বরের উপাদনার জন্ম আহ্বান করি লন ; এবং ব্রহ্মোপাসনা-রূপ অমূল্য ধনে সকলে-রই যে অধিকার আছে ঐ গৃহ প্রতিষ্ঠা দ্বারা জগতে এই স্থদমা-চার ঘোষণা করিলেন। সেই দিন অবধি কত শত লোকে এই ব্রাক্ষ-সমাজের স্থানীতল আত্রয় লাভ করিয়া ব্রাক্ষ-ধর্ণের সাহাযো সত্যের প্রসাদে, হৃদয়কে প্রশন্ত করিয়াছেন, নৃন্কে উন্নত করিয়াছেন এবং আত্মাকে পবিত্র করিয়াছেন। দেখ কেমন আশ্চর্যা-রূপে অল্লে অল্লে ব্রাহ্ম-সমাজের বিস্তৃতির মঙ্গে সঙ্গে শান্তির রাজ্য, প্রীতির রাজ্য, প্রসারিত হইতেছে! কত শত লোক সাম্প্রদায়িক সকল প্রকার শৃষ্থল ছেদন পূর্ব্বক প্রশস্ত হৃদয়ে সত্যের পাধারণ ভূমিতে পকলের সহিত উচ্চতম বিমলতম সম্বন্ধে আবদ্ধ হইতেছেন; বিদ্বেষ, ঘূণা, বিবাদ; বিসম্বাদ হইতে মুক্ত হইয়া নিরপেক্ষ মনে সকল জাতি ও ধর্ম-সম্প্রদায় হইতে ধর্মতত্ত্ব সম্বলন করিতেছেন, সকলের সহিত মিলিত হইয়া বিবিধ হিতকর কার্যা সাধন করিতেছেন, এবং উন্নত প্রীতি-যোগে সকলকে ভাতা বলিয়া আলিঙ্গন করিতেছেন। দে,থ, জগৎ যে পরিবারের গৃহ, ঈশ্বর যে পরিবারের পিতা মাতা, দেই পরি-वात काम हजूर्फिक वाश्वि इहेर्डि ! बहे मानोहत मृगा मन्मर्भान কাহার চিত্ত না মহোল্লাদে অদা উৎফ্ল হইতেছে, ব্রাহ্ম-ধর্মের মহিমার পরিচয় পাইয়া কাহার শরীর না রোমাঞ্চিত হইতেছে ?

ব্রাক্স-ধর্মের উদার ভাব দেখিয়া অদা থেমন মন প্রশস্ত হই-তেছে, তেমনি ইহার আশ্চর্যা স্থগীয় পরাক্রম দেখিয়া আমারদের আল্লা উৎসাহে প্রজ্ঞালিত হইতেছে। এই পঞ্চিংশ বৎসর মধ্যে ইহার জীগ্নি এ দেশকে কেমন উজ্জ্বল করিয়াছে; কত কত পর্মতাকার বিঘু বিপত্তি, কত ভয়ঙ্কর কুসংস্কার ঐ অগ্নিতে ভক্ষীভূত হইয়াছে। শত সহস্র বর্ষে যে সকল কুদংস্কার এদেশে বন্ধসূল হইয়াছিল, তাহা ব্রাহ্ম-ধর্মের বলে সমূলে উৎপাটিত হইতেছে, সমুদয় ভারতবর্ষে যে সকল ভ্রমের আয়তন তাহাও ক্রমে চূর্ণ হইতেছে। এই ভারতভূমি পৌন্তলিকতার দুর্গ স্বরূপ, ইহা किंचि बरापा कूनश्यक्षांत श्रस्टात निर्मािष्ठ, बर्भाग भारोक्यम माली विद्यायी विश्वत्कता मृजा-श्रतायन व्यक्तित श्रांन शर्यास विनादम প্রতিজ্ঞারত হইয়া নিস্কাশিত থক্স ধারণ পূর্দ্ধক প্রহরীর স্থায় নিয়ত ঐ তুর্গকে রক্ষা করিতেছে; গেই তুর্গের মধ্যে ব্রাক্ষ-পর্মের জয়পতাকা উড্ডিয়মান, এবং সেই বিরোধী দলের কত কত লোক এ ক্ষণে সত্য ধর্মের পদাবলুঠিত হইতেছে। সাধু ব্রাক্ষের। সলোর প্রভাবে আপনাদিগকে ও পরিবার এবং স্দেশকে ভয়স্কর কুদংক্ষার হইতে প্রমুক্ত করিয়া আনন্দ মনে জয়ধনি করত সমু-দয় ভারতভূমিকে নিনাদিত করিতেছেন। সর্বাশক্তিমান্ ঈশ্বর যাঁহাদের সহায়, এবং জীবন্ত জ্বনন্ত সভা যাঁহাদের হংস্ত তাঁহা-দের নিকটে যে নিজীব জীণ ভ্রম নিচয় আপনা হইতে বিনাশ প্রাপ্ত হইবে, ইহাতে আর আশচ্র্যা কি ! ব্রহ্ম বলের সম্মুখে কি পার্থিব কোন বল তিষ্ঠিতে পারে ? দেখ, ক্রমে কেমন পথ পরিষ্কৃত হট্য়াছে। পরিবার মধ্যে পিতা মাতা, পুত্র কন্যা, ভাতা ভণিনী সন্তাবে মিলিত হইয়া নির্ব্বিয়ে অদিতীয় ঈশ্বরের উপাদনা করিতেছেন; বুদ্ধেরা গম্ভীর ভাবে জ্ঞানের সহিত ব্রাহ্ম-ধর্মকে আলিঞ্চন করিতেছেন, যুবকেরা উৎসাহে উদ্দীপ্ত হটয়া ইহার সত্য সকল অমুঠানে পরিণত করিতেছেন, কোমল-হৃদয় মহিলারা বিশুদ্ধ প্রীতি-পুল্পে বৃদ্ধ পূজা করিতেছেন। এ মহৎ জয় কেবল সত্যেরই বলে, এমন রমণীয় শোভা কেবল ব্রাক্ষ-ধর্ম্মেরই সৌন্দর্য্য।

ব্রাহ্মণণ! অদ্যকার উৎসবে ব্রাহ্ম-ধর্মের উদার ভাব ও ছর্জ্জয় বল সমাক্রপে হৃদয়ে ধারণ কর এবং বিগত বর্ষের উন্নতি সমালোচনা করিয়া ঈশারকে ধন্যবাদ কর এবং আগামী বর্ষের জন্ম জ্ঞান-শিক্ষা কর; ইহাই এ মহোৎসবের যথার্থ তাৎপর্যা। গত বর্ষে ঈশ্বর-প্রসাদে ভারতভূমির দক্ষিণ ও পশ্চিম প্রদেশে ব্রাক্ষ-ধর্ম প্রচারিত হইয়াছে এবং মাজ্রাজে কভিপয় উৎসাহী জাতা দলবদ্ধ হইয়া ব্রাক্ষ-সমাজ সংস্থাপন করিয়াছেন। বঙ্গ-দেশেরও নানা দিকে প্রচারকদিগের পরিশ্রমে ব্রাক্ষ-ধর্মের উন্নতি হইয়াছে। ব্রাক্ষ-ধর্ম প্রচার দ্বারা বর্ত্তমান কালে যাহ। কিছু ফল ফলিত হইয়াছে তাহাতে স্কুস্পঊ প্রমাণ পাওয়া যাই-তেছে যে মঙ্গল-স্কুপ পর্মেশ্ব যেক্কপ অজ্ঞ্রদারে করুণা বর্ষণ করিতেছেন, তাহাঁতে এখন বিশেষ রূপে যত্ন করিলে প্রচুর ফল লাভ হইবে। আর একটি শুভ লক্ষণ দৃষ্ট হইতেছে; পূর্বে ব্রাক্ষ-ধর্ম্মের প্রতি যে বিদ্বেষ ভাব ও বৈর ভাব ছিল তাহা ক্রমে অনেক হ্রাস হটয়াছে; এবং অস্তান্ত ধর্মাব্লম্বীরা ব্রাহ্ম-দিগের প্রতি অপেক্ষাকৃত অন্থরাগ ও এদ্ধা প্রকাশ করিতেছেন। সাধু ব্রাক্ষদিগের প্রশস্ত প্রীতি, সত্যামূরাগ ও বিনয় দর্শনে অনেকে সন্তুফী হইয়াছেন, এবং মাঁহারা ব্রাহ্ম-ধর্মে বিশ্বাস করেন না তাঁহারাও বিশুদ্ধ ব্রাহ্মজীবনের মহত্ত্ব দেখিয়া ঘুণা ও ক্রোধ বিদর্জন দিভেছেন। এমন সময়ে আমাদিগের যত্ন ও অধাবসায় সহস্রগুণে বুদ্ধি করা কর্ত্তব্য। প্রচারের ক্ষেত্র দিন দিন বিস্ত হইতেছে, সমুদয় ভারতবর্ষে ব্রাক্ষ-ধর্ম পরিব্যাপ্ত হইবার পূর্বব লক্ষণ দেখা যাইতেছে। হে ব্রহ্ম-পরায়ণ ব্রাহ্মণণ! তোমরা ব্রাক্ষ-ধর্মের বীজ লইয়া এই বিস্কীর্ণ উর্ব্বরা ভারত-ভূমিতে রোপণ কর। যে অমূল্য ধন লাভ করিয়াছি, ভাহাতে কেবল আপনানিগের অভাব মোচন করিয়া শ্যাতি শ্যান থাকিও না, কেবল আপনাদিগের আত্মাকে চরিতার্থ করিয়া ক্ষান্ত থাকিও না। দেশস্থ ভ্রাতা ভগিনীদিগের আত্মার রোদন-ধনিতে বোধ হইতেছে যেন গগন বিদীর্ণ ইইতেছে; তাঁহারা যেন চতুর্দ্দিক হইতে ব্রাহ্ম-সমাজের আশ্রয় প্রার্থনা করিতেছেন, हेरात উদার সদাব্রতে অংশী হইবার জন্ম উচ্চৈঃম্বরে বিলাপ-করিতেছেন। আমরা কি এ সময়ে দ্য়া শূন্তা-হৃদয়ে উপেক্ষা कदिव ! ना गर्व्हिष ভাবে আপনাদিগের ভৃষ্ঠি স্থ প্রদর্শন পূর্ব্हक

ধর্ম-পিপাস্থ ব্যক্তিদিগকে অনাদর করিব ? আমি বিনীত ভাবে প্রার্থনা করিতেছি, ধর্মাভাবে ছুঃখী ভাবাও ছুঃখিনী ভগনী-দিগকে আশ্রম দিবার জন্ম চতুর্দ্ধিকে ধাবিত হও; সত্যান্ন দ্বারা ক্ষুধিত আভাকে পরিতৃপ্ত কর, শান্তি বারি দ্বারা পিপাস্থ হৃদ-যকে শীতল কর।

হে প্রমান্যন্! তুমি আমারদের পিতা ও প্রভু; যাহাতে দৃত্রত হইয়া চির দিন তোমার পদ সেবা করিতে পারি, এ প্রকার একাগ্রতা ও ধর্মবল বিধান কর। আমারদের ধন সম্পত্তি আমারদের শরীর মন, আমারদের মান মর্য্যাদা, গকলই তোমাকে অর্পণ করিতেছি, তুমি আমারদিগকে সম্পূর্ণরূপে তোমার মঙ্গল কার্যো নিয়োগ কর, যেন তোমার আজ্ঞা পালন করিয়া, তোমার পবিত্র নাম কীর্ত্তন করিয়া এই ক্ষুদ্রে জীবনকে সার্থক করিতে পারি।

ওঁ একমেবাদিতীয়ং।

১৭৮৬ শক।

মায়ৎসরিক ব্রাক্ষ-সমাজ

দ্বিতীয় বক্তৃতা।

আজ নাঘের একাদশ দিবস, আজ বঙ্গভূমির—সমুদ্যি ভারত-ভূমির একমান উৎসব দিন। আসল বিপদের হস্ত হইতে—মৃত্যু মুখ হইতে বিমুক্ত হইলে যেনন সেই দিনটা সকলেরই চির—স্মরণীয় হইয়া থাকে, সেই রূপ এই মাঘের একাদশ দিবসটা সদেশামূরাগা ঈশ্বর-প্রেমী ব্যক্তি মাতেরই স্মরণ পথে চির মুক্তিত থাকা নিভান্তই কর্ত্তব্য। কেন না এই দিনে এই অসহ'য় মৃতকল্ল বঙ্গভূমির প্রকৃত প্রাণ সঞ্চার হয়—এদেশের সকল সুখ সৌতাগ্যের স্ত্রপতি হয়। বঙ্গদেশে যে সকল কুরীতি কদাচার এত দিন একাধিপত্য ক্রিতেছিল, এই দিন হইতে এমন একটা কার্যের মৃত্যুপান হইতে আরম্ভ হইল, যাহার দ্বারা ক্রমে ক্রমে

এ দেশের সকল অভাব বিদুরীত হইতেছে, যাহার প্রদাদে প্রতি গৃহের-প্রতি আতার সকল অন্টন বিমোচন হইয়া আমারদি-গের জন্ম ভূমির বিষয় মুখ প্রসন্ন হইতেছে। চির ছঃখিনী কঙ্গ মাতার স্বাধীনতারূপ অমূল্য হার পরিধানের সময় লক্ষ্য করি-বারও কাল উপস্থিত হইয়াছে। যথন ব্রাক্ষা-ধর্মা এ দেশের সকল বাধা বিঘু অতিক্রম করিয়া সম্যক্-রূপে উদিত হয়েন नांडे, उथन य कथन उ वश्र ज्ञाति हुः तथत निमा अवमान इडेत ইহা ভাবিয়া স্থির করাও কঠিন হইত। এখন তো আমরা গণ-নার কাল প্রাপ্ত ইইয়াছি-এখন তো উন্নতির সোপান লাভ করিয়াছি। এখন আমরা বর্ষ গণনার সঙ্গে সঙ্গে গণনা করি, যে দেশের কতদূর শ্রীরুদ্ধি হইল,—হৃদয় কি পরিমাণে পাপ মলিনত। হইতে বিমুক্ত হইল,—আত্মা কত দুর উন্নত হইল। कान मनागर गराजा कर्डुक आमार्त्रामध्यत कान गा. ्रान একটা অভাব নিরাকৃত হইলে, তাঁহার নিকটে কত কৃতজ্ঞ হই, বিনয় বচনে তাঁহাকে কত সাধুবাদ প্রদান করি, কিন্তু যিনি ধর্ম্মের প্রবর্ত্তক, সকল মঙ্গলের একমাত্র আয়তন ; যাঁহা হইতে দেশের অভাব প্রতি গৃহ—প্রতি পরিবার—প্রতি আন্ধার গভী• রতম অভাব বিদুরিত হইয়াছে, সেই ত্রিভুবনের রাজার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করা কিষত্ন ও আয়াস সাধা ! তাঁহাকে শারণ করিতে কি আজ উদ্বোধনের প্রান্তর ! আজ নাঘের একাদশ जित्रम, जोक <u>बाक्त-मगाक मध्यालात श्रां प्राप्त</u> श्रां कि । हेश के का-রণ করিবা মাত্রই শরীর লোমাঞ্চিত হইয়া উঠে, নয়ন যুগল প্রেমাঞ্রতে পরিপূর্ণ হয়, হৃদয়ের অভ্যন্তর হুইতে যুগপৎ, প্রীতি শ্রদ্ধা ও কৃতজ্ঞতার ভাব ঈশ্বরের প্রতি উচ্ছদিত হ[ু]য়া কণ্ঠ নিরোধ করিয়া ফেলে ! চারিদিকে ঈশ্বরের মহিমা জাজ্জ্বল্যমান সন্দর্শন করিয়া, এই শোভা সৌন্দর্য্যের অভ্যন্তরে, এই সাধকদলের মুখমগুলে তাঁহার সভাজ্যোতি বিকার্ণ দেখিয়া বিষ্মর্যে হৃদর প্লাবিত হইতেছে। অনন্তের মহিমা ব্যক্ত করিতে গিয়া রগনা অসাড় . হইয়া যাইতেছে—তাঁহার গুরু ভার ধারণ করিতে গিয়া হৃদয় অবসন হইয়া পড়িতেছে।

সন্মুথে কি মনোহর দৃশা। শত সহত্র বাজি শান্ত সংযতে ক্রিয় হট্যা সেই দেব দেবের পূজার নিমিন্ত একত্রিত হট্যাছেন, আনন্দোমীলিত—নিমীলিত নয়নে সকলে আমারদিগের "সাক্ষাৎ পিতা, প্রাতন পিতামহ" পরমেশ্বরের অর্চনার জন্য— তাঁহার ধান ধারণার নিমিন্ত সমাসীন হট্যাছেন, সকলে এক লক্ষ্য এক গদ্য হট্যা এক বাক্যে ঈশ্বরের প্রসাদ—বারি যাচ্ঞা করিছে-ছেন, ইতা সন্দর্শন করিলে মনুষ্য মাত্রেরই তো হৃদ্য কমল প্রকৃতিত হটবেই, দেবতারাও এই মনোহর দৃশ্য সন্দর্শন করিতে প্রার্থনা করেন।

ঈশ্ব-সর্বাস্থ প্রশান্তাত্ম। গৃহপতির এই সমুদায় আয়োজন— সমুদার আমন্ত্রণ কেবল ঈশ্বরেরই জন্য। তিনি ঈশ্বর হইতে আপনার মঙ্গল, পরিবারের মঙ্গল, সমুদায় বঙ্গভূমির মঙ্গল লাভ করিয়া আনন্দে উত্তস্ত্রিত হইয়া চারিদিকে এই সকল মঙ্গলাচরণ করিতেছেন। আজ ত্রিভূবনের রাজার পদ ধূলি তাঁহার আশ্রমে পতিত হটবে, আজ সেই ভুবনেশ্বরে পূজা তাঁহার গৃহে স্থস-পন হটবে, এই জন্ম তো সপরিবারে হৃদ্য-থাল প্রীতি-কুস্থমে পূর্ণ করিয়া তাঁহার দ্বারে উপস্থিত হইয়াছেন—তাঁহার উৎসব আনন্দ জনিত পবিত্রতর স্থাথের ভাগী করিবার জন্য আমার-দিগকেও আহ্বান করিয়াছেন, আমরা তাঁহার নিমন্ত্রণে সম্ব রের সম্বেহ আহ্বানে নানা স্থান হইতে প্রস্কৃটিত প্রীতি কুস্কুম লইয়া এথানে উপস্থিত হইয়াছি, সেই দেব দেবের পূজার উপ-চার লইয়া সকলে একত্রিত হইয়াছি। আইস সকলে মিলে ঈশ্ব-রের পূলা করিয়া কৃতার্থ হই, হৃদয়ের পরিশুদ্ধ কৃতজ্ঞতা উপহার তাঁহাকে দিয়া জীবন স্বার্থিক করি। আপনার উন্নতি, দেশের উন্নতি, প্রাণসম ব্রাহ্ম-ধর্মের উন্নতির জন্ম সকলে মিলে তাঁহার মহদ্যশ ঘোষণা করি।

হে অথিল-মাতা বিশ্ব-বিধাতা প্রমেশ্বর ! আমরা তোমার পূজার জন্য এখানে উপস্থিত হইয়াছি, তোমাকে লইয়াই আমা-রদিগের উৎসব আনন্দ স্থা সৌভাগ্য সকলই। আমরা তোমার চিরাপ্রিত চিরাস্থাত দাস—আমারদের প্রতি তোমার এত করুণা। আনার্দিগকে নিতান্ত নিরাপ্রায় একান্ত অসহায় দেখিয়া তোমার ব্রাক্ষ-ধর্মের শীতল ছায়ায় আনয়ন করিয়াছ, তুমি আমার্দিগকে নির্ধন নির্ধ দেখিয়া কৃপা করিয়া দেব ছুর্লত ব্রীক্ষ-ধর্মের অধি-কারী করিয়াছ। তুমি দীন হীন মলিন বঙ্গ দেশের অভান্তর হইতে অমৃত-খনি উন্মৃত্ত করিয়া দিয়া ইহাকে জীবন যৌবনে পুনরুখিত করিতেছ। ধন্য ধন্য বন্তা ভোমার করুণা! তোমার প্রসাদ গুণে ছুর্ম্মলও বল লাভ করে, ভীরুও সাহ্মী হইয়া উঠে।

হে ছুর্দালের বঁল, গতি হীনের গতি প্রমেশ্বর! ছুমি এই গৃহ স্থামির মঙ্গল কর। ছুমি ইহাঁর সন্তান সন্ততিগণকে তোমার জ্ঞান-ধর্মে—তোমার প্রীতি পবিত্রতাতে উন্নত কর। সংসারের পর্দ্ধত সমান তরঙ্গের মধ্যে তোমার অভয় পদ আপ্রা করিয়া যথা সর্দ্ধস্প পণ করত যেমন ইনি নির্দ্ধিয়ে শান্তি উপকূলে উপনীত হইয়া স্বীয় নিবাস নিকেতনের মধ্যে তোমার এই সিংহাসন প্রতিষ্ঠা করিয়াছেন, তেমনি যেন চির কাল অবাধে এখানে তোমার পূজা সম্পন্ন হয়। তোমার পবিত্র নাম যেমন এখানে বাহিরে স্থাক্ষরে মুদ্রিত রহিয়াছে, তেমনি যেন ই হার বংশা পরস্পরা ক্রমে সকলের হৃদয় পটে তোমার পবিত্র ধর্ম্মের মঙ্গল ভাব সকল চির মুদ্রিত থাকে।

যাঁহার গৃহে আজ সমুদার বঙ্গভূমির—ভারত ভূমির শান্তি সন্তায়ন হইতেছে, যাঁহার আহ্বানে আমরা সকলে এখানে উপ-স্থিত হইয়া তোমাকে লাভ করিতেছি তাঁহার মঙ্গল প্রার্থন। না করিয়া কি হুদ্য স্থান্থির হইতে পারে ?

হে ঈশ্বর ! তোমার নাম সর্ক্তর ঘোষিত হউক, ভোমার মহিমা মহীয়ান্ হউক, ভোমার ধর্ম সমুদায় পৃথিবী ময় ব্যাপ্ত হউক, এই আমারদিণের আন্তরিক প্রার্থনা।

· **ওঁ একমেবাদ্বিতী**য়ং ৷

১৭৮৬ শক । শাষংসরিক ব্রাহ্ম-সমাজ।

তৃতীয় বক্তৃতা।

বাহিরে বাল্লবগণের আনন্দকর সমাগম অন্তরে দেই চির জীবন-স্থার মধুম্য আবির্তাব, অদ,কার এই মহোংস্বের মধুবতা ও আমাদের জীবনের চরিতার্থতা সম্পাদন করিল। যে প্রকার প্রত্যাশা করিয়া এই মহোংস্বের প্রতীকা করিতেছিলাম, তাহা পরিপূর্ণ হইল। মিগ্রমূর্ত্তি স্কুল্পনের প্রীতি বিক্লিত মুখ্মওল দর্শন করিবার সঙ্গে দেই চির-স্কুদ্দের আবির্তাব অন্তভূত হইল। আরা তেজস্বী হইল, মন বিনীত হইল, হৃদ্য কোনল হইল, জান প্রত্তিপ্ত হইল, প্রীতি চরিতার্থ হইল, ইচ্ছা পরিত্র হইল, প্রাণ শীতল হইল। কি শুভক্ষে ব্রাল্ক-ধর্ম আবির্ভূতি হইয়াছিল। কি আশ্চর্যা গতিতে ইহা প্রসারিত হইতেছে! কি মধুর ভাবে জন-সমাজে শুভ সাধন করিতেছে! ভবিষাতে কি মনোহর দৃশ্য প্রদর্শন করিবে।

" যথন বিজ্ঞানের তীক্ষতর মালোক প্রতি আত্মার স্বাধীনতা আবিক্ত করিল, মন্থ্যের অভ্যান্ততা বিলুপ্ত করিল, সমুদায় ধর্ম-শাস্ত্রে জম প্রমাদ প্রদর্শন করিতে লাগিল, সেই উপযুক্ত সময়ে ব্রাহ্ম-ধর্ম আবিভূতি হইয়া সেই প্রতাগাত্মার সহিত প্রতি আত্মার সাক্ষাং যোগ প্রকাশিত করিল; স্বাধীনতার মধুর ভাব, কর্তুবের সরল পথ, প্রীতির প্রকৃষ্ট রীতি শিক্ষা দিতে লাগিল। এক দিকে চির-সেবিত অন্ধকারে স্নেহবন্ধন—বশত বিদ্যার বিপক্ষে, বিজ্ঞানের বিপক্ষে, সাধীনতার বিপক্ষে, সত্যের বিপক্ষে কোলাহল; অন্ত দিকে অন্ধকার হইতে সহসা আলোকে গমন করিয়া ভূতনবিধ অন্ধতা; এক দিকে জড়ের স্তায়—যন্ত্রের স্তায় কর্ত্ত্ব-হীন হইয়া আলস্তকে ঈশ্বরের প্রতি নির্ভ্র ভাবিয়া কাপুরুষতা, অন্ত দিকে পরিবর্ত্ত বেচ্ছাচারের আনুগতা; এক দিকে প্রকৃতির অতীত স্বতন্ত্র পুকুষকে আপনার সমান নীচ ভূমিতে প্রকৃতির শৃষ্মলার

মধ্যে আনিবার নিমিত্ত প্রয়ান, অন্য দিকে প্রকৃতিকৈই প্রকৃতির অনীত গুণে অলফৃত করিবার জন্য আগ্রহ; এক দিকে ঈশ্বরের কর্মাক্ষেত্র হইতে পলায়ন করিয়া ঈশ্বরের পরিবর্ত্তে শূন্যের উপর প্রীতি বন্ধনের চেফা; অন্য দিকে ঈশ্বরের কার্যো প্রবৃত্ত হইতে গিয়া ঈশ্বরেকেই বিশ্বত হওয়া; ত্রাক্ষ-ধর্ম এই উত্য দিকের মধ্য স্থাল দণ্ডায়মান হইয়া নিতান্ত অসংগত পর-স্পর বিকন্ধ এই উত্য পক্ষের সামঞ্জন্য বিধান করিবার নিমিত্ত অবতীর্ণ হইল।

স্বাধীনতা অপইরণ করিয়া কোন আত্মার অবমাননা করা ব্ৰাক্ষ-ধর্মে উদ্দেশ্য নয়; কিন্তু সকল আত্মাকেই যথাৰ্থ স্বাধীন-ভায় উত্থাপিত কর। ইহার অভিসন্ধি। জ্ঞানের আলোক নির্মাণ করিয়া অন্সকার উৎপন্ন করা ব্রাক্স-ধর্মের উদ্দেশ্য নয়, কিন্তু জ্ঞানের যথার্থ গতি নিরূপণ করাই ইহার অভিসন্ধি। একটা শংকীর্ণ সম্প্রদায় নির্মাণ করিয়। পৃথিবীর সমস্ত সমাজ হইতে তাহাকে বিচ্ছিন্ন করা ব্রাহ্ম-ধর্মের উদ্দেশ্য নয়, কিন্তু সকল সমাজের পরস্পর বিশয়াদিতা উৎসন্ন করিয়া সকলকে এক প্রীতি-স্থাত্র বন্ধন পূর্ব্বাক সেই সাধারণ শান্তি-নিকেতনে প্রবেশিত করাই ব্রাক্ষ-ধর্ম্মের অভিসন্ধি। কোন সভ্যের বিন্তুমাত্রও বিশ্বপ্ত করা ব্রাক্র-পর্নের উদ্দেশ্য নয়, কিন্তু সকল স্থানের সকল সভা সংগ্রহ করিয়া সেই সত্য স্বরূপের মহিনাকে মহীয়ান্ করাই ব্রাহ্ম-পর্মের অভিনন্ধি। সজ্ঞানের প্রতি, ছুর্মালের প্রতি, পাপীর প্রতি ঘুণ। প্রদর্শন করিয়া আপনার অন্তুদারতা প্রদর্শন করা ব্রাহ্ম-ধর্ম্মের উদ্দেশ্য নয়, কিন্তু সকলের আত্মাকে সংশোধন করিয় ঈশ্বরের জন্য প্রস্তুত করাই ব্রাক্ষা-পর্যোর অভিস্পি। এই সকল উচ্চত্য উদ্দেশ্য সংস্থাধনের নিমিত্ত ব্রাক্ষ-ধর্ম্মের অবিভাব।

আমরা ব্রাহ্ম-ধর্মের একান্ত পক্ষপাতী। ব্রাহ্ম-ধর্ম আমা-দিগকে যে আমনদ —যে উৎসব আনিয়া দেয়, তাহা আমাদের হৃদয়কে সম্পূর্ণরূপে আকর্ষণ করে। ব্রাহ্ম-ধর্ম আমাদিগকে যে• উপদেশ দেয়, আমাদের জ্ঞান, ভাব, ইছা একত্র হইয়া তাহা জ্ঞাকার করে। যেথানৈ ব্রাহ্ম-ধর্মের আলেংচনা হয়, সহ্ত কর্ম পরিতাগ করিয়াও দেখানে যাইবার নিমিত হৃদয় বাকুল হয়। ব্রাক্ষ-ধর্মের প্রতি যাঁহার বিদ্যুমাত্রও স্নেহনৃষ্টি দেখিতে পাই, মনের সহিত তাঁহাকে আলিঙ্গন করিতে যাই। অধিক কি, স্বদেশের কোন বৃত্তান্ত শুনিলে চির প্রবাসীর হৃদয়ের ভাব যে প্রকার হয়, ব্রাক্ষ-ধর্মের নামোল্লেখ শুনিলে আমাদের মন সেই রূপ হইয়া আনন্দে নৃত্য করিতে থাকে।

কেন ব্রাক্ষ-ধর্ম আমাদিগকে এ প্রকার করিল ? কেন আমরা ব্রাক্ষ-ধর্মের এমন পক্ষপাতী হইলাম ? কেন ব্রাক্ষ-ধর্ম আমাদি গকে চির কালের জন্য আকর্ষণ করিয়া রাখিল ?

এই জন্য যে—ব্রাক্ষ-ধর্ম আমাদিগকে সেই আরাম স্থান ব্রহ্মনিকেতনে লইয়। যায়; দেই প্রাণাধিক বন্ধুকে আমাদের হাদয়ে আনিয়া আ্মাদের তাপিত প্রাণ শীতল করিয়া দেয়; যথ্নি চাই তথ্নি দেই সর্ব্ব-সন্তাপ হারিণী মূর্ত্তি আমাদের সম্মুখে আনিয়া দেয়; পাপে পতিত হইলে নেই পতিত পাব-नक्त स्पूर्व करिया (मय ; मकल कार्या (महे मञ्चल इन्छ श्रमर्भन করিয়া তাঁহার প্রতি আমাদের প্রীতিকে দ্বিগুণিত করিয়া দেয়; শোক ছুঃখে আকুল হইলে সেই প্রেম চক্ষুর সন্মৃথে লইয়া সান্তুনা প্রদান করে এবং অন্তরের ঋপু সকল উদ্বেল হইয়া আত্মাকে অশান্ত করিবার উদ্যোগ করিলে সেই শান্ত স্থরূপের গুণ গান করিয়া শান্তি শিক্ষা দেয়। মরুভূমি সদৃশ সংসার ক্ষেত্রে যে এক মাত্র ছায়া আমাদের বিশ্রাম স্থান, ব্রাহ্ম-ধর্ম অতি গহজৈ অতি নিকটে তাহা আমাদিগকে আনিয়া দেয়। আমারদের চরম স্থান পরমান্ম নিষ্ঠর নিয়ন্তা নহেন, কিন্তু পিতার ন্যায় হিতার্থী, ও জননীর ন্যায় কোনল ব্রাক্ষ-ধর্ম্মেরই এই মধুময় ভাব। তিনি কেবল অপূর্ণ মন্ত্রয়দিণের দোষ দর্শন করিবার নিমিত্তই বিশ্বত-শ্চক্ষু নহেন, কিন্তু ভক্ত জনের বাঞ্চা কল্লতরু; ব্রাহ্ম-ধর্ম্মেরই এই আশাকর উপদেশ। তিনি উদাসীন ও মুক সাক্ষী নহেন, কিন্তু আমাদের চির-জীবন-সহায় ও চিরন্তন উপদেষ্টা ; ব্রাক্ষ-ধর্ম্মেরই এই নিগ্রুমত। তিনি কেবল পাপের দওদাতা নহেন, কিন্তু পাপী জনের পরিত্রাতা; ব্রাহ্ম-ধর্মেরই এই শীতলকর সান্ত্রা বে তাঁছার একান্ত আজ্ঞাকারী, তিনি কেবল যে তাহাকেই পরিত্রাণ করিবেন এমন নহে, চির জীবন যে তাঁছার বিরুদ্ধাচরণ করিবাছ, তিনি তাহাকেও পরিত্রাণ করিবেন; ব্রাক্ষ-ধর্মেরই এই অ্যাধারণ উদারতা। স্থর্গ-ধানে প্রবেশ করিবার নিমিত্ত মৃত্যুর আলিঙ্গন অপেকা করিতে হইবে না, স্বাধীন ভাবে একটি কর্তুবের অন্তর্ভান কর, নিজ হৃদয়ের মধ্যেই সেই স্থর্গ দেখিতে পাইবে; ব্রাক্ষ-ধর্মেরই এই অমূল্য উপদেশ। আপনার উপর কর্তুত্ব কর, স্বাধীন ইইবে; ঈশ্বরে প্রেম বন্ধন কর, পরিত্বপ্র হইবে; ইচ্ছাকে সাধু কর, কর্তুব্যের পথ সরল হইবে; ব্রাক্ষ-ধর্মেরই এই তৃত্তিকর আদেশ। ঈশ্বরের মঙ্গন-স্বরূপে নির্ভব কর, আপনার পৌরুষ অবলম্বন কর, পাপের উপর জয় লাভ কর, অকুতোভয়ে চলিয়া যাও; ব্রাক্ষ-ধর্মেরই এই তেজস্কর বাক্য। ব্রাক্ষ-পর্যেরই এই সকল মহন্তম উপদেশ। এই জন্য ব্রাক্ষ-ধর্মের এত গৌরব ও এত আকর্মণ।

এই সর্বাঞ্চ-স্থন্দর ব্রাক্ষ-ধর্মাই অদ্যকার উৎসব ভূমি নির্দ্মাণ করিল, উৎসবদ্বার উদ্যাটিত করিল, সকলকে আহ্বান পূর্দাক এখানে সমবেত করিল, স্বর্গের আনন্দ পৃথিবীতে অবভীর্ণ করিল, অবিদের মুদ্রিত চক্ষ প্রকৃটিত করিয়া মনোছর দুশা প্রদর্শন করিল। অতএব আজি ব্রাহ্ম-ধর্ম্মেরই জয় ঘোষণা কর, ব্রাহ্ম-ধর্মের গুণ গরিমা গান কর; আর মহোৎসবের আনন্দ, যত পার, উপভোগ কর। কেবল ব্রাহ্মদের জন্য নয়, কেবল ভারতের জন্ম নয়, সমুদায় পৃথিবীর জন্মই এই উৎসব দ্বার উদ্বা-টিত আছে। সকলের মন সমভাবে আকর্ষণ করিটে পারে. এমন বাহা সেন্দির্যা এ উৎসবে কিছুই নাই; তবে এখান-कात अहे मामान्य वाहा मोक्षेत यमि कान मीन शैरनत नवन मन আকৃষ্ট করে, করুক, কিন্তু ইছার যে স্থান হুইতে আকর্ষণ-শক্তি বিনির্গত হইতেছে, তাহা তোমাদের সকল ইব্রিয়ের অগোচর। যাঁহারা ধন চান, রত্মগ্রভা পূপিবীকে খনন করুন, নান সমুম চান, রাজ-প্রাদাদে গমন করুন, কেবল প্রবুত্তি সকলকে চরিতার্থ করিতে চান, স্বেজ্চারের সহস্রদার উল্লাটিত লাছে, তথাস

প্রস্থান করুন; প্রভুদ্ধ চান, আপনার দাস দাসীর নিকটেই অব-স্থান করুন, যদি ধর্মাবল চান, প্রেমাবল চান, আরাম চান, শান্তি চান, ঈশ্বরকে চান, এই উৎসবের অংশভাগী হউন। এখানে ধনের অন্তরোধ নাই, সম্ভূমের অন্তরোধ নাই, প্রভুত্বের অন্তরোধ নাই; পদের অন্তরোধ নাই; এখানে ঈশ্বের মন্তুরোধ, প্রেমের মন্তুরোধ, ধর্মের অন্তুরোধ, কর্তুরোর অন্তরোধ। সংশারে যাহা লট্যা শ্রেষ্ঠন্ন কমিষ্ঠত্বের বিচার হয়, এখানে ভাষা নাই, এখানে যিনি ঈশ্বরের যত নিকটবর্ত্তী তিনি তত প্রেষ্ঠ। এখানে দকলই বিপরীত : যিনি এখানকার আপ-নার শ্রেষ্ঠত কছুট চান না, তিনিই এখানকার সর্কাপেকা শ্রেষ্ঠ। যিনি এখানকার কোন কার্য্যের প্রভুত্ব করিতে চান না; তিনিই সকল কার্যোর প্রভা যিনি যশের বিন্দুমাত্রও চান না, তিনিই এখানকার প্রধান যশস্বী। যিনি এখানে মান সমু ম চান ना, এখানে ভাঁহারই মান मञ्जूम অধিক। यिनि আপনার দর্মশ্ব পরিত**াগ করিয়াছেন, তিনি এখানকার সর্বাপেক্ষা ধন**বান্। যিনি আপনার জন্য কিছুই রাখেন না, এখানকার সমস্টিই ভাঁহার জনা থাকে। অধিক কি. সংসারে যখন রাত্রি, এখানে তখন দিবা, সংসারে যথন দিন, এখানে তথন রাত্রি, সংসারে যিনি নিরন্তর জাগিয়া সাছেন, এখানে তিনি ঘোর নিজায় অভিভূত; সংসারে যিনি নিদ্রিত এখানে তিনি জাগ্রহ। আমাদের উৎস-বের এই অবস্থা, এই গতি, এই ভাব, এই ভঙ্গী; ইচ্ছা হয়, উৎসব-ক্ষেত্রে প্রবেশ কর; আমাদিগকে আপায়িত কর, আপ-নাবাও আপ্রায়িত হও। বাহিরে থাকিয়া দর্শন করিলে ইহার আদিও নাই, অন্তও নাই, হয় ত সকলই বিশৃঞ্জালা-সকলই প্রকেলিকা দেখিবে ৷ অভ্যন্তরে প্রবেশ কর, ইহার অর্থ বুরিতে পারিবে। ' বুলাবাএকমিদমগ্রস্থাসীৎ নানাৎ **কিঞ্চ**নামীৎ; ভদিদং সর্বায়স্কাৎ ।" " পুর্বো কেবল এক পরব্রহ্ম মাত্র ছিলেন ; অনা আর কিছুই ছিল ন। ; ভিনি এই সমুদায় সৃষ্টি করিলেন।" এই উ্কু এই প্রকাণ্ড কাপারের ভিত্তিভূমি। "তদেব নিতাং कान मनस्र भिवर खप्ता निववतवायाकरमवाविकीयर भर्सामानी সর্বানিয়য়ৢ সর্বাশ্রয় সর্বাবিং সর্বাশক্তিমদ্ক্রবং পুর্মিপ্রতিমমিতি।" " তিনি জ্ঞান স্বরূপ, অনয় স্বরূপ, মঙ্গল স্বরূপ, নিতা,
নিয়স্তা, সর্ব্বজ্ঞাপী, সর্বাশ্রেয়, নিরবয়ব, নির্ক্রিকার, একমাত্র, অদ্বিতীয়, সর্বাশক্তিমান, স্বতন্ত্র ও পরিপূর্ণ; কাহারও
সহিত তাঁহার উপমা হয় না।" ইহার জীবন। "একমাত তাঁহান
বোপাসনয়া পারত্রিকমৈহিকঞ্চ শুভয়ুতি।" "একমাত তাঁহাব উপাসনা দ্বারা ঐহিক ও পারত্রিক মঙ্গল হয়।" এইটি ইহার
ফল। "তিম্মন্ প্রীতিস্তাস্য প্রিয় কার্য্য সাধনঞ্চ তত্রপাসনমেব।"
"তাঁহাকে প্রীতি করা এবং তাঁহার প্রিয় কার্য্য সাধন করাই
তাঁহার উপাসনা।" এইটি আমারদের উৎসব।

ব্রাহ্মগণ! শ্রেদার আস্পদ্, প্রেমের আস্পদ্, স্নেহের আস্পদ্ জাতৃগণ! আজি যেন তোমাদিগকে বহু দিনের পর দেখিতেছি, কুশল জিজ্ঞানা করি, উত্তর দাও। আমাদের সেই কর্মণা-পূর্ণ পিতা, স্নেহ পূর্ণ নাতার সংবাদ কি? এই এক বংসর তিনি কি তোমাদের হৃদয়-মন্দিরে বিরাজমান আছেন ? সংপ্রত্রের যত দুর উচিত, দেই পরিমাণে এই এক বৎসর কি তাঁহার দেবা করিতে পারিয়াছ? তাঁহার প্রসন্নতা কত টুকু উপার্ক্তন করিয়াছ? তিনি যথন যাহা বলিয়াছেন, প্রীতির সহিত তাহা প্রতিপালন করিতে পারিয়াছ ! এখানে বিঘু বিপত্তি অনেক, তপদাার কি রূপ উন্নতি হইয়াছে? এখানে প্রলোভন যথেষ্ট, অবলম্বিত ব্রতের ত ভঙ্গ হয় নাই? এখানে পদে পদে শক্র, প্রেমের বল ত হ্রাস হয় নাই ? এখানে দয়া গুণের সংকোচক গৃত্ত প্রতারক অনেক, কুপা পাত্রও যথেষ্ট, দয়ার তু বাাঘাত হয় নাই ! এখানে পরস্পর অপরাধী হইবার যথেষ্ট মন্ত্রাবনা, ক্ষমাগুণ ত বর্দ্ধিত হইয়াছে ! এখানে সংকর্মের প্রতিবন্ধক অনেক, তোমরা ত নিরুৎসাহ হও নাই? এখানে ফুদ্র কুদ্র বিষয় লইয়া মত ভেদের যথেফ সম্ভাবনা, ভজ্জনাত বিদ্বেষ ভাব উপস্থিত হয় নাই ? এখানে সকলে "সমান পুণা উপার্জ্জন করিতে পারে না, তব্জন্য ভোনাদের উদারভার ঝাঘাত হয় নাই ? যেখানে ঈশ্বরের জয় ঘোষণা করা উচিত, দেখানে ত আপনার জয় ঘোষণা করিতে

যাও নাই? বেখানে ঈশ্বের মহিমাকে মহীয়ান্ করা উচিত, সেথানে আপনার মহিমাকে ত ক্ষীত করিতে যাও নাই? ব্রাক্ষণণ! আমরা কি জ্ঞান ধর্মে এত দূর উন্নত হইয়াছি, যে সামাদের আর ভাবিতে হইবে না ! ইহা কথনই না ৷ আমরা সেই সর্বাক্ষীর সমক্ষে যে কত অপরাধ করিয়াছি, তাঁহার আজ্ঞাকারী দাস হইয়া কত বার যে তাঁহার আজ্ঞা লঙ্খন করিয়াছি তাহার সংখ্যা নাই। অতএব আজি সকলে মিলিয়া তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা করিব ৷ এই সম্বংসর কাল তিনি যে অমুপম করণার সহিত আমাদিগকে প্রতিপালন করিয়াছেন, রোগ শোক, ভয় বিপত্তি, পাপ তাপ হইতে যে রক্ষা করিয়াছেন, সহর্ত্তে কত বিশুদ্ধ স্থ্য—আনন্দ আমাদের জন্য প্রেরণ করিয়াছেন, তক্জন্য তাঁহাকে আজি কৃতজ্ঞতা উপহার প্রদান করিব। ভবিষাতে তাঁহার আজ্ঞা লঙ্খন করিয়া ভয়ানক পাপে পতিত হইতে না হয়, এবং যাহাতে তাঁহার কার্যা অনায়াসে সম্পন্ন করিতে পারি, তানিত্তি ভাহার নিকট শুভ বৃদ্ধি ও ধর্ম্ম বল প্রার্থনা করিব।

হে বিশ্বপিতা অথিল-মাতা প্রমেশ্বর! তোমারই অন্থপম প্রীতি উপভোগ করিতে করিতে আমরা নির্মিয়ে সম্বংসর অতিবাহিত করিলাম। তোমারই স্থকোমল অল্কে অধিরত হট্যা এক বংসরের পথ অতিক্রম করিলাম। এই বংসর মধ্যে কত স্থ্য—কত্ আনন্দ তুমি স্থেহের সহিত প্রদান করিয়াছ তাহার সংখ্যা করিতে পারি না। আমাদের সংশোধনের নিমিত্তে তুমি যে সকল শোক, ছঃখ. বিপদ্ প্রেরণ করিয়াছিলে তাহাতে তোমারই মঙ্গল ভাব অন্থভব করিয়াছি, এক্ষণে কোটি কোটি নমস্কার পূর্ব্বক তোমার চরণে কৃত-জ্ঞতা উপহার দিতেছি, তুমি গ্রহণ করিয়া আমাদিগকে কৃতার্থ কর।

হে মঞ্চল দাতা মুক্তি দাতা প্রমেশ্বর ! তুমি সকলের অন্থামী ও সকল হৃদয়ের অধীশ্বর ! আমাদের পাপ পুণা, ধর্মাধর্মা, উন্নতি অবনতি সকলি জানিতেছ। তোমাকে আর কি বলিব। আমাদের আলাকে গ্রহণ কর এবং এই মলিন আলা দ্বারা যাহাতে তোমার কার্যা দিন্ধ হয়, তোমার মঞ্চল ইচ্ছা সম্পান হয়, তাহাই কর। দণ্ড পুরস্কার তোমারই হত্তে।

হে মঞ্চল-স্থরূপ প্রমেশ্বর ! তোমার মঞ্চল রাজ্য বিস্তার কর, তোমার প্রেম শিক্ষা দাও, আমাদিগকে তোমার ইচ্ছার অনুগত কর, পৃথিবীর সর্বাত্র তোমার জয়-ঘোষণা ঘোষিত কউক, ভোমার নাম কীর্ত্তি হউক, নর নারী সকলে মিলিয়া তোমার মঞ্চল ভাব বিস্তার করিতে থাকুক।

ওঁ এক্ষেকাদ্বিতীয়ং ।

Nash d